"Like beams through floating clouds on waves below Falling in pauses, from that altar dim As silver-sounding tongues breathed an aerial hymn." 3

The entire concourse was transported beyond its narrow self

"To hear, to see, to live, was on that morn
Lethean joy! so that all those assembled
Cast off their memories of the past out-worn." 4

They forgot their petty jealousies, their transitory animosities, their bitter memories of the past and their anxious fears for the future. In the enthusiasm of the moment, in the exultation of their great ideal of fraternity, all individuality was lost, all differences forgotten and the entire people became strong by one great purpose, became united by one single vision.

The remaining part of that ceremony did not, however, conform, in the least, to that of the Federation in Paris. Profoundly influenced as he was by Voltaire's denunciation of orthodox Christianity, Shelley could not associate the activities of his ideal revolution with the liturgy of the Roman Catholic

<sup>1</sup> Theirs, French Revolution, Appendix.

<sup>2</sup> Revolt of Islam, V, xxxix.

<sup>3</sup> Ibid, V, xli.

<sup>4</sup> Ibid V, xlii

Church. The image of Reason 1 repressing "Faith an obscure worm" in the "Altar of Federation" is truly symbolical of the young poet's attitude towards the religion of his forefathers. It was, therefore, only natural that Shelley should proceed to picture before his imagination the rites celebrating the Redemption of Humanity in an altogether different manner. True to his exalted ideal of womanhood he represented that the united voice of nations proclaimed a woman, Laone, to be the priestess of these holiest ceremonies. She approached the symbolic altar and poured forth her heart in thrilling songs of liberty and equality.<sup>2</sup>

In the meantime the people, intoxicated with their new ideals, had already discovered their tyrant who had, so long, been living in melancholy silence in his gorgeous palace. He was astounded by the swift changes going on around him and troubled by the sudden withdrawal of all authority from his sceptre. He was bewildered and could not understand how even from gold

".....the dreadful strength was gone
Which once made all things subject to its power."

Like the citizens of Paris, the inhabitants of Argolis also congregated in large numbers and invaded the king's palace.

"A mighty crowd, such as the wide land pours Once in a thousand years, now gathered round The fallen tyrant."

The ideal revolutionists of Shelley's dreamland were, however, quite different in their opinions and activities, from the infuriated citizens of Revolutionary France. They determined to conquer not by force but by reason and love and were peaceful even in the presence of their oppressors. They did not indulge in any orgies of destruction nor did they strive to wreak a cruel and

<sup>1</sup> Revolt of Islam V, xi.

<sup>2</sup> Ibid, V, xiii et seq.

<sup>3</sup> Ibid, V, xxviii.

<sup>4</sup> Ibid, V, xxix,

ineffectual vengeance on their fallen enemies. On the contrary, their proceedings were solemn and calm

"......like the rush of showers

Of hail in spring, pattering along the ground,

Their many foot-steps fell, else came no sound

From the wide multitude."

Not that they did not feel the oppression of centuries. They were as much incensed at the sight of their oppressor as their compatriots in France.

"Slowly the silence of the multitude
Passed, as when far is heard in some lone dell
The gathering of a wind among the woods—
'And he is fallen!' they cry, 'he who did dwell
Like famine, or the plague, or aught more fell
Among our homes, is fallen!' The murderer
Who slaked his thirsting soul as from a well
Of blood and tears with ruin! he is here!

Sunk in a gulf of scorn from which none may him rear!"

The awful cry of vengeance was also heard—that cry which carried away the sanguinary masses of France and stained the course of the Revolution with innocent blood. The oppression of centuries had, so long, been stifling the spirit of man; its iron had already entered his soul. The resentment which had, for ages, been smouldering in secret, now burst into flame. The bitterness which had, all this time, been corroding the heart of the down-trodden people now made them mad with thoughts of revenge. "He who judged," cried the newly awakened nation,

".....let him be brought
To judgment! blood for blood cries from the soil
On which his crimes deep pollution have brought."

<sup>1</sup> Revolt of Islam V, xxix.

<sup>2</sup> Ibid, V, xxxi.

<sup>3</sup> Ibid, V, xxxii.

For,

"Shall they who by the stress of grinding toil
Wrest from the unwilling earth his luxuries
Perish for crime while his foul blood may boil
Or creep within his veins at will?"

We seem to catch in these bitter denunciations the accents of the mob orators of the *Palais Royal*; the arguments and the sentiments are all the same. The same dull glare of vengeance shines through them. And when in a paroxysm of rage the mob cry out

"......Arise!
And to high justice make her chosen sacrifice,

we are at once reminded of Marat and his inhuman incitements, his furious denunciations, his terrible urgings for the extirpation of the aristocrats and their sympathisers. It was Paris that speaks—the Paris of Marat, Robespierre and the September Massacres and not Argolis.

Yet in the midst of these tumultuous proceedings there were men who did not lose their presence of mind—leaders who had the courage to face the multitude with counsels of moderation. Like that small band of much-maligned Moderatists who, even in the midst of universal popular resentment, had the audacity to strive for the safety of the unhappy king of France, there were, in Argolis also, persons like Laon who attempted to restrain popular frenzy when it was getting out of control. And well was it for the dream-city of Shelley that these moderatists were not swept away by the onrushing tide of mob-fury, as they were in Revolutionary France. We are, consequently, no longer confronted with the degrading spectacle of the maddened populace triumphing over the misfortunes of their fallen enemy, exulting over his misery and heaping upon him insults which were both unmerited and undignified. We

are spared the disgusting scenes of an all-powerful state taking mean revenge on its king, exposing him to petty indignities, hurrying him unceremoniously to dungeons and insulting him even at the foot of the guillotine.

On the contrary, the expostulations and remonstrances of the leaders were successful; the ominous murmur of the people slowly died away and they who had erstwhile been muttering vows of revenge and retribution became now solicitous for the king's welfare.

"......to the despair

Of him whom late they cursed, a solace sweet

His very victims brought—soft looks and speeches meet."

And

"then to a home for his repose assigned
Accompanied by the still throng he went
In silence, where to sooth his rankling mind
Some likeness of his ancient state was lent."2

How different from the French Revolution!

The victory of the people was, however, very short-lived in the republic of the poet's imagination. The democrat and revolutionary that Shelley was, he could not, in any way, celebrate the glorious exploits of the Napoleonic régime in France. To him, it was only an insignificant interlude between popular triumph and the final disaster. In 1816, just a year before the publication of the Revolt of Islam, he, in lines tingling with just indignation, eloquently expressed "the Feelings of a Republican on the Fall of Buonaparte."—

"I hated thee, fallen tyrant! I did groan
To think that a most unambitious slave,
Like thou, shouldst dance and revel on the grave
Of Liberty."

<sup>1</sup> Revolt of Islam, V. xxxv.

<sup>2</sup> Ibid, V. xxxvi.

The sad contrast between what was and what might have been added poignancy to his sorrow. The poet lamented—

"Thou mightst have built thy throne
Where it had stood even now: thou didst prefer
A frail and bloody pomp which Time has swept
In fragments towards oblivion."

It was, therefore only natural that in Argolis, there should be no such sorry spectacle of tyranny broad-based on popular support; of virtue crushed by the lure of power and glory. For the poet had known only too late

"That virtue owns a more eternal foe
Than Force or Fraud: old Custom, legal crime
And bloody Faith, the foulest birth of Time."

Accordingly he erased from the tablets of his imagination one entire period of French History and proceeded to depict the return of the tyrant to his vacant throne. Like Louis XVIII of France,

"The Tyrant passed, surrounded by the steel Of hired assassins, through the public way, Choked with his country's dead." 2

The exultation of triumphant Autocracy, its vindictiveness, its persecutions, its callous indifference to the sufferings of its victims are all strongly reminiscent of the Bourbonic régime after the Restoration.<sup>8</sup> Peace reigned in the country indeed but it was the peace of death. Shelley was very careful to describe the condition of Argolis after the return of the tyrant and the picture he painted shows interesting points of resemblance with that of France at a similar period of her history. There was

<sup>1</sup> Shelley, The Feelings of a Republican on the Fall of Buonaparte.

<sup>2</sup> Revolt of Islam, X. vii.

<sup>3</sup> Cf. Revolt of Islam, X, viii-xi.

the same ruthless suppression of revolutionaries, the same fearof betrayal and the same orgies of rejoicings.

"Peace in the desert fields and villages,
Between the glutted beasts and mangled dead!
Peace in the silent streets! save when the cries
Of victims to their fiery judgement led,
Made pale their voiceless lips who seemed to dread
Even their dearest kindred, lest some tongue
Be faithless to the fear yet unbetrayed;
Peace in the Tyrant's palace, where the throng
Waste the triumphal hours in festival and song."

There was desolation in the realm of France. The long periods of war had denuded the country of its riches. The civil war had ruined some of its most prosperous provinces while the invading forces devastated the regions through which they passed. As early as August 13, 1814, Shelley wrote to his wife, Harriet, "the last two days we passed over the country that was the seat of war. I cannot describe to you the frightful desolation of this scene; village after village entirely ruined and burned, the white ruins towering in innumerable forms of destruction among the beautiful trees. The inhabitants were famished; families once independent now beg their bread in this wretched country; no provisions; no accommodation; filth, misery and famine everywhere." He had this miserable scene in his mind when, in his Preface to the Revolt of Islam, he admitted to "have seen the theatre of the more visible ravages of tyranny and war; cities and villages reduced to scattered groups of black and roofless houses and the naked inhabitants sitting famished upon their desolated thresholds." In Argolis also, the whole country was similarly devastated. The "few, lone" ears of corn were destroyed. The parching air dried up all moisture; "beasts, birds and insects" were carried away in thousands. Famine stalked in the realm and an unknown fear,

<sup>1</sup> Revolt of Islam, X. x ii.

a vague sickening dread, suddenly fell upon its inhabitants, sinking deep into their hearts and destroying the very foundations of their personality. The entire scene is only an imaginative, and consequently heightened, reconstruction of what the poet himself saw during his journey across France.

"There was no food, the corn was trampled down
The flocks and herds had perished; on the shore
The dead and putrid fish were ever thrown;
The deeps were foodless, and the winds no more
Creaked with the weight of birds, but, as before
Those winged things sprang forth, were void of shade;
The vines and orchards, Autumn's golden store,
Were burned;—so that the meanest food was weighed
With gold, and Avarice died before the God it made.

The Revolt of Islam is thus replete with reminiscences of the revolutionary movement in France. The most striking episodes of the epic, are closely modelled on similar events in French history while its very atmosphere of thought and action is redolent of French society during the greatest upheaval of its history. It will, however, be quite erroneous to regard the poem itself as a mere record of the incidents of the French Revolution. Shelley went to France for his materials indeed; but these materials were transmuted by his imagination before they were enshrined in his poetry. The facts of the Revolution were mere data for creating the ideal world of his imagination. Shelley did not want to write history, nor formulate any political theory. He was a poet and his object was plainly to compose "a poem, in the cause of a liberal and comprehensive morality." He wanted to create "beautiful idealisms of moral excellence," and fervently hoped that his creations might instill into the mind of his readers "a virtuous enthusiasm for doctrines of liberty and justice." Accordingly the poet brooded over these incidents and sought out their true significance in the history

<sup>1</sup> Revolt of Islam, X, xviii.

of mankind. They stirred his emotions, and through their influence, there gradually grew up before him visions of the future of humanity, of revolutions uncontaminated by bloody excesses. These vague and indefinite shapes became definite and distinct; they floated before the poet's eye demanding expression and the result was the magnificent imaginative world of the Revolt of Islam.

6

## Conclusion.

From a critical study of the works of Shelley it is apparent that the poet was, very early in life, attracted by the French Revolution. It seemed to him to be a distinct and significant stage in the development of human nature; and he, consequently, studied its different aspects with great care and insight. knowledge of the gradual stages in the progress of this great upheaval was so accurate that in his critical estimate of the revolution, the poet always revealed its true significance. could give a vivid and truthful description of pre-revolutionary France, her social iniquities, her religious intolerance and her political absolutism. The alternations of joy and fear, and the intellectual ferment which characterised her inhabitants during this critical period of her history also attracted his attention. He could appreciate the ardour of the revolution, the disinterested enthusiasm of its leaders and at the same time point out, with an unerring finger, the blemishes and defects which brought about its failure. The apparent desolation of all hopes for the future redemption of Humanity could not crush him down; on the contrary, the revolutionary movement itself, appeared before his mind's eye, in its true colours, as both a warning and a sign of promise.

His poems were highly coloured by his studies of the revolutionary movement in France. His descriptions of the misery

of the poor, the oppression of the rich, the tyranny of Princes and Prelates were all reminiscent of the French Revolution. Even when he sought to create imaginary realms of fancy the state of French society always stood in the background of his mind. The episodes he depicted were remarkable in their resemblance to similar events in French history. His Argolis, the world he pictured in Queen Mab can very often be mistaken for the Paris of the XVIII century. Yet, in spite of these close similarities, the shaping power of his imagination transformed the materials afforded by the French Revolution; his inspiration created out of them a world which, underneath superficial resemblances, showed signs of an essential difference. His political theories, his individualistic vision of the Human Millennium all influenced his poetry and differentiated it from actual facts of history. In several of the characters of his poems we discern the typical hero of the revolutionary movement, with his hopes and fears, his enthusiasm and bitter disillusionment. But even in them we observe characteristics which are more in conformity with the ideals of the poet than with actual personalities of history. The pacific tendency of Shelley's thought, his predilection for the doctrine of non-resistance made his characters tolerant even in the midst of popular frenzy. They were never carried away by the swift currents of thought prevalent in their age; the passions of the revolutionary movement could never touch them; on the contrary, they stood steadfast in their conviction and always sought to guide popular activities into channels of ordered progress. In several of them again, we have the shrewd suspicion that the poet was expressing, by way of contrast, his considered opinion regarding the excesses of the revolutionary movement.

The years 1810 to 1817 marked the period when the influence of the French Revolution was the strongest on the mind of Shelley. The numerous references to the movement in his letters and pamphlets, the many critical analyses of its merits and defects, its mission and significance, that we find introduced by way of

warning or encouragement in his Addresses to the Irish People or his Proposals for an Association of Philanthropists or his Preface to the Revolt of Islam show that he was, all this time, under the influence of the revolutionary movement in France. His youthful outbursts in favour of regicides and enthusiasts, his descriptions of incidents closely approximating to events in France, all point to the same direction. In fact the Revolt of Islam is, to a very great extent, the result of his studies of the French Revolution and as such marks a distinct stage in the development of his mind.

In course of time, however, this great influence gradually passed away from his mind. Contemporary events in Europe, especially in England, became too important to be overlooked; they usurped the most prominent place in the imaginative world of his poetry. Shelley's later poems celebrated the liberation of Greece, Naples or Spain. The efforts of patriots to break off the shackles of despotism in contemporary Europe inspired him with glowing verses and it is a very significant fact that the only reference to the French Revolution in *Prometheus Unbound* has little organic relationship with the development of its plot. Shelley no longer lived in the past; he was now an ardent student of the present.

## ERRATA

Page	line	for	read
11	· 2	Queen Mab	Queen Mab,
18	28	others.' any hopes un	others, any hopes un-
22	3	did	did,
,,	17	evolutionary	revolutionary
27	22	poverty''	poverty,''
31	26	interprete	interpret
41	11	insistence	insistence,
43	19	people	people,
45	1	worth	worth,
46	5	indicision	i <b>nd</b> ecision
	18	Argolis;	Argolis,
,,	22	cheeks''2	cheeks,''2
,,	30	mourn	mourn.
49	14	had,	have,
57	15	It was	It is

# রাপাত্মিকা পদের ব্যাখ্যা

নিত্যের আদেশে বাশুলী চলিল সহজ জানাবার তরে। ভ্রমিতে ভ্রমিতে নামুর গ্রামেতে ১ প্রবেশ যাইয়া করে॥ বাশুলী আসিয়া চাপড় মারিয়া চণ্ডীদাসে কিছু ব্বয়। সহজ ভজন করহ যাজন ইহা ছাড়া কিছু " নয়॥ ছাড়ি জপ তপ সাধহ • আরোপ একতা করিয়া মনে। যাহা কহি আমি তাহা শুন তুমি শুনহ সচেষ্ট মনে '॥ বস্থুতে গ্রন্থেতে করিয়া • একত্রে • ভজহ তাহাই ¹ নিতি। বাণের সহিতে সদাই যজিবে ৮ সহজের এই রীতি<sup>১</sup>॥ দক্ষিণ দিগেতে ' কদাচ না যাবে ' ' যাইলে প্রমাদ হবে। এই কথা মনে ভাব রাত্রি দিনে আনন্দে থাকিবে তবে॥

<sup>ু</sup> নারগ্রাতে, বিপু ২৮৮; নান্দগ্রামেতে, বিবর্ত্তবিলাস। ই কহি, বিপু ২৮৮। আন, বিপু ২৮৮। ই করহ, পসং। ই চৌষট্রসনে, পসং। ই একতা করিয়া, বিপু ২৮৮। ই তাহার, পসং। ই যুঝিতে, পসং। ই নিতি, বিপু ২৮৮। ১০-১০ দেশেতে না যাবে কদাচিতে, পসং।

পরকীয়া রতি যাহারে কহয়ে '
সেই সে আরোপ সার।
তোমার আরোপ ' রজক-ঝিয়ারি
রামিনী নাম ' যাহার '॥
বাশুলী আদেশে কহে চণ্ডীদাসে
শুনহে দিজের স্তৃত।
একথা লহরি ' না জ্বানে যে জনা
সেই সে কলির ভূত॥

## ব্যাখ্যা

১। নিত্য। যাহা অনাদি অনন্ত ও অক্ষয় অর্থাৎ জন্ম-মৃত্যু-বিকারাদি-রহিত এবং চিরস্থায়ী তাহাই নিত্য-সংজ্ঞক। "সর্ব্যকাল-বর্ত্তমানস্থ হি নিত্যহম্" ইহা শ্রীভাষ্যের উদ্ধৃত বচন। শাস্ত্র একমাত্র ব্রহ্মকেই নিত্য-সংজ্ঞায় অভিহিত করিয়াছেন। গীতায় আছে—

> অবিনাশি তু তদিদ্ধি যেন সর্ব্যমিদং ততম্। বিনাশমব্যয়স্থাস্থ ন কশ্চিৎ কর্ত্তুমুহতি॥ ২।১৭

অগ্যত্র, "অক্ষরং পরমং ব্রহ্ম" (ঐ, ৮/০); "তদেতদক্ষরং ব্রহ্ম", "তদম্তং" (মুগুক উঃ, ২/২/২) ইত্যাদি। আবার ব্রহ্ম হইতে উৎপন্ন বলিয়া জীবাত্মারও নিত্যত্ব স্বীকৃত হইয়াছে, যথা—

"অজো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো ন-হন্ততে হন্মমানে শরীরে।" —( কঠ উঃ, ২া১৮ ),

অর্থাৎ শরীর প্রংস হইলেও আত্মার বিনাশ নাই। অতএব দেখা যাইতেছে যে শাস্ত্রাদিতে জীবাত্মা ও পরমাত্মা সম্বন্ধেই নিত্য-সংজ্ঞা প্রযুক্ত হইয়া থাকে।

কহিয়া, পসং। ১ ভজন তোমারি, পসং। ১-১ বলিয়ে জারে, বিপু ২৮৮।
 লবেনা, পসং।

আলোচ্য পদটাতে যে নিত্য শব্দ ব্যবহৃত হইয়াছে তাহার প্রকৃত মর্ম্ম গ্রহণ করিতে হইলে এই জাতীয় অহ্যাহ্য পদে ব্যবহৃত নিত্য শব্দের প্রয়োগ লক্ষ্য করা উচিত। বঙ্গীয় সাহিত্য-পরিষদ্ কর্তৃক প্রকাশিত চণ্ডীদাসের পদাবলীর ৭৬৫ সংখ্যক পদে আছে—"সেই তিন জন নিত্যের কে ?" আবার আলোচ্য পদটাতেও আছে—"নিত্যের আদেশে বাশুলী চলিল" ইত্যাদি। অতএব স্পেইই বুঝা যাইতেছে যে এখানে নিত্য শব্দ দ্বারা নিত্যহ-সমন্বিত কাহাকেও লক্ষ্য করা হইয়াছে, যাঁহার আদেশে বাশুলী চলেন, এবং যাঁহার সহিত সম্পর্কিত "তিন জনের" কথাও আলোচ্য পদটাতে জানা যায়। আবার উক্ত পদাবলীর ৭৭০ নম্বরের পদে আছে—"এক দেহ হয়ে নিত্যেতে যাবে", এবং "বাশুলী চলিয়া নিত্যেতে গেলা"। এখানে নিত্য শব্দ স্থানবাচক। অতএব প্রথমতঃ নিত্য-সংজ্ঞক এক কর্ত্তা, এবং দ্বিতীয়তঃ নিত্য-সংজ্ঞক একটা স্থানের সন্ধান পাওয়া যাইতেছে। এখন সহজিয়া মতে ইহাদের স্বরূপ কি তাহা নির্ণয় করিতে হইবে। প্রথমতঃ আমরা নিত্যম্থানের সম্বন্ধেই আলোচনায় প্রবৃত্ত হইব। গীতাতে ভগবান বলিয়াছেন যে তাঁহার একটা নিত্যম্থান আছে—

অব্যক্তো২ক্ষর ইত্যুক্তস্তমাহুঃ পরমাং গতিম্। যৎ প্রাপ্য ন নিবর্ত্তকে তন্ধাম পরমং মম ॥ ৮।২১

সেই ধামটা কিরূপ গ

ন তন্তাসয়তে সূর্য্যো ন শশাকো ন পাবকঃ। যদগন্থা ন নিবর্ত্তত্তে তদ্ধাম প্রমং মম॥ ১৫।৬

আবার উপনিষদে ব্রহ্মলোক-সম্বন্ধে লিখিত হইয়াছে—

ন ভত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোংয়মগ্রি:। ভমেব ভান্তমমূভাতি সর্বাং তম্ম ভাসা সর্বামিদং বিভাতি ॥ ২।২।১০

ছান্দোগ্য উপনিষদের ৩১২।৬, ৩১৩।৭, ৩১৩।৮, ৮।৫।০ প্রভৃতি মস্ত্রেও বৈকুণ্ঠ, শেতদ্বীপ, এবং অনন্তাসন নামক স্বর্গরাজ্যের বিবরণ পাওয়া যায়। শুধু গীতা-উপনিষদ্ নহে প্রত্যেক শাস্ত্রেই এইরূপ এক একটা নিত্যন্থানের পরিকল্পনা আছে। পার্থক্যের মধ্যে এই যে কেহ তাহাকে ব্রহ্মলোক, কেছ শেতদ্বীপ, অনন্তাসন প্রভৃতি সংজ্ঞায় অভিহিত করেন। সহজিয়ারাও এইরূপ একটা নিত্যন্থানের পরিকল্পনা করিয়াছেন। সেখানে "নিত্যের মানুষ" বা "স্বতঃসিদ্ধ

মামুষ" বাস করেন। অমৃতরত্নাবলীতে আছে—

স্বতসিদ্ধ মানুষ আছে সদানন্দ দেশ।

\* \* \* \*

সেই মানুষের হয় সদানন্দ গ্রাম।

নিত্যের মানুষ সেই নিত্যবস্তু ধাম॥

এবং সেখানে

চন্দ্র সূর্য্যোদয় নাই, না চলে পবন। নীলকান্তি চন্দ্রকান্তি সূর্য্যকান্তি হয়। এ তিনের কান্তি-ছটায় হয় সূর্য্যোদয়॥ ঐ

অতএব দেখা যাইতেছে যে সহজিয়াদের নিত্যস্থান গীতা-উপনিষদের নিত্যস্থানেরই অনুরূপ স্থানবিশেষ। এই স্থানটীকে সহজিয়ারা গুপুচন্দ্রপুর, সহজ্বপুর, সদানন্দগ্রাম, নিত্যবৃন্দাবন প্রভৃতি আখ্যায় অভিহিত করেন। অমৃতরুসাবলীতে আছে—

> সেহ অনেক দূর গুপ্তচন্দ্রপুর চৌদ্দ ভুবনের কাছে। নাহিক জরা কেহো নহে মরা কি জাতি মামুষ আছে॥ কি জাতি মন্দির নহে সে গোচর রস কোন্ হয় তার ? তাহার ভিতর কিশোরী-কিশোর না হয় গোচর কার॥ \* \* সেই স্থান অক্ষয় যুগে যুগে রয় প্রলয়ে নাহিক যান॥ বেদ নাহি বলে সূৰ্য্য নাহি চলে পবনের নাহি গতি। ना हल हन्द নাশয়ে ধন্দ কিবা সে স্থানের জ্যোতি॥ ইত্যাদি

আত্মতত্ত্ব-গ্ৰন্থে আছে—

সর্ব্বোপরি নিত্যবৃন্দাবন অবস্থিত। সেখানে রত্নসিংহাসনে কিশোর-কিশোরী বিরাজমান।

এই নিত্যস্থানের অবস্থিতি-সম্বন্ধে অমৃতরত্নাবলীতে আছে—

বিরজা নদীর পার সেই দেশখান। সহজ্বপুর, সদানন্দ নামে সেই গ্রাম॥

অতএব আমরা দেখিতে পাইতেছি যে এইরূপ বিভিন্ন নামে পরিচিত নিত্যস্থানটা বিরজা নদীর তীরে অবস্থিত, এবং সেই বিরজার তীরে মায়াও থাকেন—

বিরজা নদীর পার মাগ্রার বসতি। — নিগূঢ়ার্থপ্রকাশাবলী।

সংস্কৃত ধর্ম্মগ্রন্থাদিতেও এই বিরজ্ঞার নাম উল্লিখিত আছে। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে (৪৯ অধ্যায়) পাওয়া যায় যে বিরজা একজন গোপী ছিলেন। রাধার ভয়ে তিনি গলিয়া গোকুলে নদী রূপে প্রবাহিতা হন। এই জন্মই বোধ হয় সহজিয়াদের আগম-গ্রন্থে লিখিত হইয়াছে—

সূর্য্যের মানসকন্তা বিরজা আপুনি। তেঞি সে জমুনা বলি সূর্য্যের নন্দিনী॥ বিরজা দ্রবিত যেই জমুনা আখ্যান। ইত্যাদি

অর্থাৎ বিরজা সূর্য্যের মানসী কন্মা, তিনি "দ্রবিত" হইয়া যমুনার স্থি করিয়াছিলেন। চৈতন্মচন্দ্রোদয় নাটকের পঞ্চম অঙ্কেও বিরজাকে সূর্য্যের কন্মা বলা হইয়াছে, যথা—

চিদানন্দভানোঃ সদানন্দস্নোঃ পরপ্রেমপাত্রী দ্রবক্রন্সাত্রী। অঘানাং লবিত্রী জগৎক্ষেমধাত্রী পবিত্রীক্রিয়ায়ো বপুর্মিত্রপুত্রী॥ উক্ত গ্রম্থের ভৃতীয় অঙ্কে বিরজা ও তত্তীরবর্তী বৃন্দাবনের এই বিবরণ আছে—

যৎপারে বিরজং বিরাজি পরমব্যোমেতি যদগীয়তে নিত্যং চিন্ময়ভূমি-চিন্ময়লতাকুঞ্জাদিভির্মঞ্জুলম্। সান্দ্রানন্দমহোময়ৈঃ খগমৃগব্রাতৈর্বতং সর্ববত-স্তদরন্দাবনমীক্ষ্যতে কিমপরং সম্ভাব্যমক্ষ্ণোঃ ফলম॥

ভগবৎসন্দর্ভের ৩০শ অঙ্কেও নিম্নলিখিত প্রকার বিবরণ পাওয়া যায়—

প্রধান-পরমব্যোদ্মোরশুরে বিরজা নদী
বেদান্ধস্বদজনিততোইয়ে প্রস্রাবিতা শুভা।
তত্যাঃ পারে পরব্যোম ত্রিপান্তুতং সনাতনম্
অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদম্
শুদ্ধসন্ত্রময়ং দিব্যমক্ষরং ব্রহ্মণঃ পদম্
অনেক-কোটিসূর্যাগ্রিতুল্যবর্চসমব্যয়ন্। ইত্যাদি

অতএব দেখা যাইতেছে যে এই যে সদানন্দ চিন্ময় অনন্ত শাশত বিরক্ষা নদীতীরবর্তী ভূমি, তাহাই নিত্যলোক। এইরপ নদীতীরবর্তী নিত্যলোকের কল্পনা উপনিষদেও পাওয়া যায়। কোষিতকী-ব্রাহ্মণ-উপনিষদে (১০০) ব্রহ্মলোক সম্বন্ধে লিখিত আছে যে, ঐ স্থানে ঐর নামে হ্রদ, বিজরা (জরা-রহিত, অর্থাৎ নিত্যক্ষপ্রাপক) নামে নদী, ইল্য নামে কল্পরক্ষ, সালজ্য নামে পুরী ইত্যাদি বর্ত্তমান আছে। উপনিষদ ব্রহ্ম লইয়া আলোচনা করিয়াছেন, কাজেই ঐ নিত্যস্থানের নাম করিয়াছেন ব্রহ্মলোক, আর বৈক্ষবর্গণ ক্ষণলীলাপ্রিয় বলিয়া ক্ষের কৈশোর-লীলাস্থান বৃন্দাবনের নামে তাহারই নামকরণ করিয়াছেন নিত্যক্ষদাবন। চৈত্যচরিতামূতের আদিলীলার পঞ্চম পরিচ্ছেদে, এবং মধ্যলীলার বিংশ পরিচ্ছেদেও বিরজার তীরবর্তী নিত্যস্থানের উল্লেখ আছে, যথা—

সেই পুরুষ বিরজাতে করিল শয়ন।
কারণাব্দিশায়ী নাম জগত-কারণ॥
কারণাব্দির পারে হয় মায়ার নিত্য স্থিতি।
বিরজার পারে পরব্যোমে নাহি গতি॥ মধ্য, ২০শ পরি।

এখানে বলা হইয়াছে যে কারণান্ধির পার পর্য্যন্ত মায়ার অধিকার, কিন্তু বিরজার তীরবর্ত্তী পরব্যোমে তাহার গতি নাই। যাহারা রজঃশূন্য তাহারা যে মায়ামুক্ত তাহাতে সন্দেহ নাই, অতএব পরব্যোম নামক নিত্যস্থানের অধিবাসীরা মায়ারহিত অর্থাৎ মুক্ত পুরুষ। আর যাহারা জরা-রহিত তাহাদিগকেও মুক্ত বলা যায়, কারণ তাহারাও নিত্যথের গুণবিশিষ্ট। অতএব এখানে বিরজা ও বিজ্ঞরা শব্দঘয় একই উদ্দেশ্যেই প্রযুক্ত হইয়াছে তাহা বলা যাইতে পারে। এই নদীদয়ের উক্ত প্রকার নামকরণেরও একটা সার্থকতা আছে।

হৈচতগুচরিতামূতকার এই নিত্যস্থানের স্বরূপ-সম্বন্ধে লিথিয়াছেন—

চিন্তামণিভূমি কল্পর্ক্ষময় বন।
চর্ম্মচক্ষে দেখে তারে প্রপঞ্চের সম॥
প্রেমনেত্রে দেখে তার স্বরূপ প্রকাশ। আদির পঞ্চমে।
আর ইহারই প্রতিধ্বনি করিয়া রসকদম্ব-কলিকা গ্রন্থে লিখিত হইয়াছে—

সেই ব্ৰজ অনিমিত্ত চিদানন্দময়।

অতএব আমরা দেখিতে পাইতেছি যে সহজিয়া মতে নিত্যস্থানটা বিরক্ষার তীরবর্তী। ইহা সহজপুর, সদানন্দগ্রাম, গুপুচন্দপুর প্রভৃতি আখ্যায় অভিহিত হয়। ইহা জরামৃত্যু-রহিত অক্ষয় স্থানবিশেষ, প্রলয়েও যাহার ধ্বংস হয় না। সেখানে চন্দ্র, সূর্য্য বা পবনের গতি নাই, অথচ নিজ জ্যোতিতে সেই স্থান আলোকিত হইয়া থাকে। ইহা অনিমিত্ত চিদানন্দময় স্থান, যেখানে রত্নসিংহাসনে কিশোর-কিশোরী বিরাজ করেন। এইরূপ একটা নিত্যস্থানের পরিকল্পনা যখন সহজিয়া গ্রন্থাদিতে পাওয়া যায় তথন এই স্থানকে লক্ষ্য করিয়াই যে সহজিয়া পদাবলীতে শিত্যস্থানের উল্লেখ করা হইয়াছে তাহা স্থীকার করা ভিন্ন গত্যন্তর নাই।

এখন আমরা দেখিতে চেফী করিব যে এই নিত্যস্থানের দেবতা কে ? এখানে কিশোর-কিশোরী রত্ন-সিংহাসনে বিরাজ করেন, আর এই কিশোর-সম্বন্ধে চরিতামূতকার লিখিয়াছেন—

রন্দাবনে অপ্রাকৃত নবীন মদন।
কামগায়ত্রী কামবীজে যার উপাসন॥ মধ্যের অফ্টমে।
এই অপ্রাকৃত নবীন মদন যিনি, তিনিই—

রসময় মূর্ত্তি কৃষ্ণ সাক্ষাৎ শৃঙ্গার। চরিতামৃত, মধ্যের নবমে।
অর্থাৎ সেই কৃষ্ণ সাক্ষাৎ শৃঙ্গার রসের প্রতিমূর্ত্তি। উপনিষদে, জ্ঞানমার্গের উপাসনার কথা প্রধানতঃ আলোচিত হইয়াছে বলিয়া ভগবান্কে সচিদানন্দ বলা হইয়াছে আর বৈঞ্বদের প্রেমের উপাসনায় তিনিই রস-প্রেমময় কৃষ্ণমূর্ত্তিতে ভক্তের নিকট প্রতিভাত হইয়াছেন। সচ্চিদানন্দ ভগবানের ধারণা বৈষ্ণবদেরও আছে। চরিতামৃতের আদির চতুর্থে লিখিত হইয়াছে—

সৎ চিৎ আনন্দপূর্ণ কৃষ্ণের স্বরূপ।
একই চিচ্ছক্তি তাঁর ধরে তিন রূপ॥
আনন্দাংশে হলাদিনী, সদংশে সন্ধিনী।
চিদংশে সন্ধিৎ যারে জ্ঞান করি মানি॥

### আর এই---

ফ্লাদিনীর সার প্রেম প্রেমসার ভাব। ভাবের পরমকাষ্ঠা নাম মহাভাব॥ মহাভাবস্বরূপা শ্রীরাধা ঠাকুরাণী।

জ্ঞানমার্গের উপাসনায় ভগবানের সৎ ও চিৎ শক্তির প্রাধান্য সূচিত হইয়াছে, আর বৈষ্ণবগণ প্রেমমার্গের উপাসনায় হলাদিনী শক্তিকে প্রাধান্ত দিয়া রাধাকে মহাভাবের স্বরূপা বলিয়া কল্পনা করিয়াছেন। ইহা কেবল উপাসনার প্রকার-ভেদ মাত্র, বস্তুতঃ একই ভগবানের বিভিন্ন শক্তির উপাসনা বিভিন্ন প্রকারে বিভিন্ন সম্প্রদায় বারা এই জগৎ-মধ্যে প্রচারিত হইয়াছে।

এই যে প্রেমময় কৃষ্ণ, তাঁহার সম্বন্ধে সহজিয়াদের ধারণা একটু বিভিন্ন রক্ষের। রতিবিলাস-পদ্ধতি গ্রন্থে পাওয়া যায়—

গোপেন্দ্র-নন্দন কৃষ্ণ এক হয় অন্য।
যতুবংশে উদ্ভব সেই কৃষ্ণ ভিন্ন ॥
বৃন্দাবনে সদান্থিতি গোপবংশ সেই।
গমনাগমন করে যতুবংশ সেই॥

অর্থাৎ যতুবংশে উদ্ভব কৃষ্ণ ও গোপেন্দ্রনন্দন কৃষ্ণ এই উভয়ে এক নহেন। এখানে আর একটা নৃতন তত্ত্বের সন্ধান পাওয়া যাইতেছে—গোপেন্দ্রনন্দন কৃষ্ণ ও যতুবংশে উদ্ভব কৃষ্ণ এক নহেন। এই সিদ্ধান্ত দ্বারা সহজিয়ারা কি বুঝাইতে চাহেন, প্রথমতঃ তাহারই সন্ধান করা যাউক।

যতুবংশে যে কৃষ্ণ জন্মগ্রহণ করিয়াছিলেন, তিনি ভগবানের অবতার মাত্র; এইরূপ অবতার-মূর্ত্তি পরিগ্রহ করিয়া ভগবান্ বহুবার পৃথিবীতে গমনাগমন করিয়াছেন। কিন্তু গোপেন্দ্রনন্দন যে কৃষ্ণ, তাঁহার গমনাগমন নাই, তিনি নিত্য-বৃন্দাবনে সর্ববদাই বাস করেন। তাঁহার জন্মও নাই, মৃত্যুও নাই, তিনি শাখত ও নিত্য। পূর্বেবাক্ত কৃষ্ণ-সম্বন্ধে চণ্ডীদাস বলিয়াছেন যে তিনি—

> মরণে জীবনে করে গতাগতি ক্ষীরোদ-সায়রে ধাম॥ পদ নং ৩৪৮।

ক্ষীরোদসাগরে নারায়ণ যোগনিদ্রায় শায়িত থাকেন, তিনিই নানা অবতারের মূল কারণ, এবং প্রচলিত বিশাস মতে যড়ৈপর্য্যপূর্ণ ভগবান্। গৌড়ীয় বৈষ্ণবগণ এই ঐশর্য্য-ভাবাত্মক উপাসনা পরিত্যাগ করিয়া মাধুর্য্য-ভাবের উপাসনা গ্রহণ করিয়াছেন। চরিতামূতে আছে—

ঐশ্বৰ্য্য-ভাবেতে সব জগত মিশ্ৰিত। ঐশ্বৰ্য্য-শিথিল প্ৰেমে নাহি মোর প্ৰীত॥

ইত্যাদি। আদির চতুর্থে।

কাজেই মাধুর্য্য-ভাবের উপাসনায় ঐশর্য্যের স্থান নাই। কৃষ্ণ যে ভগবান্ একথা স্থাকার করিতেও যেন বৈষ্ণবর্গণ দিখা বোধ করেন, কারণ চরিতামতে আছে—

> ত্রজ লোকের ভাবে পাই তাঁহার চরণ। তাঁরে ঈশর করি নাহি জানে ব্রজজন॥ মধ্যের নবমে।

ইহারই প্রতিধানি একখানা সহজিয়া গ্রন্থে এই ভাবে মিলিতেছে—

যদি কহ কৃষ্ণ হয় পরম ঈশ্বর। ইহা যদি মনে কর যাবে ধামান্তর॥

বিশ্ববিত্যালয়ের পুথি নং ৫৬২।

এই যে ঐশরিক ভাব-বিবর্জ্জিত কৃষ্ণের ধারণা ইহা মাধুর্য্য-উপাসনার ভিত্তি-সরূপ। পঞ্চরাত্র, গীতা, ভাগবত, বিষ্ণুপুরাণ, হরিবংশ প্রভৃতি গ্রন্থে প্রধানতঃ কৃষ্ণের ঐশরিক লীলাই বর্ণিত হইয়াছে। ইহাই ছিল চৈতন্ম-পূর্ববর্ত্তী বৈষ্ণব-ধর্ম্মের বিশেষত্ব। উক্ত কোন কোন গ্রন্থে ঐশর্য্য-মিশ্রিত মাধুর্য্য-লীলারও বর্ণনা পাওয়া যায়। কিন্তু গৌড়ীয় বৈষ্ণবর্গণ পূর্ণ মাধুর্য্যময় উপাসনার পক্ষপাতী। কাজেই তাঁহাদের মতের সঙ্গে পূর্ববর্তী বৈষ্ণব মতের একটা বিশেষ পার্থক্য পরিলক্ষিত হ**ই**তেছে। বস্তুতঃ গোড়ীয় বৈষ্ণবগণ চৈত্ত্যদেবের শিক্ষার প্রভাবে মানবীয় মনোবিজ্ঞানের উপর ভিত্তি করিয়া এক নূতন মতবাদের স্থাষ্টি করিয়াছেন। চরিতামূতে আছে—

> নোর পুত্র মোর সখা মোর প্রাণপতি। এই ভাবে করে যেই মোরে শুদ্ধ ভক্তি॥ আপনাকে বড় মানে—আমাকে সম হীন। সেই ভাবে আমি হই তাহার অধীন॥ আদির চতুর্থে।

অর্থাৎ সখ্য, দাস্ম, বাৎসলা ও মধুর এই চারিটী ভাব লইয়া ভগবানের উপাসনা করিতে হইবে। ইহাই মাধুর্য্য-ভাবের উপাসনার গৃঢ়তত্ত্ব। ইহার মধ্যে আবার মধুর ভাবের উপাসনাই শ্রেষ্ঠ। ইহা স্বকীয়া-পরকীয়া-ভেদে দিবিধ, তন্মধ্যে পরকীয়াই শ্রেষ্ঠতর। চরিতামতে আছে—

পরকীয়া ভাবে অতি রসের উল্লাস। ব্রজ বিনা ইহার অহ্যত্র নাহি বাস। আদির চতুর্থে।

চণ্ডীদাস লিখিয়াছেন—

পরকীয়াধন সকল প্রধান যতন করিয়া লই। এবং পরকীয়ারতি করহ আরতি সেই সে ভজন সার॥ পদনং ৭৯৫, ৭৭১।

বৈষ্ণবৰ্গণ প্রেমের সাধনায় এই পরকীয়া রসকেই সর্বব্রেষ্ঠ আসন প্রদান করিয়াছেন। ইহাই মাধুর্গ্য-উপাসনার গ্রেষ্ঠ স্তর বলিয়া তাঁহারা বিশাস করেন। কোন প্রকার খেয়ালের বশে তাঁহারা ইহা করেন নাই। কারণ আমরা পূর্বেকই বলিয়াছি যে মানবীয় মনস্তত্ত্বের বিশ্লেষণ করিয়া তাঁহারা এই সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন। গীতা জ্ঞানমার্গীয় নিহ্নাম ভক্তি ব্যাখ্যা করিয়াছেন, ভাগবতেও ভক্তির উৎকর্মতা প্রদর্শিত হইয়াছে, কিন্তু বৈষ্ণবদর্শনে এই ভক্তি ও পূর্ণ মাধুর্গ্যময় প্রেমের পার্গকা প্রচারিত হইয়াছে। ঐশ্ব্যাময় ভগবানের কল্পনায় যে প্রীতির উদ্রেক হয়, তাহা ভয়মিশ্রিত; ইহাই ভক্তিরূপে কথিত হইয়া থাকে। ভগবান্ অসীম শক্তিশালী দেবতা, আর আমি ক্ষুদ্র জীব, এইরূপ ধারণার উপর

ভক্তির ভিত্তি প্রতিষ্ঠিত। কিন্তু বৈশ্ববর্গণ প্রেমপন্থী বলিয়া এইরূপ বড় ছোট। ভাব লইয়া যে প্রীতি তাহা পছন্দ করেন না। চরিতায়তে আছে—

> আমাকে ঈশুর মানে আপনাকে হাঁন। তার প্রেমে বশ আমি না হই অধীন॥ আদির চতুর্থে।

ইহার দার্শনিক কারণ এই যে, বড় ছোট ভাব লইয়া প্রকৃত প্রেম হয় না, কারণ প্রেমের রাজ্যে উভয় পক্ষই সমভাবাপন হইবে। চণ্ডীদাস লিখিয়াছেন—

> পিরীতি রতন করিব যতন যদি সমানে সমানে হয়। পদাবলী, পদ নং ৭৮৩।

অতএব বৈঞ্বগণ মনে করেন যে দেবতা ও মানুষের মধ্যে প্রকৃত প্রেম হয় না। রতিবিলাস-পদ্ধতিতে আছে—-

জীবে ঈশ্বরে ইহার নাহি উপাদান। এবং ঈশ্বর স্বভাব যদি মাধুর্গ্য আস্বাদয়। ভাবসিদ্ধ প্রোম তার কভু নাহি হয়॥ রত্নসার।

অতএব দেবতার ধারণা বিসর্জ্ঞন করিয়া মানবীয় ভাব অবলম্বন করিতে হইবে, নতুবা মাধুর্য্য রসের উপাসনা হইবে না। এই জন্মই বৈশুবগণ যতুবংশোন্তব (অর্থাৎ ঐশ্বরিক লীলার) কৃষ্ণকে গোপেন্দুনন্দন (ব্রজ্ঞলীলার) কৃষ্ণ হইতে পৃথক্ করিয়াছেন, এবং কৃষ্ণের নরলীলাকে (অর্থাৎ ব্রজ্ঞলীলাকে) তাঁহার অন্যান্ত লীলা হইতে শ্রেষ্ঠ স্থান প্রদান করিয়াছেন। চরিতামতে আছে—

কৃষ্ণের যতেক খেলা সর্নেবাত্তম নরলীলা নরবপু তাহার স্বরূপ।

মধ্যের একবিংশে।

কারণ--

প্রাকৃত নরলীলাতে মাধুর্ঘ্যের সার।

विश्वविष्ठालय श्रुथि नः ४१२।

অতএব মাধুর্য্য রসাত্মক ব্রজলীলার সথ্য, দাস্ম, বাৎসল্য ও মধুর-ভাবের ভগবৎ-প্রীতিই গোড়ীয় বৈষ্ণবগণের মতে সর্ববশ্রেষ্ঠ। ইহাতে দেবতাকে মানুষ করিয়া লওয়া হইয়াছে, কারণ মানুষের পক্ষে মানুষকে ভালবাসাই স্বাভাবিক। ভগবান্কে নিতান্ত আপনার করিয়া লইতে হইলে ইহা ভিন্ন মানুষের গত্যন্তর নাই। রামপ্রসাদ ও রামকৃষ্ণ পরমহংস দেব "মা" "মা" বলিয়া পাগল হইতেন, আর গাঁহারা ভগবান্কে ভালবাসেন তাঁহারাও আবেগবশে বাপ, মা, সথা প্রভৃতি সংজ্ঞাতেই ভগবান্কে আহ্বান করেন। অতএব বৈষ্ণবগণের মাধুর্গ্য-রসের উপাসনা মানবীয় মনোবিজ্ঞানের ভিত্তির উপর প্রতিষ্ঠিত।

ইহার সবটাই ভাবরাজ্যের কথা; ভগবানের প্রতি প্রীতির স্বরূপ কি, তাহাই ইহাতে প্রদর্শিত হইয়াছে। এইজগ্যই শ্রীকৃষ্ণের মাধুর্য্য-লীলার ক্ষেত্র বৃদ্দাবনকে "অনিমিত্ত", "চিদানন্দময়" বলা হইয়াছে, এবং চরিতায়তে তাহাই "চিন্তামণি-ভূমি" বলিয়া উল্লিখিত হইয়াছে, যাহার স্বরূপ প্রেমনেত্রে দেখিতে হয়। ইহার নিত্য সংজ্ঞাও স্বাভাবিক, কারণ যতদিন মানব থাকিবে, ততদিন তাহাদের মনোর্ত্তির স্বাভাবিক ভাবপ্রবণতা লোপ পাইবে না, অতএব এই মাধুর্যাভাবের উপাসনা সকল সময়েই তাহাদের পক্ষে সহজ হইবে। বিশেষতঃ যখন ইহা সম্পূর্ণ ই অপ্রাকৃত স্তরের, তখন ইহার নিত্য ই স্বাভাবিক, কারণ ইহা একটা স্বতঃসিদ্ধ প্রেরণামাত্র, একটা অটল সত্যের ভাবময়ী অভিব্যক্তি।

আর এই রন্দাবনে যে কৃষ্ণ বাস করেন তিনি চরিতায়ত-কারের মতে "অপ্রাকৃত নবীন মদন"। কৃষ্ণ যখন অপ্রাকৃত, তখন বুঝিতে হইবে যে যতুবংশোন্তব প্রাকৃত কৃষ্ণের সহিত এই অপ্রাকৃত কৃষ্ণের সদন্ধ নাই। এখানে কৃষ্ণ শব্দ একটা সংজ্ঞা মাত্র, যাহার সাহায্যে একটা নূতন তত্ত্ব ব্যাখ্যাত হইয়াছে। তিনি "নবীন মদন", অর্থাৎ "স্প্তিরূপা, কামরূপা" লীলাকারী—

অপ্রাকৃত নবীন মদন বলি যারে। স্পষ্টিরূপা কামরূপা লীলা কহি তারে॥

রসতত্ত্বসার গ্রন্থ।

এই কৃষ্ণই কাম ও মদন এই ছুই নামে পরিচিত, তন্মধ্যে কৃষ্ণতত্ত্ব কন্দর্প, আর রাধাতত্ব মদন।

এক বস্তু চুই কাম মদন যার নাম। এবং কৃষ্ণতত্ত্ব কন্দর্প রাধাতত্ব মদন।

লোচনদাসের রসকল্পলভিকা।

ইহাদের একটা পুরুষ, অপরটা প্রকৃতি, যথা—

কাম আর মদন ছুই প্রকৃতি পুরুষ।

**ह** छीमारमत शमावनी, ११६ नः शम।

এই প্রকৃতি ও পুরুষরূপী রাধা এবং কৃষ্ণ পরস্পর অচ্ছেত্ত সম্বন্ধে আবদ্ধ -

এমতি জ্বানিহ ভাই প্রকৃতি পুরুষ।
পিরীতি প্রেমের লাগি দোহে দোহার বশ ॥
দোহার বিচ্ছেদ দোহে সহিতে না পারে।
তিলেক বিচ্ছেদ হইলে পরাণে সে মরে॥
বিশ্ববিদ্যালয় প্রথি নং ২৫৩৩।

সাধারণতঃ জীবালা ও পরমাত্মা-ত

রাধা ও ক্লের প্রেমলীলা ব্যাখা। করিতে সাধারণতঃ জীবালা ও প্রমাত্মা-তত্ত্ব লইয়া আলোচনা হইয়া থাকে, সেই জীবালাও প্রমালা-সানিধ্যে প্রকৃতিরূপা, কারণ একমাত্র কৃষ্ণই পুরুষ, আর সব প্রকৃতি। উল্লিখিত নূতন ব্যাখ্যাতেও আমরা সেই কথাই পাইতেছি। এই কৃষ্ণ অনন্ত ব্রহ্মাণ্ডের আধারস্বরূপ, আর রাধা তাঁহার ক্রীড়ার সাহায্যকারিণী শক্তিরূপা—

অনন্ত ব্রহ্মাণ্ড ইহা সভার আধার। এবং কৃষ্ণ নিজশক্তি রাধা ক্রীড়ার সহায়। চরিতামৃত।

ইহা স্থূলভাবে বুঝিতে হইলে বলা যাইতে পারে যে বিজ্ঞানমতে আমরা যাহাকে Matter এবং Energy বলি, ইহা তাহারই নামান্তর মাত্র। Matter এবং Energy এই উভয়ের মিলনেই স্মৃতিকার্যা চলিয়া থাকে, ইহাই বিজ্ঞানের সারতত্ব। এইজন্মই কৃষ্ণকে "স্মৃতিকপা কামরূপা" বলা হইয়াছে। রত্তসারে আছে—

যেই হেতু সর্বব চিত্ত আকর্ষণ করে। স্থাবর জন্ম আদি সর্বব চিত্ত হরে॥ সকলের মন যেই কামে হরি লয়। অতএব কামরূপে কুষ্ণ নিশ্চয়॥ চরিতামৃতেও কুফ সম্বন্ধে বলা হইয়াছে—

পুরুষ যোষিৎ কিবা স্থাবর জন্পম। সর্ববিচিত্রাকর্ষক সাক্ষাৎ মন্মথ মদন॥ স্ব্যোর অফটেম।

## বিবর্ত্তবিলাসে আছে---

কাম যার মহাকাম জগতে বিহরে॥ মহাকাম পরমারাধ্য নন্দের নন্দন। প্রাকৃত সে কামরূপে ব্যাপে জগভ্জন॥

এই কৃষ্ণ কামরূপে সমস্ত জগতে বিরাজ করিয়া সকলের মন আকর্ষণ করিতেছেন। রামানন্দ বলিয়াছেন—

> রায় কহে, কৃষ্ণ হয় ধীর ললিত। নিরন্তর কামক্রীড়া বাঁহার চরিত॥ মধ্যের অফটমে।

এইরপে পৃথিবীর মধ্যে নিজ শক্তির সঙ্গে নিরন্তর লীলা করিয়া রুফ বিরাজমান আছেন। ইহা একটা অটল সতা, যাহা পূর্বেও ছিল এবং পরেও থাকিবে। তাই বিবর্ত্তবিলাসে লিখিত হইয়াছে—

সত্যরূপে জগৎনধ্যে করয়ে বিহার। এবং অহাবধি সেই লীলা এইরূপে হয়।

অতএব মন্মথমদনরূপে রাধাকৃষ্ণের প্রেমলীলার নিতার স্থাকৃত হইল। এই লীলাতে কৃষ্ণই নিত্যবস্তু, গাঁহা হইতে উৎপন্ন, এবং ওতপ্রোতভাবে মিলিত আছেন নিত্যরাধা। তাঁহারাই মূল পুরুষ এবং প্রকৃতি, গাঁহাদের প্রেমলীলা জগতের সর্ব্বতই বিরাজিত আছে। এই লীলা অনিমিত্ত চিদানন্দময়, নিত্যবৃন্দাবনের অধিবাসী হইয়া প্রেমনেত্রে দেখিতে হয়। ইহা কেবল অনুভব করিবার জিনিষ, ইহার প্রমাণ নাই।

প্রমাণ নাহিক মাত্র কেবল অনুভব।

সহজতত্ত্ব গ্ৰন্থ।

অতএব নিত্য শব্দ দারা এখানে কৃষ্ণকেই বুঝাইতেছে। দীপকোজ্জল গ্রন্থে আছে—

> নিত্য প্রকট রুফ আছে সর্ববকাল। মাধুর্য্য-নুগরে রহে অতি সে রুসাল॥

এবং কলিকাতা বিশ্ববিত্যালয়ের ৩৪৩৬নং পুথিতে আছে—

# নিত্যের স্বরূপ কৃষ্ণ জানিহ নিশ্চয়।

অনেকে এই নিত্য শব্দের ব্যাখা। করিতে যাইয়া নিত্যাদেরী প্রভৃতির কল্পনা করিয়াছেন; বৌদ্ধ প্রভাবের আভাসও কেহ কেহ প্রদান করিয়াছেন। কিন্তু একটু ভাবিয়া দেখিলেই বুঝা যাইবে যে চৈতন্ত্য-পরবর্ত্তী সহজ্জিয়া ধর্ম্মে বৈশ্ববনতের প্রাধান্ত হেতু এখানে নিত্য শব্দে কৃষ্ণকে লক্ষ্য করাই স্বাভাবিক। যে সহজিয়ারা আপনাদিগকে বৈশ্বব বলিয়া পরিচয় প্রদান করেন, তাঁহারা যে কৃষ্ণকেই শ্রোষ্ঠ আসনে বসাইবেন তাহাতে অনুমাত্র সন্দেহ নাই। সহজ্জিয়ারা তাঁহাদের প্রোষ্ঠ দার্শনিক তত্ত্বে দেবদেবীর অন্তিম্ব স্বীকার করেন না বলিয়াই এখানে কৃষ্ণের পরিবর্ত্তে নিত্য শব্দ প্রযুক্ত হইয়াছে, যেমন অসীম, অনন্ত প্রভৃতি বিশেষণ দ্বারা ব্রহ্মকেই বুঝাইয়া থাকে। অতএব দেখা যাইতেছে যে এখানে নিত্যাদেবীর পরিকল্পনা সম্পূর্ণ ই অপ্রাসন্ধিক।

২। বাশুলী :—বিশালাক্ষী নাম হইতে বাশুলী শব্দের উদ্ভব হইয়াছে, এই বিশাস পূর্বেন ছিল, কিন্তু আজকাল অনেকেই বলিতেছেন যে বাসলী বাগীশরী শব্দের রূপান্তর মাত্র। বাগীশরী—বাইসরী—বাসরী—বাসলী। প্রায় হাজার বৎসরের প্রাচীন মালিনীবিজয়-তন্ত্রে মহাবিতার এক নাম বাসলী বলিয়া উল্লিখিত আছে। গয়ার বিষ্ণুপাদ মন্দিরের প্রবেশ দারে "বাসিরী" নামে পরিচিতা চতুর্ভুজা সরস্বতী মূর্ত্তি আছে। নামুরের বাসলীও চতুর্ভুজা সরস্বতী মূর্ত্তি আছে। নামুরের বাসলীও চতুর্ভুজা সরস্বতী মূর্ত্তি। এজন্য বাসলী সরস্বতীর নামান্তর বলিয়াই বোধ হয়। (ইহার বিস্তৃত্ব আলোচনার জন্য অধ্যাপক অমূল্যচরণ বিত্যাভূষণ মহাশয়ের 'সরস্বতী' নামক পুস্তকের ৯৮—১০০ পৃষ্ঠা দ্রেষ্টব্য।)

কিন্তু যে পদটা লইয়া আমরা এখানে আলোচনায় প্রবৃত্ত হইয়াছি, তাহা সহজিয়া পদ। অতএব সর্ববাগ্রে দেখা কর্ত্তব্য যে, কোন সহজিয়া পদে বাশুলী শব্দের কোন ব্যাখ্যা পাওয়া যায় কিনা। বাশুলী বিশালাক্ষী কি বাগীশরী তাহা প্রধানতঃ ভাষা-বিজ্ঞানের আলোচনার বিষয়, ধর্ম্মব্যাখ্যায় আমাদের প্রধান অনুসন্ধানের বিষয় কি ভাবে সহজিয়ারা এই শব্দটী ব্যবহার করিয়াছেন। সাহিত্য-পরিষদ্ হইতে প্রকাশিত চণ্ডীদাসের পদাবলীর ৭৬৫ ও ৭৬৬ নম্বরের পদম্বয়ে এই বিষয়ের বিস্তৃত আলোচনা আছে। চণ্ডীদাসের প্রশের উত্তরে বাশুলী বলিতেছেন—"মদরূপ ধরি আমি সে হই", অর্থাৎ মদ বা আনন্দের

প্রতিমূর্ত্তি বাশুলী দেবা। এখানে বাশুলী একটা দেবা-জ্ঞাপক সংজ্ঞা মাত্র, যাহা সহজিয়ারা বিশেষ অর্থে ব্যবহার করিয়াছেন। উক্ত ৭৬৫ ও ৭৬৬ নম্বরের পদ তুইটার ব্যাখ্যা ইহার পরেই বিস্তৃত ভাবে আলোচিত হইবে, তখন ইহার অর্থ আরও স্পাই ভাবে ফুটিয়া উঠিবে। কিন্তু এখানে এই কথা বলিলেই যথেন্ট হয় যে সহজিয়ারা যাহা বলিয়াছেন, তাহা মানিয়া লইয়া তাহাদের ধর্ম্মের গুঢ়তত্ত্বে প্রবেশ করিতে চেন্টা করাই বিজ্ঞানসম্যত অনুসন্ধানের প্রথা।

৩। সহজ—অনেকের একটা ভ্রান্ত ধারণা আছে যে স্ত্রীলোক লইয়া গুপ্ত সাধনা করাই সহজিয়া ধর্ম্মের এক মাত্র অঙ্গ। যাঁহারা এইরূপ অভুত ধারণা পোষণ করেন, তাঁহারা একবারও ভাবিয়া দেখেন না যে এইরূপ স্ত্রীলোক লইয়া সাধনার প্রথা অন্তান্ত ধর্ম্মেও বর্তুমান আছে, অথচ ঐ সাধনাই সেই সকল ধর্ম্মের একমাত্র অঙ্গ নহে। তান্ত্রিক মতই যেমন শৈব ধর্ম্মের সারতত্ত্ব নহে, এবং মূর্ত্তিপূজা যেমন হিন্দুধর্ম্মের একমাত্র বিশেষত্ব নছে, রমণী লইয়া সাধনাও সেইরূপ সহজ্বপ্রের সর্বস্ব নহে। ইহা সাধনার এক অঙ্গ মাত্র, এবং তাহাও প্রাথমিক স্তরের। পরকীয়ার দার্শনিক ব্যাখ্যা পর্মাত্মার সাধনা, নিদ্ধাম কর্ম্ম-প্রেরণা, প্রধর্ম্ম-চর্চ্চা। আর সহজ-ধর্ম্মের প্রকৃত অর্থ মানবের স্বভাবজাত ধর্ম্ম কারণ যে ধর্ম্ম যে বস্তুর সহিত একত্র উৎপন্ন হয় তাহাই তাহার সহজ। প্রেম আত্মার সহজ-ধর্ম্ম অতএব প্রোমের প্রসারতা বৃদ্ধি করিয়া সমগ্র জগৎকে আত্মবৎ মনে করাই সহজ ধর্ম্মের সারমর্ম্ম। এই প্রেমের সাধনাই বৈষ্ণব সহজিয়া ধর্ম্মের সর্ব্বপ্রধান বিশেষত্ব। বৌদ্ধ সহজিয়া ধর্ম্মের অনেক ক্রিয়াকাণ্ড, আচার-ব্যবহারের সঙ্গে বৈষ্ণব সহজিয়া ধর্ম্মের বেশ মিল আছে, এই জন্ম একটা ধারণা বন্ধমূল হইয়া গিয়াছে যে, বৌদ্ধ সহজিয়া ও বৈষ্ণব সহজিয়ায় বিভিন্নতা নাই। কিন্তু ইহা ঠিক নহে, কারণ বৌদ্ধ সহজিয়া জ্ঞানমূলক, আর বৈঞ্চব সহজিয়া ধর্ম্ম প্রেমমূলক। বাহ্য অঙ্গ-প্রতাঙ্গে সাদৃশ্য থাকিলেও ইহাদের প্রাণ ছইটা ছই রকমের। একজন মানুষ জ্ঞানবৈরাগ্য লাভ করিয়া শুদ্ধ দার্শনিক যুক্তিতর্কের সাহায্যে প্রমার্থতত্ত বুঝাইতে প্রয়াস পাইতেছেন, আর অন্য একজন সরস হৃদয়ের আবেগ লইয়া প্রোমায়ত আস্বাদন করিতে ছুটিয়া চলিয়াছেন। বৌদ্ধ ও বৈষ্ণব সহজিয়ার পার্থকা ঠিক এই ধরণের।

৪। নামুর = বীরভূম জেলাস্থ একটী গ্রাম, চণ্ডীদাসের সাধনার স্থান বলিয়া প্রাসিদ্ধি লাভ করিয়াছে। অনেক রাগাত্মিকা পদে ইহার উল্লেখ দৃষ্ট হয়, কিন্তু কোন প্রামাণিক বৈষ্ণব গ্রন্থে ইহার সন্ধান পাওয়া যায় না। চণ্ডীদাসকে সহজিয়ারা সহজ সাধনার গুরু বলিয়া গ্রহণ করিয়াছেন, এবং প্রকৃতি লইয়া সাধনায় যে তিনি দক্ষ ছিলেন তাহাও প্রচার করিয়াছেন। তাঁহার প্রকৃতির নাম নাকি রামী। নামুরে তাঁহার ভিটাও প্রদর্শিত হইয়া থাকে। এই সকল কথার মূল্য কত তাহা পরবর্ত্তী আলোচনায় বিবেচিত হইবে।

ে। সহজ্ঞ ভঙ্গন ইত্যাদি। বাশুলী আসিয়া চণ্ডীদাসকে সহজ্ঞ ভজন যাজন করিতে বলিতেছেন। এ কোন্ চণ্ডীদাস, এবং এই পদটী কোন্ সময়ে লিখিত হইয়াছিল ? সহজিয়ারা একটা নব রসিকের দল গঠন করিয়াছিলেন, তন্মধ্যে বিভাপতি, জয়দেব ও চণ্ডীদাস এই তিনজন কবিকেই তাঁহারা শ্রেষ্ঠ স্থান প্রদান করিয়াছেন। জয়দেব গীতগোবিন্দের কবি, কিন্তু তাঁহার রচনায় সহজিয়া ধর্ম্মের কোন উল্লেখ নাই। বিভাপতিও অনেক বৈষ্ণবপদ রচনা করিয়াছিলেন. এবং সংস্কৃত গ্রন্থও লিখিয়াছেন, অথচ কোথাও তিনি নিজেকে সহজিয়া বলিয়া প্রচার করেন নাই। এই অবস্থায় সহজিয়াদের কথায় বিশাস করিয়া ইঁহাদিগকে সহজ সাধনার গুরু বলিয়া স্বীকার করা যায় কি ? চৈতগুদেব হইতে আরম্ভ করিয়া গোস্বামীদের প্রত্যেকের এক একটা প্রকৃতির সন্ধান সহজিয়ারা দিয়াছেন. কিন্তু কেহই তাহা বিশাস করে না। অথচ বিভাপতি ও জয়দেবের সম্বন্ধে বিবিধ রসাল উপাখ্যান এই দেশে অবাধে চলিয়া যাইতেছে! রাগাত্মিকা পদ ছাড়া চণ্ডীদাসের এমন কোন রচনা নাই—যাহাতে তাঁহার সহজিয়া সম্পর্ক ধরা যাইতে পারে, তথাপি তিনি যে সহজ সাধনা করিতেন, এই বিশাস অনেকের হৃদয়েই বন্ধমূল হইয়া গিয়াছে। এই সকল সমস্থার মীমাংসার জন্ম প্রথমেই দেখা উচিত যে এই তিনজন কবি যে সময়ে বর্তুমান ছিলেন সেই সময়ে বৈষ্ণব সহজিয়া ধর্ম্মের অবস্থা কিরূপ ছিল।

সহজিয়ারা বৈষ্ণব বলিয়া পরিচিত, এবং তাঁহারাও বৈষ্ণব ধর্ম্মে আস্থাবান্। রাধাকৃষ্ণের প্রেমলীলা মূলতঃ অবলম্বন করিয়া বন্ধদেশে এই ধর্ম্মের উন্তব হইয়াছে। প্রেমমূলক বৈষ্ণব ধর্ম্মের প্রথম প্রবর্ত্তক যে চৈতক্যদেব ইহা সর্ববাদি-সম্মত। ধর্ম্মার্থে ভক্তির স্থানে প্রেমের প্রতিষ্ঠা তিনিই করিয়াছেন। তৎপূর্বেক জয়দেব ও চণ্ডীদাস কাব্য লিখিয়া রাধাকৃষ্ণলীলা গান করিয়াছেন সত্য, কিন্তু ধর্ম্ম হিসাবে দার্শনিক যুক্তিপূর্ণ তত্ত্বের প্রচার চৈতক্যদেবের পূর্বেব এ দেশে কেহ করেন নাই। তাঁহার মতবাদ রন্দাবনে বসিয়া গোস্বামিগণ নানাবিধ গ্রন্থ লিখিয়া প্রচার করিয়াছিলেন, আর এ সকল গ্রন্থ বঙ্গদেশে আসিয়াছিল শ্রীনিবাস ও নরোত্তমের সঙ্গে প্রায় ১৬০০ খ্রীষ্টাব্দে। অতএব চৈতক্যদেবের প্রচারিত ধর্ম্ম

হইতে যাহার উদ্ভব হইয়াছে, তাহা এই দেশে সপ্তদশ শতাব্দীর পূর্বের হইতে পারে নাই। ইহার সমর্থন-যোগ্য কতকগুলি যুক্তি প্রদর্শন করা যাইতে পারে। বর্ত্তমান সহজিয়া সাহিত্যের সহিত যাঁহারা পরিচিত আছেন, তাঁহারা লক্ষ্য করিয়াছেন যে. সকল সহজিয়া গ্রন্থকারই চৈতগুচরিতামূতের শ্লোক তুলিয়া তাঁহাদের মতের সমর্থন করিয়াছেন। বস্তুতঃ উক্ত গ্রন্থ সহজিয়াদের ব্রহ্মসূত্র স্বরূপ, এমন সহজিয়া গ্রন্থ খুব কমই পাওয়া যায়, যাহাতে চরিতামূতের শ্লোক উদ্ধৃত হয় নাই। ইহাতে ইহাই প্রতিপন্ন হয় যে সহজিয়া গ্রন্থগুলি চরিতামূতের পরে রচিত হইয়াছিল। আর সহজ্ঞধর্ম্ম যাঁহারা প্রচার করিয়াছেন, তাঁহাদের সকলেই চৈতন্য-পরবর্ত্তী কোন না কোন গোস্বামীর শিষ্য-স্থানীয়। রূপ সনাতন প্রভৃতির নামে কতকগুলি সহজিয়া গ্রন্থ চলিয়া যাইতেছে সত্য, কিন্তু তাহাতে চরিতামতের কথা আছে, অথবা পরবর্ত্তী বৈষ্ণবগণের নাম উল্লিখিত আছে। এই সকল কারণে ঐ সকল গ্রন্থকন্তারা যে পরবর্ত্তী যুগের লোক তাহা বেশ বুঝা যায়। চৈতন্য-পূৰ্ববৰ্ত্তী যুগে রচিত হইয়াছে এমন কোন বাঙ্গলা বৈষ্ণব সহজিয়া গ্ৰন্থের সন্ধান পাওয়া যায় না। চৈত্যুদেব-প্রচারিত ধর্ম্মের সারতত্ত্ব এই যে প্রেমের দ্বারা ভগবানকে লাভ করিতে হইবে। অতএব প্রেম যে কি বস্তু তাহা না জানিলে ভগবানের প্রতি তাহা আরোপ করা যায় না, এজন্য সহজিয়ারা প্রেমের সাধনায় প্রব্রত্ত হইয়াছিলেন। চৈতন্মের ধর্ম্মের ক্রমিক অভিব্যক্তিতে সহজিয়ার উদ্ভব, ইতিহাস নানাদিক দিয়া ইহার সাক্ষ্য প্রদান করিতেছে। কাজেই চৈতত্ত-পূর্ববর্ত্তী চণ্ডীদাস, বিভাপতি প্রভৃতি স্ত্রীলোকের সহিত প্রেম সাধনা করিতেন তাহা অবিশান্ত। স্ত্রীলোক লইয়া সাধনার প্রথা পূর্বেবও বর্তমান ছিল সন্দেহ নাই, কিন্তু তান্ত্রিকগণ করিতেন শক্তির উপাসনা, আর বৌদ্ধগণ করিতেন জ্ঞানের উপাসন। প্রেমের উপাসনা বৈষ্ণব সহজিয়ারাই প্রথম প্রবর্ত্তন করেন। অতএব বাশুলী আসিয়া চণ্ডীদাসকে রামীর সহিত প্রেম সাধনা করিতে বলিলেন. চৈতন্য-পূর্ববর্ত্তী চণ্ডীদাস সম্বন্ধে একথা বলা যায় না। হয় এই চণ্ডীদাস চৈতত্ত-পরবর্ত্তী যুগের, নতুবা সহজিয়ারা ইহা রচনা করিয়া তাঁহাদের ধর্ম্মের প্রাচীনত্ব সপ্রমাণ করিতে প্রয়াস পাইয়াছেন। রামীর ভিটা, রামীর গান, এবং রামীর নাম হইতে উল্লিখিত পদগুলি প্রেমের সাধনা প্রচলিত হইবার পরে স্ফট হইয়াছে ইহা ধারণা করাই স্বাভাবিক। আর এইজ্বাতীয় পদের সংখ্যাও এত কম যে তাহাদের উপর নির্ভর করিয়া ইতিহাসকে অগ্রাহ্য করা চলে না।

প্রথম ৮ পঙ্ক্তির মর্মার্থ ঃ—নিত্যদেবের আদেশে মদরূপিনী বাশুলী দেবী

সহজ ধর্ম প্রচার করিবার জ্বন্য নামুর গ্রামে আসিয়া উপস্থিত হইলেন। তিনি চণ্ডীদাসকে সহজ ভজ্জন করিতে উপদেশ দিয়া বলিলেন যে সহজ ভজ্জনের চেয়ে শ্রেষ্ঠ ধর্ম আর কিছু নাই। ইহাই হইল কথারস্ত, তৎপরে এই ধর্ম্মের বিশেষত্ব বর্ণিত হইয়াছে।

৬। ছাড়ি জপতপ ইত্যাদি। জপতপ ইত্যাদি সাধনার বৈধী অঙ্গ, সহজিয়ারা রাগান্থগ মতাবলম্বী বলিয়া বৈধী সাধনা সমর্থন করেন না। বৈশ্বব ধর্ম্মেও রাগান্থগা ভক্তির শ্রেষ্ঠিঃ স্বীকৃত হইয়াছে। সাধনার ছুইটা অঙ্গ, একটা বৈধী, অপরটী রাগান্থগা—বৈধী রাগান্থগা চেতি সা দিধা সাধনাভিধা (ভক্তি-রসামৃত-সিন্ধু ১।২।৪)। চরিতামৃতে আছে—

এইত সাধন ভক্তি চুইত প্রকার :

এক বৈধী ভক্তি, রাগানুগাভক্তি আর॥ মধ্যের দ্বাবিংশে। রাগ থাকুক বা না থাকুক, শাস্ত্রের ব্যবস্থানুযায়ী ক্রিয়াকাণ্ড-সমন্থিত যে ভজন তাহাই বৈধী বলিয়া কথিত হয়-—

> রাগহীন জন ভজে শাস্ত্রের আজ্ঞায়। বৈধী ভক্তি বলি তারে সর্বন শাস্ত্রে গায়॥

> > চরিতামৃত, মধ্যের দ্বাবিংশে।

আর— শাস্ত্রযুক্তি নাহি মানে রাগানুগার প্রকৃতি।

ঐ কারণ ইফে গাঢ়ত্ঞা এবং আবিফতা সমন্বিতা রাগময়ী যে ভক্তি তাহারই নাম রাগামুগা ভক্তি, ইহাতে শাস্ত্রযুক্তি মানিবার প্রয়োজন নাই। প্রেনের রাজ্যে এই রাগান্মিকা ভক্তির প্রাধান্ত সর্বত্রই স্বীকৃত হইয়াছে। চরিতামৃতে আছে—

সকল জগত মোরে করে বিধি ভক্তি।

বিধি ভক্ত্যে ব্রজভাব পাইতে নাহি শক্তি ॥ আদির তৃতীয়ে।
ব্রজভাবের ভজনায় বিধি-ভক্তির স্থান নাই, ইহাতে রাগাত্মিকাই মুখ্যা বলিয়া
কথিত হয়—"রাগাত্মিকা ভক্তি মুখ্যা ব্রজবাসিজনে"। এই মত অনুসরণ
করিয়াই প্রেমানন্দ-লহরীতে লিখিত হইয়াছে—

বিধি পথ পরিত্যক্ত রাগানুগা হয়ে ভজ রাগ নৈলে মিলে না সে ধন।

অতএব জপতপ পরিত্যাগ করিয়া প্রেমের পথ অমুসরণ কর ইহাই বক্তব্য।

অনেক প্রাচীন ধর্ম্মগ্রন্থাদিতেও ক্রিয়াকাণ্ডের উপর বিশেষ আশ্বা স্থাপন করা হয় নাই। ছান্দোগ্য উপনিষদ্ (৮।১।৬), কঠ উপনিষদ্ (২।১০), মুগুকোপনিষদ্ (১।২।৭), রহদারণ্যক উপনিষদ্ (৩।৮।১০), এবং গীতা (২।৪২-৪৪, ৪।১২, ৭।২৩, ৮।১৬, ৯।২০-২২, ১১।৫৩) প্রভৃতি গ্রন্থে উক্ত হইয়াছে যে ক্রিয়াকাণ্ডের দ্বারা অক্ষয় স্বর্গ লাভ করা যায় না। কেবল মাত্র ক্রান্তর্ভানের দ্বারা ভগবান্কে জ্ঞানা যায় এবং মুক্তি লাভ হয়, ইহাও গীতা উপনিষদ্ প্রভৃতির মত (রহদাঃ উঃ ৪।৪।৬-৭, ১৪, ১৭; কঠ উঃ ৪।১৫; মুগুঃ উঃ ৩)১।৩, ৩২।৫; ছান্দ্যঃ উঃ ২।২৩)১, ৭।২৬।২; শেতাঃ উঃ ৩৮; গীতা ৬।১৫, ২৮; ৭।২৩, ৮।১৫-১৬, ৯।২২ ক্রফব্য)। এই সকল গ্রন্থ নির্দেশ করিয়াছেন যে জ্ঞান লাভের দ্বারা অমর হওয়া যায়; কিন্তু সহজিয়ারা জপতপ ছাড়িয়া প্রেমাম্ত পান করিয়া অমরত্ব লাভ করিবার প্রয়াসী, ইহাই পার্থক্য।

প্রেমভক্তিচন্দ্রিকাতে আছে—

জ্ঞান কাণ্ড কর্ম্ম কাণ্ড কেবল বিষের ভাণ্ড অমৃত বলিয়া যেবা খায়। নানা যোনি সদা ফিরে কদর্য্য ভক্ষণ করে তার জন্ম অধঃপাতে যায়॥

অগ্যত্র---

কর্ম্মী জ্ঞানী মিছাভক্ত না হবে তার অমুরক্ত শুদ্ধ ভজনেতে কর মন। ব্রজজনের সেই মত তাহে হবে অমুরক্ত সেই সে পরম তত্ত্ব ধন॥

৭। আরোপ।—এই শব্দটী বিশেষার্থে এখানে ব্যবহৃত হইয়াছে।
সাধারণতঃ মূর্ত্তিপূজা আরোপ সাধনার দৃষ্টান্ত-স্থানীয় বলিয়া ধরা যাইতে পারে।
মানুষ মাটি দিয়া মূর্ত্তি গঠন করে, তৎপরে ঐ মূর্ত্তিতে দেবই আরোপ করিয়া
তাঁহার পূজা করে, আবার পূজাবসানে তাহাই বিসর্জ্জন দেয়। এক বস্ততে
অত্য বস্তর ধর্মা স্থাপন করার নাম আরোপ। সহজ্জিয়া তন্ত্রের মতে ক্রীলোক
লইয়া সাধনার বিধি আছে; রূপ রস আস্বাদন করিয়া প্রেমের তত্ত্ব অবগত
হইবার জন্য প্রকৃতির এই সাহচর্গ্যের ব্যবস্থা রহিয়াছে। গ্রীষ্টের জন্মের প্রায় ২৫০
বৎসর পূর্বেব গ্রীকদেশীয় পণ্ডিত প্লেটো বেক্কোয়েট নামে একখানা পুস্তক

লিখিয়াছিলেন, তাহাতেও প্রেম, রূপ, ও আনন্দ উপভোগ করিবার দার্শনিক তত্ত্ব আলোচিত হইয়াছে। আত্মতৃপ্তির জন্ম এই উপভোগ নহে, আত্ম-প্রসারণেরদ্বারা শাশ্বত আনন্দ, অনন্ত রূপ, এবং সার্ববজনীন প্রেমের উপলব্ধি করাই ইহার গৃঢ উদ্দেশ্য। সীমাবদ্ধ রূপের সাধনা ধারা কি প্রকারে প্রেমের প্রসারতা বৃদ্ধি পায় প্লেটো তাহা দেখাইয়াছেন। বাহ্ন রূপে আকৃষ্ট হইয়া যাহাকে ইচ্ছা অবলম্বন করা যাইতে পারে। তারপর সাধক যদি অন্তর্দ ষ্টি-সমন্বিত হন, তবে তিনি সহজেই বুঝিতে পারেন যে, রূপ একটী বস্তু বিশেষেই সীমাবদ্ধ নহে, অন্যান্য বস্তুতেও ইহা বিরাজিত আছে। কাজেই যাঁহার রূপতৃষ্ণা আছে, তিনি সমস্ত স্থন্দর বস্তুতেই আকৃষ্ট হইবেন, এবং সেই সময় হইতে কোন বস্তু-বিশেষের প্রতি তিনি আকৃষ্ট থাকিবেন না, কারণ সমস্ত স্থন্দর বস্তু তখন তাঁহার নিকট একই পর্য্যায়ের বলিয়া অনুভূত হইবে। অতএব সকলের প্রতিই তিনি সমভাবে আকৃষ্ট হইবেন। তারপার তিনি ক্রমে ক্রমে বুঝিতে পারিবেন যে বাহ্য রূপ ক্ষণস্থায়ী এবং আভ্যন্তরীণ অর্থাৎ আত্মার সৌন্দর্য্যই সর্বশ্রেষ্ঠি। এইরূপে অতীন্দ্রিয় রূপের অনুভূতি তাঁহার হইবে, ইহার পূর্ণ বিকাশেই অনন্ত রূপের দার তাঁহার নিকট উদ্যাটিত হইবে। এইভাবে সীমাবিশিষ্ট রূপের অনুভৃতি হইতে বিশালরূপের অনুভূতি জাগরুক হয়। এই সাধনায় সীমাবদ্ধ রূপ নিমিত্ত মাত্র, তাহাকে অবলম্বন করিয়া উঠিতে হয়, ইহা ব্যতীত তাহার আর কোন আবশ্যকতা নাই। আরোপ সাধনার ইহাই দার্শনিক তত্ত্ব।

আরোপ-সম্বন্ধে সহজিয়ারাও ঠিক এই কথাই বলিয়া থাকেন। সহজতত্ত্ব-প্রস্তে আছে—

> আরপ রূপ সাধন, আর রস আস্বাদন। নিজকার্য্য প্রেম আস্বাদন, এই মনে। সেই কার্য্য লাগি মানুষ আশ্রয় হৈল ভগবানে॥

গৌড়ীয় বৈষ্ণবগণ বিশাস করেন যে রাধার প্রেম আস্বাদন করিবার জন্ম কৃষ্ণ চৈতন্যরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন। ভগবান্ মানুষকে আশ্রয় না করিয়া প্রেম আস্বাদন করিতে পারেন নাই, এই ধারণা প্রেম-সাধনার পথ প্রদর্শন করিয়াছিল। এখন সহজিয়ারা রস আস্বাদন ও রূপ সাধন করিবার জন্য স্ত্রীলোক অবলম্বন করেন। ইহাই সহজিয়া তান্ত্রিক মতে আরোপ-সাধনা। একটা রাগাত্মিকা পদে আছে— রাগ সাধনের এমনি রীত। সে পথিজনার যেমন চিত॥

অর্থাৎ পথিকেরা গন্তব্য স্থানে পোঁছিবার জন্ম যেমন পথ বহিয়া চলে, সাধকেরাও তেমনি প্রেম সাধনার জন্ম স্ত্রীলোক অবলম্বন করে। আর একটা পদে আছে—

> দীপ হস্তে করি যদি প্রবেশয়ে ঘরে। তিমির করিয়া ধ্বংস দীপ্তিমান করে॥ যেখানে যে দ্রব্য তাহা হয় বর্ত্তমান। পশ্চাৎ প্রদীপে আছে কোন্ প্রয়োজন॥

পাছে সাধনায় বিল্ন উপস্থিত হয় এজন্ম স্ত্রীলোকের সহিত যথেচ্ছ ব্যবহার নিষিদ্ধ হইয়াছে—

> যদি বাহ্য স্থাথে সদা মজ মোর মন। তবে ত না পাবে ভাই সে আনন্দ ধন॥

অগ্যত্র---

দেহরতি সম্বন্ধিয়ে পরশে প্রকৃতি। কোন জন্মে জন্মে তার নিস্তার না হয়। ভোগ ভুঞ্জায় তারে যম মহাশয়॥

ইহাই আরোপ সাধনার বিধি ব্যবস্থা। এই সাধনা আবার তুই প্রকারের— বাহু ও অন্তর —

বাহ্য ও অন্তর ইহার তুই মত জাজন। সহজতত্ত্ব।

"বাহা" যাজনে দ্রীলোক লইয়া সাধনা করিতে হয়, আর "অন্তর" যাজনে "গোপনে সাধিবে সদা হৃদয়ের মাঝে" অর্থাৎ ভাবরাজ্যে রূপ, রস ও প্রেমের সাধনা করিয়া অটল রূপ ও শাশত আনন্দ উপভোগ করিতে হয়। ইহাতে দ্রীলোক লইয়া সাধনার প্রয়োজন হয় না। বিবিধ পার্থিব রূপের অনুভূতি হইতে সর্বব্যাপী অতীন্দ্রিয় রূপের যে অনুভূতি তাহাই "অন্তর" সাধনার বিষয়। বিবর্ত্তবিলাসে আছে—

ব্রজপুর রূপ-নগরে রসের নদী বয়। তীর বহিয়া ঢেউ আসিয়া লাগিল গোরা-গায়॥

গৌর-অঙ্গে প্রেম-ভরন্ধে উঠে দিবারাতি। জ্ঞান-কর্ম যোগ-কর্ম তপ ছাড়িল যতি॥ মনে মনে কত জনে দিচ্ছে রূপের দায় ! সে যে রূপ ছধা-কৃপ ঠোর নাহিক পায়॥ রূপ-ভাবনা গলায় সোনা ঘুচলে মনের ধান্ধ। রূপের ধারা বাউল-পারা বহিছে জগত আন্ধা। রূপ রুসে জগত ভাসে এ চৌদ্দ ভুবনে। **ट्टे**रल गर्ज प्रिचिरल यर्ज কহিলে কেবা জানে। ঠারে ঠোরে কহিন্ম ঘোরে বুঝিতে পারে যেবা। পরম হঃখী হইবে স্থখী প্রকট করিবে সেবা ॥

এইরপ অতীন্দ্রিয় রূপের অনুভূতি লাভ করা অন্তর আরোপের উদ্দেশ্য। জপ তপ ইত্যাদি পরিত্যাগ করিয়া এই সাধনায় নিবিষ্ট হইতে হয়। ইহা বলিয়া বুঝাইবার বিষয় নহে, যাহার অন্তর্দৃষ্টি খুলিয়া গিয়াছে সেই ইহা উপভোগ করিতে পারে।

৮। সচেষ্ট মনে, অর্থাৎ ঐকান্তিক যত্নের সহিত, নতুবা কৃতকার্য্য হইবার সম্ভাবনা নাই। প্রেমভক্তিচন্দ্রিকায় আছে—

> চাতক জলদ মতি এমতি একান্ত রতি জানে যেই সেই অমুরক্ত ।

পরিষদ্-সংস্করণের চণ্ডীদাসের পদাবলীতে এই স্থানে "চৌষট্ট সনে" লিখিত

হইয়াছে। ভজনান্ত চৌষট্টি প্রকার, ইহা বৈধী সাধনার অন্তর্গত। যথন জপ তপ পরিত্যাগ করিয়া আরোপ সাধনার উপদেশ এখানে প্রদত্ত হইতেছে, তখন সর্ববশেষে যে বৈধী সাধনা অবলম্বন করিবার কথা বলা হইবে তাহা সম্ভবপর নয়, কারণ তাহাতে পরস্পরবিরুদ্ধ মতের সমর্থন করা হয়। এজন্য "সচেষ্ট" পাঠই সঙ্গত বলিয়া গ্রহণ করা হইল।

এই ৪ পঙ্ক্তির মর্ম্মার্থ এই—বৈধী সাধনার অঙ্গস্বরূপ জপ তপ ইত্যাদি পরিত্যাগ করিয়া ঐকান্তিক যত্নের সহিত আরোপ সাধনায় প্রবৃত্ত হও।

৯। বস্তুতে গ্রহেতে ইত্যাদি। বস্তু = ৮; গ্রহ = ৯। বিবর্ত্তবিলাসে এই স্থানটী ছাই প্রকারে ব্যাখ্যাত হইয়াছে। এক মতে —

বস্থ অফ্ট গ্রাহ নয় এই সতেরো হয়। সতেরোতে সাবধান চেতন নিশ্চয়॥

এখানে "সাবধান" শব্দটী বোধ হয় "সার ধন" হইবে। তাহা না স্বীকার করিলেও সতরতে যে চেতনাকে লক্ষ্য করা হইয়াছে ইহা স্পষ্টই বুঝা যায়। শিবসংহিতায় আছে—

> চৈতন্তাৎ সর্ববমূৎপন্নং জগদেতচ্চরাচরম্। তম্মাৎ সর্ববং পরিত্যজ্য চৈতন্তম্ভ সমাশ্রায়েৎ॥

অতএব সর্নব পরিত্যাগ করিয়া চৈতন্তের আশ্রায় গ্রহণ করিতে হইবে। এই চৈতন্ত শব্দের সহিত সহজ ধর্ম্মের অনেক গৃঢ়তত্ত্ব জড়িত আছে। অমৃত-রসাবলীতে আছে—

> চৈতন্য চাঁদের গুণ কে কহিতে পারে। চেতন করান তারে চৈত্যরূপেতে॥

অর্থাৎ চৈতশ্যচন্দ্র চৈত্যরূপেতে জীবাত্মাকে চেতন করান। কি অবস্থা হইলে এই চৈতশ্যলাভ হয় ? উক্ত গ্রন্থে আচ্চ—

> নিত্যানন্দ চাঁদ যবে উদয় করিল। বাহ্য ও মনের আন্ধার ছুই দূরে গেল॥ মায়া-বন্ধ দূরে গেল পাইল চেতন।

বাহ্য ও মনের অন্ধকার দূরীভূত হইয়া যখন মায়া-বন্ধন কাটিয়া যায় এবং

নিত্যানন্দে মন পূর্ণ হয়, তথনই প্রকৃত চেতনা জন্মে। এই চেতনা জন্মলেই পরমাত্মার সাক্ষাৎ লাভ করা যায়—

> চেতন চৈতন্মরূপ পরমাত্মা মহাশয়। রূপ বস্তু এই প্রভু চৈত্যরূপ হয়॥ নিগ্ঢ়ার্থ-প্রকাশাবলী।

পরমাত্মা চৈতন্মরূপ বলিয়া তাঁহাকে চৈত্যরূপ বলা হয়। সহজ্ব ভজ্জনে এই চৈত্যরূপ গুরুই স্বীকৃত হইয়া থাকে। নিগূঢ়ার্থ-প্রকাশাবলীতে আছে—

চৈত্যরূপ গুরু হয় সহজ ভজনে।
চণ্ডীদাস বিভাপতি চৈত্যরূপার গণে॥
লীলাস্থক জয়দেব রায় রামানন্দ।
চৈত্যরূপ এই সব হয় ভক্তবুন্দ॥

এই সকল লোক সহজচৈতন্য পর্যায়ের বলিয়া কথিত হয়। যাঁহারা স্বভাবসিদ্ধ তাঁহারাই এই আখ্যা লাভের উপযুক্ত। চণ্ডীদাস প্রভৃতি তাহা ছিলেন কিনা আমরা জানি না, কিন্তু সহজিয়ারা তাঁহাদিগকে সেইরূপ সিদ্ধপুরুষ বলিয়াই প্রচার করিয়াছেন।

এই পদাংশের অর্থ এই—'জপ তপ ছাড়, এবং চৈতগ্যকে ভজনা কর।' সহজ্বিয়ারা দেবারাধনা করেন না, আত্মোপলন্ধি করাই তাঁহাদের প্রধান উদ্দেশ্য; এজগ্য চেতনাকে ভজনা করিবার বিধি দেওয়া হইয়াছে।

এই জাতীয় ব্যাখ্যা আরও দেওয়া যাইতে পারে। সূক্ষ্মদেহ (লিঙ্গ-শরীর) সংক্ষান্য অবয়ববিশিষ্ট।

> পঞ্চপ্রাণমনোবুদ্ধি-দশেন্দ্রিয়-সমন্বিতম্। অপঞ্চীকৃত-ভূতোত্থং সূক্ষাঙ্গং ভোগসাধনম্॥

অর্ধাৎ প্রাণ, অপান, উদান, সমান, ব্যান এই আধ্যাত্মিক পঞ্চবায়; মনঃ, বৃদ্ধি; চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়; এবং বাক্, পাণি, পাদ, পায় ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, এই সপ্তদশ অবয়ববিশিষ্ট সূক্ষ্ম দেহ কথিত হইয়া থাকে। এই লিঙ্গ-শরীরের বিনাশকেই মুক্তি বলা যায় অর্ধাৎ দেহ জয় করিতে পারিলেই আত্মা স্বরূপে প্রতিষ্ঠিত হয়, এবং তাহাই মুক্তি (পাতঞ্জল দর্শনের ১1৪ এবং শেষ সূত্র দ্রষ্টব্য)। সাংখ্যেও আছে—

"সপ্তদশৈকং লিক্ষম্" (৩৯)। অতএব এই পদাংশের অর্থ হইল এই যে নিজ্জ দেহকে ভজনা কর। নিগৃঢ়ার্থ-প্রকাশাবলীতে আছে—

দেহের সাধন হয় সর্বতত্ত্বসার।
অন্যত্র— পঞ্চভূত পঞ্চজন দেহ ইথে হয়।
দেহের সাধন সহজ্ঞ এই হেতু কয়॥ আনন্দ-ভৈরব।
ভজনের মূল এই নরবপু দেহ। অমৃতরসাবলী।

আর একটা রাগাত্মিকা পদে আছে—

নিজ দেহ দিয়া ভজিতে পারে। সহজ পিরীতি বলিব তারে॥ ৭৮৫নং পদ।

উপনিষদেও উক্ত হইয়াছে যে আত্মজানলাভেই মোক্ষলাভ হয়। (পূর্ববর্ত্তী আলোচনা দ্রফীব্য।) ইহাও সেই পর্য্যায়ের কথা, কেবল বলিবার ভঙ্গীর বিভিন্নতা আছে মাত্র।

বিবর্ত্তবিলাসে ঘোর তান্ত্রিক মতের আর একটা ব্যাখ্যা দেওয়া হইয়াছে।
তাহাতে বস্থু অর্থে "অরবিন্দ", এবং গ্রহ অর্থে "বজ্র", অতএব কুলিশারবিন্দসংযোগে সাধনার ঘারা অক্ষয় স্থলাভের ব্যবস্থা দেওয়া হইল। বৌদ্ধ এবং
বৈঞ্চব সহজিয়া গ্রন্থাদিতে এই সম্বন্ধে অনেক আলোচনা আছে। ইহা সাধারণ
সহজিয়া তান্ত্রিক মতের সাধনা, অনেকে তাহাই সহজ ধর্ম্মের একমাত্র বিশেষত্ব
বিলিয়া জ্ঞানেন। এইরূপ ধারণা পোষণ করিলে সহজ ধর্ম্মের প্রতি অবিচার
করা হয়। পঞ্চমকার সাধনামূলক তান্ত্রিক মতকে শৈব ধর্ম্মের একমাত্র
বিশেষত্ব মনে করা যেমন অন্থায়, পূর্বেবাক্ত মত পোষণ করাও সেইরূপ
যুক্তিবিগ্রহিত।

় ১০। বাণের সহিত সদাই যজিতে ইত্যাদি। ইহার অর্থ এই যে বাণের ভজন অবলম্বন কর। এই বাণের ভজনের তাৎপর্য্য কি ? বিবর্ত্তবিলাসে ইহার ব্যাখ্যা বিস্তৃতভাবে দেওয়া হইয়াছে। মদন, মাদন, শোষন, মোহন, স্তম্ভন এই পঞ্চবাণ। এই পঞ্চবাণে শ্রীকৃষ্ণ সমগ্র জ্বগৎকে আকর্ষণ করেন। লোচন দাসের রসকল্লভিকাতে আছে—

একখান ধমুক তাহাতে পঞ্চগুণ। পঞ্চগুণে পঞ্চবাণ করে আকর্ষণ॥ যথা----

শব্দগুণে স্তম্ভন বাণ, গন্ধগুণে সম্মোহন বাণ, স্বরগুণে উচাটন বাণ, স্পর্শগুণে মোহন বাণ, রূপগুণে শোষণ বাণ। ইত্যাদি।

এই জন্মই "রুষ্ণতত্ত্ব-কন্দর্প" বলিয়া কথিত হয়। এই প্রকার আকর্ষণ কিরূপে হয় তাহার দৃষ্টান্ত রাধা-চরিত্রে পাওয়া যায়। মেঘ দেখিয়া রাধার ক্লম্ফুর্ত্তি হয়, বাঁশীর রবে তিনি উদ্মন্তা হন, ক্ষুনাম উচ্চারণ করিয়া তিনি বলেন "না জ্ঞানি কতেক মধু শ্যাম নামে আছে গো, বদন ছাড়িতে নাহি পারে" ইত্যাদি। এইরূপ সর্বেবিদ্রিয়ে ক্ষ্ণামুশীলনের নাম বাণের আক্ষণে সাড়া দেওয়া। রাধা ইহা করিয়াছিলেন, এবং তাহার ভাব লইয়া জন্মগ্রহণ করিয়াও চৈতন্যদেব ইহা করিয়া গিয়াছেন। এই জন্মই বিবর্ত্তবিলাসে বলা হইয়াছে—

পরক্রিয়া রাধাভাব বাণেতে সে হয়। পরতত্ত্বপরতার ক্রিয়া সে নিশ্চয়॥

রাধা যেমন কৃষ্ণের জন্ম নিজেকে বিলাইয়া দিয়াছিলেন, কৃষ্ণের প্রীতির জন্ম তাঁহার আত্মজ্ঞান লোপ পাইয়াছিল, সেইরূপ ভাবে আত্মোৎসর্গ করিতে হইবে। ইহাই পরতত্ত্বের সাধনা। রাধা-চরিত্রে আমরা এই ভাব পূর্ণ বিকশিত দেখিতে পাই। ইহা সম্পূর্ণ ই ভাবরাজ্যের কথা, এই সাধনায় প্রাকৃতকে অপ্রাকৃত করিয়া রূপসাগরে ডুবিয়া থাকিতে হয়। বিবর্ত্তবিলাসে আছে—

সদাই সাধিবে রূপ হইয়া চিন্তিত। প্রাকৃতকে করিবে তুমি সে অপ্রাকৃত॥

অর্থাৎ বিশের যাবতীয় বস্তুতেই অপার্থিব রূপের সাড়া অনুভূত হইবে, এবং তাহা অনুভব করিয়া পাগল-পারা হইতে হইবে, ইহাই বাণের ভজন। সহজ সাধনার ইহাই রীতি, এই কথাই উক্ত পদাংশে বিরুত হইয়াছে। ধর্মার্থে ইন্দ্রিয়-নির্যাতন সহজিয়ারা পছন্দ করেন না, এজন্ম "যুঝিতে" পাঠ এখানে বিরুদ্ধভাবজ্ঞাপক বলিয়া পরিত্যক্ত হইল। ১১। দক্ষিণদিগেতে ইত্যাদি। এই পদাংশের ব্যাখ্যা নানা প্রকারে করা যাইতে পারে। তল্পোক্ত সপ্ত প্রকার আচারের মধ্যে বামাচার ও দক্ষিণাচারের

উল্লেখ আছে। তন্মধ্যে বেদাচারের অন্মুসরণ করিয়া জপপূজাদির নাম দক্ষিণাচার—

> বেদাচার ক্রমেণৈব পূজয়েৎ পরমেশ্বরীম্। স্বীকৃতবিজয়াং রাত্রো জপেন্মন্তমনগুণীঃ॥

আর বামাচারে বামা হইয়া পূজা করিতে হয়—

পঞ্চতত্ত্বং খপুষ্পঞ্চ পূজয়েৎ কুলযোষিতম্। বামাচারো ভবেৎ তত্র বামা ভূত্বা যজেৎ পরাম্॥

তৎপরে কথিত হইয়াছে যে "দক্ষিণাত্তমং বামং", অর্থাৎ দক্ষিণাচার হইতে বামাচার শ্রেষ্ঠ। তল্লের মতে আছাশক্তির আরাধনায় জপপূজাদির ব্যবস্থা আছে, তথাপি বেদাচার হইতে বামাচারের শ্রেষ্ঠত্ব স্বীকৃত হইয়াছে। সহজ্পতে দেবতাপূজার বিধি নাই এবং খপুস্পাদিও ব্যবহৃত হয় না, তথাপি এই ধর্ম্ম রাগের ধর্ম্ম বলিয়া তল্লের উক্ত তুই প্রকার আচারের অনুকরণে ইহাতে বামারাগ ও দক্ষিণারাগের নামকরণ হইয়াছে।

#### রত্নসারে আছে—

রাগমধ্যে শ্রেষ্ঠকরি ছুইবিধ হয়।
বামা দক্ষিণা করি ছুই মত কয়॥
বামারাগ হয় অতি রসের উল্লাস।
দক্ষিণা রাগেতে হয় যথাযোগ্য বিলাস॥

\* \* \* \*
দক্ষিণা রাগেতে স্বতসিদ্ধ নাহি হয়।
এবং যথাযোগ্য বিলাস করে স্বকীয়া সাধন।
তাহারে কহিল মাত্র দক্ষিণে গমন॥

অর্থাৎ দক্ষিণারাগে স্বকীয়া এবং বামারাগে পরকীয়া সাধন হয়। সহজিয়া তন্ত্রের মতে রমনী লইয়া সাধনায় স্বকীয়া হইতে পরকীয়া শ্রেষ্ঠ, কারণ পরকীয়া-রাগে রসের অত্যধিক উল্লাস হয়। কিন্তু সহজিয়া-দর্শনে এই ভাবে এই শব্দন্বয় ব্যবহৃত হয় নাই। সহজিয়া-দর্শনে স্বকীয়া অর্থে কামের সাধনা, এবং পরকীয়া অর্থে প্রেমের সাধনা। আবার কাম শব্দটীও এখানে সংকীর্ণ অর্থে ব্যবহৃত হয় নাই। কামনা করিয়া শাস্তের বিধানামুসারে যে সকল ক্রিয়াকাণ্ড করা হয় তাহা সমস্তই স্বকীয়া পর্য্যায়ের অন্তর্ভুক্ত। ইহ-পরকালের স্থ্থের কামনা লইয়া

জপতপপূজাধ্যানাদি যাহা করা যায় সবই স্বকীয়া সাধন, আর নিক্ষাম কর্ম্মে পরকীয়া অর্থাৎ প্রেমের সাধনা হয়। ভৃঙ্গরত্নাবলীতে আছে—

পরকীয়া রতি হয় নিদ্ধাম কৈতব।
এবং নিদ্ধামের পর কৃষ্ণ পরকীয়া রতি। রসকদম্ব-কলিকা।

অতএব এখানে বলা হইল যে সকাম কর্ম্ম পরিত্যাগ করিয়া নিক্ষাম কর্ম্ম অবলম্বন কর।

অথবা, যেমন আত্মনিরূপণ গ্রন্থে আছে —

দক্ষিণেতে কাম হয়, বামনেত্রে প্রেম।

অতএব এই পদাংশের অর্থ হইল এই যে কাম পরিত্যাগ করিয়া প্রেম অবলম্বন কর।

এইরূপ ব্যাখ্যা আরও দেওয়া যাইতে পারে, যেমন বিবর্ত্তবিলাসে আছে—

দক্ষিণে খোদিবে যদি শুন মহাশয়। কৃষ্ণ অনুরাগহীন নরক নিশ্চয়॥

অতএব দেখা গেল যে কৃষ্ণ অনুরাগ দক্ষিণা রাগে হয় না; এজন্য দক্ষিণে গমনের নিষেধাজ্ঞা এখানে প্রচারিত হইয়াছে।

আবার---

দক্ষিণাঙ্গে পুরুষ বামাঙ্গে অবলা। এবং দক্ষিণে পুরুষদেহ বামেতে প্রকৃতি। নিগৃঢ়ার্থ-প্রকাশাবলী।

অতএব পুরুষভাব পরিত্যাগ করিয়া প্রকৃতিভাব অবলম্বন করার বিধি দেওয়া হইল। পুরুষভাবে আত্মাভিমান থাকে, তাহাতে আত্মজ্ঞানের লোপ হয়, ইহা পরিত্যাগ করিতে পারিলেই প্রকৃত মন্মুয়ত্বের বিকাশ হয়, যেমন রাধার ভাব অবলম্বন করিয়া চৈতক্যদেবের হইয়াছিল। এজক্য সহজ্ঞ মতে লিখিত হইয়াছে—

আপনি পুরুষ প্রকৃতি হইবে প্রকৃতি রতি না করে।

কারণ এক বহি আর পুরুষ নাহিক সেই যে মানুষ সার। তাহার আশ্রয় প্রকৃতি না হলে, কোণা না পাইবে পার॥

রসসার।

এবং সভাব প্রকৃতি হৈলে তবে রাগ রতি। অমৃতরত্বাবলী।

অতএব বলা হইল যে প্রকৃত প্রেমলাভ করিবার উদ্দেশ্যে প্রকৃতিভাব অবলম্বন কর, কখনও পুরুষ ভাব লইয়া সাধনা করিও না।

বিষ্ণুপুরাণে (১।৩।৯) লিখিত আছে যে দক্ষিণায়নে দেবগণের রাত্রি আর উত্তরায়নে দিবা, এবং অস্তরেরা রাত্রিতে ও দেবগণ দিবায় বলবান্ হন (ঐ, ১।৫।৩২)। স্বরূপ কল্পতরুতেও আছে—

> বামদিকে বিকশিত দিবার সঞ্চার। দক্ষিণদিগেতে রাত্রি ঘোর অন্ধকার॥

অতএব বলা হইল যে অন্ধকারময় আস্কুরিক ভাব বিসর্জ্জন করিয়া উঙ্জ্বল দেবভাবাপন্ন হও।

ভাগবতের (২।৬।২০) শ্লোকে মাছে যে বিবিধ বস্তু স্প্তি-করণার্থে ভগবান্ ভোগ ও মোক্ষের সাধনস্বরূপ দক্ষিণ ও উত্তর এই ছুই মার্গে ভ্রমণ করেন। কাব্দেই দক্ষিণ মার্গ ভোগের, আর উত্তর মার্গ মোক্ষের। অতএব বলা হইল যে ভোগের পথ পরিত্যাগ করিয়া মোক্ষের পথ অমুসরণ কর।

এইরপ বিবিধ প্রকার ব্যাখ্যাতে প্রায় একই সিদ্ধান্তে উপনীত হওয়া যায়।
এই ৮ পঙ্ক্তির মর্মার্থ এই—আত্মজ্ঞান লাভের উদ্দেশ্যে ভজনা কর। সেই
ভজনা কিরপ ? সর্বেক্সিয়ে আত্মকূল্য অমুশীলন। ইহাই সহজ ভজনের রীতি
বিলিয়া কথিত হয়। সকাম সাধনা, পুরুষ বা আত্মরিক ভাব, অথবা ভোগের
পথ পরিত্যাগ কর, এবং প্রকৃতি বা দেবভাবাপন্ন হইয়া মোক্ষের পথে নিজাম
ধর্ম্ম অমুসরণ কর; নতুবা সাধনায় নানা প্রকার বিদ্ন উপন্থিত হইবে। এই
উপদেশ মত কার্য্য করিলে তুমি শাশ্বত আনন্দ লাভ করিতে পারিবে। আরোপ
সাধনার এই সকল বিশেষত্ব এখানে কথিত হইল।

তৎপরবর্তী ৪ পঙ্ক্তিতে রামিনীকে অবলম্বন করিয়া আরোপ সাধনায় প্রবৃত্ত ছইতে চণ্ডীদাসকে উপদেশ দেওয়া হইয়াছে। এইরূপ সাধনা দারাও যে নিজ্য প্রেমের অধিকারী হওয়া যায় তাহার দার্শনিক তত্ত্ব ইতিপূর্কের আলোচিত ছইয়াছে (২১ পৃষ্ঠা দ্রফব্য)। 2

চণ্ডীদাস কৰে শুনহ মাতা: কহিলে আমারে সাধন ' কথা। সাতাশি ২ উপরে তিনের স্থিতি। সে তিন রহয়ে কাহার গতি গ এ তিন তুয়ারে কি বীজ হয় ? কি বীজ সাধিয়া সাধক হয় \* ? রতির আকৃতি বলয়ে কারে ৽ গ রসের প্রকার • কহিবে • মোরে ॥ কি বীজ সাধিয়া ' সাধিব রতি প কি বীঙ্গে ভঙ্গয়ে দ রসের গতি 🕈 সামান্ত রভিতে > বিশেষ সাধে। সামান্য সাধিতে বিশেষ বাধে॥ সামান্য বিশেষে ১৫ একতা রভি। একথা শুনিয়া সন্দেহ মতি॥ সামান্য রতিতে কি বীজ হয় ? বিশেষ রতিতে কি বীজ কয় প সামান্য রসকে কি বীজে যজে ১১ १ কি বীজ প্রকারে বিশেষে ১২ মজে १ তিনটি ছয়ারে থাকয়ে যে। সেই তিন জন নিত্যের কে ? চণ্ডীদাস কহে কহিবে ১৩ মোরে। বাশুলী কহিল ' । কহিব তোরে॥

```
১ ভজন, বিপু ২৮৮। ২ সালেঙ্গি, ঐ। 💌 কয়, পুসং।
```

- ° সাধিলে, ঐ।
- একার, বিপু ২৮৮।
   কহিব, পসং।
   বীজ ভজিলে, ঐ।
   রসেতে, বিপু ২৮৮
- ১২ বিশেষ, ঐ।

ণ বলিয়ে যারে, ঐ।

<sup>🕶</sup> কহবে, পসং ; কহিলে, বিপু ২৮৮।

<sup>› &</sup>lt;sup>6</sup> কহিছে, পসং।

9

বাশুলী কহিছে শুন হে ধিজ। কহিব তোমারে সাধন বীজ ॥ প্রথম দ্বয়ারে মদের স্থিতি । । দ্বিতীয় দুয়ারে আসক-রতি । তৃতীয় তুয়ারে কন্দর্প রয়। কন্দর্প রূপেতে শ্রীকৃষ্ণ কয়॥ আসক রূপেতে শ্রীরাধা কই। মদ্রপধারী ° আমি সে হই ॥ সাতাশী আঁখরে সাধিবে তিনে। একত্র <sup>৪</sup> করিয়া আরপ <sup>৫</sup> মনে ॥ রতির আকৃতি আসকে \* রয়। রসের আকৃতি <sup>1</sup> কন্দর্প হয় ॥ তিনটি আঁখরে রতিকে যঞ্জি। পঞ্চম আঁখরে রসকে ৮ ভঞ্জি॥ দ্বিতীয় **গাঁখরে ই সামান্য রতি**। তবে সে পাইবে বিশেষ স্থিতি॥ চতুর্থ আঁখরে ১৫ সামান্য রস। তাহাতে কিশোরা কিশোরী বশ ॥ বাশুলী কহয়ে এই সে সার। এ রস-সমুদ্র বেদান্ত-পার॥

১ গতি, পসং।

ৈ স্থিতি, ঐ।

॰ ধরি, ঐ।

<sup>8</sup> ঐক্যতা, বিপু ২৮৮।

• আপন, পসং।

• আসক, ঐ ৷

৭ একার, বিপু ২৮৮।

৮ বাণকে, পসং।

় আসকে, ঐ।

১০ আখর, ঐ ৷

#### ব্যাখ্যা

এই তুইটা পদ পরস্পর সম্বন্ধযুক্ত। প্রথম পদটীতে চণ্ডীদাস কতকগুলি প্রশা করিতেছেন, আর দিতীয় পদে বাশুলী দেবী তাহারই উত্তর দিয়াছেন। এই সকল প্রশোত্তরে সহজ্বধর্ম্মের অনেক নিগৃঢ়তত্ব ব্যাখ্যাত হইয়াছে। এখন প্রথম প্রশ্ন এই যে এই সকল পদ চণ্ডীদাসের রচিত কি না। যাহাকে ভণিতা বলে তাহা এই তুইটা পদের একটাতেও পাওয়া যায় না। প্রথম পদের শেষ তুই পঙ্ক্তি এই—

চণ্ডীদাস কহে কহিবে মোরে। বাশুলী কহিল কহিব তোরে॥

এই পদের প্রথম হইতে শেষ পর্যান্ত চণ্ডীদাস প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন, ঠিক তাহার পরেই পূর্বেবাক্ত ছুই পঙ্ক্তি সন্ধিবিষ্ট হইয়াছে। অতএব ইহা কবির ভণিতা নহে, প্রশ্নের জের মাত্র, এবং পরবর্তী পদে বাশুলী যে উত্তর দিবেন তাহারই আভাস দেওয়া হইয়াছে। দ্বিতীয় পদের শেষ ছুই পঙ্ক্তি এইরূপ—

বাশুলী কহম্নে এই সে সার। এ রসসমুদ্র বেদান্ত-পার॥

ইহা বাশুলীর উত্তরের উপসংহার মাত্র, ভণিতার চিহ্ন মাত্রও এখানে নাই। সহজ্বধর্ম্মের যে সকল তত্ত প্রচার করা লেখকের উদ্দেশ্য ছিল, তাহার সারতত্ত্ব বাশুলীর মুখ দিয়া প্রচারিত হইল ইহাই বক্তব্য।

সাধারণ পাঠক চণ্ডীদাসের নাম-জড়িত এই সকল পদকে চণ্ডীদাসের রচনা বলিয়াই ধরিয়া লইতেছেন। কিন্তু পদগুলি যেভাবে রচিত হইয়াছে তাহা পর্য্যবেক্ষণ করিলেই সহজে ধরা যায় যে বাশুলী ও চণ্ডীদাসের নাম ব্যবহার করিয়া কতকগুলি ধর্ম্মতন্ত্র ব্যাখ্যা করা হইয়াছে মাত্র। এই দেশের পুরাণাদি হইতে আরম্ভ করিয়া বাৎসরিক পঞ্জিকা পর্য্যন্ত সকলই এই প্রথায় রচিত হইয়াছে। ইহাতে নৃতনত্ব কিছুই নাই। প্রথমেই আছে---

চণ্ডীদাস কহে শুনহ মাতা। কহিলে আমারে সাধন কথা॥

এখন প্রশ্ন হইতেছে যে কখন বাশুলী চণ্ডীদাসকে সাধনার কথা বলিয়াছেন ? রাগাত্মিকা পদের প্রথম পদটীতে আছে—"নিত্যের আদেশে বাশুলী চলিল, ইত্যাদি," ইহার পরেই আমাদের আলোচ্য এই পদটী সন্নিবিষ্ট হইয়াছে। উক্ত প্রথম পদে বাশুলী আসিয়া চাপড় মারিয়া চণ্ডীদাসকে সহজ্ব ভজন যাজ্ঞন করিতে বলিয়াছেন, তাহারই প্রত্যুত্তরে চণ্ডীদাস এই সকল প্রশ্ন করিয়া সহজ্বভজনের গৃঢ়তত্বগুলি অবগত হইতে চাহিতেছেন। কাজেই প্রথম পদটীর জের যে এই পদেও চলিতেছে, ইহা বুঝাইবার জন্মই লেখক উদ্ধৃত পঙ্ক্তিদ্বয় প্রথমেই সন্নিবিষ্ট করিয়াছেন।

এখন চণ্ডীদাসের প্রশ্নগুলি বুঝিবার চেফা করা যাউক। প্রথমেই তিনি জিজ্ঞাসা করিতেছেন—

> সাতাশি উপরে তিনের স্থিতি। সে তিন রহয়ে কাহার গতি॥

এই "সাতাশি" ও "তিন" দারা কি বুঝাইতেছে ? তৃতীয় পদটাতে বাশুলী উত্তর করিতেছেন—

> সাতাশি আখরে সাধিবে তিনে। একত্র করিয়া আরপ মনে॥

অতএব দেখা যাইতেছে যে এখানে সাতাশি আখর দ্বারা সাধনা করিবার কথা বলা হইয়াছে। আর ঐ তিনের সম্বন্ধে চণ্ডীদাস স্পর্ফই জিজ্ঞাসা করিয়াছেন—

> তিনটী তুয়ারে থাকয়ে যে। সেই তিন জন নিত্যের কে ?

ইহাতেও এই আভাস পাওয়া যাইতেছে যে ঐ তিন চুয়ারে যাঁহারা থাকেন তাঁহারা নিত্যের সহিত কোন প্রকার সম্বন্ধে আবদ্ধ আছেন। প্রথমতঃ আমরা এই তিনের খোঁজ করিতেই যত্নবান্ হইব, তৎপরে সাতাশি আখর সম্বন্ধে আলোচনা করা যাইবে। দ্বিতীয় পদটীতে বাশুলী উত্তর করিয়াছেন—

প্রথম ভুয়ারে মদের গতি। দিতীয় ভুয়ারে আসক স্থিতি॥ তৃতীয় ভুয়ারে কন্দর্প রয়।

অতএব সন্ধান পাওয়া গেল যে এই তিনের প্রথমটা "মদ" দিতীয়টা "আসক" এবং তৃতীয়টা "কন্দর্প"। সহজধর্ম্ম-ব্যাখ্যায় এই শব্দত্রয় বিশেষার্থে প্রযুক্ত হইয়াছে। তৃতীয় পদটাতে বাশুলীর উক্তিতেই আছে—

কন্দর্পরপেতে শ্রীকৃষ্ণ কয়।
আসকরূপেতে শ্রীরাধা কই।
মদরূপ ধরি আমি যে হই।

অতএব এই তিন দারে কৃষ্ণ, রাধা ও বাশুলীর অবস্থিতি অবগত হওয়া গেল। কন্দর্প, আসক ও মদ এই তিনটী শব্দ এই তিন জনের বিশেষত্ব জ্ঞাপনার্থে ব্যবহৃত হইয়াছে। সেই বিশেষত্ব কি ? এখানে প্রথমেই মনে রাখিতে হইবে যে আমরা মাধুর্য্য ভাবের উপাসনার গৃঢ়তত্বে প্রবেশ করিতে যাইতেছি। ইহার তিনটী প্রধান অক্ষের নাম রূপ, প্রেম ও আনন্দ। লোকে রূপ দেখিয়া প্রেমে পতিত হয় এবং তাহাতেই আনন্দ উপভোগ করে, অতএব এই তিনটী পরস্পরের সহিত ওতপ্রোতভাবে জড়িত আছে। কন্দর্প অর্থাৎ কামদেব পরিপূর্ণ রূপের প্রতিমূর্ত্তি, এই জন্য কন্দর্প বিশেষণে কৃষ্ণকে বিজ্ঞাপিত করা হইয়াছে। চরিতামৃতে কৃষ্ণ নিজেই বলিতেছেন—

অদ্ভূত অনন্ত পূর্ণ মোর মধুরিমা। ত্রিঙ্গণতে ইহার কেহো নাহি পায় সীমা॥ আদির চতুর্থে।

ইহা এতই অনন্ত যে—

এ মাধুর্য্যামৃত পান সদা যেই করে। তৃষ্ণা শান্তি নহে, তৃষ্ণা বাঢ়ে নিরন্তরে॥ আজ্ঞব কৃষ্ণ পূর্ণমাধুর্য্যের প্রতিমূর্ত্তি বলিয়া কাম বা কন্দর্প আখ্যায় বিভূষিত হইয়াছেন। রত্নসার নামক সহজিয়া গ্রন্থে আছে—

> যেই হেতু সর্ব্বচিত্ত আকর্ষণ করে। স্থাবর জঙ্গম আদি সর্ব্বচিত্ত হরে॥ জগতের মন যেই কামে হরি লয়। অতএব কামরূপে কৃষ্ণ নিশ্চয়॥

আর আসক ঐ শক্টী আসক্তি শব্দের অপভ্রংশ। আসক্তি অর্থে আকর্ষণ, যাহার পূর্ণ অভিব্যক্তি প্রেমে। এই জন্মই এখানে আসকরূপে শ্রীরাধাকে চিহ্নিত করা হইয়াছে, কারণ তিনি "প্রেমের পরমসার মহাভাব"-স্বরূপিণী। এই রূপ ও প্রেমের সঙ্গে আনন্দ নিত্যসম্বন্ধে আবদ্ধ আছে বলিয়া মদ বা আনন্দের প্রতিমূর্ত্তি বাশুলী দেবীকে নিত্যসংজ্ঞক ক্ষেত্রের আজ্ঞামুবর্ত্তী করিয়া চণ্ডীদাসকে মাধুর্য্য উপাসনায় প্রবর্ত্তিত করিতে পাঠান হইয়াছে, কারণ আনন্দই লোককে রূপ এবং প্রেমের উপাসনায় নিয়োজিত করে। অতএব উক্ত তিন ঘারে কৃষণ, রাধা ও বাশুলীরূপী রূপ, প্রেম ও আনন্দ বর্ত্তমান আছে; তাহারা পরস্পর নিত্যসম্বন্ধে আবদ্ধ বলিয়া একীভূত, অথবা একই বস্তর ব্রিবিধ অভিব্যক্তি। ইহাই তিনটা ঘারের কল্পনার কারণ।

এখানে বৈষ্ণবদর্শনের সঙ্গে বাহ্য দৃষ্টিতে একটু পার্থক্য পরিলক্ষিত হইবে। বৈষ্ণবগণ রাধাকে হলাদিনী শক্তির প্রতিভূ করিয়াছেন, আর সহজিয়া মতে আনন্দের প্রতিমূর্ত্তি বাশুলী দেবী। কিন্তু একটু অনুধাবন করিলেই এই বৈষম্যের স্বরূপ উপলব্ধি করা যায়। চরিতামতে আছে যে প্রেমের প্রতিমূর্ত্তি শ্রীরাধিকা কৃষ্ণকে আনন্দ আস্বাদন করান। এজন্য তিনি কৃষ্ণের হলাদিনী শক্তি বলিয়া উক্ত ইইয়াছেন—

হলাদিনী করায় কৃষ্ণে আনন্দ আস্বাদন। আদির চতুর্থে।

অর্থাৎ বৈষ্ণবগণ প্রেমের সহিত আনন্দের অভিন্নত্ব কল্পনা করিয়া রাধাকে এই উভয়েরই প্রতিভূ করিয়াছেন, আর সহজিয়ারা তাহাই পৃথক্ করিয়া বাশুলীকে করিয়াছেন আনন্দের, আর রাধাকে করিয়াছেন প্রেমের প্রতিমূর্ত্তি। মাধুর্য্যমতে বিচার করিয়া আমরা এই সিন্ধান্তে উপনীত হইলাম, কিন্তু জ্ঞানমাগীয় বিচারেও প্রায় অনুরূপ সিন্ধান্তেই উপনীত হওয়া যায়। ভগবান্ যে সচ্চিদানন্দবিগ্রহ তাহা হিন্দুশান্ত্রে প্রচারিত হইয়াছে। এখানে আমরা প্রধানতঃ বৈষ্ণবগ্রন্থাদির কথাই উল্লেখ করিব। চরিতার্তের আদির চতুর্থে (মধ্যের অফ্টমেও) লিখিত হইয়াছে—

সৎ-চিৎ-আনন্দপূর্ণ কৃষ্ণের স্বরূপ।
একই চিচ্ছক্তি তাঁর ধরে তিন রূপ॥
আনন্দাংশে ফ্লাদিনী, সদংশে সন্ধিনী।
চিদংশে সম্বিদ যারে জ্ঞান করি মানি॥

অতএব জানা গেল যে ভগবানের অস্তরঙ্গা বা স্বরূপ শক্তির তিনটা রূপ, তাহা সৎ, চিৎ ও আনন্দসংজ্ঞক। রাগাত্মিক: আর একটা পদেও অস্তরঙ্গা শক্তির এই তিনটা দ্বারের কথা পাওয়া যায়, যথা—

বাহিরে তাহার একটা হুয়ার ভিতরে তিনটা আছে। ৭৯৩নং পদ্ম

ভগবানের স্বরূপ উপলব্ধি করিবার উপায় বলিয়া এই তিনটাকৈ তিনটা দ্বার বলা হইয়াছে। এখন দেখা যাউক যে এই ত্রিবিধ শক্তির মধ্যে কে কাহার প্রতিভূ। পূর্বেবই দেখান হইয়াছে যে বাশুলী নিজেই নিজেকে মদের প্রতিমূর্ত্তি বলিয়া প্রচার করিয়াছেন। মদ্ ধাতু বেদেও আনন্দার্থে ব্যবহৃত হইয়াছে (ঋথেদের ৪০০।৫ সূত্র দ্রুইব্য), অতএব আনন্দের প্রতিমূর্ত্তি হইলেন বাশুলী দেবী। ইহাতেও প্রেমের ভাগটা হইল একা রাধার নিজ্প। প্রেমই আকর্ষণ বা আসক্তি, যাহা সংযোগ সাধন করে, অতএব "সদংশে সন্ধিনী" (অর্থাৎ সংযোজক) শক্তির প্রতিমূর্ত্তি হইলেন রাধা। রাগময়ীকণাতে বলা হইয়াছে—

#### যোগমায়া অধিকাংশে সন্ধিনী সদংশে।

অতএব সন্ধিনী মায়াজ্বড়িত। বিষ্ণুপুরাণে (১।১২।৬৯) ইহাকেই "তাপকরী" বলা হইয়াছে, কারণ মায়াই ছঃখের কারণ। ভগবান্ এক ছিলেন, বহু হইতে ইচ্ছা করিয়া নিজেকে বিভক্ত করিয়া মায়া স্থাষ্টি করিলেন, এবং তাহার সাহায্যে স্থিকার্য্য সমাধা ক্রিলেন, ইহাই দার্শনিক মত। এই মায়াই পরমেশরের প্রকৃতি—"মায়াং তু প্রকৃতিং বিভাৎ মায়িনং তু মহেশ্রম্" (শেতাশ উপঃ, ৪।১০)। চরিতায়তেও আছে—

## কৃষ্ণ নিজশক্তি রাধা ক্রীড়ার সহায়।

"তাপের" ভাবটা দার্শনিকের চক্ষে, ভক্তের চক্ষে তাহাই আনন্দপূর্ণ প্রেমলীলা। অতএব কৃষ্ণের সদংশঙ্গাত সন্ধিনী শক্তির প্রতিমূর্ত্তি হইলেন রাধা। পুনশ্চ, চরিতামৃতে আছে—

চিদংশে সন্বিৎ যারে জ্ঞান করি মানি।

আর এই সম্বিৎই শ্রীকৃষ্ণ—

## সন্বিদ্ শ্রীকৃষ্ণ চিদংশে গোলোকপতি।

ব্রহ্মসূত্রের শ্রীভাষ্যেও (পরিষদ্ সংস্করণ ৮৯ ও ৯৪ পৃঃ দ্রষ্টব্য) লিখিত হইয়াছে—"এবমাত্মা চিদ্রুপ," "নমু সংবিদে বেত্যুক্তম্"। ব্রহ্ম বিজ্ঞান ও আনন্দস্বরূপ, "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" (রহদা উপঃ এ৯।২৮), এই চিৎ (বিজ্ঞান)ও আনন্দের সংযোজক শক্তি সদাখ্য, যাহাদ্বারা এই সংযোগের নিত্য য সূচিত হয়। অতএব জ্ঞানমার্গীয় ব্যাখ্যাতেও পাওয়া যাইতেছে যে (আমরা বৈষ্ণবের ভাষায় বলিতেছি) শ্রীকৃষ্ণের অন্তরন্ধা শক্তির ত্রিবিধভাগে চিৎস্বরূপ শ্রীকৃষ্ণ স্বয়ং, সৎস্বরূপ রাধা, এবং আনন্দস্বরূপ বাশুলী দেবী। ইহারা ত্রিবিধ্বে নিত্যসংজ্ঞক কৃষ্ণের সন্ধান দিতেছেন।

অবশেষে দাঁড়াইল এই—চণ্ডীদাস প্রশ্ন করিয়াছিলেন—সাতাশী উপরে যে তিনের স্থিতি, সেই তিনের স্বরূপ কি, এবং এই তিন তুয়ারে যাঁহারা থাকেন তাঁহারা নিত্যের কে ? বাশুলী উত্তর করিলেন যে, প্রথম তুয়ার মদের বা আনন্দের, বিতীয় তুয়ার আসকের বা প্রেমের, এবং তৃতীয় তুয়ার কন্দর্পের বা রূপের। এই তিন দ্বারে থাকেন বাশুলী, রাধা ও কৃষ্ণ। কৃষ্ণের অন্তরঙ্গা সৎ, চিৎ ও

দ্রেপ্তব্য:—বাশুলী বিশালাক্ষী না বাগীখরী তাহা ভাষাতত্বজ্ঞগণ স্থির করিতেছেন। ধর্ম্মব্যাখ্যার সেই তর্কে আমাদের প্রয়োজন নাই। সহজিয়ারা বাশুলীকে আনন্দের প্রতিমূর্ত্তি করিয়াছেন, এবং তিনি থাকেন রসিক নগরে—"আমি থাকি রসিক নগরে" (৭৬৮ নং পদ)। বাশুলী সংজ্ঞা এই অর্থে প্রযুক্ত ইইয়াছে ইহাই আমাদের জ্ঞাতব্য বিষয়।


আনন্দ শক্তির ইহাই ত্রিবিধ রূপ, যাহা নিত্যসংজ্ঞক কৃষ্ণের স্বরূপের অভিব্যক্তি মাত্র। তৎপরে তিনি বলিতেছেন যে সাতাশী আখরে এই তিনের সাধনা করিতে হইবে। এখন আমরা দেখিতে চেস্টা করিব যে এই সাতাশী আখরের দ্বারা কি বুঝাইতেছে।

্রত পদগুলিতে "বীজ" শব্দের পুনঃ পুনঃ ব্যবহার দেখিতে পাওয়া যায়, যেমন—

এ তিন ছয়ারে কি বীজ হয়।
কি বীজ সাধিয়া সাধক কয়॥
কি বীজ সাধিয়া সাধিব রতি।
কি বীজে ভজয়ে রসের গতি।
ইত্যাদি।

এই "বীজ" শব্দটীর পুনঃ পুনঃ উল্লেখে আমাদের গন্তব্য পথে চলিবার নিশানা পাওয়া যাইবে। গোপালতাপনী নামে একখানা সংস্কৃতগ্রন্থ আছে, ইহা উপনিষদ, এবং বৈষ্ণব সমাজে বিশেষ প্রচলিত। প্রবাদ এই যে, গোপালতাপনী ও ব্রহ্মসংহিতা চৈত্রদেব দাক্ষিণাতা হইতে সংগ্রহ করিয়া লইয়া আসেন। ইহাতে শ্রীকৃষ্ণ-ভজনা করিবার যে চক্রের উল্লেখ আছে তাহা এই—প্রথমতঃ অফপত্র-সমন্বিত একটা পদ্ম আঁকিতে হইবে. তাহার কেন্দ্র স্থানে কামবীজ ক্লীং শব্দটী লিখিতে হইবে। তৎপরে পদ্মধ্যে পরস্পর বিপরীত দিকে অবস্থিত তুইটা ত্রিভুজ আঁকিতে হইবে। ক্লীং এর চতুর্দ্ধিকে ১৮ অক্ষরের গোপাল মন্ত্র ক্লী কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা—লিখিতে হইবে। ত্রিভুজদ্বয়ের ৬টী অবচ্ছেদে ক্লীং কৃষ্ণায় নমঃ লিখিতে হইবে। ত্রিভুজদ্বয়ের ছয়টী শীর্ষের মধ্যে তিনটীতে শ্রীঁ এবং তিনটীতে হ্রীঁ লিখিতে হইবে। তৎপরে ৪৮ অক্ষরের কামগায়ত্রী—নমঃ কামদেবায় সর্ববজনপ্রিয়ায় সর্ববজনসম্মোহনায় জল জল প্রজল প্রজল সর্বজনস্থ হৃদয়ং মে বশং কুরু কুরু স্বাহা-পল্লের ৮টী পাপড়ীতে প্রত্যেক পাপড়ীতে ৬টা করিয়া লিখিতে হইবে। অবশেষে অফ্টপত্রের শীর্ষদেশে আটটা প্রণব লিখিয়া বলয়াকার অনস্ত-রুত্তের দ্বারা পদ্মটী বেষ্টন করিয়া তন্মধ্যে মাতৃকাবর্ণ বিস্থাস করিতে হইবে। তৎপরে ইহাকে চতুরত্র করিয়া অফ্টবজ্র-যুক্ত করিতে হইবে। ইহাই গোপালতাপনীর মতে কৃষ্ণ উপাসনার প্রকৃষ্ট যন্ত্র। উক্ত গ্রন্থের (বহরমপুর সং) ২৬-২৯ পৃষ্ঠায় এই বিবরণ লিখিত আছে। ২৯

পৃষ্ঠার শেষ ছই পঙ্ক্তিতে পলের অন্তে প্রণবসহ বর্ণসমূহকে যথাক্রমে পৃষ্ঠা করিবার বিধি প্রদত্ত হইয়াছে।



এই পদ্মধ্যে যে সকল বর্ণ আছে তাহার সমষ্টি এই—কামবীজ= >; ক্লীং কৃষ্ণায় নমঃ = ৬; গোপাল মন্ত্র = ১৮; শ্রীঁ = ৩; ক্লী হাঁ = ৩; কামগায়ত্রী = ৪৮; প্রণব = ৮, একুনে ৮৭টা অক্ষর। আলোচ্য পদমধ্যেও যখন "সাতাশী আখরে" পূজা করিবার ব্যবস্থা আছে, এবং "বীজ" শব্দের পুনঃ পুনঃ উল্লেখ আছে তখন এই গোপালতাপনীর পূজা প্রথাই যে উল্লেখ করা হইয়াছে তাহাই ব্ঝা যায়। এই পূজার ফল কি ? উক্ত গ্রন্থের দশম গ্লোকে লিখিত আছে— যোধ্যায়তি রসয়তি ভজতি সোহমূতো ভবতীতি, অর্থাৎ এইরূপ ধ্যান পূজাদি করিলে লোক অমর হয়। এবং "শাশ্বত স্থাথর" (২১ গ্লোক ক্রেইব্য) অধিকারী হয়। ভজনসম্বন্ধে উক্তগ্রন্থের পঞ্চদশ গ্লোকে লিখিত হইয়াছে—

ইহার ভক্তিই ভজন; তাহা কিরূপ ? ইহলোক ও পরলোক-সম্বন্ধীয় কামনানিরাসপূর্বক এই কৃষ্ণাখ্য পরবেশতে (সহজমতে নিত্যেতে) মনের যে অর্পণ অর্থাৎ প্রেম, তদ্বারা তন্ময়ত্ব হওয়াই ইহার ভজন। তান্ত্রিক মতের সাধনার অনুকরণে ইহার স্থি হইয়াছে। তথাপি বৈশ্ববগণ তাঁহাদের নিজধর্মের বিশিষ্টতা বজায় রাখিয়া ইহা গ্রহণ করিয়াছেন। কামগায়ত্রী এবং গোপালমন্ত্র কৃষ্ণকেই কেন্দ্র করিয়া গঠিত হইয়াছে। আর এইরূপ যন্ত্রসাহায্যে ভজনের মধ্যে প্রেমের উপকরণ সম্পূর্ণ ই বৈষ্ণবীয়। তান্ত্রিক পূজায় প্রেমের তত প্রাধান্ত নাই, শক্তিসাধকগণ শক্তিলাভের জন্মই সচেন্ট হন, কিন্তু বৈষ্ণবের প্রধান অবলম্ব্য প্রেম, এবং তাঁহারা অন্তুত শক্তি লাভের কামনা না করিয়া আনন্দ ও অমরত্বের প্রয়াসী। বৈষ্ণব-মতের বিশিষ্টতা এইরূপে সংরক্ষিত হইয়াছে।

কামবীজ ও কামগায়ত্রীর পূজা বৈঞ্চব সমাজে প্রচলিত ছিল। চরিতামৃতে আছে—

> বৃন্দাবনে অপ্রাকৃত নবীন মদন। কামগায়ত্রী কামবীজে যাঁর উপাসন॥

> > মধ্যের অষ্ট্রমে।

অগ্যত্র---

নবীন মদন

আছে একজন

গোকুলে ভাঁহার থানা।

কামবীজসহ

ব্রজবধূগণ

করে তাঁর উপাসনা॥

রাগাত্মিকা পদ নং ৭৯৩।

সিদ্ধের যে উপাসনা কামবীজ হয়। রাগময়ীকণা।

কামগায়ত্রী কামবীজে উপাসনা যার। কন্দর্পে আকর্ষিয়া কি করিবে তার॥ আনন্দভৈরব।

অতএব নিঃসন্দেহে বলা যাইতে পারে যে এই জাতীয় উপাসনার কথাই এই পদমধ্যে বলা হইয়াছে। চণ্ডীদাস জিজ্ঞাসা করিয়াছিলেন—" কি বীক্ষ সাধিয়া সাধক হয় ?" তাহারই উত্তরে বাশুলী বলিতেছেন যে কামবীজাদি-সমন্বিত ৮৭ অক্ষরসমন্বিত যন্ত্রসাহায্যে নিত্যের ত্রিদারাখ্য ত্রিবিধ শক্তিকে একীভূত করিয়া আরোপ সাধনা করিতে হইবে।

প্রথানে আরোপ আর্থে দেবমূর্ত্তির প্রাণপ্রতিষ্ঠার স্থায় যন্ত্রমধ্যে উক্ত ত্রিবিধ শক্তির অবস্থান কল্পনা করিয়া সাধন'।

এইরূপ আরোপ না করিলে যন্ত্রের উপাসনা হয়, নিত্যের উপাসনা হয় না।

তৎপরে চণ্ডীদাস প্রশ্ন করিয়াচেন—

রতির আকৃতি বলয়ে কারে। রসের প্রকার কহিবে মোরে॥

তাহারই উত্তরে বাশুলী বলিতেছেন—

রতির আকৃতি আসকে রয়। রসের আকৃতি কন্দর্প হয়॥

অর্থাৎ আসক বা আসক্তির উপর রতির গঠন নির্ভর করে, আর কন্দর্প ই রস। এখানে রতি ও রস এই চুইটা শব্দই বিশেষার্থব্যঞ্জক। প্রথমেই আমরা দেখিতে পাই যে আসক্তির সঙ্গে রতিকে জড়ান হইয়াছে। রসসার গ্রন্থে আছে—

রূপলাবণ্য যার দেখি জন্মে ক্ষোভ। প্রাপ্তি কারণে সদা চিত্তে হয় লোভ। পূর্ববরাগের ঘর এই সদা চিন্ত মনে।

\* দেষ্ঠিব্য ৪—৮৭ অক্ষর গণনায় অনস্তবলয়ের ৫০টা মাতৃকাবর্ণ গ্রহণ করা হয় নাই।
পদ্মের বহির্দেশস্থ বলয়ের অন্তর্গত বলিয়া বোধ হয় ইহারা পরিত্যক্ত হইয়াছে। পদান্তর্গত
বর্ণগুলিই রুষ্ণপূজার বিশিষ্টতাজ্ঞাপক, মাতৃকাবর্ণ সাধারণভাবে অনেক যয়েই ব্যবহৃত হয়।
গ্রন্থমধ্যে "অষ্টচন্থারিংশদক্ষরী কামগায়ত্রী" লিথিত আছে, অথচ অক্ষরগুলি গণনা করিলে
৫০টা হয়। অন্তসন্ধানে জানিলাম য়ে, "নমং" ও "বাহা" ইহার প্রত্যেকেই তান্ত্রিক মতে
একাক্ষর বলিয়া গণনীয়। অথচ গোপাল-ময়ের "বাহা"কে ত্ই অক্ষর ধরিয়া "অষ্টাদশাক্ষরী
গোপাল-বিত্যা" বলা ইইয়াছে। যখন গ্রন্থমধ্যে এইরপভাবে গণনার রীতির উল্লেখ আছে,
তখন আমাদের আর কিছু বলিবার নাই। এখানে য়ে কামগায়ত্রী দেওয়া ইইয়াছে তাহা
অষ্টচন্থারিংশদক্ষরী, কিন্তু চরিতামৃতে (মধ্যের একবিংশে) আছে—"কামগায়ত্রীমন্তরূরপ, হয়
রুষ্ণস্বরূপ, সার্দ্ধচিবিশ অক্ষর তার হয়।" এখানে অন্তপ্রকার কামগায়ত্রী ধরা হইয়াছে।
তাহার ব্যরপ এই—"ক্লীং কামদেবায় বিষক্ষ পূল্পবাণায় ধীমহি তন্মে রুষ্ণ (?) প্রচোদয়াৎ,"
এই মদ্রে ২৪২ অক্ষর। কৃষ্ণদাসের রাগময়ীকণা হইতে ইহা সংগৃহীত হইল। এই গায়ত্রীর
অন্ত রূপও অন্তর্গ পাওয়া যায়।

অর্থাৎ রূপলাবণ্য দেখিয়া তাহা প্রাপ্তির জ্বন্য যে লোভ তাহাই পূর্ব্বরাগ। এই পূর্ব্বরাগ হইতেই রতি এবং তৎপরবর্ত্তী অন্যান্য ভাবের উদয় হয়; যথা—

সম্ভোগের সমরস পূর্ব্বরাগে রতি। রতিপূর্ব্ব যত দেখ পূর্ব্বরাগে স্থিতি॥ ं ঐ ।

এই যে "রতিপূর্বব" কথাটী ব্যবহৃত হইয়াছে তাহার অর্থ এই যে রতির ক্রমিক অভিব্যক্তিতে স্নেহ, প্রেম, মান, প্রণয়, রাগ, অমুরাগ ও মহাভাবের উদয় হয়। চরিতায়তে আছে—

> প্রীত্যক্করে "রতি" "ভাব" হয় ছুই নাম ! যাহা হইতে বশ হয় শ্রীভগবান্॥ মধ্যের ত্রয়োবিংশে।

তাহা কিরূপ ? যথা—

রতি ক্লেহ প্রেম এই তিনটী প্রকার।
মান প্রণয় রাগ অমুরাগ আর ॥
তত্নপরি ভাব দিয়া অফমত হয় ।
প্রথমতঃ রতিভাব বীজবৎ কয় ॥
রসসার গ্রন্থ (চরিতামতের উক্ত পরিচ্ছেদও দ্রফ্টব্য )।

অতএব আসক্তি হইতে পূর্ববরাগ, পূর্ববরাগ হইতে রতি, ভাব ইত্যাদির উদ্ভব হয়। কাব্যপ্রদীপ, কাব্যপ্রকাশ প্রভৃতি প্রাচীন অলঙ্কার-শান্ত্রে পূর্ববরাগের পরিবর্ত্তে অভিলাষ (আসক্তির সমনাম) শব্দ ব্যবহৃত হইয়াছে। অতএব দেখা গেল যে আসক্তি হইতেই রতির জন্ম। ইতিপূর্ব্বেও বলা হইয়াছে যে আসকরূপেতে শ্রীরাধাকে বুঝাইয়া থাকে, কাজেই রাধাই রতির স্বরূপা, এই জন্মই তাঁহাকে "কৃষ্ণস্থাহলাদিনী শক্তিঃ শৃঙ্গাররসরূপিণী" বলা হয়। রাগময়ীকণাতে আছে—

্রীমতী রাধিকা হন রসরূপ রতি। প্রেমের লহরী সবার চিত্ত আকর্ষতি॥

এখন রাধার কথা বাদ দিয়া কেবল রতি লইয়াই আলোচনা করা যাউক। বাশুলীর উত্তরে আছে—রতির আকৃতি আসকে রয়—অর্থাৎ আসক্তির তারতম্য অনুসারে রতির স্বরূপ নির্ভর করে। রতি হইতে যে প্রেম, ভাব ইত্যাদির উদ্ভব হয় তাহা পূর্বের বলা হইয়াছে। ইহা ব্যতীত রতির প্রকারভেদ আরও আছে, যথা—

পঞ্চবিধ রস-—শান্ত, দাস্থা, সখ্যা, বাৎসল্য।
মধুর নাম শৃন্ধার রস সভাতে প্রাবল্য॥
শান্তরসে শান্তি রতি প্রেম পর্য্যন্ত হয়।
দাস্থা রতি রাগ পর্য্যন্ত ক্রমেত বাঢ়য়॥
সখ্য বাৎসল্য রতি পায় অনুরাগ সীমা। ইত্যাদি

চরিতামতে মধ্যের ত্রয়োবিংশে।

অতএব শান্ত রতি, দাস্থ রতি, সখ্য রতি, বাৎসল্য রতি ও মধুর রতি প্রভৃতি বিভিন্ন প্রকার রতির সন্ধানও পাওয়া যাইতেছে। আসক্তির নমুনার উপর ইহাদের বিভিন্নতা নির্ভর করে। ইহা ব্যতীত সামান্ত রতি, বিশেষ রতিও আছে, তাহা পরে আলোচনা করা যাইবে।

বাশুলীর উত্তরের দ্বিতীয় অংশ—রসের আকৃতি কন্দর্প হয়—ইহার অর্থ কন্দর্প বা কামদেব রসের স্বরূপ। ইতিপূর্বেব বলা হইয়াছে—কন্দর্পরূপেতে শ্রীকৃষ্ণ কয়। অতএব শ্রীকৃষ্ণ হইতেছেন রসের স্বরূপ। অয়তরত্বাবলীতেও আছে—

> রতি শব্দে রাধাগুণ প্রেম। আর কাম ? কাম শব্দে কান্ত, রাধারমণ নাম॥

চরিতামৃতের আদির চতুর্থে বলা হইয়াছে—

রসময় মূর্ত্তি কৃষ্ণ সাক্ষাৎ শৃঙ্গার।

অতএব রতি ও রস শব্দে রাধা ও কৃষ্ণকে বুঝাইতেছে তাহা জানা গেল। বাশুলীর উত্তরের ইহাই অর্থ।

ইহার পরে চণ্ডীদাস জিজ্ঞাসা করিয়াছেন—

কি বীজ সাধিয়া সাধিব রতি। কি বীজে ভজয়ে রসের গতি॥

বাশুলী উত্তর দিয়াছেন—

তিনটী আখরে রতিকে যজি। পঞ্চম আখরে রসকে ভজি॥ অর্থাৎ তিনটা অক্ষরদারা রতি বা রাধাকে, আর পাঁচটা (এখানে পঞ্চম শব্দে তাহাই বুঝাইতেছে) অক্ষরদারা রস বা কৃষ্ণকে উপাসনা করিতে হইবে। এই আখরগুলি কি ? তিনটা আখরে কামবীজ, আর পাঁচটা আখরে গোপালন্মন্ত্র বা কৃষ্ণ-মন্ত্র বুঝাইতেছে। গোপালতাপনী গ্রন্থে (১৯-২০ পৃঃ দ্রুষ্টব্য) কামবীজ ক্লীং শব্দের ব্যাখ্যায় লিখিত হইয়াছে যে ইহা "জলভূমীল্মুসম্পাতে" গঠিত অর্থাৎ—জলং ককারঃ ত্বাচিয়াৎ। ভূমিল কারঃ লকারবীজ্বর্যাৎ। তথা দীর্ঘ-ঈকারঃ অগ্নিকৃতসন্ধিয়াৎ ইন্দুরমুস্বারঃ তদাকারজাৎ। তেবাং সম্পাতো মিলনং তেন জাতং যৎ কামবীজম্ ইত্যাদি।" অতএব এই কামবীজে তিনটা অক্ষর আছে—একটা ক্, দ্বিতীয়টা লা এবং তৃতীয়টা অনুস্বার। এই তিন অক্ষরসমন্বয়ে ক্লীং গঠিত হয়। এই কামবীজ-দারা রাতর উপাসনা বিহিত হইয়াছে।

উক্ত গোপালতাপনী গ্রন্থে গোপালমন্ত্র সম্বন্ধে লিখিত হইয়াছে— "কৃষ্ণায়েত্যেকং পদং গোবিন্দায়েতি দিতীয়ং গোপীজনেতি তৃতীয়ং বল্লভায়েতি তৃরীয়ং স্বাহেতি গঞ্চমমিতি পঞ্চপদী জপন্ ইত্যাদি।" অতএব পঞ্চপদী গোপাল-মন্ত্র হইল—"কৃষ্ণায় গোবিন্দায় গোপীজন-বল্লভায় স্বাহা।" ইহাদারা রস বা কৃষ্ণকে উপাসনা করিবার বিধি দেওয়া হইল।

এই উপাসনার একটু প্রকারভেদ আছে। যে দেবতার যাহা প্রিয়, ভক্ত তাহা দিয়াই তাঁহার উপাসনা করে। কৃষ্ণ রাধার প্রিয় বলিয়া ভক্ত কৃষ্ণের স্বরূপভূত কামবীজ্ব-দারা রাধার প্রীতি সম্পাদন করিবে। কিন্তু গোপীজনেরা কৃষ্ণ-উপাসনায় তাঁহার স্বরূপ যে কামবীজ্ব তাহারই উপাসনা করিবে, এজ্বন্থ বলা হইয়াছে—

## কামবীজ সহ ব্রজ্জবধূগণ করে তাঁর উপাসনা॥

রাগাত্মিকা পদ নং ৭৯৩।

ইহার পরে চণ্ডীদাসের মনে এক সন্দেহ উপস্থিত হইয়াছে, তিনি তাহাই বলিতেছেন---

> সামান্য রতিতে বিশেষ সাধে। সামান্য সাধিতে বিশেষ বাধে॥ সামান্য বিশেষে একতা রতি। একথা শুনিয়া সন্দেহ মতি॥

সহজ্ব-সাধনার রীতি এই যে সামান্য রতিতে বিশেষ রতি সাধিতে হয়। কিন্তু কেবলমাত্র সামান্য রতি সাধনার দিকেই দৃষ্টি করিলে বিশেষ রতি সাধনা হয় না, এই জন্ম সামান্য ও বিশেষ একত্র করিয়া সাধিতে হয়। চণ্ডীদাস একথা জানেন, কিন্তু সামান্যের সহিত বিশেষ একত্র করিয়া সাধনা করা যায় কিনা সে সম্বন্ধে তাঁহার সন্দেহ উপস্থিত হইয়াছে। তিনি এখানে সেই সন্দেহের কথাই বলিয়াছেন।

এখানে সামান্য ও বিশেষ এই তুইটা শব্দই বিশেষার্থজ্ঞাপক। ব্রহ্মসূত্রের ১৷২৷৫ সূত্রে আছে—"বৈশানরঃ সাধারণশব্দবিশেষাৎ"—অর্থাৎ বৈশানর শব্দের সাধারণ অর্থ অগ্নি, কিন্তু এখানে বিশেষার্থে প্রযুক্ত হইয়া প্রমাত্মাকে বুঝাইতেছে। সাধারণ এইরূপে বিশেষে পরিণত হয়। বৈশ্বব শাস্ত্রে রিভ প্রধানতঃ তিন প্রকার—সামান্তা, সমঞ্জসা ও সামর্থ্যা। রসসার গ্রন্থে বলা হইয়াছে—

# অনায়াসে যেমতি মিলে বহু চেফী বিনে। সাধারণী রতি এই শুনহ যতনে॥

ইহার দৃষ্টান্ত কুজার প্রেম। সংস্কারাদিদারা একটু বিশেষত্ব প্রাপ্ত হইলেই ইহা সমঞ্জসা রতি হয়, যেমন শ্রীকৃষ্ণের মহিনীগণের রতি। আর পূর্ণ বিশেষত্ব প্রাপ্ত হইলে তাহা সামর্থ্যা রতিতে পরিণত হয়, যেমন গোপীগণের কৃষ্ণবিষয়ক, প্রেম (ভক্তিরসামৃতসিন্ধুর ৫1৪,৬ দ্রফব্য)। সাধারণভাবে বলিতে গেলে অনায়াসলভ্য রতি সামান্তা, পত্নীপ্রেম সমঞ্জসা, এবং ভগবৎ-প্রেম সামর্থ্যা। এই সামান্তা প্রেমকে ভগবৎ-প্রেমে পরিণত করিতে হইবে। পূর্বেই বলা হইয়াছে যে রূপলাবণ্যজাত সাধারণ আসক্তির ক্রমিক অভিব্যক্তিতেই মহাভাব জন্মিয়া থাকে। কিরূপে যে তাহা সম্ভব হয়, চণ্ডীদাস সে সম্বন্ধেই প্রশ্ন উত্থাপন করিয়াছেন, কাজ্বেই আলোচ্য চারি পঙ্ক্তির বিষয় পূর্ববর্ত্তী পঙ্ক্তি-নিচয়ের উপসংহারস্বরূপ।

সহজিয়া তন্ত্রে পরকীয়া রমণী লইয়া সাধনার ব্যবস্থা আছে। সাধারণ লোকে এই প্রথা হুণার চক্ষে দেখিয়া থাকেন। কিন্তু লোকে কি বলে না-বলে সে কথা বাদ দিয়া সহজিয়ারা এইরূপ সাধনার যে কারণ নির্দ্দেশ করিয়াছেন ভাছাই আলোচনার বিষয়। বিবর্তবিলাসকার বলেন যে এইরূপ সাধনার দ্বারা রতি নির্ম্মল হয়, যথা—

রতিরূপ আত্মা তারে করহ শোধন। বাণরূপ অগ্নি দিয়া করহ যাজন। তবে সংস্কার হইয়া হইবে নির্ম্মল।

রতিকে এইরূপ নির্মাল করিবার জন্ম স্ত্রীলোকের সহবাসে সাধনা করিতে হয়। ইহাতে স্ত্রীলোক নিমিত্তমাত্র, উদ্দেশ্যসাধনের অবলম্ব্য, গন্তব্যস্থানে পৌছিবার জন্য পথিকের পথ চলার ন্যায়, যথা-

> রাগ সাধনের এমনি রীত। সে পথিজনার যেমতি চিত ॥

উদ্দেশ্যসিদ্ধি হইলে রমণীর আর কোন প্রয়োজন নাই---

মধু আনি মধুমাছি চাক করে যবে। নানান পুষ্পের মধু যোগ করি তবে॥ বহু পুষ্প হৈতে মধু করে আয়োজন। সেই পুষ্পে পুনঃ তার কোন্ প্রয়োজন ॥

অতএব স্পায়ট দেখা যাইতেছে যে সামান্তা রতি অবলম্বন করিয়া সাধনার ঘারা তাহাকে বিশেষ রতিতে পরিণত করা যায়, ইহাই সাধনার উদ্দেশ্য। চণ্ডীদাস তাই প্রথম পঙক্তিতে বলিয়াছেন যে সামান্তা রতিতে বিশেষ সাধিতে হয়। দ্বিতীয় পঙক্তিতে তিনি বলিয়াছেন যে সামান্য সাধিতে বিশেষ বাধে অর্থাৎ এইরূপ সাধনায় যদি সাধক কেবল বাহ্য রতি উপভোগেই মন দেয়, তাহা হইলে তাহার বিশেষ রতি সাধিবার পক্ষে বিদ্ন উপস্থিত হইবে, যথা—

> যদি বাহ্য স্থাথে সদা মজ মোর মন। তবে ত না পাবে ভাই. সে আনন্দ ধন॥

> > প্রেমানন্দলহরী।

অথবা---

দেহ রতি **সম্বন্ধি**য়ে পরশে প্রকৃতি ॥ কোন জন্মে জন্মে তার নিস্তার না হয়।

আনন্দভৈরব।

এই কণাই চণ্ডীদাস দিতীয় পঙ্ক্তিতে বলিয়াছেন। তৎপরে তৃতীয় ও চতুর্থ

পঙ্ক্তিতে তিনি নিজেই বলিয়াছেন যে সামান্তা রতি অবলম্বন করিয়াই বিশেষ রতি সাধিতে হইবে, পৃথক্ করিয়া নহে। ইহা যে কিরূপ তাহাই ব্যাখ্যার ছলে তিনি জিজ্ঞাসা করিয়াছেন। কিন্তু এইরূপ সন্দেহের কোনই কারণ নাই, কারণ কবি, দার্শনিক, বৈজ্ঞানিক সকলেই এই সামান্তা হইতেই বিশেষের সাধনা করেন। রবিবাবু বলিয়াছেন—

রূপ সাগরে ডুব দিয়াছি অরূপ রতন আশা করি।

সামান্ত রূপ এই ভাবে বিশেষ রূপের স্ন্ধান বলিয়া দেয়। একটা সামান্ত আতার পতন দৃষ্টে মাধ্যাকর্ষণ আবিষ্কৃত হইয়াছিল। মানবের জ্ঞান, ভক্তি, প্রেম এইরূপ সামান্তা হইতেই বিশেষত্ব লাভ করে। ইহার দার্শনিক ব্যাখ্যা প্লেটোর বেক্কোয়েট নামক গ্রন্থে দ্রুষ্টব্য।

তৎপরে চণ্ডীদাস প্রশ্ন করিয়াছেন—

সামান্য রতিতে কি বীজ হয় ? বিশেষ রতিতে কি বীজ কয় ? সামান্য রসকে কি বীজে যজে ? কি বীজ প্রকারে বিশেষে মজে ?

ইহার উত্তরে বাশুলী দেবী বলিয়াছেন—

বিতীয় আখরে সামান্ত রতি।
তবে সে পাইবে বিশেষ স্থিতি॥
চতুর্থ আখরে সামান্ত রস।
তাহাতে কিশোরা কিশোরী বশ॥

এখানে দিতীয় ও চতুর্থ শব্দে ছুই ও চারকে বুঝাইতেছে। সামান্য রতির বীজ ছুইটা আখরে ব্যক্ত করা যায়, ইহা বৈধী। বৈধী রতি বা ভক্তির স্বরূপ এই—"মনে রাগ জন্মে নাই, অথচ শাস্ত্রশাসন মানিয়া ধর্ম্মকার্য্য করিতে প্রবৃত্তি হয়, ইহাই বৈধী সাধনা" (ভক্তিরসামৃতসিন্ধু, ১)২।৫)। "প্রেম না

জন্মা পর্য্যন্ত সাধক বৈধী ভক্তির অধিকারী, তখন শাস্ত্রশাসনই প্রেমোৎপত্তির অনুকলে কার্য্য করে" (ভক্তিরসায়ত সিন্ধু, ১৷২৷১৪৯)। চরিতায়তে আছে—

> রাগহীন জন ভজে শাস্ত্রের আজ্ঞায়। বৈধী ভক্তি বলি তারে সর্ববশাস্ত্রে গায়॥

> > মধ্যের দ্বাবিংশে।

কিন্তু এই বৈধী হইতেই ক্রমে ক্রমে প্রেম ভক্তির উদয় হইয়া থাকে, যথা—

সাধন প্রবর্ত্ত দেহে বৈধী অঙ্গ হয়। কর্ম্মাদি থাকিতে ভক্তি অধিকারী নয়॥

অমৃতরত্বাবলী।

এবং

নবধা সাধন ভক্তি এইরূপ হয়। করিতে করিতে হয় প্রেমের উদয়॥

প্রেমানন্দলহরী।

বাশুলীর উত্তরে ইহাই ব্যক্ত হইয়াছে। চণ্ডীদাস সামান্য ও বিশেষ রতির বীজ বা মূল জানিতে চাহিয়াছিলেন। বাশুলী উত্তর করিলেন যে সামান্য বা প্রাথমিক (সাধারণ) রতিতে বৈধী সাধনাকেই মূল বলিয়া গ্রহণ করিতে হইবে, ইহা হইতেই বিশেষ রতি বা প্রেম জন্মিবে। সহজিয়া তল্লের মতে রমণী লইয়া সাধনারও নির্দ্দিষ্ট প্রণালী আছে, তাহা মৎপ্রণীত "চৈতন্যপরবর্ত্তী সহজিয়া ধর্ম্ম" গ্রন্থের ৬৬–৭৫ পৃষ্ঠায় বির্ত হইয়াছে। এখানেও দেখা যায় যে বৈধী বা নির্দিষ্ট প্রণালী মত সামান্যা রতির সাধনা করিয়া বিশুদ্ধ বা বিশেষ রতির সন্ধান পাওয়া যায়। অতএব বাশুলী প্রথমতঃ বৈধী সাধনা করিতে বলিয়াছেন, তাহা হইতেই বিশেষ রতি জন্মিতে পারে।

তৎপরে বাশুলী বলিয়াছেন যে চার অক্ষরে সামান্ত রস। রত্নসারে আছে—
চারি অক্ষরে পরকীয়া জানিহ নিশ্চয়।

ষ্মতএব এই চারি অক্ষর হইল "পরকীয়া"। ইহাতে যে 'কিশোরা-কিশোরী' বশ হয়, তাহার কারণ—

ব্রজের মাধুর্য্য রস পরকীয়া হয়।

সহজিয়া তন্ত্রের মতে পরকীয়া রমণী ভিন্ন সাধনা হয় না। গোপীগণও পরকীয়া প্রেমে আত্মসমর্পণ করিয়াছিলেন, তাহাই ভিত্তিস্বরূপ গ্রহণ করিয়া চৈতন্ত্য-পরবর্তী বৈশ্বব ধর্মা গড়িয়া উঠিয়াছে। নিত্যবৃন্দাবনের কৃষ্ণ ও রাধা কিশোরা-কিশোরী, তাঁহারা পরকীয়া রসে ভরপূর। প্রাকৃত রতিজ্ঞ যে পরকীয়া রস তাহাই সামান্ত বলিয়া কথিত হয়—

## প্রাকৃত রতি পরকীয়া:সামান্তা কহি যারে। রত্নসার।

অর্থাৎ সাধারণ মানবীয় পরকীয়া প্রেমরস অবলম্বন করিয়া কিশোরা-কিশোরীর বিশুদ্ধ পরকীয়া আস্বাদন করিতে হইবে, ইহাই বাশুলীর উক্তি। চৈতক্সদেব প্রলাপ অবস্থায় এই ভাবেই তন্ময় হইয়া থাকিতেন। চরিতামূতের অন্তঃখণ্ডে ইহার বিস্তৃত বিবরণ আছে। গোস্বামিগণের রচিত বিদগ্ধমাধব, ললিতমাধব, দানকেলী-কৌমুদী, গোবিন্দ-লীলামূত প্রভৃতি গ্রন্থেও মানবীয় প্রেমলীলার ছাঁচে ঢালিয়া রাধাকৃষ্ণের প্রেমলীলা বর্ণনা করা হইয়াছে। তাহার একমাত্র উদ্দেশ্য এই যে সামান্য পরকীয়া রসের আস্বাদন হইতে বিশেষ রসের আস্বাদন ভক্তগণ করিতে পারিবেন। সহজিয়া তাত্রিক সাধনার উদ্দেশ্যও ইহা ভিন্ন আর কিছুই নহে। প্রথমতঃ সীমাবদ্ধরূপে মন নিবন্ধ করিয়া প্রেমের অক্কর জন্মাইতে হইবে। তৎপরে সেই প্রেমকে বিশ্বপ্রেমে পরিণত করিতে হইবে। বিশ্বমন্ধল ঠাকুরের যে উপাখ্যান জনসাধারণ-মধ্যে প্রচলিত আছে, তাহার মূলেও এই তত্ত্বই নিহিত আছে। বাশুলী দেবীর উত্তরেও ঠিক এই কথাই আমরা পাইতেছি।

8

- ১ এ দেহে সে দেহে একই ' রূপ। তবে সে জানিবে রসের ২ কৃপ ॥ এ বীজে সে বীজে একতা হবে। তবে সে প্রেমের সন্ধান পাবে॥
- e সে ° বীজ যজিয়ে এ বীজ ভজে °। সেই সে প্রেমের সাগরে মজে ॥ রতিতে রসেতে একতা করি। সাধিবে সাধক বিচার করি॥ বিশুদ্ধ রতিতে বিশুদ্ধ রস।
- তাহাতে কিশোরা কিশোরী বশ। বিশুদ্ধ রতির ও করণ কি প সাধহ সতত ' রক্তক-ঝি। সাতাশী উপরে তাহার ঘর। তিনটী দুয়ার \* তাহার পর ॥
- ১৫ বীজে মিশাইয়া রামিনী যজ। রসিক মণ্ডলে ' সতত ' ভজ ॥ বিশুদ্ধ রতিতে বিকার পাবে। সাধিতে নারিলে দ নরকে যাবে॥ বাশুলী কহিছে >—'এই সে হয়'।
- চণ্ডীদাসে ১৫ কহে ১১—'অগ্রথা নয়' ১২॥ २०
- একুই, বিপু ২৮৮।
   রসেরই, পদং।
- ৬-, সে বীজ ভজিয়া এ বীজ জজে, বিপু ২৮৮।
  - <sup>8</sup> রতিতে, পসং।
  - সদত, বিপু ২৮৮। • দ্বার, বিপু ২৮৮ ৷ নন 
    মণ্ডল সঙ্গেতে, বিপু ২৮৮

ু কহিলে, ঐ।

- ৮ নারিবে, ঐ।
- ১১ কয়, বিপু ২৮৮। ›° চণ্ডীদাস, পসং।
- ১২ না হয়, পসং।

### ব্যাখ্যা

১। তান্ত্রিক মতে ঃ—পরমাত্মা (তিনি যে নামেই কথিত হন না কেন)
স্পৃষ্টিকার্য্যে প্রবৃদ্ধ হইয়া নিজ দেহ দ্বিধা বিভক্ত করিলেন, তথন তাঁহার এক
অংশে পুরুষ ও অপর অংশে প্রকৃতির উন্তব হইল, এই মত শাস্ত্রাদিতে প্রচারিত
হইয়াছে। অতএব শ্রেষ্ঠ যোগিগণ পুরুষ ও প্রকৃতির মধ্যে কোন প্রকার
বিভিন্নতা দর্শন করেন না, ইহাও তত্ত্ব-ব্যাখ্যায় স্থান লাভ করিয়াছে।

"এ দেহে সে দেহে একই রূপ" ইহাও সেই ধরণের কথা। সহজিয়ারা এই পৌরাণিক তত্ত্ব নিজেদের গ্রন্থ-মধ্যে নিম্নলিখিত প্রকারে সন্নিবিষ্ট করিয়াছেনঃ—

> একরূপ ছুই হয় ভিন্ন দেহ নয়। প্রকৃতি পুরুষ নাম বাহিরে দেখয়॥

> > প্রেমানন্দলহরী।

বাহ্যেতে দেখয়ে মাত্র দেহে ছুই রূপ। অন্তরে মিলিত হয় আত্মা একরূপ॥

রাধারসকারিকা।

পরমাত্মা পুরুষ প্রকৃতি রূপে জোড়া।
ছুই তমু এক আত্মা কভু নহে ছাড়া॥
নিগুঢার্থপ্রকাশাবলী।

চরিতামৃতেও আছে :— রসরাজ (কৃষ্ণ = পুরুষ) মহাভাব (রাধা = প্রকৃতি) চুই একরূপ। মধ্যের **অফনে**।

এই জাতীয় বিরতি পুরুষ-প্রকৃতি-ভেদের দার্শনিক ব্যাখ্যা মাত্র, কিন্তু সহজিয়াদের প্রেমের সাধনায় এই মতবাদেরও একটা সার্থকতা আছে। রাগাত্মিকা পদে চণ্ডীদাস বলিয়াছেন—

> রমণ ও রমণী তারা তুইজন কাঁচা পাকা তুটী থাকে। এক রজ্জু থসিয়া পড়িলে রসিক মিলয়ে তাকে॥ পদ নং ৮০৪।

অন্যত্র---

তুই ঘূচাইয়া এক অঙ্গ হও
থাকিলে পীরিতি আশ ।
পীরিতি সাধন বড়ই কঠিন
কহে দ্বিজ চণ্ডীদাস॥

পদ নং ৩৮৪।

কাজেই প্রেমের সাধনায় "আমি পুরুষ" ও "তুমি স্ত্রীলোক" এইরূপ ধারণা বিসর্জ্জন করিতে হইবে, নতুবা সহজমতে প্রকৃত রসিক হওয়া যায় না। রমণী লইয়া সাধনা এই উদ্দেশ্যেই অনুষ্ঠিত হয়, এবং ইহার সিদ্ধিতেই তাহার পরিস্মিতি। তরণীরমণ-রচিত চণ্ডীদাসের সাধন-াবিষয়ক একখানা পুথি (নং ৩৪৩৭) কলিকাতা বিশ্ববিভালয়ের এন্তশালায় রক্ষিত আছে। তাহাতে রমণী লইয়া সাধনার যে বিবরণ লিখিত হইয়াছে তাহা এইরূপ—

চারি মাস আগে তার চরণ সেবিয়া। পদতলে শুতি রবে স্ব-ভাব লইয়া॥ পুন আর চারি মাস চরণ সেবিয়া। বাম ভাগে শুতি রবে স্ব-ভাব লইয়া॥ ইত্যাদি।

এই যে চারি চারি মাস করিয়া সাধনার পর্য্যায় নির্দ্দিন্ট হইয়াছে তাহার কেন্দ্রীভূত মূল সূত্রটা হইতেছে স্ব-ভাব গ্রহণ করা। এখানে স্ব-ভাব অর্থ স্বভাব নহে। পুরুষ-সাধক গ্রীলোকের সারিধ্যে অবস্থান করিবে সত্য, কিন্তু সে মনে করিবে যেন পুরুষের নিকটেই অবস্থান করিতেছে। স্ব-ভাব লইয়া অর্থাৎ সে নিজে পুরুষ বলিয়া অপরকে পুরুষবৎ জ্ঞানের সহিত। ইহাতে চিত্তচাঞ্চল্য নিবারিত হয়, এবং ইহাতেই প্রকৃত রসের সন্ধান পাওয়া যায়। আমাদের হৃদয়ে কতকগুলি স্থায়ী ভাব আছে, তাহা সাধারণতঃ স্থপ্ত অবস্থায় থাকে, কিন্তু বাহ্য ভৈত্তেজনায় যখন তাহারা প্রবুদ্ধ হইয়া উঠে, তখন হৃদয়ে এক প্রকার আনন্দ অনুভূত হয়, ইহাই রস। আনন্দেই রসের প্রাণ। কাব্য পড়িয়া, অভিনয় বা স্থন্দর দৃশ্য দেখিয়া আমরা আনন্দ উপভোগ করি; সেই আনন্দের অধিষ্ঠান মনে,—শরীরে নহে। গ্রীলোক লইয়া সাধনায়ও এইরূপ মানসিক নির্দ্মল আনন্দ উপভোগ করিতে হইলে "এ দেহে সে দেহে একই রূপ"

এই ধারণা করিতে হইবে, নতুবা স্ত্রীপুরুষ-ভেদজ্ঞান থাকিলে তাহাতে কামের উদ্রেক হইবেই, তাহার ফলে "খণ্ডরতির" উদয় হইবে, "অখণ্ড নির্ম্মল রস" উপভোগ করা যাইবে না।

একটী রাগাত্মিকা পদে চণ্ডীদাস বলিয়াছেন-

স্থি হে, রসিক বলিব কারে।

বিবিধ মসলা

রসেতে মিশায়

রসিক বলি যে তারে॥

রস পরিপাটী

স্থবর্ণের ঘটী

সম্মুখে পুরিয়া রাখে।

খাইতে খাইতে

ি পেট না ভরিবে

তাহাতে ডুবিয়া থাকে।

সেই রস পান

রজনী দিবসে

অঞ্চলি পুরিয়া খায়।

খরচ করিলে

দ্বিগুণ বাডায়ে

্উছলিয়া বহি যায়॥ ইত্যাদি।

পদ নং ৭৭৭।

এই জাতীয় অখণ্ড রতি শারীরিক স্থাখে হইতে পারে না। এইজন্ম সাধনার প্রয়োজন হয়—

> এই হেতু সাধনার হয় প্রয়োজন। উন্মন্ত মনের বেগ করিতে ধারণ॥

> > রসরত্বসার।

সহজিয়ারা স্ত্রীলোক লইয়া সাধনা করেন বলিয়া অপরাধী হইয়াছেন, এইরূপ যাহাদের ধারণা আছে তাহারা যেন উল্লিখিত পদগুলির বিষয় আলোচনা করেন। একটা ধর্ম্ম বুঝিতে হইলে সেই ধর্ম্মের অন্তর্ভুক্ত লোকদের মতবাদ বুঝিতে চেন্টা করা উচিত। সহজ সাধনারও যে একটা মহৎ উদ্দেশ্য আছে তাহা পূর্বোক্ত আলোচনা পাঠে অস্বীকার করিবার উপায় নাই।

এখন দর্শনের দিক্ দিয়া আলোচনা করা যাউক। তান্ত্রিক মতের সাধন-ক্ষেত্রে স্ত্রীপুরুষের কথা ছাড়িয়া দিলেও, সমদর্শিতা যে ধর্মজীবনের প্রকৃষ্ট অভিব্যক্তি তাহা সর্ববাদিসমত। "সমত্বমারাধনমচ্যুতস্তু" ইহা শাস্ত্র-বাক্য। নিগৃঢ়ার্থপ্রকাশাবলীতে আছে—

> নিজ দেহ অগ্য দেহ এক জ্ঞান যার। ইশা কর্শা ভেদাভেদ কেন হবে তার॥

অম্যত্র

তুমি শুদ্ধ বস্তুজ্ঞানে দেখিতেছ ভ্রম।
নতুবা সকলি হয় আত্মার এ ক্রম॥
কোথা কীট, কোথা ইট, কোথায় বা কাট।
মায়াবশে তুমি শুধু দেখ এ বিভ্রাট॥ ইত্যাদি।
রসরত্নসার।

শুধু জ্ঞানমার্গের সাধনাতেও এইরূপ সমদর্শিতা জ্বন্মিলে মনে অটল আনন্দের উদ্ভব হইতে পারে। পৃথিবীর যাবতীয় শ্রেষ্ঠ ধর্ম্মের ইহাই সার মর্ম্ম। সহজিয়া গ্রন্থেও তাহার প্রতিধ্বনি মিলিতেছে।

পং ৩—৬। চণ্ডীদাসের পদাবলীর ৭৬৫ ও ৭৬৬ সংখ্যক রাগাত্মিকা পদন্বয় আলোচনা করিলেই এই চারি পংক্তির অর্থ পরিস্ফুট হইবে। ৭৬৫ সংখ্যক পদে আছে—

> কি বীজ সাধিলে সাধিব রতি ? কি বীজ ভজিলে রসের গতি ?

এখানে রতি ও রস প্রত্যেকেরই বীজের উল্লেখ দেখিতে পাওয়া যাইতেছে। আলোচ্য পদটীর তৃতীয় পংক্তিতে আছে—"এ বীজে সে বীজে একতা হবে" অর্থাৎ রতি ও রসের বীজেষয় একত্র করিয়া সাধনা করিলে প্রেমের সন্ধান (৪র্থ পংক্তি দ্রুইব্য) পাওয়া যাইবে। এই বিষয়টী ৭৬৫ ও ৭৬৬ সংখ্যক পদবয়ের আলোচনায় ব্যাখ্যাত হইয়াছে। কামবীজ ক্লীং হইতে আরম্ভ করিয়া পঞ্চাক্ষরী গোপল মন্ত্র প্রভৃতির সমবায়ে যে তান্ত্রিক উপাসনা বিহিত হইয়াছে, তাহার কথাই এখানে বলা হইয়াছে।

ইহাই তান্ত্রিক মতের ব্যাখ্যা, কিন্তু সাধনার দার্শনিক তত্ত্বের দিক্ দিয়া আলোচনা করিলেও বলা যাইতে পারে যে এখানে সামান্য রতিতে বিশেষ সাধিতে বলা হইয়াছে, অর্থাৎ সামান্ত ও বিশেষ একত্র করিয়া সাধনা করিবার ব্যবস্থা দেওয়া হইয়াছে। এইরূপ সাধনার বিষয় ৭৬৫ ও ৭৬৬ সংখ্যক পদদ্বয়ের ব্যাখ্যায় বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে। উক্ত পদদ্বয়ে আছে—

> সামান্ত রতিতে বিশেষ সাধে। সামান্ত বিশেষ একতা রতি। ইত্যাদি।

বিশেষ রতিতেই রসের অনুভূতি জন্মে। ইহাতে সাধক ভোক্তার পর্য্যায় অতিক্রম করিয়া দ্রফীর পর্য্যায়ে আসীন হন। তাহাতেই প্রকৃত রস এবং বিশ্বব্যাপী প্রেমের উৎপত্তি হয়। এইজন্মই আলোচ্য পদটীর ৭ম ও ৮ম পংক্তিতে বলা হইয়াছে—

> রতিতে রসেতে একতা করি। সাধিবে সাধক বিচার করি॥

এই রতি ও রস একত্র করিয়া সাধনা করিবার পর্য্যায় দেখাইবার জন্ম ও ৬ষ্ঠ পংক্তিদ্বয়ে বলা হইয়াছে—

> সে বীজ যজিয়ে এ বীজ ভজে। সেই সে প্রেমের সাগরে মজে ॥

একখানা সহজিয়া গ্রন্থে আছে---

আগে পঞ্চনাম

গ্রহণ করিয়া

শ্রদা বাড়ে অতিশয়।

শ্রদাধিত হয়ে জ্ঞানাঞ্জন পেয়ে

অষ্টম আখর লয়॥

অগ্যত্র

কামবীজ আগে গ্রহণ করি। গাইত্রী মহিমা কহিতে নারি॥ দেহ হয় সাড়ে চবিবশ লেখা। কৃষ্ণ সহ যেন রাধিকে দেখা॥

সাধনমার্গে ইহাই ক্রমিক উন্নতির পস্থা। এই ব্যবস্থার কথাই এখানে বির্ত হইয়াছে।

পং ৯-১০। পূর্ববর্তী পংক্তিদ্বয়ে বলা হইয়াছে যে রতিতে রসেতে একত্র করিয়া সাধনা করিতে হইবে। সেই সাধনা কি প্রকার, তাহাই এখানে কথিত হইতেছে। বিশুদ্ধ রতির সহিত বিশুদ্ধ রস মিশাইতে হইবে। এখানে বিশুদ্ধ অর্থ বিকাররহিত (১৭শ পংক্তি ক্রফব্য)। কিশোরা কিশোরী বলা হইয়াছে, কারণ চৈতন্ম-প্রবর্ত্তিত ধর্ম্মে রাধাকৃষ্ণ সত্তই কিশোর বয়ন্ধ, বিশেষতঃ সহজিয়াদের প্রেমের সাধনায়—

> কিশোর কিশোরী হুইটী জন। শুঙ্গার রসের মূরতি হন॥

কিশোর বয়সেই প্রেমের উৎপত্তি বলিয়া এই পরিকল্পনা।

পং ১১-১২। এখানে প্রথম পংক্তিতে জিজ্ঞাসা করা হইল যে বিশুদ্ধ রতির করণ কি ? করণ অর্থ ইংরাজিতে যাহাকে culture বলে, অর্থাৎ সাধনা। দিতীয় পংক্তিতে ইহারই উত্তরে রজকিনীর সাধনা করিবার ব্যবস্থা দেওয়া হইয়াছে। তল্তে সাধনযোগ্যা স্ত্রীলোকের মধ্যে রজকিনীর উল্লেখ দৃষ্ট হয়, সহজিয়ারা এই ধারণার জন্ম তল্তের নিকট ঋণী। এই সাধনার প্রণালী কি তাহাই পদের পরবর্ত্তী অংশে বিরত হইয়াছে।

পং ১৩-১৬। প্রথম চুই পংক্তি এই—

সাতাশী উপরে তাহার ঘর। তিনটী হুয়ার তাহার পর॥

অর্থাৎ সাতাশীর উপরে রজকিনীর গৃহ, এবং ঐ গৃহের তিনটী দার। পূর্ব্বোক্ত ৭৬৫ ও ৭৬৬ সংখ্যক পদদ্বয়েও আমরা ঠিক এইরূপ কথাই পাইয়াছি। তাহাতে আছে—

> সাতাশী উপরে তিনের স্থিতি। সে তিন রহয়ে কাহার গতি ?

এবং

## তিনটী ছুয়ারে থাকয়ে যে। সেই তিনজন নিত্যের কে १

ইহারই উত্তরে বলা হইয়াছে যে প্রথম সুয়ারে মদরূপিণী বাশুলী: দ্বিতীয় তুয়ারে আসকরূপিণী রাধা, এবং তৃতীয় তুয়ারে কন্দর্পরূপী শ্রীকৃষ্ণ করেন। এই তিনকে একত্র করিয়া ( অর্থাৎ একমাত্র নিত্যের ত্রিবিধ অভিব্যক্তি-রূপে গ্রহণ করিয়া) সাতাশী অক্ষরের সহিত সাধনা করিতে হইবে। এই সাতাশী অক্ষর কি তাহা ইতিপূর্বের ৭৬৬ সংখ্যক পদের ব্যাখ্যায় বর্ণিত হইয়াছে। বিভিন্নতার মধ্যে এই যে উক্ত পদে তিন দার-সমন্বিত নিত্যের সাধনা বিহিত হইয়াছে, আর আলোচ্য পদটীতে নিত্যের স্থানে রজকিনীর সাধনার কথা বলা হইয়াছে। এখানে রজকিনীতে নিত্যের আরোপ করিয়া সাধনার ব্যবস্থা দেওয়া হইল। ইহাই আরোপ সাধনার প্রথা। আমাদের ১নং (অর্থাৎ পদাবলীর ৭৬৪ নং) পদে চণ্ডীদাসকে জপতপ ছাড়িয়া আরোপ সাধনা করিতে কলা হইয়াছিল। তৎপরে ৭৬৫ ও ৭৬৬ নম্বর পদদয়ে স্বরূপের অর্থাৎ নিত্যের বিশেষত্ব বর্ণিত হইয়াছে,কারণ আরোপ সাধনা করিতে হইলে যাঁহাকে আরোপ করিতে হইবে, তাঁহার সম্বন্ধে প্রকৃষ্ট জ্ঞান থাকা ক্রেকার। এজন্য উক্ত পদদ্বয়ে নিত্যের অর্থাৎ স্বরূপের বিশেষত্ব বর্ণিত হওয়ার পরে, আলোচ্য এই ৪নং (পদাবলীর ৭৬৭ নং) পদে রজকিনীর উপর নিত্যের আরোপ করার কথা বলা হইল। ইহারই নাম স্বরূপে আরোপ--

# স্বরূপে আরোপ যার রসিক নাগর তার প্রাপ্তি হবে মদনমোহন।

৭৬৮ নং পদ

অর্থাৎ এইরূপ আরোপ করিয়া সাধনা করিলে মদনমোহন কৃষ্ণপ্রাপ্তি হয়। এইরূপ আরোপ করার পরে রামী আর রজকিনী নহেন, তিনি ভখন স্বরূপের স্বভাবে পরিণত হইয়াছেন। কাজেই বলা হইল যে স্বরূপের ন্যায় তাঁহারও তিনটী দ্বার, আর এই তিন দ্বার বা অভিবাক্তি-সমন্বিত রামীকে এখন স্বরূপের প্রতিভূ মনে করিয়া ৩নং (৭৬৬ নং) পদোক্ত প্রথায় ৮৭ অক্ষরের সহিত উপাসনা করিতে হইবে। ্র্টুইরূপে উত্তরসাধিকা স্বরূপণ্ণ প্রাপ্ত হন বলিয়াই চণ্ডীদাস রামীকে সম্বোধন করিয়া বলিতে পারিয়াছেন—

ত্তন রক্তকিনী রামি।
ও চুটি চরণ শীতল জানিয়া
শরণ লইমু আমি॥
তুমি বেদ-বাদিনী হরের ঘরণী
তুমি সে নয়নের তারা।
তোমার ভজনে ত্রিসন্ধ্যা যাজনে
তুমি সে গলার হারা॥ ইত্যাদি।
৭৬৯ নং পদ!

অনেকে একমাত্র প্রেমের দিক্ দিয়াই এই জ্বাতীয় পদগুলির ব্যাখ্যা করিতে প্রয়াস পাইয়াছেন। কিন্তু প্রেমের উচ্ছ্যুসেরও একটা সীমা আছে, তাহাতে এ কথা বলা যায় না—

তুমি রজকিনী আমার রমণী
তুমি হও মাতৃ পিতৃ।
ত্রিসন্ধ্যা যাজন তোমারি ভজন
তুমি বেদমাতা গায়ত্রী। ইত্যাদি।
৭৭০ নং পদ।

আরোপের পরে উত্তরসাধিক। স্বরূপত্ব প্রাপ্ত হইলেই তাঁহাকে সম্বোধন করিয়া এই কথা বলা চলে। সাধারণ মূর্ত্তি-পূজার সহিত ইহার বিভিন্নতা এই যে মূর্ত্তি-পূজায় মাটীর প্রতিমার উপর দেবত্ব আরোপ করিয়া তাঁহার নিকটে দেবতার স্তব পাঠ করা হয়, আর সহজিয়া আরোপ সাধনায় জীবিত মানুষের উপর স্বরূপত্ব আরোপ করিয়া তাহার উপাসনা করা হইয়া থাকে। আরোপ সাধনার এই নিয়ম জানা না থাকিলে পূর্বোক্ত পদগুলির মর্ম্মার্থ গ্রহণ করা সম্ভবপর নয়।

শেষের ছুই পংক্তিতে কামবীজের সহিত রামিনীকে যাজন করিবার উপদেশ দেওয়া হইয়াছে, এবং যাহারা প্রকৃত রিসক পর্য্যায়ের অন্ত ভুক্ত তাহাদের সহযোগে এই উপাসনায় প্রবৃত্ত হইতে বলা হইয়াছে। ইহা শৈব তান্ত্রিক মতের চক্রসাধনার অনুকরণ মাত্র। পং ১৭-১৮। রতি বিশুদ্ধ না থাকিলে, অর্থাৎ তাহাতে বিকার উপস্থিত, হুইলে নরকে যাইতে হুইবে।

অগ্যত্ৰ.—

ব্যভিচারী হৈলে প্রাপ্তি নাহি মিলে নরকে যাইবে তবে।

৭৭১ নং পদ।

অন্যান্য গ্রন্থে আছে---

অনিত্য প্রকৃতি সঙ্গে সর্ববধর্ম্ম যায়।

রসসার।

যদি বাহ্য স্থথে সদা মজ্জ মোর মন। তবে ত না পাবে ভাই সে আনন্দ ধন॥

প্রেমানন্দলহরী্র

স্ত্রীসঙ্গ করিলে নিজ আত্মহারা হবে। আত্মা নফ্ট হৈলে জীব অধোগতি পাবে॥

বিবর্ত্তবিলাস।

দেহ রতি সম্বন্ধীয়ে পরশে প্রকৃতি ॥ কোন জ্বন্মে জন্মে তার নিস্তার না হয়। ভোগ ভূঞ্জায় তারে যম মহাশয়॥

আনন্দভৈরব।

রাগের সন্ধান জানে কামী কি কখন। মদনাবিষ্টে আত্ম হারায় তখন॥

রাগময়ীকণা।

ইহা আরোপ সাধনার বিধি ও নিষেধ। অন্যান্য ধর্ম্মেও এইরূপ বিধি-নিষেধ আছে। লোকে তাহা মানে না বলিয়া ধর্ম্মের দোষ হয় না, ইহা ব্যক্তিগত প্রবৃত্তির দোষ। সেইরূপ সহজ্জিয়া সাধনাতেও ব্যক্তিচার হয় বলিয়া সহজ্জধর্ম দায়ী নহে, ব্যক্তিগত তুর্বলতার জন্ম ধর্ম্মকে দায়ী করা যুক্তি-বিগর্হিত। তবে কিনা এইরূপ দ্রীলোক লইয়া সাধনা যে বিপদ-সঙ্গুল তাহাতে সন্দেহ নাই, এবং এজন্মই বলা হইয়াছে যে এই সাধনায় সিদ্ধি লাভ করা এক কোটা সাধকের মধ্যে একজনের ভাগ্যে ঘটিয়া থাকে মাত্র।

Œ

'ম্বরূপে আরোপ যার বসিক নাগর তার প্রাপ্তি হবে মদনমোহন। গ্রাম্যদেব বাশুলীরে জিজ্ঞাস গে করজোড়ে'— রামী কহে,—'শুঙ্গার সাধন' ॥ চণ্ডীদাস কর জোড়ে বাশুলীর পায় ধরে মিনতি করিয়া পুছে বাণী— 'শুন মাতা ধর্ম্ম মতি, বাউল হইনু অতি, কেমনে স্থবুদ্ধি হবে প্রাণী ?' হাসিয়ে বাশুলী কয়— 'শুন চণ্ডীমহাশয়, আমি থাকি রসিক নগরে। সে গ্রামে দেবতা আমি ইহা জানে রজকিনী জিজ্ঞাস গে যতনে তাহারে॥ সে দেশের রজ্ঞকিনী হয় রসের অধিকারী রাধিকা-স্বরূপ তার প্রাণ। তুমি-ত রমণের গুরু সেহ রসের কল্পতরু তার সনে দাস অভিমান ॥' চণ্ডীদাস কহে—'মাতা, কহিলে সাধন-কথা রামী-সত্য প্রাণ-প্রিয়া হৈল। নিশ্চয় সাধন-গুরু সেই রসের কল্লতরু তার প্রেমে চণ্ডীদাস মৈল ॥'

#### বাাখা

পং ১-৪:---৪নং পদে রজকিনীর উপর স্বরূপত্ব আরোপ করিয়া তাঁহার উপাসনা করিবার বিধি দেওয়া হইয়াছে, এবং ঐ উপাসনার কিছু বিশেষ্ প্রদর্শিত হইয়াছে। আলোচ্য পদটীতে এইরূপ উপাসনার আরও কতকগুলি বিশেষত্ব বর্ণিত হইতেছে। এই পদটা এমন ভাবে লিখিত হইয়াছে যেন চন্ডীদাস শৃঙ্গার-সাধন-সম্বন্ধে রামীকে প্রশ্ন করিয়াছিলেন, তত্ত্তরে রামী বলিতেছেন যে, উত্তরসাধিকার প্রতি স্বরূপত্ব আরোপ করিয়া উপাসনা করিলে রসিকনাগর মদনমোহন প্রাপ্তি হয়। তৎপরে তিনি চণ্ডীদাসকে বাশুলীর নিকট করজোড়ে শৃঙ্গার-সাধন-সম্বন্ধে জিজ্ঞাসা করিতে উপদেশ দিয়াছেন। এই পদটা রামী, বাশুলী ও চণ্ডীদাসের উত্তর-প্রত্যুত্তর লইয়া লিখিত।

স্বরূপ। প্রাচীন শান্ত্রাদিতে ধর্ম্মালোচনায় স্বরূপ শব্দ ব্যবহৃত হইয়াছে। ছান্দোগ্য উপনিষদের ১৷২৷৯ সূত্রের ব্যাখ্যায় লিখিত হইয়াছ যে স্বরূপ দেহ মানব দেহের অন্তর্গতম কোষ, ইহা প্রাণময়, মুখ্য প্রাণ ইহার অধিষ্ঠাত্রী দেবতা। এই মুখ্য প্রাণকে অবগত হইলে লোক সংসার-বন্ধন হইতে মুক্ত হয় (এলাহাবাদ সং, ২৭ পৃঃ)। যোগদর্শনের শেষ সূত্রে আছে—"কৈবল্যং স্বরূপ প্রতিষ্ঠা" অর্থাৎ চৈতন্মস্বরূপ পুরুষের স্বভাবে অবস্থানকেই মুক্তি বলে। অতএব দর্শনের দিক্ দিয়া "স্বরূপে আরোপ, ইত্যাদি" প্রথম ছুই পংক্তিব্রু ব্যাখ্যা এই হয় যে আত্মার স্বরূপে অবস্থান হইলেই মদনমোহন কৃষ্ণপ্রাপ্তি হয়।

সহজিয়া তান্ত্রিক সাধনায় ইহার অর্থ এই যে—উত্তরসাধিকায় স্বরূপত্ব আরোপ করিয়া ভজনা করিলেই কৃষ্ণপ্রাপ্তি হয় (পূর্ববর্ত্তী আলোচনা দ্রষ্টব্য)।

আবার নিছক প্রেমের দিক্ দিয়া আলোচনা করিলে দেখা যায় সে স্বরূপ পর্য্যায়ভুক্ত লোকের কতকগুলি বিশেষত্ব আছে। চৈত্তগুদাসের একটা প্রদ আছে—

স্বরূপ আকৃতি কেমন প্রকৃতি
কোন্ স্থানে তার স্থিতি।
স্বরূপ চিনিব তবে সে ভজিব
হয়ে তার অনুগতি॥
প্রেমে পুলকিত ভাবে বিভাবিত
ডগমগ হু'টি আখি।
রসের সাগরে সদাই সাঁতারে

এই সব রস

যাহাতে প্ৰকাশ

ু সরূপ তাহার দেহে।

তাহারে ভজিবে

স্বরূপ পাইবে

শ্রীচৈতগুদাস কহে॥

অতএব দেখা যাইতেছে যে, যে কোন লোককে অবলম্বন করিয়া সাধনা করিলেই সিদ্ধিলাভ হয় না। যাহার উপর স্বরূপত্ব আরোপ করিতে হইবে ভাহার উক্ত প্রকার গুণ থাকা চাই। এই জাতীয় লোক স্বরূপদেহ-সম্পন্ধ, তাহাদিগকে আরোপ করিলেই স্বরূপকে লাভ করা যায়, ইহাই উক্ত পদাংশের মর্মার্থ।

রসিক নাগর মদনমোহন। সহজিয়াদের বৈক্ষবসম্বন্ধ ইহাতে ধরা পড়ে।
সাধনার চরম প্রাপ্তি যে কৃষ্ণ ইহা স্পাইভাবে এখানে বলা হইয়াছে। কিন্তু এই
কৃষ্ণ তাঁহার ঐশ্ব্যা-গরিম-সমন্বিত নহেন, তিনি রসিক নাগর এবং মদনমোহনরূপে
পূর্ণ মাধুর্য্যের প্রতিমূর্ত্তি। কৃষ্ণকীর্তনের কোথাও কৃষ্ণকে রসিক নাগর এবং
মদনমোহন বলা হয় নাই। চৈত্তভাদেবের শিক্ষার ফলে পূর্ণ মাধুর্য্যময় উপাসনার
ভিত্তির উপর প্রতিষ্ঠিত বৈষ্ণব ধর্ম্মেই কৃষ্ণসম্বন্ধে এই ছুইটা শব্দের প্রয়োগবাহুল্য
লক্ষিত হইয়া থাকে। এখন কৃষ্ণের নটবর বেশের ধারণাই বৈষ্ণবসমাজে বিশেষ
প্রচলিত দেখা যায়।

গ্রাম্যদেব। নান্নুরের মাঠে হাটের নিকটে অবস্থান করেন বলিয়া বাশুলীর প্রতি এই বিশেষণ প্রযুক্ত হয় নাই। এখানে গ্রাম্য শব্দটা একটা বিশেষ অর্থে ব্যবহৃত হইয়াছে। আলোচ্য পদটাতেই আছে "আমি থাকি রসিক নগরে" এবং "সে গ্রামে দেবতা আমি" ইত্যাদি। ইহা হইতে স্পাইই বুঝা যায় যে রসিকনগর নামক গ্রামের কথাই এখানে বলা হইয়াছে। সহজিয়ারা এইরূপ একটা আনন্দময় গ্রামের পরিকল্পনা করিয়াছেন, যাহা গোলোক বৈকুপ্তের স্থায় তাঁহাদের চরম স্বর্গের স্থান অধিকার করিয়াছে। সহজিয়াদের এই পরিকল্পনা-সম্বন্ধে অমৃতর্ত্বাবলীতে দৃষ্ট হয়—

বিরজা নদীর পার সেই দেশখান।
সহজ্বপুর সদানন্দ নামে সেই গ্রাম॥
তাহার উত্তর দিকে আনন্দপুর গ্রাম।
রসিকরসের কৃষ্ণ মন্মথের ধাম॥
সদানন্দ সদা মগ্র সদা অভিলাষ।
সহজ্ব মানুষ তাহে সদা করে বাস॥

অগ্যত্ৰ-

## সদানন্দগ্রাম সেই বাঁকা নদী পারে। বাঁকা নদী বহে তার উত্তর হুয়ারে॥ ইত্যাদি।

সদানন্দগ্রাম নামে পরিচিত সহজপুর সহজিয়াদের চরম লক্ষ্য। এখানে রিসকশেখর কৃষ্ণ সর্বাদা বাস করেন। (এই স্থানের অক্যান্য বিশেষত্ব-সম্বন্ধে ১নং পদের ব্যাখ্যা দ্রফব্য।) বাশুলী দেবী নিত্যাক্ষ কৃষ্ণের আনন্দর্রূপণী শক্তির প্রতিমূর্ত্তি, ইহা পূর্বেই প্রদর্শিত হইয়াছে (২নং পদের ব্যাখ্যা দ্রফব্য)। অতএব বাশুলী এই সদানন্দগ্রামের নিত্য অধিবাসী বলিয়া তাঁহাকে গ্রাম্যদেব বলা হইয়াছে। নান্মুর বা অন্য কোন গ্রামের দেবী, এইরূপ পরিকল্পনা এখানে অপ্রাসন্ধিক।

শৃঙ্গার সাধন। মধুর ভাবের উপাসনায় শৃঙ্গার রসই সর্ববাপেক্ষা অধিক মাধুর্ঘ্যপূর্ণ। চরিতামূতে আছে—

> সর্ববরস হৈতে শৃঙ্গারে অধিক **মাধু**রী। ু আদির চতুর্থে।

অগ্যত্র----

সকলের সার রস আদিভূত শৃঙ্গার রস। ইত্যাদি। প্রেমানন্দলহরী।

চৈতন্যদেবের প্রবর্ত্তিত ধর্ম্মে মাধুর্যাভাবের উপাসনারই প্রাধান্য দেওয়া হইয়াছে।
এই মাধুর্য্য আবার চারি ভাগে বিভক্ত হইয়াছে—দাস্থ্য, বাৎসল্য ও মধুর।
বৈঞ্চবগণ এই চারি ভাবের ভক্তির প্রয়োজনীয়তা স্বীকার করিয়া বলিয়াছেন
যে ইহার কোন একটা ভাব অবলম্বন করিয়া সাধনা করিলেই ভগবান্কে
লাভ করা যায়। চরিতায়তে আছে—

দাস্থ সথ্য বাৎসল্য আর যে শৃঙ্গার। চারি ভাবের চতুর্বিবধ ভক্তই আধার॥ নিজ নিজ ভাব সভে শ্রেষ্ঠ করি মানে। নিজ ভাবে করে কৃষ্ণ-স্থুখ আস্থাদনে॥

আদির চতুর্থে।

**473** 

পুরীর বাৎসল্য মুখ্য রামানন্দের শুদ্ধ সখ্য
গোবিন্দান্তের শুদ্ধ দাস্য রস।
গদাধর জগদানন্দ স্বরূপের মুখ্য রসানন্দ
এই চারি ভাবে প্রভু বশ ॥

মধ্যের দ্বিতীয়ে।

এইরূপে যদিও তাঁহারা এই চারি প্রকার রসই স্বীকার করিয়াছেন, কিন্তু প্রাধান্ত দিয়াছেন শৃন্ধার রসের। সহজিয়ারা দাস্ত, সংগ্র, বাৎসল্য পরিত্যাগ করিয়া একমাত্র মধুর রসই অবলম্বন করিয়াছেন। রাগানুগভজন-দর্পণে আছে—

> শ্রীরূপের অনুগত ভজনে যে হয় রত শ্বিতি তার কেবল মধুরে ॥ মধুর উজ্জ্বল রস সদা শৃঙ্গারের বশ ব্রজ্ঞরাজনন্দন-বিষয় । ঐশ্বর্যা স্কৃত্তপ্ত তাতে মাধুর্য্য প্রভাবে মাতে তাহার আশ্রয় ভক্তচয় ॥

অর্থাৎ সহজ সাধনায় একমাত্র মধুর রসই অবলম্বনীয়, ইহাতে অন্ত তিনটী রসের স্থান নাই, কারণ—

> প্রেমরসের সাগর নায়িকা ভাবেতে। রাগময়ীকণা।

এই মত অবলম্বন করিয়া সহজ্ঞধর্ম্ম বৈষ্ণব ধর্ম্ম হইতে বাহির হইয়া আসিয়াছে।
ইহাতে সহজ্ঞধর্মের বিশিক্টাতাজ্ঞাপক মতবাদের সন্ধান পাওয়া যাইতেছে।
ইতিহাসের দিক্ দিয়া আলোচনা করিলে দেখা যায় যে চৈতগ্যপূর্ববর্ত্তী বৈষ্ণব ধর্ম্মে ঐশ্বর্য্যভাবের প্রাধান্ত ছিল, চৈতগ্যপরবর্ত্তী যুগে মাধুর্য্যভাবের প্রাধান্ত স্বীকৃত
ইইয়াছে। এই মাধুর্য্যকে চারিভাগ করিয়া বৈষ্ণবগণ তাহার প্রত্যেকেরই
প্রয়োজনীয়তা স্বীকার করিয়াছেন, কিন্তু সহজিয়ারা একমাত্র মধুর রসের
উপাসনাই স্বর্লম্বন করিয়াছেন। বৈষ্ণব ধর্ম্মের ক্রমিক অভিব্যক্তিতে কি ভাবে
সহজধর্মের উন্তব হইয়াছে তাহা এই আলোচনা হইতে স্পষ্টই বুঝা বাইতে

পারে। বর্ত্তমান সহজিয়া ধর্ম্ম যে চৈতন্মপরবর্তী যুগে চৈতন্ম-প্রচারিত বৈষ্ণব ধর্ম্মের ভিত্তির উপর গঠিত হইয়াছিল, তাহা অস্বীকার করিবার উপায় নাই। অথচ বলা হয় যে চণ্ডীদাস রামীর সহিত সহজমতে প্রেম সাধনা করিতেন। চৈতন্ম-পূর্ববর্তী বড়ু চণ্ডীদাস সম্বন্ধে একথা খাটে না।

পং ৫-৮। রামীর উপদেশ শুনিয়া চণ্ডীদাস মিনতি করিয়া বাশুলীকে বলিতেছেন যে তিনি সহজ সাধনার জন্ম বাউল হইয়াছেন; এই সাধনা অবলম্বন করিয়া লোকের কিরূপে স্থুমতি হইতে পারে, সেই সম্বন্ধে এখন তিনি উপদেশ যাজ্ঞা করিতেছেন।

বাউল। সং বাতুল শব্দজাত। প্রেমের রাজ্যে বাউলদের কতকগুলি বিশেষ লক্ষণ আছে। একটা রাগাত্মিকা পদে আছে—

আপন মাধুরী দেখিতে না পাই
সদাই অন্তর জলে।
আপনা আপনি করয়ে ভাবনি
কি হৈল কি হৈল বলে॥
মানুষ অভাবে মন মরিচিয়া
তরাসে আছাড় খায়।
আছাড় খাইয়া করে ছট্ ফট্
জীয়ন্তে মরিয়া যায়॥ ইত্যাদি।
পদ নং ৭৮০।

প্রেমের জন্ম যাহাদের এইরূপ ব্যাকুলতা তাহারাই প্রেম সাধনার উপযুক্ত পাত্র। চণ্ডীদাসের হৃদয়ে এই ভাবের উদয় হইয়াছে, এই কথা বলিয়া তিনি সাধনা-সম্বন্ধে বাশুলীর উপদেশ প্রার্থনা করিতেছেন।

পং ৯-১৬। চণ্ডীদাসের প্রশ্ন শুনিয়া বাশুলী দেবী বলিতেছেন যে তিনি রিসিকনগরে বাস করেন। তিনি যে সেই দেশের দেবতা তাহা রজকিনীও অবগত আছে, অতএব রামীর নিকটেই এই কথা জিজ্ঞাসা করিতে চণ্ডীদাসকে উপদেশ দেওয়া হইল। রামীর নিকটে জিজ্ঞাসা করিতে উপদেশ দেওয়ার কারণ এই যে রজকিনীও রিসকনগরের অধিবাসী; সে রসের ভাণ্ডারী, এবং তাহার প্রাণ রাধিকার স্থায় প্রেমে ভরপূর। অতএব তাহার সঙ্গে দাসবৎ ব্যবহার করিয়া আরোপ সাধনায় প্রবৃত্ত হইতে হইবে।

রসিকনগর। রসিকগণ সে নগরের অধিবাসী, অর্থাৎ প্রকৃত রসিক পর্য্যায়ভুক্ত লোকগণ সে ভাবরাজ্যে বাস করেন, সেই অপার্থিব দেশ। ইহার অস্তিত্ব সম্পূর্ণ ই অপ্রাকৃত স্তরে, সাধকগণের স্থকোমল মনোর্ত্তি লইয়া ইহা গঠিত হইয়াছে। দার্শনিকগণ যেমন কল্পনাবলে বিবিধ স্বর্গ-রাজ্যের স্থিটি করিয়াছেন, সহজিয়াদেরও ইহা সেইরূপ পরিকল্পনা মাত্র। এই রসিকনগরের নাম তাঁহারা সহজপুর, সদানন্দগ্রাম রাথিয়াছেন, এবং পূর্ণানন্দের স্থান বলিয়া ইহার বণনা করিয়াছেন (১নং পদব্যাখ্যা দ্রফব্য )। সহজিয়ারা প্রেমের উপাসনা করেন বলিয়া তাঁহাদের পরিকল্পিত স্বর্গরাজ্যের এইরূপ নামকরণ করিয়াছেন।

সে গ্রামে দেবতা আমি। পূর্বেই দেখান হইয়াছে যে বাশুলী দেবী
নিত্যদেবের আনন্দশক্তির প্রতিমূর্ত্তি। রসের প্রাণ আনন্দ, অতএব বলা
হইল যে বাশুলী রসিকনগরে বাস করেন। কুফের সহিত সম্বন্ধযুক্ত বলিয়া
যেমন রাধাকে মহাভাবস্বরূপিণী এবং সর্বব কান্তাগণের শিরোমণি বলা
হইয়াছে (চরিতামৃত, আদির চতুর্থে), সেইরূপ নিত্যদেবের সহিত সম্বন্ধযুক্ত
বলিয়া বাশুলীকে রসিকনগরের দেবতা বলা হইয়াছে, কারণ তিনিই শ্রেষ্ঠ
রসিকা, এবং সকল রসিকের শিরোমণি।

ইহা জানে রজকিনী। বাশুলী যে রসিক নগরের দেবতা ইহা রজকিনী জানে, এই কথা বলিবার কারণ কি ? পুরুষ শারীরিক বলে বলীয়ান, আর দ্রীলোক মানসিক বলে গরীয়সী। তাঁহারা স্বভাবতঃ যাবতীয় সূকুমার বৃত্তির অধিকারিণী, এই বিষয়ে পুরুষেরা কিছুতেই তাঁহাদের সমকক্ষ হইতে পারে না। এই জগুই প্রেমের সাধনায় দ্রীলোককে গুরু করিবার প্রথা সহজধর্ম্মে চলিয়া আসিতেছে। বাশুলী এই স্থানে তাহারই আভাস দিয়াছেন। তিনি চণ্ডীদাসকে বলিতেছেন—"তুমি আমার তত্ত্ব জান না, কিন্তু রামী ইহা বিশেষরূপেই জানে, তুমি যাইয়া তাহাকে জিজ্ঞাসা কর।"

সে দেশের রঙ্গকিনী ইত্যাদি। আরোপ সাধনায় যেকোন স্ত্রীলোক লইয়া যাজন করিলেই সফলকাম হওয়া যায় না। প্রথমতঃ দেখিতে হইবে যে স্ত্রীলোকটী রসিকা কি না। একটী রাগান্থিকা পদে আছে—

> তেমতি নায়িকা হইলে রসিকা হীন জাতি পুরুষেরে। স্বভাব লওয়ায় স্বজ্ঞাতি ধরায় যেমন কাচপোকা করে॥

সহজ করণ

রতি নিরূপণ

যেজন পরীক্ষা জানে।

সেইত রসিক হয় ব্যবসিক

দ্বিজ চণ্ডীদাস ভণে॥

श्रम नः १৯৯।

এখানে বাশুলী বলিতেছেন যে সাধনযোগ্যা নায়িকা রসিকনগরের অধিবাসী অর্থাৎ রসিকা হইবে, এবং তাহার প্রাণ রাধার গ্রায় প্রেমে ভরপূর হইবে। এখানে রজ্ঞকিনী শব্দটী নায়িকা অর্থে ব্যাপকভাবে ব্যবহৃত হইয়াছে।

তুমি ত রমণের গুরু ইত্যাদি। রম্ ধাতুজাত রমণ অর্থ আনন্দ উপভোগ করা। বাশুলী বলিতেছেন যে চণ্ডীদাস (সং.ও চিতের অন্যতম ) আনন্দ উপভোগ করিবার রীতিতে দক্ষ, আর রামীও অত্যধিক রসিকা স্ত্রীলোক: তাঁহার সহিত দাসবৎ ব্যবহার করিয়া চণ্ডীদাসকে আরোপ সাধনায় প্রবৃত্ত হইতে বলা হইল্.। সাধনক্ষেত্রে নায়িকার অমুবর্ত্তী হওয়া সহজ্ঞধর্ম্মের এক বিশেষত্ব। এইজগুই দাস অভিমানের কথা এখানে বলা হইয়াছে। প্রকৃতির এই প্রাধান্তের কারণ ইতিপূৰ্বেৰ আলোচিত হইয়াছে।

পং ১৭-২০। সাধন কথা। ইহাতে স্পষ্টই বুঝা যায় যে এই পদটীতে আরোপ সাধনার তত্ত্ব ব্যাখ্যাত হইয়াছে।

মৈল। প্রেমের জন্ম মরার একটু বিশেষত্ব আছে। "হৃদয়-যমুনায়" রবীক্রনাথ লিখিয়াছেন-

> যদি মরণ লভিতে চাও. এস তবে ঝাপ দেও সলিল মাঝে।

> নাহি তল, নাহি তীর, স্নিগ্ধ, শান্ত, স্বগভীর

> মৃত্যুসম নীল নীর স্থির বিরাজে ॥ আদি অস্ত পরিমাণ নাহি রাত্রি দিনমান

সে অতলে গীত গান কিছু না বাজে।

যাও সব যাও ভুলে নিখিল বন্ধন খুলে ফেলে দিয়ে এস কুলে **স**কল কাজে।

যদি মরণ লভিতে চাও, এস তবে ঝাঁপ দেও

मिल भार्य।

প্রেমের জন্য এইরূপ আত্মহারা তন্মময়তার নাম মৃত্যু ! কৃষ্ণপ্রেমেও রাধা এইভাবে মজিয়াছিলেন । একটা পদে আছে—

্বঁধু, তুমি সে আমার প্রাণ। দেহ মন আদি তোমারে সঁপেছি কুল শীল জ্বাতি মান॥ পীরিতি রসেতে ' ঢালি তমু মন দিয়াছি তোমার পায়। তুমি মোর পতি তুমি মোর গতি মন নাহি আন ভায়॥ কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে তাহাতে নাহিক দুখ। কলক্ষের হার তোমার লাগিয়া গলায় পরিতে স্থথ॥ সতী বা অসতী তোমাতে বিদিত ভালমন্দ নাহি জানি। কহে চণ্ডীদাস পাপপুণ্য মম

রাধা প্রেমের এইরূপ অভিব্যক্তি বৈষ্ণব পদাবলীর সর্ব্বপ্রধান বিশেষত্ব। ইহাকেই বলে প্রেমের জ্বন্য আত্মবলিদান করা।

তোমারি চরণখানি॥

ছান্দোগ্য উপনিষদে আছে—"তন্মরণমেবাস্থাবভূপঃ" (৩।১৭।৫), **অর্থাৎ** মানসিক যজ্ঞে সাধকের মৃত্যুই ধর্মজীবনের আরম্ভ সূচনা করে। ঠিক এইরূপ ভাবই সহজিয়া পদে পাওয়া যায়, যথা—

> তাহার মরণ জানে কোন জন কেমন মরণ সেই। যে জনা জানয়ে সেই সে জীয়য়ে মরণ বাঁটিয়া লেই॥

অমূত্র-

মরমে মরমে

জীবনে মরণে

জীয়ন্তে মরিল যারা।

নিতুই নৃতন

পীরিতি রতন

যতনে রাখিল তারা।

৭৮৩ নং পদ।

প্রেমের জন্ম এইরূপ মৃত্যুই লোককে প্রেমের রাজ্যে পৌছাইয়া দেয়। এইরূপ মৃত্যু না হওয়া পর্য্যন্ত প্রকৃত প্রেমের সন্ধান পাওয়া যায় না।

এখানে প্রেম ও বিজ্ঞানের দিক্ দিয়া এই মৃত্যুতত্ত্ব আলোচনা করা হইল। তান্ত্রিক মতানুযায়ী সাধনার ক্ষেত্রেও এইরূপ মৃত্যুর প্রয়োজনীয়তা স্বীকৃত হইয়াছে। একটা রাগাত্মিকা পদে আছে---

নায়িকা সাধন শুনহ লক্ষণ

যেরূপে সাধিতে হয়।

শুন্ধ কার্ছের

সম আপনার

দেহ করিতে হয়॥

४०२ नः পদ।

ইহাও শারীরিক মৃত্যুবিশেষ। সাধকের এইরূপ মরণেই সিদ্ধিলাভ হয়, এইজ্বন্তই চণ্ডীদাস বলিয়াছেন যে তিনি রক্তকিনীর প্রেমে মরিলেন।

মন্তব্য। কৃষ্ণকীর্ত্তনের বাশুলী বড়ু চণ্ডীদাসকে কাব্য রচনায় অমুপ্রেরণা দিয়াছিলেন, তাঁহার সম্বন্ধে আমরা ইহাই জানিতে পারি মাত্র। কিন্তু রাগাত্মিকা পদের বাশুলী দেবী প্রেম-সাধনার শিক্ষাগুরু। নামের সাদৃশ্য থাকিলেও এই ছুই দেবী কার্য্যকারণে পৃথক্ হইয়া পড়িয়াছেন, তাঁহাদের ব্যক্তিত্বও এক নহে।

ঙ

শুন রজকিনী রামি।
ও হুটি চরণ শীতল জানিয়া
শরণ লইন্ম আমি॥
তুমি বেদবাদিনী হরের ঘরণী
তুমি সে নয়নের তারা।
তোমার ভজনে ত্রিসন্ধ্যা যাজনে
তুমি সে গলার হারা॥
রজকিনী-রূপ কিশোরী-শ্বরূপ
কামগন্ধ নাহি তায়।
রজকিনী-প্রেম নিক্ষিত হেম
বড়ু চণ্ডীদাস গায়॥

9

এক নিবেদন করি পুনঃ পুনঃ
শুন রজকিনী রামি।

যুগল চরণ শীতল জানিয়া
শরণ লইলাম আমি ॥
রজকিনী-রূপ কিশোরী-স্বরূপ
কামগন্ধ নাহি তায়।
না দেখিলে মন করে উচাটন
দেখিলে পরাণ জুড়ায়॥

আমার রমণী তুমি রজকিনী তুমি হও মাতৃপিতৃ। ত্রিসন্ধ্যা যাজন তোমারি ভজন তুমি বেদমাতা গায়ত্রী॥ তুমি বাগ্বাদিনী হরের ঘরণী তুমি সে গলার হারা। তুমি স্বৰ্গ মৰ্ত্ত্য পাতাল পর্বত তুমি সে নয়নের তারা। তোমা বিনে মোর সকলি আঁধার দেখিলে জুড়ায় আঁথি। যেদিন না দেখি ও চাঁদ বদন মরমে মরিয়া থাকি॥ ও রূপ-মাধুরী পাসরিতে নারি কি দিয়ে করিব বশ। তুমি সে মন্ত্র তুমি সে তন্ত্ৰ তুমি উপাসনা-রস ॥ ভেবে দেখি মনে এ তিন ভুবনে কে আছে আমার আর। বাশুলী-আদেশে কহে চণ্ডীদাসে

ধোবানী-চরণ সার॥

#### ব্যাখ্যা

এই পদ তুইটা পর্য্যালোচনা করিলে দেখা যায় যে ৬ষ্ঠ পদটা ৭ম পদের সংক্ষিপ্ত সংস্করণ মাত্র। ৬ষ্ঠ পদের ১ম-৩য় পংক্তি, ৭ম পদের ২য়-৪র্থ পংক্তির অনুরূপ। তৎপরে—

কেবল ৬ষ্ঠ পদের ১০-১১শ পংক্তিদ্বয় নৃতন রচনা করিয়া সন্নিবিষ্ট হইয়াছে। অতএব দেখা যাইতেছে যে এই ৭ম পদটীই পূর্ণ পদ, তাহা হইতে কয়েকটী পংক্তি মাত্র গ্রহণ করিয়া ৬ষ্ঠ পদটা গঠিত হইয়াছে, এবং সর্ববশেষে বড়ু চণ্ডীদাসের ভণিতাটী যোগ করা হইয়াছে। বৈফব ও সহজিয়া ধর্ম্মের ক্রমিক অভিব্যক্তির ইতিহাস পর্য্যালোচনা করিয়া আমরা ইতিপূর্বেব দেখাইয়াছি যে বড়ু চণ্ডীদাসের সময়ে প্রেমসাধনামূলক সহজধর্মা প্রচলিত ছিল না। কাজেই আরোপ সাধনার এই পদ বড়ু চণ্ডীদাসের রচিত হইতে পারে না। শুধু এখানে নহে, এই পদাবলীর মধ্যে যেখানেই আমরা বড়ু ভণিতার পদ পাইয়াছি, সেখানেই দেখিয়াছি যে এ সকল পদে এইরূপ নানাপ্রকার গলদ আছে। অতএব এখানে আমরা ৬ষ্ঠ পদটী পরিত্যাগ করিয়া ৭ম পদটীর ব্যাখ্যায় প্রবৃত্ত হইব। এই পদে চণ্ডীদাস রামীকে বলিতেছেন—"তোমার চরণে আমি শরণ লইলাম। তোমার রূপ রাধার ভায়, তাহাতে কামগন্ধ কিছুই নাই : ইহা না দেখিলে আমি অস্থির হই. দেখিলে প্রাণ শীতল হয়। তুমি আমার রমণী হইয়াও আমার নিকট মাতাপিতা, গায়ত্রী, স্বর্গ, মর্ত্তা ইত্যাদির তুল্য।" এইভাবে চণ্ডীদাস রামিনীর নিকট আত্মনিবেদন করিয়াছেন। নিজের রমণীকে কেহ এই সকল কথা বলিতে পারে না, তবে যে চণ্ডীদাস বলিতেছেন তাহার কারণ এই যে রামিনীর উপর দেবত আরোপিত হইয়াছে, কাজেই এখন রামী আর রজকিনী নহেন, তিনি এখন আরোপিত দেবতার (রাধার)

প্রতিভূমাত্র। এই ভাব লইয়া চণ্ডীদাস সাধনায় প্রবৃত্ত হইয়াছেন। ইহার নাম মাসুষ-পূজা। একটা পদে আছে—

হিন্তোল রাগের মানুষ-ভজন হিন্তোল রাগের সেবা। কিবা নরনারী গন্ধর্বব কিন্নরী

কিবা দেবী আর দেবা॥

কিবা মৃগপাথী কিবা রক্ষঝাকে (?)

কিবা কীট জলচর।

হিঙ্গোল রাগেতে আরোপিত হলে

হিঙ্গোল ব্রণ তার॥

পরিষদের পদাবলী, পরিশিষ্ট (খ), ১নং পদ।

মানুষ ত শ্রেষ্ঠ জীব, কিন্তু পশুপক্ষীও হিন্দোল রাগেতে আরোপিত হইলে হিন্দোল বর্ণ প্রাপ্ত হয়। অতএব দেখা যাইতেছে যে রামীর নিকট এই সব স্তুতিপাঠ সাধারণ অবস্থায় হয় নাই, যখন আরোপিত হইয়া তিনি দৈবশক্তির প্রতিভূ হইলেন, তখনই তাঁহার স্বরূপ-প্রকাশক এই প্রকার স্তুতিপাঠ করা হইয়াছে। লোকিক পূজায় দেব মূর্ত্তির নিকট স্তব পাঠ করা হয়, আর এখানে মানুষের নিকট স্তব পাঠ করা হইয়াছে। এই জাতীয় পদের ইহাই বিশেষত্ব। এখানে আমরা ইহাই দেখিতে পাইতেছি যে আরোপ সাধনায় সাধক স্ত্রীলোককে কি ভাবে দেখিবেন। সহজিয়া সাধনার এই বিশেষত্বটী এই পদে অভিব্যক্ত হইয়াছে মাত্র। এখানে রামী-রক্তকিনীর নাম লইয়া ধর্ম্মতত্ব ব্যাখ্যাত হইয়াছে, রামীর নাম ব্যবহারের ইহাই সার্থকতা।

শীতল দেখিয়া। সহজ সাধনার বিশেষত্ব এই যে সহজ রতি শীতল হইবে। আর একটা পদে আছে—

> তাহাতে যে সাধন হবে। মেঘের বরণ রতির গঠন

> > তখন দেখিতে পাবে॥

৮०२नः পদ।

এই যে মেঘ-বরণ অর্থাৎ শীতল রতি, ইহাই সহজিয়াদের অবলম্ব্য। কারণ রমণীর সান্নিধ্যে যদি উত্তেজনার ভাব মনে উদিত হয়, তাহা হইলে তাহাতে কামের উদ্রেক হয় মাত্র, প্রেম সাধনা হয় না। একস্ত সহজিয়ারা রতির তাপিত ভাব একেবারে বর্জন করিয়াছেন। আর একটী পদে আছে—

> কাম দাবানল রভি সে শীতল, ইত্যাদি। ৭৭৯নং পদ।

অর্থাৎ উত্তেজনাই কামের লক্ষণ, তাহা বর্জ্জন করিতে হইবে, আর তৎপরিবর্ত্তে স্নিগ্ধ, শাস্ত, শীতলতা-সমন্থিত যে রতি তাহাই অবলম্বন করিবে। এইরূপ ভাব লইয়া আরোপ সাধনা করিতে হয় বলিয়া চণ্ডীদাস রামীকে বলিতেছেন যে যেহেতু তাঁহাকে দেখিয়া তাঁহার (চণ্ডীদাসের) মনে কোন প্রকার কামভাবের উদয় হয় না, অতএব তিনি তাঁহার শরণ লইলেন অর্থাৎ সাধনার জ্বন্থ তাঁহাকে অবলম্বন করিলেন। এইরূপ লক্ষণ দেখিয়া নায়িকা মনোনীত করিয়া সহজ্ব সাধনায় প্রবৃত্ত হইতে হইবে ইহাই বক্তব্য!

রজ্ঞকিনী-রূপ ইত্যাদি। রজ্ঞকিনীকে দেখিলে কেন শীতল রতির উদয় হয়, তাহা বলা হইতেছে। রজ্ঞকিনীর রূপে রাধার অক্ষের জ্যোতি ফুটিয়া উঠিয়াছে, এইরূপ বোধ হওয়াতে তাহা কামগন্ধহীন বলিয়া প্রতীতি জন্মাইতেছে। কোন দেবী প্রতিমা দেখিয়া যেমন সাধকের হৃদয় ভক্তিতে পরিপূণ হয়, ইহা সেই ধরণের অমুভূতি। নায়িকা যখন সাধনার জন্ম আরোপিত হইবেন, তখন সাধক ভাবিবেন যে তাঁহার অক্ষেরাধার অক্ষচ্ছটা ফুটিয়া উঠিয়াছে। স্থধামৃত-ক্ষিকা গ্রন্থে আছে—

কিশোরী-স্বরূপ-রূপ যেখানে দেখিবে। সেরূপ নায়িকা-অন্ধ নয়নে রাখিবে॥

উচাটন ইত্যাদি। কামের বশীভূত হইতে হইবে না সত্য, কিন্তু সে জ্মন্ত নায়িকার প্রতি যে প্রাণের টান থাকিবে না তাহা নহে। যাহার প্রতি প্রেম জ্মে নাই তাহাকে লইয়া প্রেমের সাধনা করা চলে না, ইহা সহজ কথা। অতএব নায়িকার জন্ম আন্তরিক ব্যাকুলতা থাকা দরকার। নায়িকাসাধন-টীকাতে আছে—

রূপে গুণে সমান যে, অদ্ভূত সে নারী ॥ ভাবদারে হঠাৎকারে আসিয়া মিলিবে। নয়নে লাগিয়া রূপ হৃদয়ে পশিবে॥

# হৃদয়ে পশিয়া মন করে আকর্ষণ। ততুপরি করিবেক তাহার সাধন॥

কাজেই নায়িকার প্রতি আকর্ষণ থাকাও দরকার, কিন্তু তাহাতে যেন কামের উদ্রেক না হয়, ইহাই দেখিতে হইবে।

তুমি রজকিনী ইত্যাদি। চণ্ডীদাস বলিতৈছেন—"রজকিনি, তুমি আমার নায়িকা হইলেও, এখন আরোপিত হইয়া দেবত্বের বিশেষত্ব প্রাপ্ত হইয়াছ, অতএব এখন তুমি এমন পর্য্যায়ে অধিষ্ঠিত হইয়াছে যে ভোমাকে মাতা, পিতা, গায়ত্রী, সরস্বতী বা শিবানীও বলা যায়। এই নূতন অধিষ্ঠানে "ব্রহ্মাণ্ড ব্যাপীয়া আছ্য়ে যে জন" তুমি তাঁহার প্রতীক হইয়াছ, কাজেই বলা যাইতে পারে যে স্বর্গ, মর্ত্তা, পাতাল, প্রব্বত প্রভৃতি ভোমাতেই অধিষ্ঠান করিতেছে।"

তোমা বিনে ইত্যাদি। এখানে প্রথমতঃ নায়িকার জন্ম ব্যাকুলতা, তৎপরে তাঁহার দর্শনে স্নিগ্ধ ভাবের অনুভূতির বিষয় কথিত হইয়াছে। ইহার ব্যাখ্যা ইতিপূর্বেক করা হইয়াছে। পরবর্তী অংশেও এই ধারাই চলিয়াছে, ইহাতে নূতনত্ব কিছুই নাই।

মন্তব্য। পূর্বেবাক্ত আলোচনা হইতে স্পষ্টই বুঝা যায় যে ৭ নম্বরের পদটাতেই স্থশুখলার সহিত বিষয়টা আলোচিত হইয়াছে। ৬ নম্বরের পদটা ইহার সংক্ষিপ্ত সংক্ষরণ মাত্র, তাহার শেষ তুই পংক্তিতেই কিছু নৃতনত্ব আছে। প্রেম নিক্ষিত হেমসদৃশ হইলে কামগন্ধহীন এবং বিকার্রহিত হইবে, এই ভাবের শেষ তুই পংক্তি, "কামগন্ধ নাহি তায়" ইহার ব্যাখ্যা মাত্র।

Ь

পুন আরবার আসি তরাতর

বাশুলী জগতমাতা।

ধরিয়া রামিনী কহিছেন বাণী

শুনহ আমার কথা।।

যাহা কহি বাণী শুনহ রামিনী

এ কথী ভুবন-পার।

পরকীয়া রতি করহ আরতি

সেই সে ভজন-সার॥

চণ্ডীদাস নামে আছে একজন

তাহারে আরোপ কর।

অবশ্য করিলে নিত্যধামে যাবে

আমার বচন ধর॥

নেত্রে বেদ দিয়া সদাই ভজিবা

আনন্দে থাকিবা তবে।

সমুদ্র ছাড়িয়া নরকে যাইবা

ভজন নাহিক হবে॥

আর তিন দিয়া বেদে মিশাইয়া

সতত তাহাই যজ।

নিত্য একমনে ভাব রাত্রিদিনে

মম পদ সদা ভজা।

ব্যভিচারী হৈলে প্রাপ্তি নাহি মিলে

নরকে যাইবে তবে।

রতি স্থির মনে ভাব রাত্রি দিনে

সহজ পাইবে তবে॥

আর এক বাণী শুনহ রামিনী

এ কথা রাখিও মনে।

বাশুলী-আদেশে কতে চণ্ডীদাসে

এ কথা পাছে কেহ শুনে ॥

#### ব্যাখ্যা

ইহাও একটা আরোপ সাধনার পদ। এই সাধনায় পুরুষ যেরূপ দ্রীলোককে আরোপ করে, দ্রীলোকও সেইরূপ পুরুষকে আরোপ করিয়া থাকে, ইহাই প্রথা। ১ নম্বরের পদটীতে বাশুলী চণ্ডীদাসকে আরোপ সাধনার উপদেশ দিয়াছিলেন, আর এই পদটীতে রামীকে আরোপ সাধনার উপদেশ দেওয়া হইয়াছে। এই সকল পদ-রচিয়িতার কেশিল এই যে তিনি দণ্ডীদাস রামীও বাশুলী দেবীর নাম গ্রহণ করিয়া সহজতত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন। বাস্তব ঘটনার সহিত যে ইহার কোন সম্পর্ক নাই, তাহা পদগুলির উদ্দেশ্য দেখিলেই ধরা পড়ে।

আরোপ সাধনায় নায়িকার করণীয় কি তাহা এই পদে ব্যাখ্যাত হইয়াছে, আর ১ নম্বরের পদটীতে নায়কের করণীয় কি তাহাই বলা হইয়াছে। অতএব এই চুই পদে যে ভাবের সামঞ্জন্ম থাকিবে, তাহা স্পান্টই বুঝা যায়। বাশুলী আসিয়া চণ্ডীদাসকে আরোপ সাধনা করিতে বলিতেছেন, এই ভাবে ১ নম্বরের পদটী আরম্ভ হইয়াছে, আর তিনিই রামিনীকে আরোপ সাধনার উপদেশ দিতেছেন, এই ভাবে আলোচ্য পদটী আরম্ভ হইয়াছে। বাশুলীর এইরূপ করার কারণ কি, তাহা ১ নম্বরের পদেই বলা হইয়াছে। তিনি নিত্যদেব কর্তৃক আদিষ্ট হইয়া সহজতত্ব ব্যাখ্যা করিতে আসিয়াছেন। কাজেই নায়ককে তিনি যাহা বলিয়াছেন, সেইরূপ উপদেশ নায়িকাকে না দিলে তাঁহার কার্য্য অসম্পূর্ণ রহিয়া যায়, এজন্যই আলোচ্য পদটীর অবতারণা।

পুন আর বার। একবার তিনি চণ্ডীদাসকে উপদেশ দিতে আসিয়াছিলেন, এখন রামীকে ধর্মা শিক্ষা দিতে আসিয়াছেন, এজগুই পুন শব্দ ব্যবহৃত হইয়াছে।

বাশুলী জগতমাতা। এই বাশুলী নামুরের গ্রাম্য দেবতা নহেন, তিনি জগতের মাতৃস্বরূপিণী। নিত্যের আনন্দদায়িনী শক্তির প্রতিভূ বলিয়া তাঁহার এই আখ্যা সঙ্গত হইয়াছে। বস্তমতী-সংস্করণ, ও পদরত্বাবলীতে "বাশুলী" স্থানে "রামিনী" পাঠ মুদ্রিত হইয়াছে। এই পদে রামিনী ছাত্রী এবং বাশুলী শিক্ষয়িত্রী। তিনি আসিয়াই রামীকে বলিতেছেন, এই পাঠই সঙ্গত।

"যাহা কহি বাণী, শুনহ রামিনী", ইহার সহিত ১ নম্বর পদের "যাহা কহি আমি, তাহা শুন তুমি" ইহা তুলনীয়। আর-

পরকীয়া রতি

করহ আরতি

সেই সে ভজন সার।

ইহার সহিত ১ নম্বর পদের—

রতি পরকীয়া থাহারে কহয়ে

সেই সে আরোপ সার।

ইহা তুলনীয়। তৎপরে আলোচ্য পদটীতে রামীকে উপদেশ দেওয়া ইইয়াছে, তিনি যেন চণ্ডীদাসকে আরোপ করেন, আর ১ নম্বরের পদে রামীকে আরোপ করিতে চণ্ডীদাসকে উপদেশ দেওয়া হইয়াছিল। এই আরোপের ব্যাখ্যা পূর্বেবই করা হইয়াছে। পরস্পারের এইরূপ আরোপেই সহজ সাধনায় সিদ্ধি-লাভ হয়।

পরকীয়া। বৈষ্ণবগণ ধর্ম-বাণ্যায় এই শব্দটী ব্যবহার করিয়াছেন। তাঁহাদের পরকীয়া-বাদ দার্শনিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত, আর তাহাই অবলম্বন করিয়া বৈষ্ণবধর্মের গোড়াটাই গড়িয়া উঠিয়াছিল। লোকসমাজে পরকীয়ার একটা সঙ্কীর্ণ অর্থ আছে, নীতি ও সুরুচির দোহাই দিয়া অনেকেই তাহার প্রতি কটাক্ষ করিয়া থাকেন। বৈষ্ণবেরা কিন্তু পরকীয়ার ভাব মাত্র গ্রহণ করিয়া পরমার্থতত্ত্ব প্রচার করিয়াছেন। পূর্বববর্ণিত একটা সহজ্ঞিয়া পদের ভাষায় বলিতে গেলে ইহাকে বলে সামাগুকে বিশেষে পরিবর্ত্তিত করা। কি প্রণালীতে ইহা করা হইয়াছে পরবর্ত্তী আলোচনায় তাহা পরিফুট হইবে। এই বিষয় অতি সংক্ষেপে প্রথম পদের ব্যাখ্যায় আলোচিত হইয়াছে। রমণী লইয়া সাধনার প্রথা ভারতবর্ষে অতি প্রাচীনকালেও বর্ত্তমান ছিল। শৈব তন্ত্রের মতে চক্র-সাধনায় পরকীয়া গ্রহণ করিবার ব্যবস্থা আছে। ইহার সহিত তুলনা করিলে বৈঞ্চব সহজিয়াদের পরকীয়ার বিভিন্নতা পরিলক্ষিত হইবে।

রূপগোস্বামীকৃত উজ্জ্বলনীলমণি গৌডীয় বৈষ্ণবগণের রসশাস্ত্রের আদি গ্রন্থ। তাহাতে পরকীয়া ব্যাখ্যা করিতে যাইয়া তিনি লিখিয়াছেন যে ইহলোক ও পরলোক-সম্বন্ধীয় ধর্ম্মবিধি উপেক্ষা করিয়া যে রমণী অমুরাগবশতঃ পরপুরুষে ( যাহার সহিত শাস্ত্রানুসারে বিবাহ হয় নাই ) আত্মসমর্পণ করেন তিনিই পরকীয়া। আবার পুরুষের সম্বন্ধেও বলা হইয়াছে যে শান্তের বিধানাসুঘায়ী স্বীকৃতা হয় নাই, এমন রমণীকে ভালবাসার নাম পরকীয়া প্রেম। এই সূত্রে রূপগোস্বামী স্পষ্ট করিয়া বলিয়া দিয়াছেন সে কেবল নামমাত্র ভালবাসিলেই হইবে না, প্রাণদিয়া এমনভাবে ভালবাসিতে হইবে যেন সেই রমণীর প্রেম পুরুষের সর্বস্ব হয় (উজ্জ্বলনীলমণি, নায়কভেদ ও কৃষ্ণবল্লভা প্রকরণ দ্রুষ্টব্য)। অতএব বৈষ্ণবমতে পরকীয়া রমণী বা পুরুষের প্রধান অবলম্বনীয় প্রেম, একমাত্র প্রেমের জন্মই দ্রীপুরুষের মিলন হইতে পারে, অন্য কোন কারণে নহে।

তন্ত্রেও পরকীয়া গ্রহণ করিবার ব্যবস্থা আছে, কিন্তু তাহাতে প্রেম সাধনার কথা কোথাও বলা হয় নাই। বৈঞ্চব পরকীয়া ও তান্ত্রিক পরকীয়ার ইহাই হইতেছে সর্বব্রপ্রধান বিশেষত্ব। এই বিশেষত্বের প্রধান কারণ এই যে উভয় সম্প্রদায়ের সাধনার উদ্দেশ্য বিভিন্ন প্রকারের। তান্ত্রিকগণ পরকীয়া গ্রহণ করিয়া শক্তি সাধনা করেন; রমণীর সহবাসে বিবিধ বাহ্য প্রক্রিয়ার সাহায্যে তাঁহারা অন্তুত শক্তি লাভের প্রয়াসী মাত্র। প্রেমের সাধনা তাঁহাদের উদ্দেশ্য নয় বলিয়া পরকীয়া ব্যাপারে তাঁহারা প্রেমের কল্পনাও করেন নাই। বৈশ্ববের। প্রেমের সাধক, তাই প্রেমভিন্ন পরকীয়ার কল্পনা করিতে পারেন নাই। ইহাই উভয় সম্প্রদায়ের আদর্শের বিভিন্নতার প্রধান কারণ।

অবলম্বনযোগ্যা রমণীর বর্ণনায় তন্ত্রে জাতি, বর্ণ, বয়স, বিবাহিতা, অবিবাহিতা প্রভৃতির বিষয় উল্লিখিত হইয়াছে, কিন্তু রাগের কথা বলা হয় নাই। বৈষ্ণবগণ এই সকল বাছ বিশেষত্বের দিকে ততটা দৃষ্টিপাত না করিয়া রাগকেই প্রাধান্ত দিয়াছেন। সহজ্ঞিয়ারা আরও উদারভাবে ইহা গ্রহণ করিয়াছেন। যাহাকে অবলম্বন করিলে চিত্ত স্থির হয় এমন রমণীকেই গ্রহণ করিবার বিধি তাঁহারা দিয়াছেন। ইহাতে জাতি, বর্ণ প্রভৃতি বাছ বিশেষত্বের বিচার করা হয় নাই—

যথা চিত্ত স্থির হয় তথা কর স্থিতি।

রসসারগ্রন্থ।

অগ্যত্র---

কিশোরী-স্বরূপ-রূপ যেখানে দেখিবে। সেরূপ নায়িকা-অঙ্গ নয়নে রাখিবে॥

স্থামৃতকণিকা।

অর্থাৎ, বয়স, বর্ণ ও প্রেমে নায়িকা কিশোরী তুল্যা হইবেন, আর জাতিতে হুইবেন "স্বজ্বন," যেমন—

> শুন গো সজনি আমার বাত। পীরিতি করিবি স্থজন সাত॥

অমূত্র---

## আপনা বুঝিয়া স্থক্তন দেখিয়া পীরিতি করিব তায়।

৭৮৩ ও ৭৮৪ নং পদ।

আর শক্তিতে তিনি হইবেন সিংহিনীর স্থায়—
রতিনিষ্ঠা নায়িকা সিংহতুল্যা গণি।

নিগৃঢ়ার্থপ্রকাশাবলী।

ইহাতে স্পষ্টই দেখা যায় যে ভাবরাজ্যের সাধনায় সহজিয়ারা বা জাতিবর্ণ-ঘটিত বিশেষত্ব অগ্রাহ্ম করিয়া নায়ক-নায়িকার আভ্যন্তরীণ রূপগুণের প্রতিই দৃষ্টিপাত করিয়াছেন। এইভাবে তাঁহারা পরকীয় আদর্শের উন্নতি-বিধান করিয়াছেন।

জাতিকুল বাছিয়া শান্তবিহিত ব্যবস্থামুযায়ী স্ত্রীপুরুষের প্রকাশ্যভাবে যে মিলন তাহাই সাধারণত লোক সমাজে বিবাহ বলিয়া কথিত হয়। এইরূপে স্বীকৃতা রমণীকে স্বকীয়া বলে। রূপগোস্বামী স্বকীয়ার ব্যাখ্যা করিতে যাইয়া বলিয়াছেন যে কেবল বিবাহ হইলেই স্বকীয়া হয় না, কিন্তু বিবাহিতা পত্নীকে "পত্যুরাদেশতৎপরা" এরং "পাতিব্রত্যাদবিচলা" হইতে হইবে: অর্থাৎ স্বামীর প্রতি অবিচলিত প্রেম এবং সর্ববতোভাবে তাঁহার আক্রামুবর্ত্তিতা না জন্মিলে বিবাহিতা স্ত্রীও স্বকীয়ালক্ষণযুক্ত হয় না (উঙ্জ্বলনীলমণি, ক্ষাবল্লভাপ্রকরণ, ৩ দ্রফ্টব্য )। উক্ত গ্রন্থের টীকাতে জীবগোস্বামী লৌকিক বিবাহকে "বহিরঙ্গ প্রক্রিয়াত্বক ধর্ম্ম" বলিয়াছেন। তাঁহার মতে অন্তরঙ্গ বিবাহ "রাগেনৈবার্ণিতাত্মা" হুইলে, তবে সংঘটিত হয়। ইহাতে স্পায়টই বুঝা যায় যে অমুরাগকেই গোস্বামিগণ বিবাহের সর্ব্বপ্রধান অঙ্গ বলিয়া ধরিয়া লইয়াছেন। অতএব দাঁড়াইল এই যে অমুরাগহীন পতি-পত্নীর মিলন স্বকীয়াধৈন্দ্রামুমোদিত নহে, এবং অমুরাগ থাকিলে নায়কনায়িকার মিলনও স্বকীয়ালক্ষণাক্রান্ত হয়। এই অমুরাগের প্রধান লক্ষণই এমন একনিষ্ঠতা, যাহাতে পরস্পরের বন্ধন স্থায়ী হইতে পারে। এই স্থায়িত্বের প্রতি লক্ষ্য রাখিয়া সহজিয়ারা প্রেমের প্রশক্তি প্রস্তুত করিয়াছেন। ইন্দ্রিয়ন্ত্রথ ভোগকরা যে তাঁহাদের সাধনার উদ্দেশ্য নহে, তাহা আমরা ইতিপূর্কে আলোচনা করিয়াছি, অফাস্থ পদের ব্যাখ্যায় তাহা আরও পরিক্ষৃট হইবে।

এজন্য তাঁহাদের নায়কনায়িকার সম্বন্ধ ক্ষণিকের বা ছুই-এক দিনের জন্য নহে, নায়কনায়িকা ইচ্ছামুরূপ নিত্য নূতন পরকীয়া গ্রহণ করিবে এইরূপ বিধিও তাঁহাদের শাস্ত্রে নাই। প্রণয় আমরণস্থায়ী হইবে ইহাই সহজিয়া মতের গোড়ার কথা। একটা পদে আছে—

স্থজন পীরিতি পরাণ রেখ। পরিণামে কভু না হবে টোট॥ ঘষিতে ঘষিতে চন্দন-সার। দ্বিগুণ সৌরভ উঠয়ে তার॥

৭৮৪ নং পদ।

অগ্যত্র---

স্থজনে স্থজনে . অনন্ত পীরিতি শুনিতে বাড়ে যে আশ।

৭৮৩ নং পদ।

এবং এই পীরিতি মরণান্তস্থায়ী হইবে—
সহজ পীরিতি না ছাডে মৈলে।

ዓ৮৫ নং পদ।

স্বায়ী অনুরাগ ভিন্ন ইহা হয় না, তাই বলা হইয়াছে—

রতি স্থির মনে ভাব রাত্রি দিনে

সহজ পাইবে তবে।

११३ नः श्रम।

অগ্যত্র—

নৈষ্ঠিক হইয়া ভজন করিলে পদ্ধতি সাধক হই।

৭৯৫ নং পদ।

শুধু তাহাই নহে, নায়কনায়িকার পীরিতি এমন গাঢ় হইবে যে পরস্পরের প্রতি অমুরাগবশতঃ তাহারা জীয়স্তে' মরিয়া যাইবে—

> মরমে মরমে জীবনে মরণে জীয়ন্তে মরিল থারা। নিতুই নূতন পীরিতি রতন যতনে রাখিল তারা।

> > ৭৮৩ নং পদ।

প্রভাত--

# নয়নে নয়নে থাকে ছুইজনে যেন জীয়ন্তে মরা॥

१४) नः शर्म।

এই ভাবে যে সাধনা করিতে হয়, তাহাতে ভ্রম্টাচারের স্থান নাই। ইহা হইতে সহজ পীরিতির প্রকৃত স্বরূপ ধরা পড়ে। সহজিয়ারা নবরসিকের দল স্থাষ্টি করিয়াছেন, এবং প্রত্যেক গোস্বামীর এক একটা প্রকৃতির সন্ধানও দিয়াছেন, কিন্তু এমন কথা তাঁহারা বলেন নাই যে এই সকল রসিকেরা নিত্য নূতন প্রকৃতি গ্রহণ করিতেন। এইরূপ আচার তাঁহাদের ধর্ম্মবিরুদ্ধ, এবং প্রেম-সাধনার অন্তরায়-স্বরূপ।

তান্ত্রিকদিগের এই নিষ্ঠার প্রতি মোটেই দৃষ্টি নাই। প্রথমতঃ, তাঁহারা লোকিক বিবাহ গহিত বলিয়া ঘোষণা করিয়াছেন—

> উদ্বাহিতাপি যা নারী জানীয়াৎ সা তু গর্হিতা। উদ্বোঢ়াপি ভবেৎ পাপী সংসর্গাৎ কুলনায়িকে॥ বেশ্যাগমনজং পাপং তম্ম পুংসো দিনে দিনে। তদ্ধস্তাদন্মতোয়াদি নৈব গৃহুন্তি দেবতাঃ॥ মহানির্ববাণ্ডন্ত।

অর্থাৎ – লোকিক বিবাহ গর্হিত, এইরূপে বিবাহিত স্ত্রীর সংসর্গে পুরুষ পাপী হয়, তাহাদের হস্তপ্রদত্ত অন্ধজল দেবতারা গ্রহণ করেন না। এই ভাবে লোকিক বিবাহকে অগ্রাহ্য করিয়া চক্রমধ্যে যে শৈববিবাহ হয় তাহাই প্রশস্ত বলিয়া ঘোষণা করা হইয়াছে—

শৈববিবাহো দ্বিবিধঃ কুলচক্রে বিধীয়তে। চক্রস্থা নিয়মেনৈকো দ্বিতীয়ে জীবনাবধি॥

ঐ

চক্রের নিয়মে যে বিবাহ তাহার স্থিতিকাল চক্রের স্থায়িত্ব পর্য্যস্ত, অতএব তাহা পুনঃপুনঃ সংঘটিত হইতে পারে।

তন্ত্রের এই পরকীয়া বাদে অনুরাগের নাম মাত্রও উল্লিখিত হয় নাই। অতএব দেখা যাইতেছে যে সহজিয়াদের পরকীয়ার ধারণা তন্ত্রের পরকীয়া হইতে এই বিষয়েও শ্রেষ্ঠস্থানীয়। তান্ত্রিকগণ শক্তি-সাধনায় পঞ্চ মকার লইয়া সাধনা করেন, কিন্তু সহজিয়াদের প্রেমের সাধনায় এই সকল বালাই নাই। তান্ত্রিক প্রক্রিয়াগুলি উগ্র প্রকৃতির, সহজিয়া ভজন শান্ত রসাত্মক। উভয় ধর্ম্মে পরকীয়ার ব্যবস্থা থাকিলেও তাহাদের সাধনার প্রকৃতি, উদ্দেশ্য, এবং প্রক্রিয়া বিভিন্ন প্রকারের।

পরকীয়ার এরূপ নূতন ধারণা সহজিয়ারা কোথা হইতে পাইলেন ? তান্ত্রিকদের নিকট হইতে ইহা গ্রহণ করা হয় নাই, কারণ আমরা পূর্বেই দেখাইয়াছি যে এই জাতীয় পরকীয়া তাঁহাদের মধ্যে প্রচলিত ছিল না। বােদ্ধ সহজিয়া ধর্মের অনেক গ্রন্থ অধুনা আবিক্ষত হইয়াছে, তাহাদের অধিকাংশ হইতেই জ্ঞানমার্গীয় সাধনার কথা জানিতে পারা য়ায়, প্রেমমার্গীয় ভজনের নিদর্শন সেগুলিতে নাই বলিলেই চলে। তথাপি বােদ্ধদের ঋণ আমরা স্বীকার করিতে পারিতাম, যদি সহজিয়া গ্রন্থাদিতে বােদ্ধ গ্রন্থাদির উল্লেখ থাকিত। সহজিয়ারা তান্ত্রিকদের নিকট হইতে যে ধার করিয়াছেন তাহা মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন, বোদ্ধদের নিকট হইতে কিছু গ্রহণ করিলে তাহারও উল্লেখ করিতেন। বস্তুতঃ বােদ্ধগ্রন্থ বঙ্গদেশ হইতে সে ভাবে লুপ্ত হইয়া গিয়াছে তাহাতে মনে হয় না যে বােদ্ধ সহজিয়া কোন গ্রন্থের নাম সহজিয়ারা অবগত ছিলেন। আজ এত অমুসন্ধানের ফলেও আমরা তাহাদের সম্বন্ধে অতি সামান্তই জানিতে পারিয়াছি। আবার ওদিকে দেখা যায় যে সহজিয়ারা রূপসনাতন প্রভৃতি গোম্বামীদের গ্রন্থ, এবং চৈতন্যচরিতায়তের কথা পুনঃ পুনঃ উল্লেখ করিয়াছেন, এবং বলিয়াছেন যে তাঁহাদের ধর্ম্ম গোম্বামীদের শিক্ষা-প্রসূত:

বিবর্ত্তয়ে ধর্ম্ম গোসাঞি স্বরূপ হইতে। আসিয়া প্রকাশ হইল রসিক ভকতে॥

বিবর্ত্তবিলাস।

চৈতক্ততত্ত্বের রূপ সীমা রতিশূর। রাগমতে প্রকাশিলা প্রেমতত্ত্পুর॥

রসকদম্বকলিক।।

স্বরূপ, রূপ, আর রঘুনাথ দাস। এ তিন প্রসাদে মাধুর্য্য জগতে প্রকাশ॥

রতিবিলাসপদ্ধতি।

জ্রীরূপ ব্রব্ধলীলা করিল বিস্তার। পরকীয়া মত তাহা করিল প্রচার॥

বিপু—৫৫৯।

অগ্যত্র---

কহিমু ব্রব্ধের রস গৌরলীলা শুন!
শ্রীকবিরাজ গোসাঞি গ্রন্থে লিখে পুনঃ পুনঃ ॥
শ্রম্ভরসাবলী।

সর্ব্যরসতত্ত্বসার গ্রন্থ মহাশূর। কবিরাজ গোসাঞি ইথে আশয় প্রচুর॥

রসতত্ত্বসার।

জয় শ্রীকবিরাজ ঠাকুর রুফদাস। তোমার করুণা বলে করিয়ে প্রকাশ॥

অমৃতরত্নাবলী।

এই জাতীয় উল্লেখ সহজিয়া গ্রন্থে সর্বব্রিই পাওয়া যায়। বস্তুতঃ এমন সহজিয়া গ্রন্থ অতি কমই আছে যাহাতে চরিতামূতের কথা উল্লিখিত হয় নাই, অথবা গোস্বামী দিগকে গুরুস্থানীয় বলিয়া স্বীকার করা হয় নাই। এই সকল প্রমাণের উপর নির্ভর করিয়া ইহা বলাই যুক্তিযুক্ত যে সহজিয়ারা পরকীয়ার ধারণা বৈষ্ণবদের নিকট হইতে গ্রহণ করিয়াছেন।

বৈষ্ণবগণই সর্ববি প্রথমে পরকীয়ার শ্রেষ্ঠত্ব স্থীকার করিয়াছেন। নায়কনায়িকা-বিচারে চৈতন্যপূর্ববর্তী আলঙ্কারিকগণ (সাহিত্যদর্পন, ৯৬, ১০৮১১০; শৃঙ্কারতিলক, ১।৪৬, ৮৭; কাব্যালঙ্কার ১২।১৬, ৩০; রতিরহস্থ, ১।২৭;
সাহিত্যসার, ১০।২; প্রভৃতি ) পরকীয়ার উল্লেখ করিয়াছেন বটে, কিন্তু অতি
সংক্ষিপ্তভাবে। পরকীয়াকে রসাভাস বলিয়া রসপর্য্যায়ে স্থান দিভেও তাঁহারা
কুন্ঠিত হইয়াছেন। কেবলমাত্র ভারতের আদি রসিক ভরতমুনি পরকীয়াজাতীয়
প্রেমকে মন্মধসম্বন্ধীয় পরমা রতি বলিয়াছিলেন; রপগোস্বামী তাহাই
অবলম্বন করিয়া পরকীয়া ব্যাখ্যা করিয়াছেন, এবং বৈষ্ণব ধর্ম্মে মূলতঃ পরকীয়ার
শ্রেষ্ঠত্ব স্থীকার করিয়াছেন। সেই সময় হইতে পরকীয়া বৈষ্ণব শান্তের রসপর্য্যায়ে
স্থান লাভ করিয়া আসিতেছে। চরিতামৃতকার লিখিয়াছেন—

পরকীয়া ভাবে অতি রসের উল্লাস। ব্রহ্ম বিনা ইহার ক্ষম্মত্র নাহি বাস॥ এই একটা মাত্র শ্লোকে বৈশুব দর্শন ও পরকীয়ার গৃঢ়তত্ত্ব নিহিত রহিয়াছে। ইহার অর্থ এই নয় যে একমাত্র ব্রজ্ঞধানেই পরকীয়া চর্চচা করা যায়, অহ্যত্র নহে। বাইবেলে আছে যে, ভগবান্ নিজমূর্ত্তির অনুযায়ী মানুষ স্থান্তি করিয়াছেন। ইহার অর্থ ইহা নহে যে মানুষের বা চেহারা ভগবানের হ্যায়। যে সকল গুণে ভগবানের ভগবান্ত্ব, সেই সকল গুণের অধিকারী করিয়া মানুষকে স্থান্তি করিয়াছেন, ইহাই ইহার প্রকৃত মর্মার্থ।

সেইরূপ পূর্বেবাক্ত শ্লোকের ব্যাখ্যা এই যে পরকীয়া ভাবে অত্যন্ত রসের উন্মেষ হয়, এবং ইহার মূল ব্রজভাবের সাধনার মধ্যে নিহিত আছে, অশুত্র নহে। এখন এই ব্রজভাবের সাধনা কি ? এই সম্বন্ধে আমরা ১নং পদের ব্যাখ্যায় আলোচনা করিয়াছি। ইহা ঐশর্য্য ও মাধুর্য্য ভাবাত্মক উপাসনার ক্রমনির্দেশ মাত্র। কৃষ্ণে ভগবান্য আরোপ করিয়া যে সাধনা তাহাই ঐশর্য্যভাবাত্মক। তাহাতে ভগবান্কে নিতান্ত আপনার জনের শুায় ভালবাসা যায় না বলিয়া প্রেমোপাসক বৈষ্ণবগণ ইহা স্বর্থন করেন নাই। তাহাদের মতে কুষ্ণের ব্রজলীলাই প্রেষ্ঠতর। ব্রজ্বামে কেহ তাহাকে পুত্রের শুায়, কেহ স্থার শুায়, কেহ বা পতির শুায় ভালবাসিয়াছিল। ইহাতে তাহারা তাহাকে যতটা আপনার করিয়া লইতে পারিয়াছিল, অশু কেহ সেরূপ পারে নাই। কাজেই এই উপাসনা প্রকৃত মাধুর্য্যভাবাত্মক বলিয়া বৈষ্ণবগণ ইহাকেই ক্রেষ্ঠস্থান প্রদান করিয়াছেন। দাস্থা, স্থা, বাৎসলা ও মধুর ভেদে ইহার চারিটী ক্রম নির্দিষ্ট হইয়াছে, তমধ্যে মধুরই যে শ্রেষ্ঠতম তাহাও তাহারা নির্দেশ করিয়াছেন—

সর্বব রস হৈতে শৃঙ্গারে অধিক মাধুরী।

চরিতামৃত, আদির চতুর্থে।

এই মধুর আবার স্বকীয়া-পরকীয়া-ভেদে দ্বিবিধ, তন্মধ্যে পরকীয়াতে রসের অধিক উন্মেষ হয় বলিয়া ইহাই শ্রেষ্ঠতর। এই কথা বলিতে যাইয়াই কবিরাজ্প গোস্বামী উক্ত শ্লোকটা লিপিবদ্ধ করিয়াছেন। অতএব আমরা দেখিতে পাইতেছি যে পরকীয়ার বীজ মাধুর্য্য ভাবের (অর্থাৎ ব্রজলীলামূলক) উপাসনার মধ্যে নিহিত আছে। এজগ্রই বলা হইয়াছে যে অগ্যত্র অ্র্থাৎ ঐশ্বর্য্য ভাবের উপাসনায় খাঁটি পরকীয়া ভাব থাকিতে পারে না। দৃষ্টান্তও দেওয়া যাইতে পারে। কৃষ্ণের ব্রজ্বলীলার বর্ণনা ভাগবতে আছে, কিন্তু তাহা ঐশ্ব্যমিশ্রিত মাধুর্য্যময়। রাসেও এক কৃষ্ণ শত কৃষ্ণ হইয়া, এবং মায়াপ্রভাবে গোপদিগকে ভুলাইয়া

নিজের ঐশ্বর্য ভাবের অর্থাৎ ঐশ্বরিক শক্তির পরিচয় দিয়াছিলেন, কাজেই তাহা পূর্ণ মাধুর্য্যময় হয় নাই। এজন্ম বলা হইল যে একমাত্র পূর্ণ মাধুর্য্যের মধ্যেই খাঁটি পরকীয়া ভাব আছে, অন্মত্র নহে।

এই শিক্ষা চৈতন্য-প্রবর্ত্তিত বৈশ্বব ধর্ম্মের সর্ববপ্রধান নূতনত্ব। ভগবদ্-প্রীতি ইহার পূর্বের কেহ এমন ভাবে বর্ণনা করেন নাই। ভাগবতে ছিল ভক্তিবাদ, অর্থাৎ ঈশরে মানুষে ভালবাসা; আর চৈতন্যদেব তাহার স্থানে আনিলেন প্রেমবাদ, অর্থাৎ ঈশরকে মনুষ্য পর্য্যায়ে নামাইয়া আনিয়া মানুষে মানুষে ভালবাসা। ভক্তিস্থানে প্রেমের প্রচার তিনিই বঙ্গদেশে সর্বব্রথম করিয়াছিলেন, ইহা সর্ববাদিসম্মত। কাজেই ইহাও নিঃসন্দেহে বলা যায় যে প্রেমমার্গীয় পরকীয়ার প্রচার এই সময় হইতে আরম্ভ হয়, ইহার পূর্বের ছিল না।

সাধারণতঃ লোকে পরকীয়ার প্রতি অবজ্ঞা প্রদর্শন করে। কিন্তু পরকীয়া যে রসশ্রেষ্ঠ তাহা ভাবুক, কবি, ভক্ত প্রভৃতি সকলেই স্বীকার করিয়াছেন। নায়ক-নায়িকার নাম উল্লেখ করিয়া আমরা পরকীয়া ব্যাখ্যা করিয়া থাকি, কিন্তু পার্থিব নামগুলি, যেমন তুম্মন্ত-শকুন্তলা, চণ্ডীদাস-রামী প্রভৃতি সংজ্ঞা মাত্র, যাহার সাহায্যে প্রেমলীলা বর্ণিত হইয়া থাকে। তৎপরিবর্ত্তে রাধাকৃষ্ণ, কিংবা ভক্ত ও ভগবান্ নাম গ্রহণ করিয়াও সেই প্রেমলীলাই বর্ণনা করা যাইতে পারে। আসল উদ্দেশ্য হইল নানাদিক্ দিয়া প্রেমের বিভিন্নরূপ প্রদর্শন করা, তাহা যে নাম গ্রহণ করিয়াই করা যাউক না কেন, তত্ত্বের হিসাবে তাহাতে কোন ক্ষতি নাই। এখানে আমরা তত্ত্বালোচনাতেই প্রবৃত্ত হইয়াছি। প্রেমের প্রধান অবস্থা তুইটী—মিলন ও বিরহ।

সহজিয়ারা ইহাদিগকে মিলা ও অমিলা নামে অভিহিত করিয়াছেন—

মিলা অমিলা ছুই রসের লক্ষণ। নায়ক নায়িকা নাম লক্ষণ কথন॥

পদ नः ৮००।

অন্যত্র---

মিলা উপাইতে ফল হৈল সম্ভোগ। অমিলা উগাইতে ফল হৈল বিপ্ৰলম্ভ॥

উজ্জ্বলকারিকা।

রসশাল্রে এই সন্তোগ ও বি পলস্ত পর্যায়ে প্রেমের বিবিধ অবস্থা বর্ণিত ইইয়াছে। ইহাদের মধ্যে মিলা ক্ষণস্থায়ী মাত্র, কারণ প্রেমের অধিকাংশ সময়ই বিবহে কাটিয়া যায়। একটী পদে আছে—

> সে ছুই কখন তিন সদাক্ষণ তাহে চণ্ডীদাস ভাসে।

> > পদ नः ৮২২।

চণ্ডীদাস তিন অর্থাৎ অমিলা বা বিরহে সর্ববদা নিমজ্জিত রহিয়াছেন; এই কথা বলিবার তাৎপর্য্য এই যে বিরহই প্রকৃতপক্ষে অধিকতর বৈচিত্র্যপূর্ণ, কারণ সম্ভোগে প্রেমিক একমাত্র তাহার প্রিয়তমাকেই উপভোগ করে, কিন্তু বিরহে তাহাকে পৃথিবীময় ছড়াইয়া উপভোগ করিয়া থাকে—

সঙ্গমবিরহবিকল্পে বরমিহ বিরহো ন সঙ্গমস্তস্থাঃ। সঙ্গমে সৈবৈকা ত্রিভুবনং তন্ময়ং বিরহং॥

আবার মিলনে আবেগ প্রশমিত হয়, কিন্তু বিরহ তাহা বর্দ্ধিত করে। এজন্ম অনুভূতির হিসাবে বিরহ অধিকতর মাধুর্য্যময় বলিয়া প্রেমলীলায় ইহার প্রাধান্য স্বীকৃত হইয়া থাকে। এই হেতুই বলা হইয়াছে যে "আনন্দ অমিলা বিচ্ছেদ" অর্থাৎ বিচ্ছেদেই প্রকৃত আনন্দ নিহিত আছে। আবার ইহাও সভ্য যে সম্ভোগে আকাজ্কার তীব্রতা হ্রাস পায়, ক্রমে তাহাতে অরুচি ও অবসাদ জন্মিয়া থাকে। পুনরায় বিরহের দ্বারা প্রেম না ঝালাইলে তাহা আর উপভোগযোগ্য হয় না, অর্থাৎ স্বকীয়াকে পরকীয়ায় পরিণত না করিতে পারিলে প্রকৃত রস আস্বাদন করা যায় না। এজন্মই সহজিয়ারা স্বকীয়া ভাবকে সর্ব্বদাই অগ্রাহ্ম করিয়াছেন।

পরকীয়া রাগ অতি রসের উল্লাস। স্বকীয়াতে রাগ নাই, কেবল আভাস॥

রসরত্বসার।

অমূত্র-

পরকীয়া রসে হয় রসের উল্লাস। স্বকীয়া যে স্বল্প তাহা জ্বানিহ নির্যাস॥

স্থামৃতকণিকা।

সম্ভোগে যে অনুরাগ কমিয়া যায় ইহাও তাঁহারা অনুভব করিয়াছেন—প্রণয় করহ তাকে সঙ্গে না রাখিবে।
এই মোর মিনতি প্রণতি যে শুনিবে।
সঙ্গেতে রাখিলে হবে অনুরাগহীন।
পরকীয়া বহুদূরে, স্বকীয়া অধীন॥

বিবর্ত্তবিলাস।

এজন্ম রাসের রাজ্যে স্বকীয়ার স্থান নাই। সর্ববদা পরকীয়া ভাব হৃদয়ে জাগাইয়া রাখিবার জন্ম স্বকীয়া বা সম্ভোগ হইতে দূরে থাকিতে হয়। সহজিয়াদের ব্যবস্থা এই যে-—

পীরিতি যা সনে আদরে সে ধনে
সতত না লবি ঘর।
অন্তরে পরাণ বাঁটিয়া দেওবি
বাহিরে বাসিবি পর॥

পদ নং ৭৯৭।

অর্থাৎ পীরিতি কর, কিন্তু সন্তোগ হইতে দূরে থাকিও। ইহারই নাম—
হইবি সতী না হবি অসতী
না হইবি কাহার বশ।

অগ্যত্র----

সে কেমন যুবতী কুলবতী সতী স্থানর স্থাতি যার।
হিয়ার মাঝারে নায়কে লুকাইয়া
ভবনদী হয় পার॥

পদ নং ৮০৪

কেবল মনে মনে পীরিতি করিবে, জলে ভিজিও না—
কলঙ্ক সাগরে সিনান করিবি
এলাইয়া মাথার কেশ।
নীরে না ভিজিবি জল না ছুঁইবি
সম স্থুখ তুঃখ ক্লেশ॥

शप नः १৯१।

অধবা---

হইবি গিন্নি ব্যঞ্জন বাঁটিবি না ছুঁইবি হাঁড়ি॥

शम नः १৯१।

প্রেমের রাজ্যে বাহ্য কুলের গরব নাই। যাহার প্রেম স্থির আছে সেই কুলবতী সে প্রেমের হানিকর স্পর্শের আকাজ্মা করে না —

যে জন যুবতী কুলবতী সতী
স্থানর স্থাতি যার।
স্থান-মাঝারে নায়কে লুকায়ে
ভবনদী হয় পার॥

পদ नः १৯৮।

ইহার ব্যতিক্রম হইলেই ব্যভিচারী হইতে হয়। সহজ সাধনার এই সকল গুঢ়তত্ত্ব রাগাত্মিকা পদগুলিতে ব্যাখ্যাত হইয়াছে। তত্ত্বের হিসাবে ইহা খাঁটি সত্য, কেবল ইহাতে বলিবার ভঙ্গীর অন্যুসাধারণ বিশেষত্ব আছে। রামী বা নায়িকার পরিবর্ত্তে এই সকল উপদেশগুলি কবি, ভাবুক, বা সাধককেও দেওয়া যাইতে পারে। আর ইহাও সত্য যে ইঁহারা প্রত্যেকেই পরকীয়া রসের শ্রেষ্ঠতা হৃদয়ে হৃদয়ে অমুভব করিয়া কার্য্য করিয়া গিয়াছেন। চৈতন্য-দেবের হৃদয়ের ভাবটা বেশী পরিস্ফুট হইয়াছে, যখন তিনি বিরহীর ন্যায় হা-হুতাশ করিয়াছেন, ভগবানের জন্য ব্যাকুলতায় হাঁহার অশ্রুর স্রোত প্রবাহিত হইয়াছে। রাধিকার ভায় বিরহানলে সতত দগ্ধ হইয়া তিনি যে পাগলপারা হইয়াছিলেন, তাহাতেই তাঁহার প্রেমের স্বরূপ উপলব্ধি করা যায়। চণ্ডীদাসও কৃষ্ণলীলা বিস্তৃতভাবে বর্ণনা করিয়াছেন। কৃষ্ণকীর্ত্তনের শ্রেষ্ঠ পদগুলি বংশীখণ্ডে ও রাধাবিরহে স্থান লাভ করিয়াছে। পদাবলী সাহিত্যে পূর্ববরাগ ও আক্ষেপ-অমুরাগের পদগুলিই সর্ববশ্রেষ্ঠ। ইহার কারণ এই যে মিলন মূক, আর বিরহ মুখর। মিলনের ভাষা নাই, থাকিলেও তাহা অতি সংক্ষিপ্ত, আর বিরহ হৃদয়কে মন্থন করিয়া অমৃতের ধারা প্রবাহিত করে। এই জ্বন্তুই কবিদের বিরহ-বর্ণনায় ভাব ও ভাষার অভাব হয় না। ইহা স্বতঃসিদ্ধ সত্য, কবির ভাষা ও ভক্তের উক্তিতে সর্ববত্রই এই পরকীয়া ভাবের শ্রেষ্ঠত্ব স্বীকৃত হইয়াছে।

নিত্যধাম। সহজিয়া মতে যে ধামে নিত্যদেব বাস করেন। তিনিই রামীকে সহজ্ঞতত্ত্ব ব্যাখ্যার জন্ম পাঠাইয়াছিলেন। এই নিত্যধামে যে বাশুলীও থাকেন তাহা পূর্বেই প্রদর্শিত হইয়াছে। এখন বলা হইল যে সহজিয়া সাধনায় সিদ্ধিলাভ হইলে সাধকেরাও সেই নিত্যধামে গমন করিতে পারেন। অমৃত-রত্নাবলীতে জানা যায় যে এই নিত্যধামের অপর নাম সদানন্দগ্রাম, এবং তাহা পাকে সাধকের হৃদয়ের ভিতরে। নিত্যবস্তুই যে ধাম তাহাই নিত্যধাম।

> সেই মানুষের হয় সদানন্দগ্রাম। নিত্যের মানুষ সেই নিত্যবস্তুধাম।

এবং

সদানন্দ দেশ হয় হৃদয় ভিতরে।

অমৃতরত্বাবলী।

ইহাতে স্পষ্টই বুঝা যার যে এই নিত্যধাম সম্পূর্ণ ই ভাবরাজ্যের বস্তু। নিত্যানন্দে মন পূর্ণ হইলেই ইহার অস্তিত্ব অনুভব করা যায়।

নেত্রে বেদ দিয়া, ইত্যাদি। সাধারণ সহজিয়ারা হয়ত ইহার অর্থ করিবে যে, অরবিন্দ ও বজ্রের সংযোগে ভজনা করা। গাঁহারা সহজিয়া ধর্মকে ঘোর তান্ত্রিক সাধনায় পরিণত করিয়াছেন, তাঁহাদের নিকটেই এই মতের নূল্য আছে।

আলোচ্য পদটীর সহিত ১ নম্বরের পদটীর যে অনেকাংশে মিল আছে তাহা পূৰ্বেই বলা হইয়াছে। উক্ত পদেও ঠিক এই জাতীয় উপদেশ দেওয়া হইয়াছে। তাহাতে আছে—

> বস্তুতে গ্রহেতে করিয়া একত্রে ভজহ তাহারে নিতি। বাণের সহিতে সদাই যজিতে সহজের এই রীতি॥ ইত্যাদি।

আর আলোচ্য পদটীতে নেত্র ও বেদের কথা বলা হইয়াছে। নেত্র=৩, আর বেদ = 8: ইহাদের সমষ্টিতে পাওয়া যায় ৭। এখন এই সাতে কি বুঝায় তাহাই আলোচনা করিতে হইবে। ত্বক্, রুধির, মাংস, মেদ, অন্থি, মড্জা ও শুক্র এই সাত উপাদানে দেহ গঠিত হয় ( ভাগবত, ১০।২।২১ )। অতএব বলা

হইল 'নেত্রে বেদ দিয়া সদাই ভজিব' অর্থাৎ দেহ দিয়া সর্ববদা ভজনা করিবে। অন্য একটী রাগাত্মিকা পদে আছে—

> নিজ দেহ দিয়া ভজিতে পারে। সহজ পারিতি বলিব তারে॥

शम नः १४৫।

অন্যত্র----

ভজনের মূল এই নরবপু দেহ।

অমৃতরসাবলী।

দেহের সাধন হয় সর্ববতত্ত্ব সার।

নিগূঢ়ার্থপ্রকাশাবলী।

এই দেহের ভজনের অপর নাম কায়িক ভজন। মানসিক ভজন পর্য্যায়ে ইহা পড়ে না। রত্নসারে আছে—

> কায়িক ভজন হয় আমুকূল্য সেবা। নিজাঙ্গ সঁপিলে বস্তু আবর্ত্তয়ে যেবা॥

১ নম্বর পদে বস্তুতে গ্রহেতে একত্র করিয়া ভজনের উপদেশে চৈতগ্যকে ভজনা করিতে বলা হইয়াছিল। আর এই পদে রামীকে বলা হইল যে সাধনার অনুকূল ভাবে নিজ্ঞ দেহ সমর্পণ করিয়া সে যেন চণ্ডীদাসের সহজ জ্ঞান লাভের সহায় হয়। সাধনায় উত্তর সাধিকার ইহাই কার্য্য।

সমুদ্র ছাড়িয়া ইত্যাদি। এই নরকে যাইবার ব্যবস্থা রাগাত্মিকা পদের বহুস্থানে পাওয়া যায়। আলোচ্য পদটীতে ইহার পরেই আছে—

ব্যভিচারী হৈলে

প্রাপ্তি নাহি মিলে

নরকে যাইবে তবে।

( এই জাতীয় অক্যান্য উল্লেখ ১ নম্বর পদ-ব্যাখ্যায় দ্রফীব্য।)

ইহা হইতে আমরা দেখিতে পাইতেছি যে ব্যভিচারী হইলে, অর্থাৎ দেহরতি সম্বন্ধীয় কামের আচরণ করিলে, নরকে যাইতে হয়। এখানেও যে সেইরূপ কথাই বলা হইয়াছে, তাহার আভাস পাওয়া গেল। এখানে সমুদ্র শব্দটীতে রসসমুদ্র বুঝাইতেছে। ৭৬৬ নং পদে ( আমাদের ব্যাখ্যাত ৩ নং পদ ) সহজ্ব সাধনার উল্লেখ করিয়া বলা হইয়াছে "এ রস সমুদ্র বেদান্ত পার।" কাজেই

এখানে বলা হইল যে এই ভজ্জনে রসের দিকে না যাইয়া যদি দেহরতির সম্পর্ক ঘটাও, তাহা হইলে সহজ্জ ভজ্জন হইবে না, নরকে যাইতে হইবে। অর্থাৎ—

বিশুদ্ধ রতিতে বিকার পাবে। সাধিতে নারিবে, নরকে যাবে॥

१७१ नः शम।

এই সাধনা যে কত কঠোর তাহা এখানে বুঝা যাইতেছে। দেহ দিয়া ভজনা করিতে হইবে, অথচ দেহরতির সম্পর্ক হইবে না! এজগুই বলা হইয়াছে যে এই সাধনায় সিদ্ধিলাভ করিতে সমর্থ "কোটিতে গুটিক হয়।"

আর তিন দিয়া ইত্যাদি। এখানে আর শব্দটীর প্রয়োগ লক্ষ্য করিবার বিষয়। ইতিপূর্বেই বলা হইয়াছে—"নেত্রে বেদ দিয়া ইত্যাদি।" তাহা হইতে যে এই "তিন দিয়া বেদে মিশাইয়া" বিভিন্ন তাহা বুঝাইবার জন্ম "আর" শব্দের ব্যবহার হইয়াছে। অর্থাৎ ওখানে নেত্রবেদ যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এখানে নেত্রবেদ সেই অর্থে ব্যবহৃত হয় নাই। ৭৬৬ নং পদে আছে—

তিনটা আখরে রতিকে যজি।

এবং

চতুর্থ আখরে সামান্ত রস।

অতএব দাঁড়াইল এই যে তিনটা আখরের উপাস্ত রতির সহিত চারটা আখর দ্বারা ব্যক্ত পরকীয়া রসের সংযোগ করিয়া ভজনা কর। ৭৬৭ নং পদেও আছে—

> রতিতে রসেতে একতা করি। সাধিবে সাধক বিচার করি॥ বিশুদ্ধ রতিতে বিশুদ্ধ রস। তাহাতে কিশোরা কিশোরী বশ॥

কাজেই দেখা যাইতেছে যে উক্ত পদদ্বয়ের কথাই ভিন্নভাবে এখানে বলা হইয়াছে। ইহার ব্যাখ্যা পূর্ব্বেই করা হইয়াছে। এই উপদেশ একবার চন্ডীদাসকে দেওয়া হইয়াছিল, এখন আবার রামীকে দেওয়া হইতেছে, কারণ সহজ্ব সাধনায় স্ত্রীপুরুষ উভয়ে একই উদ্দেশ্যে কার্য্য করিবে, ইহাই রীতি, যথা—

পুরুষ প্রকৃতি দোঁহে এক রীতি

সে রতি সাধিতে হয়।

शप नः ৮১১।

মম পদ সদা ভজ। অর্থাৎ এই সাধনায় সর্ববদা মনে রাখিতে হইবে যে বাশুলীর পদ বা আনন্দকেই সাধক ভজনা করিবে। নিত্যানন্দে মগ্ন হওয়াই এই সাধনার প্রকৃতি।

পরবর্ত্তী পদাংশের ভাব ইতিপূর্বেই ব্যাখ্যাত হইয়াছে, ইহাতে আর কোন নৃতনত্ব নাই। কেবলমাত্র "আর এক বাণী শুনহ রামিণী" ইত্যাদিতে লক্ষ্য করিবার বিষয় এই যে গুহু সাধনা বলিয়া ইহা অন্মের নিকট প্রকাশ করিতে নিষেধ করা হইয়াছে। এইরূপ নিষেধ তন্ত্রের সর্বত্র পাওয়া যায়, যথা—

এতচ্চক্রগতাং বার্ত্তাং বহির্নেব প্রকাশয়েৎ।

নিরুত্তরতন্ত্র।

অস্থাত্র---

ইতি তে কথিতং দেবি গুহ্মাদ্গুহ্মতরং পরং। প্রকাশাৎ কার্য্যহানিঃ স্থাৎ তম্মাৎ যত্নেন গোপয়েৎ॥ ইত্যাদি। গীতাতেও (১৮।৬৭) উক্ত হইয়াছে—

> ইদস্তে নাতপস্কায় নাভক্তায় কদাচন। ন চাশুশ্রুষবে বাচ্যং ন চ মাং যোহভ্যসূয়তি॥

ধর্মাসুষ্ঠানহীন, অভক্ত এবং পরিচর্য্যাবিহীন লোকদিগের নিকট ইহা ( এই গীতা শাস্ত্র ) কদাচ বলিও না।

চরিতামৃতেও আছে—

এ সব সিদ্ধান্ত গৃঢ় কহিতে না জুয়ায়।

এবং

বুঝিবে রসিক ভক্ত, না বুঝিবে মৃঢ়।

অগ্যত্র---

অভক্ত উপ্তের ইথে না হয় প্রবেশ।

আদির চতুর্থে।

কাজেই পাঠকগণ সাবধান, দেখিবেন যেন উদ্ভৌর পর্য্যায়ে পড়িতে না হয়।

#### মন্তব্য

সাহিত্যপরিষদের পদাবলীতে প্রায় ৬০টী রাগাত্মিকা পদ মুদ্রিত হইয়াছে, তন্মধ্যে ৮টী মাত্র পদের ব্যাখ্যা এখানে করা হইল। সহজ্ঞধর্মের গৃত মর্ম্ম জ্ঞানিতে হইলে এই পদগুলি বুঝিতে চেফা করা উচিত, কারণ এই পদগুলির মধ্যে সহজ্ঞ ধর্মের যাবতীয় তব্ব নিহিত রহিয়াছে। যাহারা এই পদগুলি রচনা করিয়াছিলেন, তাঁহাদের উদ্দেশ্য ছিল চণ্ডীদাল ও রামীর নাম গ্রহণ করিয়া সহজ্ঞতব্ব ব্যাখ্যা করা, পদগুলি যে বড়ু চণ্ডীদাসের রচিত এমন ধারণা করিবার কোনই কারণ নাই। পদগুলির ব্যাখ্যা হইতে নিম্নলিখিত তব্বের সন্ধান পাওয়া যায়—

- ১। বর্ত্তমান সহজ্বধর্ম্ম চৈতম্মপরবর্তী যুগে উৎপন্ন হইয়াছে।
- ২। বড়ু চণ্ডীদাস ও রামী সহজ্ঞধর্ম্ম আচরণ করিতেন, এই প্রবাদের মূলে কোন সত্য নিহিত নাই। কারণ প্রেমমার্গীয় সহজ্ঞধর্ম্ম চৈতত্মপূর্ববর্তী যুগে উৎপন্ন হইতেই পারে না। নবরসিকের দলের স্বস্থি তান্ত্রিক সহজ্ঞীয়ারা করিয়াছেন।
  - ৩। সহজিয়াদের বাশুলী আর নামুরের বাশুলী এক দেবী নহেন।
- ৪। সহজধর্ম্মে যেমন একটা তান্ত্রিক সাধনার দিক্ আছে, তেমনই তাহাতে উপনিষদের ব্রহ্মবাদের দিক্টাও স্থন্দর ভাবে পরিস্ফুট হইয়া উঠিয়াছে। কোন ধর্ম্ম বুঝিতে হইলে সেই ধর্ম্মের উজ্জ্বল দিক্টাই দেখিতে হয়।

পরবর্ত্তী আলোচনায় এই বিষয়গুলি আরও পরিস্ফুট হইয়া উঠিবে।

# INFINITESIMAL CALCULUS IN INDIAN MATHEMATICS—ITS ORIGIN AND DEVELOPMENT

BY

#### P. C. SENGUPTA, M.A.

#### Lecturer, Calcutta University

- 1. Dr. Hoppe in his article in a recent issue of the "Jahresbericht der Deutschen Mathematiker-vereinigung" has traced the history of the Infinitesimal Calculus prior to the time of Leibnitz and Newton. Unfortunately he has put on record no account of the work in this line done by the ancient Indian astronomers and mathematicians. It is proposed to present some facts in regard to this subject and to claim for the Indian mathematicians their due place in the history of the origin and development of the Infinitesimal Calculus. I have to thank Dr. Ganesh Prasad, Hardinge Professor of Pure Mathematics, Calcutta University, at whose suggestion I took up the writing of this paper.
- 2. The idea of the calculus originated among the ancient Indian astronomers, Aryabhata and his pupils, Brahmagupta, Muñjāla and Bhāskara in their attempt to determine (i) the "instantaneous" or "arquiter "daily motion of planets; (ii) the position-angle of the ecliptic at any secondary to the equator; (iii) the surface and volume of a sphere; (iv) the value of  $\pi$ . The necessity for determining the "instantaneous" daily motion arose in connection with the calculation of the eclipses of the sun and the moon and of the right instants of conjunctions of planets between themselves and of the conjunctions of planets with prominent stars near about the ecliptic. The calculation of the position-angle became necessary for

raised up his arms and began to dance in ecstasy shouting all the time the name of Hari. On witnessing such a scene the Mahomedans became alarmed, and freed the five companions of the Lord. They did it with such a haste that the Lord could not even see his companions' sad plight. Bhattacharyya caught the Lord in his arms and made him sit down. Then the Lord found time to see the Mahomedan cavalry-men before him and came to his senses. They bowed to him from a distance and pointed out to him his five companions whom they described as the thugs. They said, "These five conspired to drug you with 'Datura' and rob you of your gold." The Lord said, "They are not thugs as youimagine but my companions. I am only a beggar-a Sannyasi-who does not possess any wealth whatsoever. I often suffer from epileptic fits and these five are kind enough.

> ভয় পাঞা মেচ্ছ ছাডি দিল পঞ্চজন। প্রভু না দেখিল নিজগণের বন্ধন ॥ ভট্টাচার্য্য আসি ধরি প্রভু বসাইল। ম্লেচ্ছগণ আগে দেখি প্রভুর বাহ্য জ্ঞান হইল। ম্লেচ্ছগণ আসি দুরে বন্দিল চরণ। প্রভু আগে কহে এই ঠগ পঞ্চজন। এই পঞ্চ মেলি তোমায় ধুতুরা খাওয়াইয়া। ভোমার ধন লৈল ভোমা পাগল করিয়া॥ প্রভু কহে ঠগ নহে মোর সঙ্গী জন। ভিক্ষক সন্ন্যাসী মোর নাহি কিছু ধন ॥ মুগী ব্যাধিতে মুঞি কভু হই অচেতন। এই পঞ্চ দয়া করি করেন পালন।। সেই মেচ্ছ মধ্যে এক পরম গন্তীর। কালা বস্ত্র পরে তারে লোকে কহে পীর। চিত্ত আর্দ্র হৈল তার প্রভুকে দেখিয়া। নির্বিশেষ ব্রহ্ম স্থাপে স্বশান্ত উঠাইয়া ॥

to nurse me then." Among the Mahomedans there was one, who looked very grave. He wore a black dress resembling that of a 'pir' or Mahomedan saint. His mind yearned to have a theological conversation with our Lord. Consequently a discussion arose in which the Mahomedan was completely defeated by the Lord. The Mahomedan was struck dumb at his argument and admitted his defeat. admitted the principle of a personal God, described our Lord as God personified and agreed to all the points of Vaisnava theology. He said, "My tongue utters the name of Krisna on seeing you. My vanity as a learned man leaves me. Now do please give me instructions on Vaisnava theology." Saying this, the man fell prostrate at the feet of Chaitanya Dev who said, "Get up. As you utter the name of Krisna you are now purged of the sin committed not only in this life but also in a crore of previous lives." At the bidding of the Lord, all of them uttered the name of Krisna in ecstasy. The Lord henceforth named him Ramdas. The name of

অধয় প্রক্ষাবাদ সেই করিল স্থাপন।

অরি শান্ত যুক্ত্যে প্রাভু করিল খণ্ডন ॥

সেই যাহা কহে প্রভু সকল খণ্ডিল।

উত্তর না আইসে মুখে মহাস্তর্ক হৈল॥

\* \* \* \*

মেচছ কহে যে কহ সেই সত্য হয়।

শান্তে লিখিয়াছে কেহ লৈতে না পারয়॥

নির্বিশেষ গোসাঞি লঞা করেন ব্যাখ্যান

সাকার গোসাঞি সেব্য কারো নাহি জ্ঞান॥

সেইত গোসাঞি তুমি সাক্ষাৎ ঈশ্বর।

মোরে কুপা কর মুঞি অযোগ্য পামর॥

অনেক দেখিল মুঞি মেচছ শান্ত্র হৈতে।

সাধ্য সাধ্যন বস্ত নারি নির্দ্ধারিতে॥

another Pathan was Bijuli Khan. He was young in age and a prince by birth. Ramdas and other Pathans were his Bijuli Khan fell at the feet of our Lord and uttered the name of Krisna. The Lord favoured him by putting his holy feet on his head. After thus favouring the Pathans, the Lord left the place. Henceforth these l'athans Vaisnava became devotees and went by the name Pathan Vaisnavas. They used to sing about the achievements of the Lord Chaitanya from place to place. Bijuli Khan became in time a great saint and very famous in all the holy

> তোমা দেখি জিহ্বা মোর লয় কুষ্ণনাম। আমি বড জ্ঞানী এই গেল অভিমান॥ কুপা করি কহ মোরে সাধ্য সাধ্যে। এত বলি পড়ে সেই প্রভুর চরণে। প্ৰভু কহে উঠ কৃষ্ণ নাম তুমি লৈলা। কোটি জন্মের পাপ গেল পবিত্র হইলা॥ কুষ্ণ কহ কুষ্ণ কহ কৈল উপদেশ। সবে কৃষ্ণ কহে স্বার হৈল প্রেমাবেশ । রামদাস বলি প্রভু তার কৈল নাম। আর এক পাঠানের নাম বিজ্বলি খান।। অল্ল বয়স তেঁহো রাজ্ঞার কুমার। রামদাস আদি পাঠান চাকর ভাহার ॥ কৃষ্ণ বলি পড়ে সেই মহাপ্রভুর পায়। প্রভু শ্রীচরণ দিল তাহার মাথায় ॥ তা সবারে কুপা করি প্রভু ত চলিলা। সেই ত পাঠান সব বৈরাগী হইলা 🖟 পাঠান বৈষ্ণব বলি হৈল তার খ্যাতি। সর্ববত্র গাইয়া বুলে মহাপ্রভুর কীর্দ্তি॥ সেই বিজুলি খান হৈল মহাভাগবত। সর্ব্ব তীর্ষে হৈল ভার পরম মহন্তু ॥

places. Thus worked the Lord in the up-country where he showed favour even to the Mahomedans.

-Krisnadas Kaviraj's Chaitanya Charitamrita (Berhampore ed.), Madhya Khanda, pp. 736-743.

Narahari Chakravarti—(written 16th-17th Century)

(23) Who can exhaust by telling the extent of mischief committed by the people (of Navadwip)? In almost every house there could be found blood of goats, sheep and buffaloes freely flowing (being sacrificed to some gods or goddesses). Some even grasp the severed head of man in one hand and a heavy sword in another, and dance tipsily. If anybody crossed their path at that time, it would be all over with him, even if he be a Brahmin. All of them (not excepting women) were corrupt and transgressed the sanctity of caste rules. They did never take their meals without meat and wine.1

-Narottam-Vilāsa, the Seventh Vilāsa.

ঐছে লীলা করে প্রভু শ্রীকৃষ্ণ চৈত্রত। পশ্চিম আসিয়া কৈল যবনাদি ধন্য ॥

- ি—কৃষ্ণদাস কবিরাজের চৈতত্য-চরিতামৃত ( বহরমপুর সং ), মধ্যখণ্ড, ১৮শ অধ্যায়, ५७৬-৭৪৩ প্রঃ।
  - <sup>1</sup> কর্য়ে কুক্রিয়া যত কে কহিতে পারে। ছাগ মেষ মহিষ শোণিত ঘর দ্বারে॥ কেহ কেহ মাসুষের কাটা মণ্ড লৈয়া। খড়গ করে কর্য নর্ত্তন মত্ত হৈয়। । সে সময়ে যদি কেই সেই পথে যায়। হইলেও বিপ্র তার হাত না এড়ায়॥ সভে স্নী লম্পট জাতি বিচার রহিত। মন্ত মাংস বিনে না ভুঞ্জয়ে কদাচিত।।

—নরহরি চক্রবর্তীর নরোত্তমবিলাস, সপ্তম বিলাস।

Gorinda Das-(flourished 16th Century)

(24) When the Lord Chaitanya goes on his round with his "Sankirtan" party (in Puri, the capital of Orissa) the king Pratap-Rudra follows him running in tattered clothes (by way of humility).

-Kadchā by Govinda Das.

Vrindavan Das- (born 1507 A.D.)

- (25) (a) Although Brahmins by caste yet Jagai and Madhai took such prohibited food as wine and beef. They always committed robbery, theft and incendiarism.<sup>2</sup>
  - --Chaitanya Bhagavata.
- (b) He was that very Hussain Shah who destroyed so many images and temples in Orissa.
- —Chaitanya Bhagavata, Last part. Kasiram Das—(flourished 16th-17th Century)
- (26) (a) The country (Pargannah) of Indrani is a very old place. Here, by the side of the Bhagirathi stand twelve holy places. I was born in a Kayastha family of the village Singi. I give my genealogy as follows:—3
  - নগর কীর্ত্তনে যবে মহাপ্রভু যায়। দীনবেশে মহারাজ পেছু পেছু ধায়।
    - —গোবিন্দ দাসের কড়চা।
  - <sup>2</sup> (a) ব্রাহ্মণ হইয়া ময়্ত গোমাংস ভক্ষণ। ডাকাচুরি পরগৃহ দাহ অনুক্ষণ॥
    - ---- চৈতন্য-ভাগবঙ।
    - (b) ত্র ছেসেন সাহা সর্বব উড়িয়্যার দেশে।
       দেবমূর্ত্তি ভাঙ্গিলেক দেউল বিশেষে॥
      - —হৈতন্য-ভাগবত, অন্ত খণ্ড।
  - <sup>3</sup> (a) ইন্দ্রাণী নামেতে দেশ পূর্ব্বাপর স্থিতি।
    ভাদশ তীর্থেতে যথা বৈসে ভাগীরথা।
    কায়ত্ব কুলেতে জন্ম বাস সিক্ষিগ্রাম।
    প্রিয়ন্ধর দাস পুত্র স্থধকর নাম।

Priyankar was the forefather of our family. His son was named Sudhakar. His son was Kamalakanta. Kamalakanta's eldest son was named Krisnadas. I am younger than Krisnadas and elder than Gadadhar. I describe the above in 'Panchali' metre and hope that I may be the bee in the lotus feet of Sreekrisna.

- -Kasiram Das's Mahabharata, 'Swargarohan Parba,' p. 1190.
- (b) The village of Hariharpur is an excellent place in every sense of the term. In it lives Abhiram Mukhopadhyay (lit. Mukhati) son of Purushottam Mukhopadhyay. Kasiram composes the Mahabharata at his directions. Let my mind always remain faithful to the feet of the Brahmins.
- —Kasiram's Mahabharata "Udyoga Parba," p. 675.

  Nityananda Das—(composed in the early part of the 17th

  Century)<sup>2</sup>
- (27) Formerly these fellows were in the employ of *Chand* Ray as soldiers, when they committed many robberies. They

তৎপুত্র কমলাকান্ত কৃষ্ণদাস পিতা।
কৃষ্ণদাসামুজ, গদাধর জ্যেষ্ঠ ভাতা॥
পাঁচালি প্রকাশি কহে কাশীরাম দাস।
অলি হব কৃষ্ণ পদে মনে অভিলাষ॥
—কাশীরাম দাসের মহাভারত, স্বর্গারোহণ পর্বব, ১১৯০ পৃঃ।

- <sup>1</sup> (b) হরিহরপুর গ্রাম সর্ববগুণধাম। পুরুষোত্তম নন্দন মুখটি অভিরাম॥ কাশীদাস বিরচিল তার আশীর্বাদে। সদাচিত্ত রহে যেন দ্বিজ পাদপদ্মে॥
- —কাশীরামদাসের মহাভারত, উত্যোগ পর্বব, ৬৭৫ পৃঃ।
  পূর্বেব তারা চাঁদ রায়ের সৈম্ম যে আছিলা।
  চাঁদ রায়ের সনে বহু দস্থাবৃত্তি কৈলা॥
  চাঁদ রায়ের আত্মীয় বান্ধব এরা হয়।
  যুদ্ধ করি যবনেরে কৈলা পরাজয়।

were kith and kin of Chand Ray and therefore fought the Mussulmans bravely, ultimately defeating them. These myrmidons of Chand Ray pillaged many a land and increased the territorial boundary of their master. The Mahomedan Lord of Gauda could not dare to meet them in the field, such was their prowess.............Fully appreciating the influence of Narottam Das, they gave up their predatory habits and one and all became his disciples.

—The Prem-Vilāsa by Nityananda Das, 19th Vilāsa.

Alaol—(composed in 1618 A.D.)

(28) "Daulat Kazi wrote 'Chandrāni' by order of the Vizier Laskar Asraf. So do you compose "Padmāvatī" by my (Magan Thakur's) command." I listened to him with much respect and in accordance with his order, I promised to write the work.

-Alaol's Padmāvatī, p. 15.

নানা দেশ লুটে রাজ্য করয়ে বিস্তার।
ভয়েতে যবনরাজ নহে আগুসার॥

\* \* \* \*
ঠাকুর মহাশয়ের প্রভাব জানি তার মর্মা।
সবে হইলেন শিশু ছাড়ি পূর্বব ধর্ম্ম॥
—নিত্যানন্দ দাসের প্রেমবিলাস, ১৯শ বিলাস।

1 যে হেন দৌলত কাজি চন্দ্রানি রচিল। লক্ষর উজির আসরাফ্ আজ্ঞা দিল। তেন পদ্মাবতি রচো মোর আজ্ঞা ধরি। হেন কথা শুনিতে মনে বহু শ্রাধা করি। তাহান আদেশ মাল্য ধরিয়া মস্তক। অঁজীকার কৈল আমি রচিতে পুস্তক।

—পদ্মাবতী ( আলাওল ), ১৫ পৃ:।

Ketakadas Kshemananda—(probably composed in 1650  $\Lambda$ .D.)

(29) I am relating below how in the past the goddess Durga granted me a boon in conjunction with the goddess Manasa.

I live in the taluk of one Balivadra the son of Chandrahas. Balibhadra died leaving three minor sons—the heirs of his property. One Askarna Ray who was very valiant in war was beloved of Balivadra like a son. The property was managed after the death of Balibhadra by one Prasad who was the 'Guru' of the three children of Balivadra and lived in the same taluk. The place became so thinly populated that there was hardly anybody to carry on cultivation. The village of Kanthra became so deserted that it reminded one of the nether world.

ìa

ey

<sup>1</sup> স্থন ভাই পূর্বকথা, দেবী হৈলা বরদাতা, সহায় পূর্ববক বিষহরী। বলিভদ্র মহাশয়, চন্দ্রহাসের তনয়, তাঁহার তালুকে ঘর করি। তাঁহার রাজত্ব শেষ, চলি গেল স্বর্গদেশ তিন পুত্রে দিয়ে অধিকার। শ্রীযুক্ত আন্ধর্ণ রায়, পুত্রের অধিক তায়, রণে বনে বিজয়ী তাঁহার॥ তিন পুত্র অল্প বয়, প্রসাদ গুরু মহাশয়. তালুকের করে লেখাপড়া। তাঁহার তালুকে বৈসে, প্রজা নাই চাষ চদে, শমন নগর হৈল কাঁথড়া ॥ রণে পড়ে বারাখা, বিপাকে ছাডিল গাঁ. যুক্তি করেন জনে জন। দিন কত ছাডিয়া জাই, তবে সে নিস্তার পাই. সকলের তবে ভাল জান॥

When Barakhan fell in battle, many left the place in distress, and many began seriously to consider the situation. They thought of temporarily leaving the place to save themselves. Askarana Ray supported this view and advised the people to leave the place. Listening to his advise many left the village. It was a great misfortune for the people of the locality. I was in much embarrassment as to what to do. It was afternoon. I started with my brother Abhiram for the fields. Evening was gradually setting in. To the north of the village there were some marshy lands where we went to collect straw. I saw there five boys—all in mud, drawing out water with small earthen pots and catching fish. I was much amused at this scene and met them.....

—Ketakadas Kshemananda's Manasamangal, Poet's

Autobiography.

শ্রীযুক্ত আন্তর্গ রাত্র দিল পালাবার তরে।

তার যুক্তি স্থান বাণী, পলাত্র অনেক প্রাণী,

বড়ই প্রমাদ হৈল পুরে॥

মনে ভাবি সবিশ্বয়, বেলা আছে দণ্ড ছয়,

সঙ্গে লয়া অভিরাম ভাই।

অবদান হ'ল বেলা, গ্রামের উত্তর জলা,

খড় কাটিবারে তথা যাই॥

তথায় ছাওল পাঁচে, খোলা দিয়ে জল সিঁচে,

মৎস্থ ধরে পঙ্কেতে ভূষিত।

আমার কৌতুক বড়, ছাওয়াল পাঁচেতে জড়,

সেইখানে হইলাম উপনীত॥

<sup>—</sup>কেতকাদাস ক্ষেমানন্দের মনসামক্ষল ( কবির আত্মচরিত)।

Krisnaram—(composed in 1687 A.D.)

- (30) I have seen Rārha, Vanga, Kalinga and Nepal. I also have seen Gaya, Prayag, Nishād and Kāpāl. Likewise I have visited one by one many lands and have seen the worship of the Devi (Durga) done with great ceremony. I have seen also Saptagram which has no rival on earth. The place is so thickly populated, that by the side of the Bhagirathi, huts of the people practically touch one another.<sup>1</sup>
- —Krisnaram's Poem on Sasthi Devi (dated 1687 A.D.)

  Daulat Vizier Bahram (date?)—
- (31) (a) There was a famous ruler named Hussain Shah. His bejewelled throne adorned Gauda.<sup>2</sup>
- (b) Asauddin Shah is like a 'Kalpataru' (tree of desire). Daulat Vizier (the poet) says this in his excellent work.
  - Lāyali-Majnu by Daulat Vizier Bahram (from Abdul Karim's collection of Old Bengali MSS., pp. 15-16).

রাঢ় বঙ্গ দেখিলাম কলিন্স নেপাল।
গয়া পইরাগ দেখিলাম নিষাদ কাঁপাল॥
একে একে ভ্রমণ করিলাম দেশ দেশ।
দেখিমু দেবীর পূজা অশেষ বিশেষ॥
সপ্তগ্রাম দেখিলাম নাহি তার তুল।
চালে চালে ঠেকে লোক ভাগিরথী কুল॥

—ষষ্ঠীদেবী (কৃষ্ণরাম), সন ১৬৮৭ খৃঃ অবদ।

<sup>2</sup> (a) সর্বলোক নরপতি, ভুবন বিখ্যাত অতি, আছিল হোছন সাহা বর। তান রত্ন সিংহাসন, অতি মায়া বিলক্ষণ গোড়েতে শোভিত মনোহর॥

(i) আছাওদিন সাথা কল্পতক সম। উজীর দৌলতে কহে পুস্তক উত্তম।

—দোলত উজির বহরামের লায়লি-মজমু—মুক্সী আব্দুল করিমের বাক্সালা প্রাচীন পু'থির বিবরণ হইতে, ১৫-১৬ প্র:।

### Matiulla (date?)—

- (32) Says the humble poet Matiulla, "He, who lives in this world without a friend is without any supporter whatever. I have fortunately got one friend myself—he is my patron Sheikh Khan Mohammad. Bowing to his feet with respect, I tell other people this interesting story. If there be any error in thought, style and metre, I think my indulgent and wise listeners would kindly excuse them and correct them themselves.<sup>1</sup>
- —From Munshi Abdul Karim's collection of Old Bengali MSS., p. 13 ("Rasaranger Bāramash"). Rameswar—(probably composed in 1750 A.D.)
- (33) Yasomanta is the receptacle of all virtues. I, Rameswar, is his client and live under his patronage. I have composed Siva-Sankirtan.<sup>2</sup>

-Siva-Sankirtan by Rameswar.

কহে মতিওল্লা হীনে, যে রহিল বন্ধু বিনে, সে হইল ছু'কুল অনাথিনী॥ সেথ খান মোহম্মদ, প্রণামি তাহান পদ, আন স্থাতে কহে রসবাণী। অর্থভার রস ছন্দ, যদি হয় ভাল মন্দ, বিচারে শোধিও দোষ জ্ঞানী॥

- —রসরক্ষের বারমাস। (মুন্সি আব্দুল করিমের বাঙ্গালা প্রাচীন পুঁথির বিবরণ হইতে) ১৩ পুঃ।
  - <sup>2</sup> যশোমন্ত, সবগুণবন্ত, তম্ম পোষ্য রামেশ্বর, তদাশ্রায়ে করি ঘর;— বিরচিল শিব-সংকীর্ত্তন।

---রামেশ্বরের শিব-সংকীর্ত্তন।

Anantaram—(somewhere between the middle of the 16th Century and the middle of the 18th Century).

(34) On remembering the dust of Bisārada's feet, I finish the first chapter in verse.

-Anantaram's Kriyāyogasār MSS.

<sup>1</sup> বিশারদপদে সেই রেণু অভিপ্রায়। পদবন্ধে রচিলেক প্রথম অধ্যায়॥

— অনন্তরামকৃত ক্রিয়াযোগসার, হস্তলিখিত পুথি।

# ভক্তপ্রবর মহাকবি সূরদাস

(জীবনী ও কাব্যালোচনা)

শ্রীনলিনীমোহন সাম্যাল, ভাষাতত্ত্বরত্ন, এম. এ.



কলিকাতা ইউনিভার্সিটী প্রেস কলিকাতা ১৯৩২

## ভূমিকা

রায় বাহাতুর শ্রীযুক্ত খণেক্রনাথ মিত্র এম্. এ. লিখিত

হিন্দী কবি সূরদাসের নান বঙ্গদেশে অপরিচিত নহে। অনেক গায়কের কণ্ঠেও সূরদাসের গান শুনিতে পাওয়া যায়:

> করমক বাত নেয়ারি। মন মেরো চাহে মোহন মিলনকো করম না দেও উয়ারি।

অথবা

গোবিন্দ মুখারবিন্দ নিরখি মন বিচারোঁ। চন্দ্রকোটী ভানুকোটী কোটী মদন ওয়ারোঁ॥

অথবা

হে গোবিন্দ রাখ শরণ অবত জীবন হারে।

প্রভৃতি বহু পদ সঙ্গীতপ্রিয় ব্যক্তিদিগের মধ্যে অনেকেরই স্থপরিচিত। কিন্তু হিন্দী সাহিত্যের সহিত ঘনিষ্ঠ পরিচয় না থাকায় বাঙ্গালী পাঠকের রসপিপাসা চরিতার্থ করিবার স্থযোগ ঘটে নাই। বন্ধুবর অধ্যাপক নলিনী-বাবুর এই পুস্তকে বাঙ্গালীর পক্ষে সূরদাসের কবিতার সহিত পরিচয়ের স্থযোগ ঘটিবে।

ষোড়শ শতাব্দীর প্রারম্ভে আর্ঘ্যাবর্ত্তে চন্দ্রসূর্য্যের ন্থায় তুলসীদাস ও সূরদাসের আবির্ভাব হইয়াছিল। হিন্দী সাহিত্যে ইহাদের প্রতিদ্বন্দী নাই বলিলেও চলে। তুলসীদাস শ্রীরামচন্দ্রের লীলা অবলম্বন করিয়া তাঁহার মহাকাব্য (epic) 'রামচরিতমানস' রচনা করিয়া বিখ্যাত হইয়াছিলেন। তাঁহার কাব্যপ্রতিভা সম্বন্ধে ইহা বলিলেই যথেষ্ট হয় যে, আজিও কেহ তুলসীদাসের অমর কাব্যের অমুকরণ করিতে সমর্থ হয়েন নাই। সূরদাসের কাব্যলক্ষ্মী

শ্রীকৃষ্ণলীলা অবলম্বন করিয়া গীতিকবিতায় (lyric) বিকসিত হইয়াছিল। উভয়ের কবিতাই চিরদিনের জন্ম গণমনের উপর তাহাদের অক্ষয় প্রভাব মুদ্রিত করিয়া রাখিয়াছে। উত্তর-পশ্চিমের প্রতি নগরীতে এখনও সহস্র সহস্র লোক রামলীলার উৎসবে মাতিয়া থাকে। কৃষ্ণলীলার সার্বজনীনহও 'কামু ছাড়া গীত নাই' এই প্রবাদবাক্যে সপ্রমাণ রহিয়াছে। বস্তুতঃ 'ভজন' ও 'কীর্ত্তন' ব্যতীত বহু গ্রুপদ খেয়াল ঠুংরী সঙ্গীতে রাধাকৃষ্ণের প্রেম-লীলা নানা ভাবে ও বৈচিত্র্যে পরিব্যক্ত হইয়াছে।

অনেকে মনে করেন রাধাকৃষ্ণ-প্রেম বাঙ্গালা দেশে এবং বাঙ্গালীর কবিতা ও কীর্ত্তনেই স্থায়ী প্রভাব লাভ করিয়াছে। কিন্তু এরূপ ধারণা যে সত্য নহে, 'সূরসাগর'ই তাহার সাক্ষী। বাঙ্গালা দেশে জয়দেবের পূর্বেব যে, কেহ রাধাকৃষ্ণ বিষয়ক পদাবলী রচনা করিয়াছিলেন, তাহা জানা যায় না। জয়দেবের গীত-গোবিন্দ দেখিলে মনে হয় যেন তাহারও পূর্বেব ঐরূপ ধরণের সঙ্গীত প্রচলিত ছিল। ইহা বলিলে জয়দেবের মৌলিকতা খর্বব করা হয় বলিয়া যদি কেহ মনে করেন, তাহা হইলে বলা যায় যে কালিদাস তাঁহার রযুবংশের আখ্যানবস্ত রামায়ণ হইতে গ্রহণ করিয়াছেন। 'অভিজ্ঞান-শকুন্তলম্' মহাভারত হইতে গৃহীত। মাইকেল মধুসূদন মেঘনাদবধ ও ব্রজাঙ্গনার জন্ম রামায়ণ ও বৈষ্ণব কবিদিগের নিকট ঋণী। শেক্স্পীয়রের অনেক নাটকের 'প্লট' প্লটার্কের 'क्षीवनচরিত' হইতে গৃহীত হইয়াছিল। জয়দেব সম্বন্ধে ইহাই মনে হয় যে, তাঁহার কাব্য যেরূপ অবস্থায় প্রাপ্ত হওয়া যায়, তাহা কোনও গাথা বা প্রচলিত সঙ্গীত বা কিংবদন্তীকে আশ্রয় করিয়া রচিত হইয়াছিল। ইহা অবশ্য আমার অসুমান মাত্র। রাধাকুষ্ণের উপাখ্যান যে কত প্রাচীন তাহা বলিতে পারা যায় না। শ্রীমদ্ভগবদ্গীতায় ভগবান্ বাস্তদেব সার্থিরূপে অবস্থিত হইয়া অর্জ্জুনকে সারসত্যের উপদেশ করিয়াছেন। গীতা মহাভারতের অন্তর্গত। অনেকে মনে করেন যে, মহাভারতের সমস্ত অংশ এক সময়ে রচিত হয় নাই। না হউক, গীতা যে বহু প্রাচীন কালের রচনা, তাহা অন্ত ঐতিহাসিক প্রমাণের দ্বারাও সমর্থিত হইতে পারে। বাস্থদেবের ধর্ম্ম যে একটি প্রাচীন ধর্ম্ম তাহা বেসুনগরের শিলালিপি হইতে জানা যায় ( খৃষ্টপূর্বে ২য় শতাকী )। শঙ্করাচার্য্য গীতার ভাষ্য প্রণয়ন করিয়াছিলেন। তাঁহার আবির্ভাব-কাল খুষ্টীয় অফ্টম শৃতাব্দী। গীতা যদি মহাভারতের মধ্যে একটি প্রক্ষিপ্ত অংশ হইত এবং যদি তাহা মাত্র তুই-তিন শতাব্দী পূর্বের কাহারও দারা মহাভারতের সঙ্গে ভড়িয়া দেওয়া হইত, তাহা হইলে নিশ্চয়ই শঙ্কারাচার্য্যের স্থায় অমানুষিক প্রতিভাশালী ব্যক্তি তাহার ভাস্থ করিতে অগ্রসর হইতেন না, বা সে বিষয়ে হস্তক্ষ্পে করিলেও তাহার আধুনিকতার উল্লেখ করিতে বিরত হইতেন না।

কৃষ্ণের ধর্ম অবশ্য গীতা অপেক্ষা শ্রীমদ্ভাগবতের দারাই বেশী প্রচারিত হইয়াছিল। ভারতের প্রায় প্রত্যেক ভাষায়ই ভাগবতের অনুবাদ হইয়াছিল। হিন্দীতে 'প্রেমসাগর' ভাগবতেরই সংক্ষিপ্ত হিন্দী রূপ। তামিল, তেলেগু এবং কানাড়ী ভাষায়ও ভাগবতের প্রচার হয়। কালিদাসেরও পূর্বের ভাস কবি কৃষ্ণলীলা অবলম্বন করিয়া 'বালচরিত' নামক স্থললিত নাটক রচনা করেন। বালচরিতে ঐক্রিঞর জন্ম, অন্ধকার রজনীতে বালক ঐক্রিঞকে লইয়া বস্থদেবের নন্দালয়ে যাত্রা, যমুনার দিধা বিভক্ত হইয়া পথপ্রদান হইতে আরম্ভ করিয়া কালিয়দমন ও কংসবধ পর্যান্ত বর্ণিত হইয়াছে। 'মধ্যমব্যায়োগ' নামক নাটকে নমব্রিয়া ব্যপদেশে ভাস 'কুবলয়ামলখড়গনীলঃ' ( অসিশ্যামলঃ ) বলিয়া একুফকে প্রণাম করিয়াছেন। দ্বাদশ শতাকীতে শ্রীরামানুজাচার্য্য দক্ষিণ-ভারতে বৈষ্ণব ধর্ম প্রচার করেন। ঐ সনয়ে শ্রীমন্নিম্বার্ক আবিভূতি হইয়া বৃষভানুজাকে নমস্কার করিয়াছেন দেখা যায়। দ্বাদশ বা ত্রয়োদশ শতাব্দীতে বাঙ্গালা দেশে জয়দেব তাঁহার অমর কাব্য গীতগোবিন্দ রচনা করেন। পঞ্চদশ শতাব্দীতে বল্লভাচার্য্য আবিভূতি হয়েন। তাঁহারই প্রধান শিশু সূরদাস। ইহারই সমকালে রাজ-পুতানায় মীরা বাই কৃষ্ণলীলায় বিভোর হইয়াছিলেন। সপ্তদশ শতাব্দীতে মহারাষ্ট্র দেশে তুকারাম তাঁহার প্রসিদ্ধ 'অভঙ্গ' রচনা করেন। 'অভঙ্গ'গুলি কৃষ্ণলীলা বিষয়ক। সূরদাসের জীবদশায় শ্রীচৈতন্য মহাপ্রভু ভক্তিধর্ম্মের প্লাবনে বঙ্গদেশ ডুবাইয়াছিলেন। ইহাদেরও পূর্বের ত্রয়োদশ-চতুর্দ্দশ শতাব্দীতে বঙ্গদেশে চণ্ডীদাসের ও মিথিলায় বিভাপতির আবির্ভাব হইয়াছিল।

ইহা ব্যতীত কাংড়া উপত্যকায় রাধাকৃষ্ণের যে ছবি পাওয়া গিয়াছে, তাহাও নিতান্ত আধুনিক নহে। ১৯২১ সালের 'রূপম্' নামক পত্রিকায় কাংড়ায় প্রাপ্ত স্বাধীন ভর্তৃকার একটি স্থন্দর ছবি প্রদন্ত হইয়াছিল। (আমার লিখিত কুঞ্জভঙ্গ নামক প্রবন্ধ দ্রুইব্য।) ঐ ছবির মূল প্রতিকৃতি লাহোর চিত্রশালায় রক্ষিত আছে। সম্ভবতঃ অফীদশ শতান্দীতে উহা অঙ্কিত হয়। এই ছবিতে বাঙ্গালী বৈফব কবিগণের গীতের ভাব এত স্থাপ্সচ যে বিশ্বিত না হইয়া পারা যায় না। বস্ততঃ ইহা একরূপ নিশ্চয় করিয়া বলা চলে যে, কাংড়ার শিল্পিগণ ক্থনও বাঙ্গালার কীর্ত্তনের সহিত পরিচিত ছিলেন না। জ্বয়দেবের গীতগোবিন্দ

হইতেও এরূপ স্বাধীন ভর্তৃকার চিত্র পাওয়া সম্ভবপর নহে। সনাতন গোস্বামী এই ধরণের পদ রচনা করিয়াছিলেন বটে এবং তিনি বৃন্দাবনে অবস্থিতি করিতেন, তাঁহার কবিতা বা হিন্দী ভাষায় লিখিত কোনও কবিতা ঐ সকল ভাব যোগাইয়া থাকিবে।

সূরদাসের কবিতার সহিত বাঙ্গালী বৈঞ্চব কবির সাদৃশ্য অতি স্থস্পা**ট**। এই সাদৃশ্যের এক কারণ হইতে পারে এই যে, সূরদাসের হিন্দী পদাবলী বৃন্দাবনবাসী গোস্বামিপ্রবরগণের স্থপরিচিত ছিল। সূরদাস যথন গোকুলে বাস করিতেছিলেন, তখন শ্রীরূপ, সনাতন ও শ্রীজীব গোস্বামি পাদগণ ভগবল্লীলাগানে বৃন্দাবনের কাব্যকুঞ্জ ঝঙ্কুত করিতেছিলেন। সূরদাস কি তাহা জানিতেন না? পক্ষান্তরে সূরদাস যে অনতিদূরে তাঁহাদেরই ইফটদেবতাকে লইয়া লক্ষাধিক পদ রচনা এবং গান করিতেছিলেন. ইহা কি সেই অসাধারণ পাণ্ডিত্যশালী ভক্ত বৈষ্ণবগণের নিকট সম্পূর্ণ অপরিজ্ঞাত ছিল ? পরবর্ত্তীকালে যে সূরদাসের ব্রজভাষা বঙ্গীয় বৈষ্ণব কবিদের কল্পনাকে মুগ্ধ করিয়াছিল, তাহা অনুসান করা অসঙ্গত নহে। অত্যথা বঙ্গের কবিদিগোর পক্ষে ব্রজবুলির এরূপ অবাধ ব্যবহারের সঙ্গত কারণ খুঁজিয়া পাওয়া যায় না। সূরদাসের কৃষ্ণলীলামুরক্তির মূলপ্রস্রবণ যদি ভাগবত হয়, তাহা হইলে তাঁহার কাব্যে দানলীলা কি প্রকারে আসিল, তাহা ভাল বুঝা যায় না। দানলীলা ভাগবতে পাওয়া যায় না। সূরদাস ইহা কোখায় পাইলেন ? চণ্ডীদাসের কৃষ্ণকীর্ত্তনে ও কীর্ত্তনের বহু পদে দানখণ্ড ও দানলীলা দেখা যায়। বাঙ্গালার পদাবলী সাহিত্যের সহিত সুরদাসের দানলীলার অতি স্থন্দর মিল আছে।

প্রগট করো, সব তুমহি বতাবৈঁ।

চিকুর চামর ঘূঁঘট হৈ বরবর, ভুব সারঙ্গ দেখাবৈঁ॥

সূরদাস—৭১ পৃষ্ঠা।

শ্রীকৃষ্ণ দান চাহিয়া বলিতেছেন, 'আমি এক এক করিয়া তোমাদের বলিয়া যাইতেছি, তোমরা সব খুলিয়া দেখাও।' পদাবলী সাহিত্যেও এই ভাবটি দখিতে পাই:

> চিকুরে চোরায়সি চামর-কাঁতি। দশনে চোরায়সি মোতিম-পাঁতি॥

\* \* \* \*

## অধরে চোরায়সি স্থরঙ্গ পঙার। চরণে চোরায়সি কুঙ্কুম ভার॥—গোবিন্দদাস।

এত ভাল ভাল জিনিষ তোমরা গোপন করিয়া লইয়া চলিয়াছ, অথচ আমাকে দান (octroi) দিবে না ?

ইহা ব্যতীত সূর্দাসের বাৎসল্য রসের কবিতার সহিত পদাবলী সাহিত্যের বহু মিল দেখা যায়। এ স্থলে উভয়ের আদর্শ অবশ্য ভাগবতের দশম স্কন্ধ। বাৎসল্য রসে কোনও কোনও স্থলে সূরদাস বাঙ্গালী কবিকে ছাড়াইয়া উঠিয়াছেন। সূরদাসের কবিতায় বাৎসল্যের চিত্র আরও উক্ষ্মল, আরও মধুর।

মধুর রসের অভিব্যক্তি সূরদাস অপেক্ষা বাঙ্গালী কবির মধ্যেই প্রক্ষুট, ইহা বলিতেই হইবে। সূরদাস ত শ্রীচৈতন্মের প্রভাব লাভ করেন নাই। সেই প্রেমাবতারের প্রেমতৃলিকা-স্পর্শে মধুরভাব যেমন বপের বৈষ্ণব কবিতায় ফুটিয়া উঠিয়াছে, পৃথিবীর আর কোনও কাব্য-সাহিত্যে সেরূপ হইয়াছে কি না সন্দেহ। ইহাতে সূরদাসের কোনও অপকর্ষ সূচিত হয় না। শ্রীকৃষ্ণের রূপ-বর্ণনায়, সূরদাসের শিল্পবিলাস প্রথম শ্রেণীর না হইলেও বিশেষ ন্যুন নহে। সূরদাসের শীরাধিকা বলিতেছেন, "আমার প্রতি-লোমকূপ যদি নয়ন হইত, তাহা হইলে কৃষ্ণের রূপ ভাল করিয়া দেখিতে পারিতাম।"

রোম জিতনে অঙ্গ, নৈন হোতে সঙ্গ, রূপ লেতী, নিদরি কহতি রাধা।

বাঙ্গালী বৈষ্ণব কবির রাধা বলিতেছেন:-

দেখিতে দেখিতে মনে হেন লয়। সকল অঙ্গে যদি নয়ান হয়॥—গোবিন্দদাস

দারুণ দৈব কয়ল তুহুঁ লোচন তাহে পলক নিরমাই। তাহে অতি হরিষে তুহুঁ দিঠি পূরল

কৈছে হেরব মুখ চাই॥—রামানন্দ বস্থ

সখি, নিষ্ঠুর বিধাতা আমার তুইটি মাত্র নয়ন দিয়াছেন, তাহাতে আবার পলক স্থান্তি করিয়াছেন। শুধু তাহাই নহে, সেই রূপ দেখিলে অতিশয় হর্ষভরে আমার চক্ষু জলে পূর্ণ হয়। কেমন করিয়া সে চাঁদমুখ চাহিয়া দেখিব ? গ্রন্থকার সূরদাসের 'ভ্রমরগীতি' হইতে পদ উদ্ধৃত করিয়া শ্রীরাধার বিরহের একটি স্থানর ছবি দিয়াছেন। ভাগবতের দশম ক্ষম্মে 'ভ্রমরগীতা' আছে। তাহাই অবলম্বন করিয়া সূরদাস তাঁহার 'ভ্রমরগীতিতে' ব্রজ্ঞগোপীর প্রেমের গভীরতা ও বিরহের উচ্ছ্বাস বর্ণনা করিয়াছেন। এরপ ধরণের পদ বৈষ্ণব কবিতার মধ্যে দেখিয়াছি বলিয়া মনে হয় না। এই প্রসঙ্গে কবি নিরাকার ব্রক্ষের উপাসনা অপেক্ষা শ্যামস্থানর নবন্টবরের ধ্যানের আনন্দ যে শ্রেষ্ঠ, তাহাই ব্রজ্ঞগোপীগণের মুখ দিয়া প্রতিপন্ধ করিতে চেষ্টা করিয়াছেন।

একটি লক্ষ্য করিবার বিষয় এই যে, সূরদাসের পদে 'কৃষ্ণ' নামের উল্লেখ থাকিলেও শ্রাম ও কান্হ, হরি ও গোপাল নামের প্রাচুর্য্য দেখিতে পাওয়া যায়। ভাস 'দামোদর', 'নারায়ণ' নামই বেশী ব্যবহার করিয়াছেন। তুকারাম বিঠলনাথ বা বিঠোবা এই নামে শ্রীকৃষ্ণকে বন্দনা করিয়াছেন। বিভাপতির পদে 'মাধব' নামের প্রাচুর্য্য দেখিতে পাওয়া যায়। মীরা বাইর কবিতায় 'গোপাল', 'নন্দলালা' এবং 'কান্হ' এই নামই বেশী দেখা যায়। বাঙ্গালী কবিরা সাধারণতঃ কৃষ্ণ নামের ভক্ত। চণ্ডীদাসের কৃষ্ণকীর্ত্তনে 'শ্রাম' নাম নাই। কাহ্ন (কৃষ্ণ) নামই বেশী ব্যবহৃত হইয়াছে। সূরদাস 'শ্রাম' নাম কোথা হইতে পাইলেন ? কৃষ্ণকীর্ত্তনের চণ্ডীদাস যদি সূরদাসের পূর্ববর্তী হয়েন, তাহা হইলে শ্রাম নাম নিশ্চয়ই সূরদাস বঙ্গদেশ হইতে পান নাই।

সূরদাস একাধারে ভক্ত, রসিক, পণ্ডিত ও কবি ছিলেন। তিনি যে অন্ধ ছিলেন, তাহা জানা যায়। তিনি জন্মান্ধ ছিলেন, কিংবা যুবতীর রূপ দেখিবার জন্ম নয়ন ধাবিত হইয়াছিল বলিয়া তিনি সেই যুবতী কর্তৃক চক্ষু উৎপাটিত করিয়া লইয়াছিলেন, তাহা ঠিক জানা যায় না। তবে তাঁহার প্রাণের দেবতার জন্ম অন্ধ-জীবনের একান্ত আশালোকহীন আবেগভরা আকুলতা আমাদিগের প্রাণের তন্ত্রীতে একটি ব্যথার স্থর তুলে—

> তোমাতে হেরিব আমার দেবতা, হেরিব আমার হরি, তোমার আলোকে জাগিয়া রহিব অনস্ত বিভাবরী। সূরদাসের প্রার্থনা—রবীন্দ্রনাথ।

## স্থভী

f	वेषग्र				পৃষ্ঠা
ক। উপ	ক্রমণিকা ···	•••	•••	•••	>
(۶)	হিন্দী সাহিত্যের উৎপত্তি	ও ক্রমোগ্নতি	•••	•••	>
(২)	ব্ৰজ-ভাষা ···	•••	•••	•••	¢
<b>(e</b> )	সূর-সাহিত্য	•••	•••	•••	٩
খ। সূরদ	<b>াসের জীবন-</b> চরিত	•••	•••		>>
গ। সূর	গসের শিল্প · · ·	•••	•••	•••	>0
ঘ। সূর-	কবিতায় রস	•••	•••	•••	২৬
ঙ। সূর-	সাগরে বাৎসল্য-রস	•••	•••	•••	২৯
(2)	শ্রীকৃষ্ণের শৈশব লীলা	•••	•••	•••	২৯
(২)	মাখম-চুরি	•••	•••	•••	96
চ। শৃঙ্গ	র রস •••	•••	•••	•••	8¢
(2)	সংযোগ-শৃঙ্গার	•••	•••	•••	8¢
	১। গোচারণ ও গোপীদে	নর চিত্ত-বিকার	•••	•••	8¢
	২। রাধা-কৃষ্ণ	•••	•••	•••	( 0
	৩। রাধার প্রেম	•••	•••	•••	৬০
	৪। দান-লীলা	•••	•••	•••	৬১
	ে। রাধা-কৃষ্ণের প্রেম	•••	• • •	•••	99
	৬। রাধার উৎকণ্ঠা			•••	96
	৭। রাস-লীলা	•••		•••	とう
	৮। মান, ঝুলন ও বসন্ত	•••	•••	•••	৯৩
(২)	বিয়োগ-শৃঙ্গার	•••		•••	৯৬
	১। গোপী-বিরহ	•••	•••	•••	৯৬
	২। ভ্রমর-গীতি	•••	•••	•••	> 8
ছ। শা	ন্ত রস	•••	•••	•••	১১৬
জ। উ	াসংহার	• • •	•••	•••	ડરર

## ভক্তপ্রবর মহাকবি সুরদাস

### জীবনী ও কাব্যালোচনা \*

## শ্রীনলিনীমোহন সান্যাল, এম. এ., লিখিত

#### ক। উপক্ৰমণিক!

## (১) হিন্দী সাহিত্যের উৎপত্তি ও ক্রমোন্নতি

১১৯১ খৃষ্টাব্দে মুসলমানগণ কর্ত্বক দিল্লী-বিজয়ের পর যদিও অনেক হিন্দুরাজ্য লুপ্ত হইয়াছিল এবং রাজস্থানের অনেক স্থান্চ ছুর্গ মুসলমান-করায়ত্ত হইয়াছিল, তথাপি সমগ্র রাজপুত জাতি সম্পূর্ণরূপে তাহাদের কবলে পতিত হয় নাই। এই বিপ্লবের সময়েই উত্তর-ভারতবর্ষের প্রাদেশিক ভাষাসমূহের অভ্যুদয় হয়। এই সময়ে রাজস্থানেই অধিক চাঞ্চল্য দৃষ্ট হইয়াছিল। প্রত্যেক রাজপুত নরপতিকে স্বীয় স্বাধীনতা রক্ষার জন্য অশেষ চেন্টা করিতেও সর্ববদাই যুদ্ধ-বিগ্রহে নিযুক্ত থাকিতে হইয়াছিল। প্রত্যেক হিন্দুরাজসভায় এক বা ততোধিক ভাট বা চারণ থাকিত। তাহারা নিজ নিজ রাজার ও রাজবংশের বীরত্বকাহিনী লিপিবদ্ধ করিয়া বীণার সাহায্যে ঐ সকল গাখা রাজসভায় ও অন্যত্র গান করিত। এই উত্তেজনার সময়ে এই রাজকবিদিগকে রচনার জন্য বিষয়ের অভাব অনুভব করিতে হয় নাই এবং স্ব স্ব রাজাদের নিকট হইতে যথেষ্ট উৎসাহ ও সাহায্য লাভ করিয়া তাহারা নিজ নিজ রচনার উৎকর্ষ-সাধনে যত্নপর হইয়াছিল। ভাট বা চারণদের গীতিকাব্যসমূহই হিন্দী সাহিত্যের আদি রচনা এবং মহারাজ পৃথীরাজের সভাকবি চন্দবরদাই-ই ঐ সকল কীর্ত্তি-গাখা-রচয়িতাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ।

খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রারম্ভে হিন্দী সাহিত্যে এক নূতন বিকাশের সূত্রপাত হয়। উত্তর-ভারতে এই সময়ে যে ধর্ম্মান্দোলন উপস্থিত হয় তাহাই

এই প্রবন্ধ কলিকাতা পোএট্রী সোসাইটীতে এবং বঙ্গীয় সাহিত্য-পরিষদে পঠিত।

ইহার মূল। মুসলমান-বিজ্ঞাের পরবর্তী কয়েক শতাব্দী ধরিয়া হিন্দুদের অবস্থা অতি শোচনীয় হইয়া উঠিয়াছিল। পাঠান রাজত্বকালে মুসলমানেরা হিন্দুদের উপর অনেক অত্যাচার করিয়াছিল। অনেক দেবমন্দির উৎপার্টিত ও চুর্ণীকৃত হইয়াছিল, অনেক দেব-দেবী-মূর্ত্তি অসম্মানিত হইয়াছিল এবং অনেক শাস্ত্র-গ্রন্থাদি নফ হইয়াছিল। হিন্দুরা তখন ভয়ে শঙ্কিত থাকিত। তাহাদের মধ্যে অনেকে বাধ্য হইয়া মুসলমান ধর্ম্মে দীক্ষিত হইয়াছিল। এই চুর্দিনে উত্তর-ভারতে যে কয়েকটা ধর্ম্মান্দোলন উপস্থিত হইয়াছিল, তাহাদ্বারা মৃতপ্রায় হিন্দুধর্ম্ম আবার সজীব হইয়া উঠিয়াছিল। শঙ্করাচার্য্যের অদ্বৈতবাদের যতই যৌক্তিকতা থাকুক না কেন, তাহা জনসাধারণের হৃদয়গ্রাহী হয় নাই। সেই জন্ম কয়েক শতাব্দী পরে রামানুজ তাঁহার বিশিষ্টাদ্বৈতবাদের মত প্রচার করিয়া সহজেই সাফল্য লাভ করিয়াছিলেন। ঈশরের সহিত একত্ব লাভ করিবার আশা মাসুষের মনকে সম্ভোষ দিতে পারে না। সে এমন একটী দেবতা চায় যাহাকে সে সহজে অমুভব করিতে পারে, যাহার উপর সে স্থখেচুঃখে সকল সময়ে নির্ভর করিতে পারে, যাহাকে সে তাহার অভাব-অভিযোগ জানাইতে পারে. যাহাকে সে সেবাভক্তি করিতে পারে, যাহাকে সে হৃদয়ের সহিত ভাল-বাসিতে পারে। রামানুজের ধর্ম্মে ঈশ্বর সেব্যু, মানুষ সেবক। প্রায় সকল প্রধান প্রধান ধর্ম্মমতে এই ভাবটী বিগ্রমান। মৃত্যুর পর শিব হইতে পারিব এই আশা অপেক্ষা বৈকুঠে যাইয়া ঈশ্ব-সানিধ্য লাভ করিব এই আশা অধিক তপ্তিকর। এইরূপ ধর্ম্মই মনুষ্যের হৃদয়গ্রাহী।

যে ধর্মান্দোলন পঞ্চদশ শতাব্দীর প্রথম ভাগে আরম্ভ হয় তাহাতে এইরূপ মতই প্রচারিত হইয়াছিল। এতাবৎকাল পর্য্যন্ত ব্রাহ্মণেরা ব্রাহ্মণেতর
জাতিদিগকে ধর্ম্মচর্চচা হইতে এক প্রকার বঞ্চিত করিয়াই রাথিয়াছিলেন,
কিন্তু এই সময়ের ধর্মপ্রবর্তকেরা সকল শ্রেণীর মধ্যে তাঁহাদের ধর্ম্মত প্রচার
করিয়া সকলকে সমভাবে ধর্মে অধিকার দিতে লাগিলেন। তাঁহাদের ধর্মগ্রন্থগুলি সংস্কৃত ভাষায় লিপিবদ্ধ না হইয়া, দেশীয় ভাষায় লিখিত হইতে লাগিল।
ইহার ফলে হিন্দী সাহিত্য উত্তরোত্তর উন্ধতি লাভ করিতে সমর্থ হইল।

এই সময়ের ধর্ম্মান্দোলন চারিটী বিভিন্ন ধারায় প্রবাহিত হইয়াছিল। তুইটী ধারায় সাকারোপাসনার এবং তুইটীতে নিরাকারোপাসনার পোষকতা হইতে লাগিল। সাকরোপাসনার তুইটী ধারার একটীতে রাম-ভক্তি ও অপরটীতে কুষ্ণু-ভক্তি প্রচারিত হইতে থাকিল। উভয়েই অবতারবাদ স্বীকৃত হইল এবং

মূর্ত্তিপূজা প্রবর্ত্তিত হইল। উভয় সম্প্রদায়ই বেদ এবং পুরাণ মান্ত করিত।
নিরাকারবাদীরা অবতারবাদ স্বীকার করিত না এবং মূর্ত্তিপূজার বিরোধী ছিল,
যদিও তাহারা তাহাদের মতের পোষকতার জন্ত কখনো কখনো পোরাণিক
আখ্যানসমূহ হইতে উদাহরণ উপস্থিত করিত। নিরাকারবাদ বা নিগুণধারা
ছই শাখায় বিভক্ত হইয়াছিল। প্রথম—জ্ঞানাশ্রয়ী শাখা, এবং দ্বিতীয়—শুদ্ধ
প্রেমমার্গী (অর্থাৎ সূফীদিগের) শাখা। জ্ঞানাশ্রয়ী শাখার মূলস্তম্ভ কবীর সাহেব ।
তিনি একজন অবিতীয় প্রতিভাসম্পন্ন, নির্ভীক ধর্ম্মপ্রচারক ছিলেন। তাঁহার
মতকে ভিত্তি করিয়া উত্তর-ভারতে পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগ হইতে সপ্তদশ
শতাব্দীর শেষ পর্যান্ত পর পর অনেকগুলি ধর্ম্মস্প্রদায় গঠিত হইয়াছিল—
যথা, নানকপন্থী, দাত্বপন্থী, লালদাসী, সাধ, চরণদাসী, শিব-নারায়ণী, রাম-সনেহী,
প্রাণ-নাথী। এই সকল সম্প্রদায়ের প্রবর্ত্তকণণ ও শিশ্বমগুলী হিন্দী ভাষায়
অসংখ্য কাব্যপ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। এই সকল কাব্যপ্রন্থ শান্তরসাত্মক
এবং ভক্তির মাহাত্ম্য-কীর্ত্তনকারী।

উত্তর-ভারতের ধর্ম্ম্য পুনরুত্থানের ইতিহাসে মহাত্মা রামানন্দের নাম অতি উচ্চ। এই মহাত্মা সম্ভবতঃ ১৪০০ হইতে ১৪৭০ খৃফাব্দ পর্যান্ত জ্ঞীবিত ছিলেন। তিনি রাম-নামে ঈশরোপাসনার প্রবর্ত্তক ছিলেন এবং প্রচার করিতেন যে জীবদেহধারণের ক্রেশ হইতে মুক্ত করিতে রাম ভিন্ন অন্য কেহ সমর্থ নহে। রামে অন্যা ভক্তি ভিন্ন কেহ মোক্ষ লাভ করিতে পারে না। রামানন্দের শিয়েরা হিন্দী ভাষায় পুস্তক লিখিয়া তাঁহাদের ধর্ম্মমত প্রচার করিতেন। ঐ সকল পুস্তক কবিতায় রচিত। ভারতবর্ষ ইংরাজ্ঞাধিকৃত হওয়ার পূর্বেব প্রায় সকল গ্রন্থই পত্যে রচিত হইত। ভক্তপ্রবর মহাকবি তুলসীদাস এই সম্প্রদায়ভুক্ত।

মহাত্মা ক্বীর রামানন্দের শিশু ছিলেন, কিন্তু মহারাষ্ট্রদেশীয় ভক্ত নামদেবের অনেক পরিমাণে অনুকরণ করিয়াছিলেন। ক্বীর ঈশরকে রাম, আল্লা ইত্যাদি বহু নামে অভিহিত করিতেন এবং নিজ গুরুর অনুসরণ করিয়া রাম-ভক্তির মহিমা প্রচার করিতেন। কিন্তু তাঁহার রাম-ভক্তি ভিন্ন প্রকারের ছিল। সে ভক্তি বিষ্ণুর অবতার রামের প্রতি অর্পিত না হইয়া নিগুণ নিরাকার ব্রহ্মে অর্পিত হইত। ক্বীর সাহেব রাশীকৃত হিন্দী কবিতার রচয়িতা।

প্রেমমার্গী বা সূফী সম্প্রদায়ে কয়েকজন ফকির কবি ছিলেন। যথা— মলিক মহম্মদ জায়সী, কুতুবন, মঞ্চন, ওস্মান, শেখ নবী, কাসিম শাহ, নুর মহম্মদ, ফাজিল শাহ। ইঁহারা সকলেই প্রেমগাণা রচনা করিয়া দেখাইতে চেফা করিয়াছেন যে, যে প্রেমতত্ত্বের আভাস লোকিক প্রেমে পাওয়া যায় তাহারই উৎকর্ষের দারা ঈশ্বেরে সহিত মিলিত হওয়া যাইতে পারে। সূফীদের মতে সমস্ত জগৎ এমন একটা রহস্থময় প্রেমসূত্রে আবদ্ধ যাহাকে অবলম্বন করিয়া জীব প্রেমমূর্ত্তি ভগবান্কে পাইবার পথে পোঁছিতে পারে। সূফীরা সমস্ত রূপেই ভগবানের প্রচ্ছন্ন জ্যোতি দেখিয়া মুগ্ধ হয়। মলিক মহম্মদ জায়সী 'পলাবত' নামক কাব্য রচনা করিয়া হিন্দী সাহিত্যে অক্ষয় নাম রাথিয়া গিয়াছেন। কবীর, তুলসীদাস ও সূফী কবিরা হিন্দী ভাষার অউধী উপভাষায় (অর্থাৎ বোলীতে) তাঁহাদের গ্রন্থ রচনা করিয়াছেন।

কৃষ্ণের উপাসনা বহু শতাব্দী পূর্বব্ হইতে প্রবর্ত্তিত ছিল। এই সময়ের ধর্মান্দোলনের প্রভাবে ইহা শক্তিসঞ্চার করিয়া প্রবল হইতে লাগিল। এই সম্প্রদায়ের ধর্ম্মমতও কবিতায় রচিত হইয়া হিন্দী সাহিত্যের পুপ্তি-সাধন করিয়াছিল। নিম্বার্ক "দশশ্লোকী" নামক স্তোত্রে রাধাকে কৃষ্ণের মূলপ্রকৃতি বলিয়া বর্ণনা করিয়াছেন। তাহা এই—

অথেতু বামে বৃষভান্মজাং মুদা বিরাজমানমন্মরূপসোভগাম্। সথীসহক্রৈঃ পরিসেবিতাং সদা স্মারেম দেবীং সকলেফকামদাম॥

নিম্বার্ক ১১৬২ খুষ্টাব্দে জন্মগ্রহণ করেন। অতএব তিনি জয়দেবের সমসাময়িক। রাধাকৃষ্ণবিষয়ক রচনা জয়দেবের সংস্কৃত কাব্য গাঁত-গোবিন্দে পাওয়া যায়। বিষ্ণুপুরাণে, বায়ুপুরাণে বা ভাগবতে রাধার উল্লেখ নাই। খুষ্টীয় পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে গুজরাট্ দেশে নরসিংহ মেহতা নামক একজন কবি গুজরাতী ভাষায় রাধাকৃষ্ণবিষয়ক অনেকগুলি গাঁতি-কবিতা রচনা করেন। এই সময়ের কিছুপূর্বেব বলদেশে চণ্ডীদাস ও মিথিলায় বিভাপতি রাধাকৃষ্ণের লীলা সম্বন্ধে অতি সরস গাঁতিকাব্য লিখেন এবং কিছু পরে রাজপুতনায় মীরাবাঈ নামক ভক্ত স্ত্রীকবি ব্রক্ষভাষায় বালকৃষ্ণবিষয়ক, ভক্তিপূর্ণ অনেকগুলি অতি মধুর ভক্ষন রচনা করেন।

রাধাকৃষ্ণবিষয়ক ধর্ম্মনতের প্রচারকার্য্যে শ্রীমৎ বল্লভাচার্য্য শীর্ষস্থানীয়। এই দক্ষিণী ব্রাহ্মণ ১৪৭৯ খৃষ্টাব্দে কাশীতে জন্মগ্রহণ করেন। ইনি মথুরার নিকট গোকুলে শ্রীকৃষ্ণের মূর্ত্তি প্রতিষ্ঠিত করিয়া ভারতবর্ষের নানাস্থানে স্বীয় মত প্রচার করিতে থাকেন। ১৫৩১ খুফান্দে ইঁহার মৃত্যু হয়। ইঁহার পুত্র বিট্ঠলনাথ (১৫১৫-১৫৮৫ খৃঃ) বল্লভাচার্য্য-সম্প্রদায়ের নেতা হয়েন। তাঁহার পিতার চারিজন শিশ্য ও তাঁহার নিজের চারিজন শিশ্য ব্রজভাষায় রাধাকৃষ্ণের লীলাবিষয়ক অনেকগুলি উচ্চ অঙ্গের কাব্য রচনা করেন এবং গোস্বামী বিট্ঠলনাথ এই আট জনকে "অফ্টছাপ" নামে অভিহিত করেন। ইহার পর হইতে ব্রজভাষায় রাধাকৃষ্ণের লীলাবিষয়ক অসংখ্য কাব্য রচিত হইতে থাকে এবং হিন্দী ভাষার ব্রজবোলীই কাব্যরচনার সর্বেবাত্তম ও সর্বেবাপ্যোগী ভাষা বলিয়া গণ্য হয়।

অফ্টছাপের কবিদিগের মধ্যে বল্লভাচার্য্যের চারি শিশ্বের নাম স্থরদাস, কৃষ্ণদাস পয়-আহারী, পরমানন্দদাস ও কুন্তনদাস, এবং বিট্ঠলনাথের চারি শিশ্বের
নাম চতুর্ভুজদাস, ছীত স্বামী, নন্দদাস ও গোবিন্দদাস। ইহাদের মধ্যে সূরদাসই
সর্বশ্রেষ্ঠ। নন্দদাসও একজন মন্দ কবি ছিলেন না।

### (২) ব্ৰজভাষা

সূরদাস তাঁহার কবিতা ব্রজভাষায় রচনা করিয়াছেন। এই ব্রজভাষা ব্রজমণ্ডলের ভাষা। ব্রজমণ্ডল বলিতে মথুরা, রন্দাবন ও তন্মিকটবর্ত্তী প্রদেশ। মথুরা জেলায়, আলিগড় জেলায়, আগ্রা জেলায়, এটাওয়া জেলায়, করোলীতে, ভরতপুর রাজ্যে, ধোলপুর রাজ্যে, গোয়ালিয়র রাজ্যের পশ্চিম ভাগে ও জ্বয়পুর রাজ্যের পূর্বিভাগের সাধারণ লোকের মধ্যে ব্রজভাষা প্রচলিত। আজকালকার সাহিত্যিক হিন্দী ভাষা বা 'খাড়ী বোলী' দিল্লী ও মিরাটের ভাষা। খাড়ী বোলী হইতে ব্রজভাষার কিছু প্রভেদ আছে।

ব্রজভাষায় ঐকার ও ঔকারের উচ্চারণ যথাক্রমে 'অয়' ও 'অও' এর স্থায়, যথা দৈ = দয়, হৌ = হও। কিন্তু গৈয়া, কৌয়া ইত্যাদি শব্দের উচ্চারণ সংস্কৃত উচ্চারণের স্থায়, কারণ এই সকল শব্দে ঐকার ও ঔকার অন্তঃত্ব 'য়' ও 'ব'-এর পূর্বে। কর্ম্মকারকের 'কো', 'কো' এবং অধিকরণ কারকের 'মেঁ' 'মেঁ' হইয়া যায়। 'য়াহি', 'বাহি' ইত্যাদি প্রায়্ম 'য়ায়্ম', 'বায়্ম' হইয়া যায়, অর্থাৎ 'হি' স্থানে 'য়' হয়। এই ভাষার প্রধান বিশেষত্ব এই যে ইহার আকারান্ত পুংলিক্স একবচন বিশেষ, বিশেষণ ও ভূত:কালের ক্রদন্ত পদ এবং অনেক সময়ে বর্ত্তমান কালের ক্রদন্ত পদ একবচনে ওকারান্ত হইয়া যায়, যেমন খোড়ো, কছো,

গমো, কর্তো ইত্যাদি। প্রাকৃত ঘোড়ও হইতে ঘোড়া হইয়াছে। কথিতঃ = কহিঅউ = কহো। গতঃ = গঅউ = গয়ো। ভূত কালের সকর্ম্মক ক্রিয়ার সহিত কর্তায় 'নে' লাগে এবং কর্ম্মের সহিত ক্রিয়ার অন্বয় হয়।

ব্রজ্ঞভাষা খাড়ী বোলী অপেক্ষা মধুর বলিয়া কবিতার বিশেষ উপযোগী। ইহার এক বিশেষত্ব এই যে কবিরা প্রয়োজনানুসারে শব্দগুলিকে পরিবর্ত্তিত করিয়া লইতে পারেন, যেমন 'হৃদয়' স্থানে 'হিয়', 'ঘোড়া' স্থানে 'ঘোরো', 'এক' স্থানে 'ইক', 'দিবস' স্থানে 'জোস', 'নয়ন' স্থানে 'নৈন', 'পয়' স্থানে 'পে', 'অন্যত্র' স্থানে 'অনত' ইত্যাদি। নয়টী রসের সকল রসই ব্রজ্ঞভাষায় প্রকাশিত হইতে পারে। এই ভাষা কোমল বলিয়া ইহাদারা বীররসাত্মক কবিতা রচিত হইতে পারে না এমত নহে। আউধী ভাষায় বীররস উত্তমরূপে ব্যক্ত হয় না বলিয়া, কবিতাবলী রামায়ণে বাররসের কবিতা লিখিবার জন্য তুলসীদাসকে ব্রজ্ঞবোলীর শরণাগত হইতে হইয়াছে। ঐ গ্রন্থ হইতে বীররসের একটী উদাহরণ নিম্নে প্রদক্ত হইল।—

কতহুঁ বিটপ ভূধর উপারি, পর সেন বরক্খত।
কতহুঁ বাজি সোঁ বাজি মর্দি, গঙ্গরাজ করক্খত॥
চরণ চোট চটকন চকোট অরি, উরসির বঙ্জত।
বিকট কটক নিদ্দরত বীর, বারিদ জিমি গঙ্জত॥
লঙ্গুর লপেটত পটকি ভট, 'জয়তি রাম জয়' উচ্চরত।
তুলসীস প্রন্দন্দ্ব অটল যুদ্ধ, ক্রুদ্ধ কোতৃক করত॥

হনুমান্ কোথাও রক্ষ ও পর্বত উৎপাটিত করিয়া শক্রসেনার উপর বর্ষণ করিতেছেন, কোথাও ঘোটকদারা ঘোটক মর্দ্দন করিতেছেন, এবং কোথাও হস্তিসমূহকে কর্ষণ করিতেছেন। কোথাও শক্রদের বক্ষেও মস্তকে তাঁহার চরণের আঘাত ও চপেটাঘাতের প্রহার লাগিতেছে। কোথাও মেঘের ভায় গর্জ্জন করিতে করিতে রাক্ষসদিগের ভয়ঙ্কর সেনা বিদারণ করিতেছেন, কোথাও যোদ্ধ্বণাকে লাঙ্গুলদারা বেন্টন করিয়া পৃথিবীতলে নিক্ষেপ করিতেছেন, এবং কোথাও রামচন্দ্রের জয়ধ্বনি করিতেছেন। হে তুলসীদাসের প্রভু (রামচন্দ্র), যুদ্ধে জ্বটল বায়ুপুত্র (হনুমান্) রণস্থলে ক্রোধে কোতুক করিতেছেন।

আদিরসের বর্ণনায় হিন্দীর কোনো উপভাষাই ব্রজবোলীর স্থায় উপযোগী নয়। হিন্দী সাহিত্য ব্রজভাষায় লিখিত শৃঙ্গাররসাত্মক কবিতায় পরিপূর্ণ।

# (৩) সূর-সাহিত্য

খৃষ্ঠীয় বোড়শ শতাব্দীর প্রারম্ভ হইতে সপ্তদশ শতাব্দীর মধ্যভাগ পর্যান্ত হিন্দী সাহিত্যের উৎকর্ষ ও সমৃদ্ধির কাল। এই কালকে হিন্দী সাহিত্যের মধ্যাহ্ন-কাল বলা যাইতে পারে। বৈষ্ণব সম্প্রদায়ের প্রসিদ্ধ আচার্য্য, কবি ও ভক্তদের আবির্ভাব এই সময়েই হইয়াছিল। কবিশ্রেষ্ঠ ভক্ত-শিরোমণি সূরদাস ও তুলসাদাস এই যুগকে অলঙ্কত করিয়াছিলেন। 'সূরসারাবলী' নামক সূরদাসরচিত একখানি গ্রন্থের একটা পদে পাওয়া যায় যে তিনি এক লক্ষ্ক পদ রচনা করিয়াছিলেন—

শ্রীবল্লভ গুরু তত্ত্ব স্থনায়ো, লীলাভেদ বতায়ো। তা দিনতেঁ হরিলীলা গায়ী, এক লচ্ছ পদবন্দ। তাকো সার 'সূরসারাবলি' গাবত অতি আনন্দ॥

আমার গুরু শ্রীবল্লভ আমাকে হরিতত্ত্ব শুনাইয়াছিলেন এবং লীলারহস্থ বলিয়াছিলেন। সেই দিন হইতে আমি এক লক্ষ্ণ পদবদ্ধ হরিলীলা গাইয়াছি। তাহারই সার সূরসারাবলী অতি আনন্দে গাহিতেছি।

ইহা স্বীকার্য্য যে তিনি অসংখ্য পদ রচনা করিয়াছিলেন, কিন্তু তাহাদিগকে গণনা করিবার স্থবিধা পাইয়াছিলেন কিনা সন্দেহ; অনেক পদ লিখিয়াছিলেন বিলিয়া হয় তো সূরদাসের মনে বিশাস জন্মিয়াছিল যে তিনি এক লক্ষ পদের কম লেখেন নাই। যদি সত্যসত্যই তিনি এক লক্ষ পদ লিখিয়া থাকেন, তাহা হইলে তাহার সামান্য অংশমাত্র আজ পর্য্যন্ত আবিষ্ণৃত হইয়াছে। আধুনিক 'সূরসাগর' গ্রন্থে যে সকল পদ পাওয়া যায় তদপেক্ষা অধিক পদ লেখার আবশ্যকতা দেখা যায় না, কারণ এত অধিক সংখ্যক পদের অপ্রাপ্তিহেতু কোনো লীলার বিবরণের অঙ্গহানি হয় নাই। সূরদাস নিম্নলিখিত কয়েকখানি গ্রন্থের নির্দ্ধাতা বলিয়া কথিত হন—(১) সূরসাগর (২) সূরসারাবলী (৩) সাহিত্য-লহরী (৪) ব্যাহলো এবং (৫) নলদময়ন্তী। শেষোক্ত তুইখানি গ্রন্থ আজ পর্যান্ত আবিষ্ণৃত হয় নাই। স্ত্রাং এই গ্রন্থমের অন্তিত্ব সম্বন্ধে যোর সন্দেহ আছে। 'ব্যাহলো' কোন্ বিষয় অবলম্বন করিয়া রচিত হইয়াছিল কেহ বলিতে পারে না। সূরদাসদারা 'নলদময়ন্তীর' রচনাও সম্ভব বলিয়া বোধ হয় না, কারণ তাঁহার ন্থায় ভক্ত যে ভক্তিবিষয়ক কবিতা ছাড়িয়া কোন পার্থিব বিষয়ে মনঃসংযোগ করিয়াছিলেন

ইহা যুক্তির বহির্গত। তুলসীদাসও ভক্তিবিষয়ক কবিতা ব্যতীত অন্য কোনো কবিতা লেখেন নাই।

যে গ্রন্থগুলি আজ পর্যান্ত আবিদ্ধৃত হইয়াছে তাহাতে সূর্দাসের ব্যক্তিত্বের ছাপ স্পন্ট। তাঁহার সর্বপ্রসিদ্ধ গ্রন্থ 'সূর্দাগর'। ইহা রামায়ণ, ইলিয়ড, প্যারাডাইস্ লন্ট, মেঘনাদবধ ইত্যাদির স্থায় Epic মহাকাব্য নয়। তিনি ভক্তির আবেশে বিহ্বল হইয়া এক এক সময়ে ভগবানের এক এক লীলার পদ রচনা করিয়া গান করিতেন। স্কৃতরাং একই বিষয়ের বা একই ভাবের ছই বা ততোধিক পদ সূর্দাগরে পাওয়া যায়। সূর্দাগরে শ্রীমদ্ভাগবতের ক্রম অমুসরণ করা হইয়াছে। ভাগবতের ক্ষমগুলির যে যে অংশ ভগবানের লীলা-সম্পৃক্ত, সেই সেই অংশ লইয়াই তাঁহার ভজনগুলি রচিত, তন্মধ্যে অধিকাংশই দশম ক্ষমের পূর্বভাগ অর্থাৎ শ্রীকৃষ্ণের বাল্য বা ব্রজ্গলীলা অবলম্বন করিয়া লিখিত। তবে এই সকল পদ যে কেবল ভাগবতের আধারেই লিখিত হইয়াছে তাহা বলা যায় না, কারণ ভাগবতে রাধার নাম কোনো স্থলে দৃষ্ট হয় না। দানলীলা-প্রসন্ধও তাহাতে নাই। সম্ভবতঃ রাধার নাম জয়দেবের গীত-গোবিন্দ ও প্রচলিত কিংবদন্তী হইতে গৃহীত হইয়াছে।

সূরদাস লক্ষাধিক পদ রচনা করিয়াছিলেন বলিয়া শুনিতে পাওয়া যায়।
সূরসাগরের কয়েকটা সংস্করণ প্রকাশিত হইয়াছে, তন্মধ্যে নওল কিশোর প্রেসের
সংস্করণে অফ্টছাপের অফ্যান্য কবিদের পদও স্থানলাভ করিয়াছে। কলিকাতার
বন্ধবাসী প্রেসের সংস্করণটা সম্পূর্ণ নয় এবং ছম্প্রাপ্য। এক্ষণে বোম্বাইয়ের
বেক্কটেশর প্রেসের সংস্করণের উপরই নির্ভর করিতে হয়। ইহাও সন্তোষজনক
নহে। ইহা ভ্রমপ্রমাদে পরিপূর্ণ। কোনো সংস্করণেই চারি পাঁচ হাজার
পদের অধিক পাওয়া যায় না। বোম্বাই সংস্করণের পদসংখ্যা ৪,১৩৯, কিন্তু
ইহাতে তু' চারিটা পদ তুইবার ছাপা হইয়াছে। উপস্থিত সংগ্রহগুলি হইতে
বাছিয়া লইয়। যদি একটা নৃতন শুদ্ধ সংস্করণ প্রকাশ করা যায় তাহা হইলেও
ছয় সহস্রের অধিক পদ তাহাতে স্থান লাভ করিবে না।

সূরসাগর সত্যসত্যই একখানি অপূর্বব গ্রন্থ। ইহা প্রেম, কাব্য ও সঙ্গীতের ত্রিবেণীরূপে মিলিত হইয়া অবশেষে সাগরে পরিণত হইয়াছে। ইহা রত্নাকর— ইহার এক একটী পদ এক একটী রত্ন। যে সকল পদ আজ পর্য্যন্ত আবিষ্কৃত হইয়াছে তাহাদেরই সংখ্যা দেখিয়া বিশ্বিত হইতে হয় এবং তাহা হইতেই সূরদাস কবিশ্রেষ্ঠ বলিয়া প্রমাণিত হইয়াছেন। ভক্তেরা তাঁহার সূরসাগর মন্থন করিয়া হরিভক্তিরূপ অমৃতের আস্থাদন করেন। কাব্যরসিক ব্যক্তিগণ তাহাতে ডুব দিয়া যে সকল রত্ন উদ্ধার করেন তাহাদের উচ্ছল্যে তাঁহারা বিমৃগ্ধ হন। সঙ্গীতপ্রিয় ব্যক্তিদের তো কথাই নাই, তাঁহারা এক এক পদোর্শ্মির নর্ত্তনে আত্মসমর্পণ করিয়া বিহবল হইয়া যান।

সূরসারাবলী সূরসাগরের সূচীগ্রন্থ-স্বরূপ। ইহাতে ১,১০৭টা পদ আছে। 'সাহিত্যলহরী'কে সূরসাগরের অংশ বলা যাইতে পারে। সূরসাগরের গৃঢ়ার্থ পদগুলিকে বাছিয়া লইয়া তাহাদের সহিত আরও কতকগুলি ঐরূপ পদ সংযুক্ত করিয়া সাহিত্যলহরী নির্দ্মিত হইয়াছে। এই গৃঢ়ার্থ পদগুলির 'দৃষ্টিকৃট' নাম দেওয়া হইয়াছে। ঐ দৃষ্টিকৃট পদগুলি যমকে পরিপূর্ণ। 'সারক্ত' শব্দটী সূরদাসের অত্যন্ত প্রিয়। এই শব্দটী স্বরসাগরের যেখানে সেখানে পাওয়া যায় এবং নানা অর্থে ব্যবহৃত হইয়াছে। টীকার সাহায়্য ভিন্ন দৃষ্টিকৃট পদগুলির অর্থ করা প্রায়্ম অবং নানা অর্থে ব্যবহৃত হইয়াছে। টীকার সাহায়্য ভিন্ন দৃষ্টিকৃট পদগুলির অর্থ করা প্রায়্ম অবছব। ইহাদের রচনায়্ম স্বরদাসকে অনর্থক অনেক পরিশ্রাম ক্রিতে হইয়াছে। তিনি অনেক বাক্চাতুরী দেখাইয়াছেন সত্য, কিন্তু আশ্চর্যের বিষয় এই যে এরূপ ভক্ত কবিও হাল্মজনক আড়ম্বর দেখাইবার প্রলোভন ত্যাগ করিতে পারেন নাই। বালকদের পক্ষে ইহাদের অর্থান্থেষণ চিন্তাকর্ষক হইতে পারে। নিম্নে দৃষ্টিকৃটের ছুইটা উদাহরণ প্রদন্ত হইল:—

১। অদ্ভুত এক অনুপম বাগ।

যুগল কমল পর গজ ক্রীড়ত হৈ, তা পর সিংহ করত অনুরাগ।

হরি পর সরবর সর পর গিরিবর, ফুলে কঞ্চ পরাগ।

ক্রচির কপোত বসে তা উপর, তা উপর অমৃত ফল লাগ।

ফল পর পুত্রপ পুত্রপ পর পল্লব, তাপর স্থকপিক মৃগমদ কাগ।

খঞ্জন ধনুষ চন্দ্রমা উপর, তা উপর ইক মণিধর নাগ।

অঙ্গ অঙ্গ প্রতি ঔর ঔর ছবি, উপমা তাকো করত ন ত্যাগ।

সূরদাস প্রভু পিয়ত্ স্থারস, মানোঁ অধরনিকে বড় ভাগ॥

্রিখানে এক উত্থানের বর্ণনাচ্ছলে সূরদাস শ্রীরাধিকার রূপের বর্ণনা করিতেছেন]। একটা অদ্ভূত অনুপম বাগান দেখিলাম। সেই বাগানে হুইটা কমলের উপর হুইটা হস্তা ক্রীড়া করিতেছে (অর্থাৎ রাধার হুইটা চরণকমলের উপর হস্তিশুগুসদৃশ হুইটা উরু বিরাজিত)। তহুপরি সিংহ (অর্থাৎ রাধিকার কটিদেশ সিংহের কটির স্থায় সূক্ষ্ম)। তাহার উপর সরোবর (অর্থাৎ রাধার

নাভিদেশ সরোবরের স্থায় গভীর )। তাহার উপর গিরিবর ( অর্থাৎ রাধিকার স্তন্তম পর্বতের স্থায় উচ্চ ), এবং তাহা প্রস্ফুটিত কমলের স্থায় পরাগযুক্ত। তত্বপরি কপোত ( অর্থাৎ রাধিকার গ্রীবা কপোতের কঠের ন্যায় স্থগঠিত )। তাহার উপর অমৃতফল লাগিয়া আছে (অর্থাৎ রাধিকার মুখের সৌন্দর্য্য অমৃত-আস্বাদনের মাধুর্য্যের তায় )। ফলের উপর পূষ্প ও পুষ্পের উপর পল্লব ( অর্থাৎ রাধিকার মুখের নিম্নাংশে চিবুক এবং তত্নপরেই অধরোষ্ঠ )। তাহার উপর শুক (অর্থাৎ রাধিকার নাসিকা শুকের চঞ্চুর স্থায় ক্রমশঃ সূক্ষ্ম ও দীর্ঘ)। মুখের মধ্যে পিক ( অর্থাৎ রাধিকার স্বর কোকিলের স্বরের স্থায় মধুর)। ললাটে মৃগমদ (অর্থাৎ কস্তুরীর ফোঁটা)। মুখের আর এক স্থলে খঞ্জন ( অর্থাৎ রাধিকার নেত্র খঞ্জনের তায় চঞ্চল )। 'কাগ' বোধ হয় রাধিকার কাকপক্ষক বা চুলের ঝাঁপ্টা। [ ধমুকের সহিত রাধার জ্রর তুলনা করা হইয়াছে । ধনুর উপর চন্দ্রমা (এক প্রকারের অর্দ্ধচন্দ্রাকৃতি টীপা)। তাহার উপর এক মণিধর নাগ ( অর্থাৎ রাধিকার বেণী সর্পাকৃতি ও মণিজড়িত )। প্রত্যেক অঙ্গের যে ভিন্ন ভিন্ন শোভা, তাহার উপমার অভাব মাই। হে সূরদাসের প্রভু, স্থধারস পান কর, এবং ইহা তোমার অধরের অত্যন্ত ভাগ্য বলিয়া মনে করিও।

২। রাধে, হরি রিপু কোঁা ন তুরাবতি।

মেরু-স্থতাপতি তাকে পতিস্থত, তাকো কোঁা ন মনাবতি।

হরি বাহন তা বাহন উপমা, সো তৈঁ ধরে দূঢ়াবতি।

নব অরু সাত বীস তোহিঁ সোভিত, কাহে গহরু লগাবতি।

সারঁগ বচন কহো করি হরি কো, সারঁগ বচন ন ভাবতি।

সূরদাস প্রভু দর্ম বিনা তুব, লোচন নীর বহাবতি॥

হে রাধে, হরির ( সূর্য্যের ) শক্র যে তম ( এখানে অহঙ্কার ) কেন গোপন করিতেছিস্ না ? মেরু-( পর্বত ) স্থতা পার্ববতীর পতি যে শিব সেই শিবের পতি ( প্রভু ) রিষ্ণু, তাহার পুত্র প্রভ্রান্ধ ( কামদেব, ) তাহার কেন আশ্রয় লইতেছিস্ না ? হরির ( বিষ্ণুর ) বাহন গরুড়, তাহার বাহন পক্ষ ( অর্থাৎ নিজের জেদ ) দৃঢ় করিয়া ধরিয়া বসিয়া আছিস্ ( অর্থাৎ ফুর্জুয় মান করিয়া বসিয়া আছিস্ ) কেন ? তোর নয় এবং সাত অর্থাৎ ষোল ( অর্থাৎ শৃক্ষার বা বেশবিন্যাস ) বিষবৎ লাগিতেছে। কেন বিলম্ব করিতেছিস্ ? হরির প্রতি সারস্ব ( তীক্ষ ) বচন প্রয়োগ

করিয়াছিস; এক্ষণে অমৃতায়নান বাক্য বারা কেন তাঁহাকে তুইত করিতে চাহিতেছিস্ না ? সূরদাসের প্রভু কৃষ্ণ তোর দর্শন বিনা লোচনে নীর প্রবাহিত করিতেছেন।

সাহিত্যলহরীর একটা ছন্দোবদ্ধ টীকা আছে বলিয়া কথিত হয়। এই টীকা সূরদাসকৃত কিনা বলা যায় না। ইহাতে প্রত্যেক পদের অলঙ্কার এবং নায়িকাদির লক্ষণ বর্ণিত আছে। সাহিত্যলহরীর সন্দারকবিকৃত একখানি ব্রক্ষভাষা গতে লিখিত টীকা আছে। ঐ টীকায় ১৮০টী দৃষ্টিকৃট পদের ব্যাখ্যা পাওয়া যায়। কিন্তু সবগুলির ব্যাখ্যা সন্তোষজ্ঞনক নহে। হয়তো ব্যাখ্যাকার নিজেই সম্পূর্ণরূপে সবগুলি বুঝিতে সমর্থ হন নাই।

# খ। সূরদাসের জীবন-চরিত

সূরদাসের জন্ম ও মৃত্যুকাল সম্বন্ধে নিশ্চয়তাপূর্বক কিছু বলা যায় না। চৈত্ত্য মহাপ্রভুর জন্ম ১৪৮৫ খুফাব্দে হয়। কতকটা প্রমাণ পাওয়া গিয়াছে যে মহাত্মা সূরদাদের জন্ম তাঁহার এক বৎসর পূর্বে হইয়াছিল, এবং তাঁহার মৃত্যু তাঁহার ৭৫ হইতে ৮০ বৎসর বয়সের মধ্যে হইয়াছিল। ৬৭ বৎসর বয়সে তিনি সূরসারাবলী, এবং তাহার কিছুকাল পরে সাহিত্যলহরী প্রণয়ন করেন। সাহিত্য-লহরীর রচনাকাল ঐ গ্রন্থেই প্রদত্ত হইয়াছে। তাহা হইতে জানা যায় যে ঐ গ্রন্থ ১৫৫০ খৃষ্টাব্দে লিখিত হইয়াছিল। সূরসারাবলীতে সূরদাস লিখিয়াছেন যে তিনি ৬৭ বৎসর বয়সে উহার রচনা শেষ করেন। যদি সূরসারাবলী ও সাহিত্যলহরী একই সময়ে লিখিত হইয়া থাকে তাহা হইলে সূরদাসের জ্ঞদাকাল ১৪৮৪ খৃষ্টাব্দ ধরা যাইতে পারে। ছইখানি গ্রন্থ এক সময়ে নাও লিখিত হইয়া থাকিতে পারে, এবং তাহা হইলে আমাদের অনুমান মিথ্যা হইয়া যায়। কিন্তু ইহা নিশ্চয়তাপূর্বক বলা যাইতে পারে যে, যখন সূরসারাবলী সূরসাগরের সূচী, তখন উহা সূরসাগরের পরে লিখিত হইয়াছিল, এবং যখন সাহিত্যলহরী সূর্সাগরের সংগ্রহ-গ্রন্থ, তখন উহাও সূরসাগরের পরে সক্ষলিত হইয়াছিল। যদি সত্যসত্যই সূরসাগরে লক্ষাধিক পদ থাকিয়া থাকে, ভাহা হইলে ইহা বলিভেই হইবে যে স্রদাসের বৃদ্ধাবস্থায় ঐ গ্রন্থ সমাপ্ত হইয়াছিল। যদি সূরসারাবলী ও সাহিত্যলহরীর

রচনাকালের ব্যবধান ১০ বৎসরও ধরা যায় তাহা হইলে সূরদাসের মৃত্যু ১৫৬০ খ্রফাব্দের নিকটবর্ত্তী সময়ে সঞ্চটিত হইয়াছিল এরূপ অনুমান করা যাইতে পারে।

এক্ষণে তাঁহার বংশ-পরিচয় এবং জন্ম-মৃত্যুস্থান জানিবার চেম্টা করিতে হইবে। সূরদাসের বংশসম্বন্ধে তুইটা বিভিন্ন মত প্রচলিত। গোস্বামী বিট্ঠল নাথের পুত্র গোস্বামী গোকুলনাথ " চৌরাসী বৈষ্ণবোঁ কী বার্ত্তা" নামক একখানি পুস্তক ব্ৰজভাষা গছে লিখিয়া গিয়াছেন। নাভাদাসকৃত "ভক্তমাল" গ্ৰন্থেও আনেক ভক্তের অতি সংক্ষিপ্ত বিবরণ আছে। সরদার কবিকৃত "সূরদাস কী দৃষ্টিকৃট " নামক পুস্তকের শেষে সূরদাসের স্বরচিত বংশপরিচয় কবিতায় বর্ণিত আছে বলিয়া কথিত হয়। তাহা হইতে জ্ঞাত হওয়া যায় যে, প্রার্থজ্ঞ-গোত্রীয় জাগত-বংশের ব্রহ্মরাও নামক এক ব্যক্তি সূর্দাসের পূর্বপুরুষ। পূর্বের এই বংশে পৃথীরাজের সভাকবি চন্দ উৎপন্ন হইয়াছিলেন। পৃথীরাজ তাঁহাকে জালাদেশ দান করিয়াছিলেন। চন্দের চারি পুত্র। তন্মধ্যে প্রথমটা জালায় রাজা হইয়াছিলেন। দিতীয় পুত্রের নাম গুণচন্দ। তাহার বংশে হরিচন্দ স্থ-কবি বলিয়া বিখ্যাত হইয়াছিলেন। তাঁহার পুত্র আগ্রায় বাস করিয়াছিলেন। তাঁহার ৭ পুত্র। তন্মধ্যে সূরজচন্দ সর্ববকনিষ্ঠ। এই সূরজচন্দই আমাদের সূরদাস। তাঁহার ভ্রাতারা মুসলমানদের সহিত যুদ্ধে নিহত হইয়াছিলেন। 'সরস্বতী 'নামক হিন্দী মাসিক পত্রের ১৯২৯ সালের নভেম্বরের সংখ্যায় শ্রীযুক্ত রমাকান্ত ত্রিপাঠী মহাকবি-চন্দের বংশলতা দিয়াছেন। শ্রীনেসুরাম ব্রহ্মভট্ট নামক তাঁহার এক বংশধরের নিকট হইতে এই বংশলতা পাওয়া গিয়াছে। নেমুরাম ভট্টজী চন্দ বরদঈ হইতে অধস্তন ২৮ পুরুষ। চন্দ হইতে সূরদাস ষষ্ঠপুরুষ যথা—(১) চন্দ (২) ঝল্লচন্দ % (৩) সীতাচন্দ (৪) বীরচন্দ (৫) হরিচন্দ (৬) রামচন্দ। রামচন্দের ৬ পুত্র, তন্মধ্যে সূরদাস কনিষ্ঠ। সূরদাস নিঃসন্তান। কিন্তু এই বংশলতা ঘোর সন্দেহজনক, কারণ সূরদাসের জন্ম-সময় চন্দ হইতে ৩০০ বৎসরেরও অধিক পরে। তিন শত বৎসরে ৬ পুরুষ হওয়া নিতান্ত অসম্ভব, ১০ বা ১২ পুরুষ হইলে সম্ভবপর হইত। সুরুজ্জচন্দ

৮ চন্দ বরদন্
র দিতীয় পুত্রের নাম গুণচন্দ এবং তৃতীয় পুত্রের নাম ঝল্লচন্দ। অভএব
 এই লতা-অমুসারে স্বরদাস গুণচন্দের বংশে জন্মগ্রহণ না করিয়া ঝল্লচন্দের বংশে জন্মগ্রহণ
 করিয়াছিলেন।

জন্মান্ধ ছিলেন। সেই কারণে তিনি বাল্যকালে একবার কূপে পতিত হইয়া তন্মধ্যে ৬ দিন অবস্থান করিয়াছিলেন এবং কয়ং শ্রীকৃষ্ণ তাঁহার উদ্ধার-সাধন করিয়া তাঁহাকে দিব্যচক্ষু দেন, এবং সূরদাসের প্রার্থনামুসারে তাঁহাকে বর দেন যে তিনি রাধাকৃষ্ণের রূপ ভিন্ন অন্য দেবতার রূপ দেখিবেন না, এবং দক্ষিণদেশস্থ প্রবল বিপ্রকুলদারা তাঁহার শক্র-নাশ হইবে। "দক্ষিণদেশস্থ প্রবল বিপ্রকুলদারা তাঁহার শক্র-নাশ হইবে। "দক্ষিণদেশস্থ প্রবল বিপ্রকুলের" কি অভিপ্রায় তাহা ভাল বোঝা যায় না। তাহার অর্থ মহারাদ্বীয় পোশোয়াগণ ভিন্ন আর কি হইতে পারে ? কিন্তু সে সময়ে পেশোয়ারা কোথায় ? অতএব মিশ্রবন্ধুরা, লালা ভগবান্ দীন ইত্যাদি অমুমার্ন করেন যে মহারাদ্বীয়দের অভ্যুদ্যের সময়ে সূর্বাস নামক অন্য কোনো কবি ঐ পদ রচনা করিয়া সরদার কবির গ্রন্থের শেষে উহার যোজনা করিয়া দিয়াছিল।

তবে সূরদাস কোন্ বংশকে অলঙ্কত করিয়াছিলেন ? "চৌরাসী বৈশ্ববোঁ কী বার্ত্তা" নামক গ্রন্থে গোকুলনাথ সূরদাসকে ভাট বলিয়া উল্লেখ করেন নাই। গোকুলনাথ তাঁহার গ্রন্থে এবং মিয়াসিংহ তাঁহার "ভক্তবিনোদ" নামক পুস্তকে সূরদাসকে ত্রাহ্মণ বলিয়াছেন। সূরদাসের মৃত্যুসময়ে বিট্ঠলনাথের বয়স ৪৮ বৎসর ছিল। গোকুলনাথ গোসামী বিট্ঠল নাথের পুত্র এবং সম্ভবতঃ ঐ সময়ে ২০।২৫ বৎসর বয়স্ব যুবক ছিলেন। বিট্ঠলনাথের সহিত সূরদাসের সৌহার্দ্য ছিল। ইহা হইতে অনুমান হয় যে গোকুলনাথের নিকট সূরদাসের বংশ অপরিচিত ছিল না। চৌরাসী বার্ত্তায় বা ভক্তবিনোদে সূরদাসের শক্র-নাশের কোনো উল্লেখ নাই, কিন্তু কূপে পতনের উল্লেখ আছে। ভক্তমাল ও চৌরাসী বার্ত্তার উক্তি-অনুসারে সূরদাস সারস্বত ত্রাহ্মণ ছিলেন এবং তাঁহার পিতার নাম রামদাস ছিল। তাঁহার মাতাপিতা দরিত্র ছিলেন, এবং তাঁহার জন্মস্থান দিল্লীর নিকট সাহী গ্রামে।

এক্ষণে জিজ্ঞাস্থ এই যে সূরদাস জন্মান্ধ ছিলেন কি না ? এ সম্বন্ধে ভক্তমাল গ্রন্থ অপেক্ষা অধিক প্রাচীন কোন গ্রন্থের প্রমাণ পাওয়া যায় না। ভক্তমাল-অনুসারে তিনি জন্মান্ধ। চৌরাসী বার্ত্তায় তাঁহার জন্মান্ধতার কথা নাই। মিশ্রবন্ধুরা তাঁহাদের "হিন্দী নবরত্ব" পুস্তকে বলিয়াছেন যে এ কথায় আস্থা স্থাপন করা যায় না। তিনি স্বীয় কাব্যে যেরূপ ভাবে জ্যোতির, নানা প্রকার বর্ণের এবং নানা হাবভাবের বর্ণনা করিয়াছেন এবং প্রকৃতি হইতে যেরূপে নানাপ্রকার উপমা চয়ন করিয়াছেন, তাহা চক্ষুম্মান্ ব্যক্তি ভিন্ন অন্ধের দ্বারা কেবল শ্রুতির সাহাযো সংগৃহীত হইতে পারে না। একটা কিংবদন্তী আছে

যে জিনি এক সময়ে কোনো যুবতীকে দেখিয়া চঞ্চলচিত্ত হওয়াতে, ঐ যুবতী-দারা নিজ চক্ষুদ্র য় বিদ্ধ করাইয়া লইয়াছিলেন। যাহা হউক সম্ভবতঃ তিনি জন্মান্ধ ছিলেন না, এবং পরে অন্ধ হইয়া গিয়াছিলেন বলিয়া অনুমান হয়।

ভক্তমালে লিখিত আছে যে ৮ বৎসর বয়সে স্রদাসের উপনয়ন হইয়াছিল, এবং তাহার পরই তিনি মাতাপিতার সহিত মথুরা-দর্শনে গমন করেন। যথম তাঁহালের বাটা ফিরিবার সময় উপস্থিত হইল তথন স্রদাস ফিরিয়া যাইতে অস্বীকৃত হইলেন। মাতাপিতা রোক্তমান হইয়া যথন তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, "তোমাকে কাহার আশ্রয়ে রাখিয়া যাইব ?" তথন বালক স্রদাস বিলিজেন, "শ্রীকৃষ্ণের আশ্রয় কি সামাত্ত আশ্রয় ?" এই সময়ে এক সাধু বিলিজেন, "আমি এই বালককে নিজের নিকট রাখিব।" সেই সময় অবিধি স্রদাস মাতাপিতা আশ্রীয়স্তলন হইতে বিচ্যুত হইলেন। কথিত হয় যে ইহার পরেই তিনি কূপে পতিত হন। উদ্ধারকর্তা যথন চলিয়া যাইতে উত্যত হইলেন, তথন স্রদাস তাঁহার হাত চাপিয়া ধরিলেন, কিন্তু তিনি সূরদাসের হাত ছাড়াইয়া চলিয়া গেলেন। তথন স্রদাস তাঁহাকে বলিয়াছিলেন—

বাঁহ ছুড়ায়ে জাত হো, নিবল জানিকে মোহিঁ। হিরদৈ সোঁ জব যাইছো, মরদ বদোঁগো তোহিঁ॥

আমাকে বলহীন জ্ঞানিয়া হাত ছাড়াইয়া যাইতেছ, কিন্তু যদি আমার হৃদয় হুইছে যাইতে পার তবে তোমাকে বাহাতুর বলিব। এই দোহাটা নিম্নলিখিত একটা পুরাতন সংস্কৃত শ্লোকের অনুবাদ বলিয়া কথিত হয়—

> " হস্তমুৎক্ষিপ্য যাতোহসি বলাদ্ বন্ধো কিমদ্ভুত্ম। হৃদয়াৎ যদি নির্যাসি পৌরুষং গণয়ামি তে॥"

তবে ইহা বলা কঠিন যে সংস্কৃত শ্লোকটী সূরদাসের পূর্বেব রচিত কি পরে।

চৌরাসী বার্ত্তা-অনুসারে তিনি আগ্রা ও মথুরার মধ্যবর্ত্তী গউঘাট নামক এক স্থানে বাস করিতেন এবং এখানেই তিনি মহাপ্রভু বল্লভাচার্য্যের শিশু হইয়া তাঁহার সহিত গোকুলে শ্রীনাথজীর মন্দিরে গমন করেন। এই স্থানে তিনি জীবনের প্রায় শেষ পর্যান্ত অবস্থান করেন। যখন মৃত্যুর সময় নিকটবর্ত্তী হইয়াছে বুঝিতে পারিলেন তখন পারাসোলী নামক গ্রামে চলিয়া গেলেন। এই সংবাদ পাইয়া শ্রীবিট্ঠলনাথ সত্বর সেখানে উপস্থিত

হইলেন, এবং তাঁহার জীবনের শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত উভয়ের বার্তালাপ চলিতে লাগিল।

# গ। স্বদাসের শিল্প

সৌন্দর্য্য-প্রিয়তা মনুয়্যের একটা স্বাভাবিক বৃত্তি। এমন কি **নিতান্ত** আসভ্য সমাজেও সৌন্দর্য্যানুরাগ পরিলক্ষিত হয়। মানুষ স্থন্দরকে ভা**ন্দর্যানু**, এবং সৌন্দর্য্য-বোধ তাহার প্রকৃতিগত। অবশ্য সৌন্দর্য্যের আদর্শের ভিন্নভা থাকিতে পারে।

এ বিশের সর্বত্রই মাধুর্য্য ছড়াইয়া রহিয়াছে। তারকাখচিত নভামগুল, প্রভাতের অরুণোদয়, শশধরের শুভ কোমুদী, সাগরের উদ্দাম উচ্ছাস, নভোমগুলের সিগ্ধ নীলিমা, জলদের নিত্য নব রূপ, সোদামিনীর চঞ্চল প্রকাশ, পর্বতের বিরাট্ সত্তা, মহীরুহের প্রশাস্ত অবয়ব, লতার মৃত্যু বেফন, পুপ্পের মধুর স্থামা, গজেল্রের মন্তর গতি, হরিণের পল্লবিত শৃঙ্গ ও কৃষ্ণনয়ন, ময়ুরের বিচিত্র পূচ্ছ, ইল্রধপুর মোহন বর্ণবিশ্রাস, শ্যামল শশ্যক্ষেত্রের তরঙ্গায়িত আন্দোলন, শিশুর অহেতুক হাস্য, তরুণতরুণীর রূপলাবণ্য, বিহুগের মনোমোহকর কৃজন, ফুলের মাদক পরিমল, ফলের তৃপ্তিকর আস্বাদ, গ্রীত্মে শীতল সমীরণ-ম্পর্শ ইত্যাদি কত মাধুর্যাই এই বিশ্বে বিগ্রমান। পাঁচটী ইল্রিয়ের কোনো না কোনোটীর সাহায়্যে এই সকল মাধুর্য্যের অনুভূতি হয়। সংসারচক্রে নিম্পেষিত সাধারণ লোকে হয়তো সব সময় বিশ্বের মাধুর্য্যসম্ভারের আস্বাদ গ্রহণে অক্ষম, কিন্তু এমন এক শ্রেণীর লোক আছেন, যাঁহাদের সৌন্দর্য্যামুভূতি অতিপ্রবল।

তাঁহারা সাধারণ বস্তর মধ্যেও সোন্দর্যা দেখিতে পান, এবং বস্তুসমূহের পরস্পরের মধ্যে সম্বন্ধ অমুভব করিতে সমর্থ। এই সম্বন্ধনির্গ বিজ্ঞানের কার্য্যকারণ-সম্বন্ধের অতীত, কিন্তু শিল্পী বা কবির নিকট অতি সহজ। প্রাকৃতিক বস্তুর সহিত নরনারীর হৃদয়ের আবেগের সম্বন্ধ অমুভব করা মনের এক বিশেষ শক্তি। এই শক্তিকে ষষ্ঠ ইন্দ্রিয় বলা যাইতে পারে। প্রতিভাবান্ কবিদের এই ষষ্ঠ ইন্দ্রিয় বর্ত্তমান। তাঁহারা এই ইন্দ্রিয়ের সাহায্যে শাশ্বভ সত্য আবিকার করিতে, এবং নিজ নিজ রচনায় বিস্ময়কর চমৎকারিত্ব উৎপাদন করিতে সমর্থ হন।

কবি যখন কোনো স্থল্যর বস্তুর বর্ণনা করেন তখন কি তিনি যেমনটা দেখিতেছেন তেমনটাই যথাযথ ভাবে অঙ্কিত করেন ? ভাল শিল্পী প্রকৃতির নকল করেন না। প্রকৃতিতে সমস্তই চঞ্চল ও পরিবর্ত্তনশীল। সকল বস্তুরই অহরহঃ রূপান্তর ঘটিতেছে। অতএব সম্পূর্ণ তার স্থায়ী আদর্শ প্রকৃতিতে কোথাও নাই। সম্পূর্ণতা একটা আপেক্ষিকতা-বাচক শব্দ। আমরা এই মাত্র বলিতে পারি যে অমুক অবস্থা হইতে অমুক অবস্থা সম্পূর্ণতর। সম্পূর্ণতার আদর্শ কেবল শিল্পীদের অন্তরে থাকে। কবি নিজ অন্তরের সম্পূর্ণতার আদর্শ তোহার রচনায় পরিক্ষুট করিতে চেফা করেন। যে স্থন্দর বস্তুকে তিনি চোখে দেখেন, তাহাকে তিনি তাহার অন্তরের আদর্শ-অনুসারে স্থন্দরতর করিয়া আঁকিতে চেফা করেন।

সোন্দর্য্যকে সম্পূর্ণতা দান করিলেই শিল্পীর কার্য্য পর্য্যবসিত হয় না। উহাকে স্থায়িত্ব-দান করাও প্রয়োজন। দেখিতে হইবে যে, যে সম্পূর্ণ রূপটা দেওয়া হইল তাহা বস্তুগত স্থায়ী রূপ কি না। আদর্শ সৌন্দর্য্য স্থায়ী। # অস্থায়ীকে স্থায়ী রূপ দেওয়াই শিল্পের চরম উৎকর্ষ। বাস্তব ভিত্তির উপর কল্পনাকে প্রতিষ্ঠিত করিতে হইবে। প্রতিভাবান্ শিল্পীরা বাস্তব ও কল্পিতের মধ্যে সামঞ্জন্ম রক্ষা করিতে সমর্থ। বাস্তবিক ছবিকে সম্পূর্ণতার আদর্শে গঠিত করাই যথার্থ শিল্প। তাহা পরিবর্ত্তনপরম্পরার মধ্যে অচল হইয়া থাকিবে। কবি যদি তাঁহার সৌন্দর্য্যের আলেখ্যকে সম্বন্ধবিচ্ছিন্ন করিয়া দেখাইতে পারেন, তাহা হইলে তাহা স্থায়ী রূপ ধারণ করে। রবীন্দ্রনাথ সম্বন্ধবিচ্ছিন্ন করিয়া উর্বশীর চিরন্তন সৌন্দর্য্য উদ্ঘাটিত করিয়াছেন—"নহ মাতা, নহ কন্যা, নহ বধৃ, স্থন্দরী রূপসী।" শ

কাব্যের ছুইটা উপাদান—ভাব ও ভাষা। ভাব ন্যুনাধিক পরিমাণে প্রায় সকল কবির মধ্যেই আছে। যাঁহার নাই, তাঁহার কবিয়শঃপ্রার্থী হইতে যাওয়া বিজ্ঞ্বনা। ভাবের প্রকাশের উপরই কবির উৎকর্ষ বা অপকর্ষ বিলম্বিত। ভাল কবিরা অত্যন্ত পরিচিত জিনিসকেও এমন করিয়া দেখাইতে পারেন যে, কেহ কথনো তাহাকে তেমন করিয়া দেখে নাই। তাঁহাদের কাব্যস্থিতে ভাব কেবল রূপরূপান্তরে ব্যক্ত হইতে চাহে। সেই জন্য তাঁহারা এক বস্তুর সহিত

<sup>\*</sup> A thing of beauty is a joy for ever. - Keats.

<sup>† ৺</sup>অজিতনাথ চক্রবর্তী।

অন্য বস্তুর সাদৃশ্য থুঁজিয়া বেড়ান, এবং অনেক সময়ে সেই সাদৃশ্যের ভাষায় নিজের ভাব প্রকাশ করিতে চেক্টা করেন। Epic বা মহাকাব্যের প্রধান সম্পদ্ উপমা। পূর্বকালে এই উপমা প্রয়োগে যে কবি যত সিদ্ধহস্ত হইতেন, তিনি ততই উচ্চ আসন গ্রহণ করিতে সমর্থ হইতেন। কালিদাস এই যশ অর্জ্জন করিয়া গিয়াছেন। বিভাপতিও এই যশে বঞ্চিত নহেন। কিন্তু গীতিকাব্যে উপমার তত প্রয়োজন আছে বলিয়া বোধ হয় না। গীতিকাব্যে ভাব সরল হইয়া যদি হুদয়তন্ত্রীকে আঘাত করে তাহা হইলেই তাহার সার্থকতা। চণ্ডীদাসের রচনা অনেকটা স্বাভাবিক। তাহার কবিতায় অলঙ্কারাপেক্ষা বর্ণনার সরলতা অধিক। তাই বলিয়া তাহার কবিতায় উপমা একেবারেই নাই তাহা নহে—যেমন

১। তোমার চরণে আমার পরাণে লাগিল প্রেমের ফাঁসী।

২। কান্তুর পিরীতি চন্দনের রীতি, ঘষিতে সৌরভময়। ঘষিয়া আনিয়া হিয়ায় লইতে

দহন দিঞ্ণ হয়॥

যথার্থ কথা বলিতে, কিঞ্চিৎ উপমা ভিন্ন কোনো কবিরই কাজ চলে না। তবে মহাকবিরা উপমার জন্ম ভাব নম্ট করেন না।

সূরদাসের পরিচয় তাঁহার কাব্যে। শ্রীকৃষ্ণের ঈশ্বরে তাঁহার অটল বিশাস। এই বিশাসের বশবর্তী হইয়া তিনি বাল্য হইতেই সংসারাশ্রম ত্যাগ করিয়া শ্রীকৃষ্ণের চরণারবিন্দে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন এবং তাঁহারই ধ্যান ও ভজনে জীবন অতিবাহিত করিয়াছিলেন। ভক্তিরসে তাঁহার প্রাণ পূর্ণ ছিল। যখনই তাঁহার হৃদয় ভাবে উদ্বেলিত হইয়া উঠিত তখনই ভাষা ও ছন্দে তাহাকে আবদ্ধ করিয়া গান দ্বারা তাহাকে মূর্ত্তিমান্ করিতেন। তাঁহার কাব্যে ও জীবনে সম্পূর্ণ মিল লক্ষিত হয়।

এখন, আমাদের দেখিতে হইবে, স্থরদাস একটা স্থায়ী সৌন্দর্য্য অঙ্কিত করিয়া রাখিয়া যাইতে পারিয়াছেন কি না।

সাধারণ লোকে বিশ্বের আনন্দকে প্রয়োজনের দিক্ দিয়া অনুভব করে, বৈজ্ঞানিক তাহার মধ্যে অপূর্বব শৃঙ্খলা দেখিয়া অভিভূত হন, কবি তাহাতে সৌন্দর্য্য প্রত্যক্ষ করিয়া সেই সৌন্দর্য্যকে নিজের আদর্শে গঠিত করিয়া স্থায়িত্ব দান করিতে প্রয়াসী হন, এবং ভক্ত তাঁহার উপলব্ধিক্ষেত্রে একটা অনির্কাচনীয় সন্তার সান্নিধ্য অনুভব করিয়া মুগ্ধ ও কৃতার্থ হন। সূরদাস শেষোক্ত ছই শ্রেণীর অন্তর্গত। তিনি প্রতিভাশালী কবি এবং অসাধারণ ভক্ত। তাঁহার কাব্য—গীতিকাব্য ও Epic কাব্যের মধ্যবর্ত্তী। তিনি পদাবলীর সাহায্যে শ্রীকৃষ্ণের বাল্যচরিত্র বর্ণিত করিয়াছেন। অধিকাংশ পদই সরল ভাষায় লিখিত কিন্তু আবার অনেক পদ অলঙ্কারসঙ্কুল। অনেক সময়ে তাঁহাকে চেফা করিয়া সাদৃশ্য খুঁজিয়া লইতে হইয়াছে।

বিশ্বস্থি যেমন নানাবৈচিত্র্যপূর্ণ, কবিস্থিতিও সেইরূপ নানাবৈচিত্র্য লক্ষিত হয়। বিষয়কে একটা মাত্র রূপ দিলেই যে তাহা ফুরাইয়া গেল তাহা নহে। সে বিষয়টা অন্যরূপেও ব্যক্ত হইতে পারে। বিভিন্ন কবির নিকট একই বিষয় বিভিন্ন রূপ ধারণ করিতে পারে। কোনো বস্তুই কবিতার নিকট পুরাতন হইতে পারে না। বিভাপতি নায়িকার স্থন্দর চক্ষু কত প্রকার উপমাদারা ব্যক্ত করিয়াছেন—

১। নীরে নিরঞ্জন লোচন রাতা। সিন্দুর মণ্ডিত (জনু) পঙ্কজ পাতা॥

স্নানের সময় কজ্জল ধুইয়া গিয়াছে এবং জল লাগিয়া চক্ষু রক্তবর্ণ ধারণ করিয়াছে, যেন পদ্মদলের উপর ঈষৎ সিন্দুরের দাগ লাগিয়া গিয়াছে।

২। চঞ্চল লোচন, বঙ্ক নিহারনি, খঞ্জন শোভা তায়। জন্ম ইন্দীবর, পবনে ঠেলল, অলীভরে উলটায়॥

কজ্জলযুক্ত চক্ষুর বঙ্কিম চাহনীতে কৃষ্ণ তারকা এক কোণে সরিয়া গিয়াছে, যেন পদ্ম বায়ুদারা সঞ্চালিত হওয়াতে ভ্রমরের ভরে উল্টাইয়া যাইবার উপক্রম করিতেছে।

৩। লোচন জমু থির ভূপ অকার। মধুমাতল কিয়ে উড়ই ন পার॥

চক্ষুর তারকা যেন স্থির ভূপ। সে মধুপানে বিভোর, কিংবা উড়িতে পারিতেছে না। সূরদাস কৃষ্ণের চক্ষুর বর্ণনায় কিরূপ উপমা-প্রয়োগ করিয়াছেন দেখা যাউক—

১। ক্রুকটি বিকট নয়ন অতি চঞ্চল, য়হ ছবি পর উপমা ইক ধাবত। ধুমুষ দেখি খঞ্জন বিবি ভরপত, ন সকত উঠিবে, অকুলাবত॥

জকুটি কুটিল, নয়ন অতি চঞ্চল। যেন জ্রূপে ধনু দেখিয়া খঞ্জনদ্বয় ভীত হইতেছে, উড়িতে না পারিয়া আকুল হইতেছে।

২। বনে বিসাল হরি লোচন লোল। চিতৈ চিতৈ হরি চারু বিলোকনি, মাঁগত হৈ মন ওল।

কুষ্ণের বিশাল চঞ্চল লোচন শোভা পাইতেছে। কৃষ্ণ স্থন্দর দৃষ্টিদারা চাহিয়া চাহিয়া দর্শকের মনকে বন্ধক স্বরূপ লইতে চাহিতেছেন, অর্থাৎ প্রায় কিনিয়া লইবার উপক্রম করিতেছেন।

ে ৩। চপল চিতবনি মনোহর, রাজতি ভ্রুবভঙ্গ। ধনুষবাণ ভারি কৈ বস, হোত কোটি অনঙ্গ॥

মনোহর চঞ্চল দৃষ্টি ও বঙ্কিম জ্রর শোভা দেখিয়া কোটি কামদেব ধন্তুর্ববাণ ফেলিয়া বশ্যতা স্বীকার করেন।

৪। দেখি হরিজৃ কে নৈনন কী ছবি।
ইহৈ জানি গুখ মানি মনহাঁ, অম্বুজ সেবত জল মে নিত রবি॥

হে সখি, ক্ষেত্র নয়নের শোভা দেখ। ঐ নয়নের তুলনায় কমল ছঃখ অনুভব করিয়া, জলের মধ্যে সূর্য্যের তপস্থা করিতেছে (যেন সে ঐ নেত্রের ন্যায় স্থন্দর হইতে পারে)।

ে। দেখি বাঁ হরি কে চঞ্চল নৈন।

খঞ্জন মীন মৃগজ চপলাঈ, নহিঁ পটতর এক সৈন॥

রাজিবদল, ইন্দীবর, সতদল, কমল, কুসেসয় জাতি।

নিসি মুদ্রিত, প্রাতহিঁ বিকসত, য়ে বিকসত দিন রাতি॥

অরুণ, সেত, সিতি,ঝলক পলক প্রতি, কো বরনৈ উপমাই।

মন্মু সরস্তি গঙ্গা জমুনা মিলি, সঙ্গম কীন্হো আই॥

অবলোকনি জলধার তেজ অতি, অতি তহাঁ ন হন টহরাত।

সূর স্থাম লোচন অপার ছবি, উপমা স্থনি সরসাত॥

ছাখ্রে হরির চঞ্চল নয়ন। খঞ্জন, মীন ও মৃগের চপলতার সহিত ইঁহার একটী চাহনীরও তুলনা হয় না। রাজিব, ইন্দীবর, শতদল, কমল এবং অন্যান্ত কুশেশয় জাতীয় পুল্পের সহিতই বা ইহার সম্পূর্ণ সাদৃশ্য কোথায় ? তাহারা নিশাকালে মুদ্রিত থাকে এবং প্রাতে বিকশিত হয়, কিন্তু ক্ষেণ্ডর চক্ষু দিবারাত্র বিকশিত। প্রতি পলকে রক্ত, শেত ও শ্যাম বণের আভা বাহির হইতেছে, যেন গঙ্গা, যমুনা ও সরস্বতী মিলিত হইয়াছে। এই মিলিত নদীর দৃষ্টিরূপী জলধারার স্রোত অতি তীক্ষ। তাহার সম্মুখে মন স্থির থাকিতে পারে না। এই অপার শোভার উপমা শুনিয়া সূরদাস আনন্দিত হইতেছেন।

এক্ষণে গোপালের রোদনকালীন সজল নেত্রের শোভা কিরূপ হইয়াছে দেখুন—

লকুটকে ডর ডরত জৈসে, সজল শোভিত ডোল।
 নীল নীরজ দৃগ লসৈঁ, মনৌ ওসকন লোল॥

যপ্তির ভয়ে ভীত নয়ন যেন জলপূর্ণ বারিপাত্রের ন্যায় শোভা পাইতেছে, যেন নীলপান্মের উপর স্থন্দর শিশির-কণা লাগিয়া রহিয়াছে।

হে নন্দগৃহিণি, গোপালের মুখের শোভা দেখ, যেন অগণিত তারার মত অশ্রুকণাসকল শারদ নিশার ইন্দুর আভাহরণ করিতেছে।

৩। জলজ মঞ্জ লোল লোচন, সরদ চিতবন দীন।
 মনহুঁ খেলত হৈ পরস্পর, মকরধুজ দ্বে মীন।

পদ্মের স্থায় স্থন্দর লোল লোচনের দীন দৃষ্টি দেখিলে মনে হয় যেন ছুইটা মীন ও কামদেব পরস্পরের সহিত ক্রীড়া করিতেছে।

শ্রীকৃষ্ণের মুখের শোভার বর্ণনায় কিরূপ উপমা ব্যবহৃত হইয়াছে দেখুন—

১। বদন চন্দ মণ্ডল কী শোভা, অবলোকত সুখ দেত। জন্ম জলনিধি মথি প্রগাট কিয়ো সসি, শ্রী অরু সুধা সমেত॥

মুখে চন্দ্রমণ্ডলের শোভা দেখিয়া মন আনন্দিত হয়। যেন জলনিধি মন্থন করিয়া, লক্ষ্মী এবং স্থধার সহিত চন্দ্রকে প্রকাশিত করিয়াছে। ২। মুখ ছবি কহোঁ কহাঁ লগি মাঈ। মনোঁ কঞ্জ পরকাস প্রাত হী, রবি সসি দোউ জ্ঞাত ছিপাঈ॥

মুখের শোভার আর কত ব্যাখ্যা করিব, মা ? যেন প্রাতঃকালেই পদ্মের বিকাশ হইয়াছে এবং রবিশশি উভয়কেই প্রাভূত করিতেছে।

৩। দেখো সখী হরি কো মুখ চারু। মনহুঁ ছিনাই লিয়ো ন'দনদন, বা সসিকো সভসারু॥

ভাখো সখি, হরির মুখের স্থন্দর শোভা; যেন নন্দনন্দন শশীর সার বস্তু কাডিয়া লইয়াছে।

সূরদাসের প্রধান অলঙ্কার উপমা, রূপক এবং উৎপ্রেক্ষা। ইহার অলঙ্কার প্রায়ই স্বাভাবিক, কোন কোন স্থলে কফকল্পনা বলিয়া সন্দেহ হয় এবং স্থলবিশেষে উপমার প্রচুরতা দেখিয়া মন ব্যথিত হয়। তবে প্রায়ই ইনি অলঙ্কারাপেক্ষা সরল বর্ণনার প্রতি অধিক মনোযোগ দিয়াছেন, কিন্তু বর্ণনায় উপমা ও উপমামূলক অন্য অলঙ্কার আপনা আপনিই আসিয়া পড়িয়াছে। ইহার অলঙ্কারের কিছু কিছু উদাহরণ নিম্নে প্রদত্ত হইল:—

## ১। উপমা---

চন্দ্রকোটি প্রকাস মুখ, অবতংস কোটিক ভান। কোটি মন্মথ বারি ছবি পর, নিরখি দীজত দান॥ ভুকুটি কোটি কুদণ্ড রুচি, অবলোকনী সন্ধান। কোটি বারিজ নয়ন বঙ্ক, কটাচ্ছ কোটিক বান॥

মুখে কোটি চন্দ্রের দীপ্তি এবং ভূষণে কোটি সূর্য্যের প্রকাশ। অঙ্গের শোভায় কোটি মদন উৎসর্গীকৃত হইতে পারে। ক্রকুটিতে কোটি ইন্দ্রধন্মুর শোভা, চক্ষুর চাহনী যেন শরসন্ধান করিতেছে। নয়নে কোটি পদ্মের শোভা। নয়ন-কটাক্ষ কোটি বাণস্বরূপ।

- ২। রূপক—এই অলঙ্কারের উদাহরণের জন্ম পূর্বের "অদ্ভুত এক অনুপম বাগ" পদটী দ্রষ্টব্য।
- ৩। উৎপ্রেক্ষা—ইহার উদাহরণ পূর্ব্বোক্ত প্রায় সব পদেই পাওয়া যাইবে। সূরদাসের কাব্যে অগ্যাগ্য অলঙ্কারও কিছু কিছু দেখিতে পাওয়া যায়—

## ১। ব্যতিরেক---

"দেখি রী হরি কে চঞ্চল নৈন" ইত্যাদি পূর্বেবাক্ত কোনো কোনো পদে ইহার উদাহরণ পাওয়া যাইবে।

#### ২। সন্দেহ-

দেখি সখী অধরণ কি লালী।

\* \* \* \* \*

কিধোঁ তরুণ তমাল বেলি চঢ়ি, যুগফল বিন্ধা পাকে॥

\* \* \* \*

ইসত দসন এক সোভা উপজতি, উপমা জাত লজাঈ।

কিধোঁ বজ্ঞকন লাল নগন খচি, তাপর বিক্রম পাঁতি॥

কিধোঁ অরুণ অমুজ বিচ বৈঠী, স্থুন্দরতাঈ আঈ।

সখি, কৃষ্ণের অধরের রক্তিমা ছাখ্। তরুণ তমালের উপর আরু লতাতে কি ছুইটী বিশ্বফল পাকিয়াছে ? কৃষ্ণের হাসিতে এমন একটা শোভা উৎপর হয়, যে তাহার তুলনা দিতে উপমা লঙ্জা পায়। উহা কি পল্নরাগোপরি খচিত হীরক-কণার উপর প্রবালের পঙ্ক্তি ? উহা কি স্থন্দর জবা কুস্তুমের উপর পতিত নীহারবিন্দুশ্রোণী ? না, অরুণ-অশ্বুজের উপর উপবিষ্ট সৌন্দর্য্য ?

## ৩। যুক্তি--

বুঝী থালিনী ঘর মে আয়ী, নেকু ন সঙ্কা মানী। সূর স্থাম তব উতর বানায়ো, চাঁটী কাঢ়তু পানী॥

[ গোপাল কোনো গোয়ালিনীর ঘরে দধি চুরি করিয়া থাইতেছেন, এমন সময় ] তিনি বুঝিতে পারিলেন যে গোয়ালিনী বাটী ফিরিয়া আসিয়াছে। (গোয়ালিনী জিজ্ঞাসা করাতে) কিছুমাত্র ভীত না হইয়া তৎক্ষণাৎ উত্তর উদ্ভাবন করিয়া বলিলেন, "আমি হাত দিয়া ( দধি হইতে ) পীঁপড়া বাছিতেছিলাম।"

## ৪। স্বভাবোক্তি—

জেঁবত স্থাম নন্দকী কনিয়া।
কছুক খাত কছু ধরনি গিরাবত, ছবি নিরখত নঁদরনিয়াঁ॥

\* \*

ডারত খাত লেত আপন কর, ক্চিমানত দধি-দনিয়া।
আপুন খাত নন্দমুখ নাবত, সো স্থুখ কহত ন বনিয়া॥

শ্যাম নন্দের কোলে বসিয়া খাইতেছেন। কিছু খাইতেছেন, কিছু মাটীতে ফেলিতেছেন। নন্দরাণী শোভা দেখিতেছেন। শ্যাম খাইতেছেন, ফেলিতেছেন, নিজ হাতে তুলিয়া লইতেছেন! তাঁহার দধিমিশ্রিত অন্নে খুব রুচি। নিজে খাইতেছেন, নন্দের মুখে গুঁজিয়া দিতেছেন। এ স্থুখ কথায় বর্ণনা করা যায় না।

#### ৫। স্মরণ --

স্থন স্থত এক কথা কহোঁ প্যারী। কমল নয়ন মন আনন্দ উপজ্যো, চতুর শিরোমণি দেত হুঁকারী। নগর এক রমণীক অজোধ্যা, বড়ে মহল জহুঁ অগম অটারী। বহুত গলী পুর বীচ বিরাজত, ভাঁতি ভাঁতি সব হাট বজারী॥ তহা নূপতি দসর্থ রঘুবংসী, জাকে নারি তীন স্থুখকারী। কৌশল্যা কৈকয়ী স্থমিত্রা তিনকে, জনমত ভে স্থত চারী॥ চারি পুত্র রাজাকে প্রগটে, তিন মে এক রাম ব্রত্থারী। জনক ধনুষ ত্রত দেখি জানকী, ত্রিভুবন কে সব নৃপতি হঁকারী॥ রাজপুত্র দোউ ঋষি লৈ আয়ে, মুনিব্রত, জনক য়হাঁ পগুধারী। ধনুষ তোরি মুখ মোরি নূপন কো, জনক স্থতা তিনকী বরনারী॥ পগ অঁগুঠা জব পীর নৃপতি কে, তব কৈকয়ী মুখ মেলি নিবারী। বচন মাঁগি নৃপ সোঁ। তব লীনো, রযুপতি কে অভিষেক সঁবারী॥ তাত বচন স্থনি তজ্যো রাজ্য তিন, ল্রাতা সহিত ঘরনি বনচারী। উনকে জাত পিতা তমু ত্যাগ্যো, অতি ব্যাকুল করি জীব বিসারী॥ চিত্রকৃট গয়ে ভরত মিলন তব, পগ-পাঁবরি দৈ করি কুপারী। জুবতী হেতু কনক মৃগ মারো, রাজিব লোচন গরব প্রহারী॥ রাবণ হরণ করেন সীতা কো, স্থানি করুণাময় নীদ বিসারী। সূর স্থাম কহি উঠে "চাপ কহঁ, লছিমন দেহু" জননী ভয় ভারী।

[ যশোদা ঘুম পাড়াইবার জন্য গোপালকে গল্প বলিতেছেন।] "শোন্থোকা, একটা সুন্দর গল্প বলি।" ইহা শুনিয়া গোপালের আনন্দ হইল। তিনি চতুরশিরোমণি, আফ্লাদে হুলার দিয়া উঠিলেন।—"অযোধ্যা নামে এক রমণীয় নগর আছে। সেখানে বড় বড় দোতলা তেতলা বাড়ি এবং অনেক গলি ও নানা প্রকারের হাট বাজার। সেখানে রঘুবংশীয় এক রাজা ছিলেন, তাঁহার নাম দশর্থ। তাঁহার তিন সুন্দরী রাণী ছিলেন কোঁশল্যা, কৈকেয়ী ও স্থমিতা।

তাঁহাদের গর্ভে চারিটা পুত্র জন্মিয়াছিল। তাঁহাদের মধ্যে দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন রাম। জ্বনক নামে এক রাজা নিজ কন্সার বিবাহের উদ্দেশ্যে এক ধনুর্যজ্ঞের আয়োজন করিয়া ত্রিভূবনের সব রাজাদিগকে নিমন্ত্রণ করিয়াছিলেন। এক ঋষি সেই যজের কথা শুনিয়া রাম ও তাঁহার ছোট ভাই লক্ষ্মণকে লইয়া সেখানে আসিলেন। রাজাদিগকে লজ্জা দিয়া ধনুর্ভন্স করিয়া রাম জনক-কত্যাকে বিবাহ করিলেন। এক সময়ে দশর্থ রাজার পায়ের বুড়া আঙ্গুল ক্ষত হওয়ায় তাঁহার অত্যন্ত যন্ত্রণা হইয়াছিল। সেই সময়ে কৈকেয়ী তাঁহার সেই আঙ্গুল সমস্ত রাখাতে রাজা নিদ্রা যাইতে পারিয়াছিলেন। মুখের মধ্যে সেই জন্ম রাজা কৈকেয়ীকে তুইটা বর দিতে চাহিয়াছিলেন। রামের রাজ্যা-ভিষেকের সময় কৈকেয়ী সেই ছুইটা বর লইয়া রাজ্যাভিষেক নিবারণ করিলেন। পিতার কথায় রাম রাজ্যত্যাগ করিয়া পত্নী ও ভ্রাতার সহিত বনবাসী হইলেন। রামের বনগমনের পরেই দশরথের মৃত্যু হইল। রামের সহিত সাক্ষাৎ করিবার জন্ম ভরত চিত্রকৃটে গেলেন, এবং রাম কৃপা করিয়া তাঁহাকে নিজের পাছুকা দিলেন। স্ত্রীর কথায় রাজীবলোচন দর্পহারী রাম কনক-মূগ বধ করিলেন। রাবণ সীতাকে হরণ করিল। সীতাহরণের কথা শুনিয়া গোপাল নিদ্রা ভূলিয়া গেলেন িএবং তাঁহার বোধ হইতে লাগিল যে তিনি আবার রামাবতারের লীলা করিতেছেন। অতএব উত্তেজিত হইয়া বিলয়া উঠিলেন "লক্ষ্মণ, ধনু কোথায় ? শীঘ্র দাও।" [এই কথা শুনিয়া] যশোদার মনে বড ভয় হইল। কি চমৎকার!

# ৬। নিদর্শন—

দূরি খেলন জানি জাহু ললারে, আয়ো হৈ বন হাউ।
তব হাঁসি বোলে কান্হর মৈয়া, ইনকো কিনহি পঠাউ॥
অব ডরপত স্থনি স্থনি য়ে বাতেঁ, কহত, হঁসত বল দাউ।
সপ্ত রসাতল সেসাসন রহে জব, তব কী স্থরতি ভুলাউ।
চারিবেদ লে গয়ো সংখাস্থর, জলমে রহে লুকাউ।
মীন রূপ ধরিকৈ জব মার্যো, তবহি রহে কহাঁ হাউ।
মথি সমুদ্র স্থর অস্থরন কে হিত, মন্দর জলধি ধসাউ।
কমঠ রূপধরি ধরনি পীঠ পর, স্থুখ পায়ো স্থহি বাউ।
জব হিরনাচ্ছ জুদ্ধ অভিলাখ্যো, মন মেঁ অতি গরবাউ।

ধরি বারাহ রূপ রিপু মারো, লৈ ছিতি দন্ত অগাউ।
হিরনকসিপু অবতার ধর্যো জব, জো প্রহলাদহিঁ জাউ।
ধরি নরসিংহ জব অসুর বিদারো, তহাঁ ন দেখ্যো হাউ।
বামন রূপ ধর্যো বলি ছলি কৈ, তীন পৈঁড বস্থধাউ।
স্রমজল ব্রহ্ম কমগুলু রাখ্যো, চরন দরস পরসাউ।
মারো মূনি বিনহী অপরাধহি, কামধেমু লৈ জাউ।
ইকইস বার নিছত ভুবি কীনী, তহাঁ দেখে ন হাউ।
রাম রূপ রাবণ জব মারো, দস সির বীস ভুজাউ।
লক্ষ জরায় ছার জব কীনো, তহাঁ ন দেখে হাউ।
মাটীকে মিস বদন বগারো, জব জননী ডর পাউ।
মুখ ভীতর তৈলোক দিখায়ো, তবহুঁ প্রতীত ন আউ।

যশোদা গোপালকে বলিতেছেন, "যাতু দূরে খেলিতে যাইও না, কারণ বনে জুজু আসিয়াছে।" তখন কানাই হাসিতে হাসিতে বলিলেন. "তাকে কে পাঠাইয়াছে ?" বলরাম দাদা হাসিয়া বলিলেন, "এই সকল শুনিয়া এখন ভয় পাইতেছ, কিন্তু যখন তুমি সপ্ত পাতালে শেষশয্যায় ছিলে তখনকার কথা কি ভুলিয়া যাইতেছ ? যখন শঙ্খাস্থর চারিবেদ অপহরণ করিয়া জলমধ্যে লুকাইয়া ছিল এবং মীনরূপ ধারণ করিয়া তুমি তাহাকে মারিয়াছিলে, তখন জুজু কোথায় ছিল ? দেবাস্থরের জন্য মন্দর পর্বতকে ডুবাইয়া তুমি সমুদ্র মন্থন করিয়াছিলে। কচ্ছপরূপ ধারণ করিয়া ধরণীকে পুষ্ঠে উত্তোলন করিয়া তাহার ভয় মোচন করত স্থাী করিয়াছিলে। বরাহরূপ ধারণ করিয়া দস্তাগ্রে পৃথিবী গ্রহণ করিয়া শক্রনাশ করিয়াছিলে। নরসিংহরূপ ধারণ করিয়া প্রহলাদের পিতা হিরণ্যকশিপুকে বিদারণ করিয়াছিলে। সে সকল সময়ে তো তুমি জুজু দেখ নাই। বামনরূপ ধারণ করিয়া তিন পদ বস্তুধাতে স্থাপন করিয়া বলিকে ছলিয়াছিলে। তোমার চরণ-নিঃস্ত স্বেদ ব্রহ্মা দর্শন-স্পর্শন-জ্বন্য নিজ কমগুলুতে রাখিয়াছিলেন। কার্ত্তবীর্যার্জ্জুন জমদগ্রি ঋষির কামধেমু হরণ করিয়া লইয়া গিয়াছিল এবং তাহার পুত্রেরা বিনা অপরাধে ঋষিকে হত্যা করিয়াছিল। তুমি ঋষির পুত্র পরশুরাম রূপে অবতীর্ণ হইয়া একবিংশতি বার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়াছিলে। তথন তো জুজু দেখ নাই। রাম রূপে তুমি দশানন ও বিংশ-হস্ত রাবণকে বধ করিয়া লঙ্কা ছারখার করিয়াছিলে। তখন তৌ জুজু দেখ নাই।

মাটী খাওয়ার ছলে বদন বিস্তার করিয়া তোমার মুখের মধ্যে ত্রিভূবন দেখাইয়া তোমার জ্বনীকে ভীত করিয়াছিলে। তবুও তাঁহার তোমাকে ঈশ্বর বলিয়া বিশ্বাস হইল না ? এখন তোমাকে জুজুর ভয় দেখাইতেছেন ?"

সূরদাস কি স্থন্দর কোশলেই ভগবানের নানা অবতারের বণনা করিয়াছেন ! শেষোক্ত তুইটী কবিতার রচনাভঙ্গী কি অপূর্বন !

# ঘ। সূর-কবিতায় রস

এক্ষণে জিজ্ঞাম্থ এই যে কোন্ কোন্ ভাব সূরদাসের কাব্যের বিষয়ীভূত এবং তাহারা কি কি নূতন রূপ লাভ করিয়াছে ? সেই সকল রূপ কি নির্দ্দিষ্ট সীমায় আবন্ধ, না, তাহাদের মধ্যে একটী অসীমতার ব্যঞ্জনা আছে ?

মানবজীবনের যে সকল বেদনা সার্ববজনীন ও সার্ববকালীন—যে সকল বেদনা কি ভারতবর্ষে, কি অন্য দেশে, কি সভ্য-সমাজে, কি অসভ্য-সমাজে, কি প্রাচীন কালে, কি বর্ত্তমান কালে, সকল ক্ষেত্রেই সমভাবে অমুভূত হইয়া থাকে—যে সকল বেদনা মনের নিভূত অন্তস্তলে লুকায়িত থাকে—যাহা মানব হৃদয়ের অতি যত্নের ধন—যাহা মনুয্যপ্রাকৃতিকে অতি গভীর ভাবে আন্দোলিত করে—যাহা মনুয্যসমাজের বন্ধনসরূপ, তাহাই সূরদাসের বণনার বিষয়। গ্রাহ-নক্ষত্রের অদৃশ্য বন্ধনের স্থায় মানবজাতির মধ্যেও কতকগুলি অদৃশ্য বন্ধন আছে। সে বন্ধনগুলি ইন্দ্রিয়গ্রাহ্য নয়, অথচ তাহাদের আকর্ষণ অতি প্রবল। প্রেম বা ভালবাসার আকর্ষণ অতিশয় শক্তিশালী। তাহা ইন্দ্রিয়গ্রাহ্য না হইলেও, তাহার কার্য্য হইতে তাহা অনুমিত হয়। এই অদৃশ্য বস্তু নানা প্রকার সম্বন্ধে ব্যক্ত হয়, তন্মধ্যে ইহার তিনটী রূপ প্রধান—মাতা ও সন্থানের মধ্যে ভালবাসা, স্ত্রী ও পুরুষের মধ্যে ভালবাসা এবং জীব ও ঈশরের মধ্যে ভালবাসা। এই তিনটীই সূরদাসের কাব্যের বিষয়।

বিশ্বনাথ কবিরাজ বলিয়াছেন রসাত্মক বাক্যই কাব্য। রসই কাব্যের সারবস্তা। কোনো বিষয় দর্শন, শ্রাবণ, পাঠ বা চিন্তা করিলে যে চিন্তবিকার জন্মে, অর্থাৎ যে স্থুখ, ছংখ, উৎসাহ, ক্রোধ, অনুরাগ, ভয়, বিশ্ময়, বৈরাগ্য প্রভৃতি ভাবের উদ্রেক হয়, সেই সকল ভাব সাহিত্য বা শিল্পের সাহায্যে স্থায়ী রূপে অন্তঃকরণকে দ্রবীভূত করিলে তাহা রস-পদবাচ্য হয়। অলঙ্কারশান্ত্রকারেরা নয় প্রকার রসের উল্লেখ করিয়াছেন—শৃক্ষার, বীর, করুণ, অন্তুত, হাস্থ্য,

ভয়ানক, বীভৎস, রোদ্র এবং শান্ত। কেহ কেহ একটা দশম রসেরও উল্লেখ - করেন —তাহার নাম বাৎসল্য। কিন্তু যে হেতু শৃঙ্গার রস ভালবাসা-বিষয়ক রস, অনেকে বাৎসল্য রসকে শৃঙ্গার রসের অন্তর্গত বলিয়া ধরেন। এই হিসাবে পথ্য ও দাস্মত্ত মধুর রসের অন্তর্গত। শান্ত রসকেও ইহার ভিতর ফেলিলেও ফেলা যায়। অথচ ভগবহুপাসনা শান্তরসাত্মক। পুত্রের প্রতি পিতা বা মাতার স্নেহ, সথার প্রতি স্থার স্নেহ, প্রভুর প্রতি দাসের স্নেহ, পতির প্রতি স্ত্রীর স্নেহ এই সকল পারিবারিক স্নেহের যে কোনোটীর আদর্শে ভগবানের প্রতি স্নেহ অর্পিত হইতে পারে। শ্রীমদ-ভাগবতে ইন্ধিত করা হইয়াছে যে স্ত্রীপুরুষের মধ্যের মধুর ভাবের অনুকরণে ভগবানের অর্চনা হইতে পারে, কেননা স্ত্রীপুরুষের পরস্পরের অনুরাগ অন্য সকল অনুরাগাপেক্ষা তীব্র। ভগবানকে পুরুষ কল্পনা করিয়া প্রকৃতির, অর্থাৎ নারীর, আবেগে তাঁহার সহিত মিলিত হইবার ব্যগ্রতাই আদর্শ সাধনপ্রণালী বলিয়া দেখান হইয়াছে \*। ভাগবতের গোপীরা শ্রীকৃষ্ণের অলোকিক রূপগুণ দেখিয়া মুগ্ধ হইয়াছিল। এই বিশ্বয়ের উচ্ছাসে তাহারা তাঁহার দেবত্বের অনুভব করিয়াছিল এবং তাঁহাকে তাহাদের প্রেম অর্পণ করিয়াছিল। তাহারা যথার্থ ভক্তিমতী ছিল, এবং তাহাদের **অতুলনীয়** ভক্তির জন্ম ভগবানের প্রেম লাভ করিতে সমর্থ হইয়াছিল। নরনারীর প্রেমের মধ্যে আবার স্বকীয়া ও পরকীয়া ভেদ আছে। গোপীদের প্রেম পরকীয়া প্রেম। मुजनारमज कारवा जाधा अथरम श्रवकीया, शरत स्वकीया। मृजनारमज कारवा কৃষ্ণ ও রাধার মধ্যে নায়ক-নায়িকার ভাব অপেক্ষা উপাস্থ-উপাসকের ভাব অধিক স্পষ্ট। অনেকের মতে শৃঙ্গার রসকে হুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে—(১) সন্তানের প্রতি যে স্বাভাবিক স্নেহ তাহা হইতে উৎপন্ন যে রস তাহাই বাৎসলা রস, এবং (২) স্ত্রীপুরুষের মধ্যে যে পরস্পর আকর্ষণ তাহা হইতে উৎপন্ন যে রস তাহাই মুখ্যতঃ শৃঙ্গার রস।

আর এক ভাবে শৃঙ্গার রসের তুইটী ভাগ হইতে পারে—(ক) সংযোগ-শৃঙ্গার এবং (খ) বিয়োগ-শৃঙ্গার। প্রেমিক ও প্রেমাষ্পাদের একত্র অবস্থানের অবস্থা হইতে উৎপন্ন ভাবের নাম সংযোগ-শৃঙ্গার; তাহাদের পরস্পর হইতে বিচ্ছিন্ন হইয়া ক্রেশ অমুভব করার অবস্থা হইতে উৎপন্ন ভাবের নাম বিয়োগ-

<sup>\*</sup> তুলনা করণ —If thy soul is to go on into higher spiritual blessedness, it must become wom in; yes, however manly thou mayst be among men.—Cardinal Newman.

শৃঙ্গার। সূরসাগরের দশম ক্ষমের বর্ণনায় বাৎসলা রসের, তৎপরে সংযোগশৃঙ্গারের, তৎপরে বিয়োগ-শৃঙ্গারের ভাব বর্ণিত হইয়াছে। মধ্যে মধ্যে শান্ত
রসকে আশ্রেয় করিয়া সূরদাস তাঁহার প্রগাঢ় ভক্তির পরিচয় দিয়াছেন। তাঁহার
বিয়োগের কবিতা করুণ রসাশ্রিত। দান-লীলা ও ভ্রমরগীতির অনেক কবিতা
হাস্থরসাশ্রিত।

দৃষ্টিকূট-পদসমূহের মধ্যে অনেকগুলি অদ্বৃত রসাত্মক। এই রসের উদাহরণ "অদ্ভুত এক অনুপম বাগ" ইত্যাদি কবিতায় আছে। ভগবানের সকল কার্য্যই মান্তুষের কাছে অদ্ভুত। সূরদাসের কাব্যে ভগবানের কার্য্যের অদ্ভুতত্বের কোনো বিবরণ যদি পাওয়া যায়, তাহাতে আশ্চর্য্য হইবার কোনো কারণ নাই। নিম্নলিখিত পদে সূরদাসের কল্পনার দৌড় দেখুন—

সঁদেসনি মধুবন কুপ ভরে।
জো কোই পথিক গয়ে হৈঁ হাঁতে, ফির নহিঁ আবন করে।
কৈ বৈ স্থাম সিথায় সমোধে, কৈবৈ বীচ মরে।
অপনে নহিঁ পঠবত নঁদনন্দন, হম্রেউ ফেরি ধরে।
মসি খূ টী, কাগর জল ভীজে, সর দৌ লাগি জরে।
পাঁতি লিখেঁ কহাে কোঁগকরি, জাে পলক কপাট অরে॥

আমাদের অসংখ্য সংবাদ-লিপি দারা মথুরার কৃপগুলি বোধ হয় ভরিয়া গিয়াছে। কোনো পথিক এখান হইতে মথুরায় গেলে, সে ফিরিবার নাম করে না। হয় শ্যাম তাহাকে শিখাইয়া পড়াইয়া নিরস্ত করেন, না হয় সে পথের মধ্যেই মৃত্যুমুখে পতিত হয়। নন্দনন্দন নিজে তো পত্র লিখিবেনই না, আমাদের পত্রগুলিও উল্টাইয়া রাখেন। পত্র লিখি আর কি করিয়া ? পত্র লিখিতে লিখিতে আমাদের কালী ফুরাইয়া গেল, কাগজ চক্ষের জলে ভিজিয়া গেল, শরের কলম (আমাদের তপ্ত নিশাসের) দাব (অগ্নি) লাগিয়া পুড়িয়া গেল, এবং আমাদের চক্ষের পলক রূপ কপাট রুদ্ধ হইয়া যাওয়াতে আমরা দৃষ্টিশক্তি হারাইয়াছি।

সূরদাস হুই একটা ভয়ানক রসাত্মক কবিতাও লিখিয়াছেন।

ভহরাত বহরাত দাবানল আয়ো। ঘেরি চহুঁওর, করি শোর অন্ধের, বন ধরনি আকাশ, চহুঁপাস ছায়ো। বরত বন বাঁস, থরহরত কুশ কাঁস, জরি উড়ত হৈ ভাঁস, অতি প্রবল ধায়ো।
ঝপটি ঝপট লপট, পটকি ফুল ফুটত ফঁটি, চটকি লট লটকি, ক্রম নবায়ো।
অতি অগিনি ঝর, ভার ধুন্দার করি, উচটি অঙ্গার, ঝঞ্পার ছায়ো।
বরত বনপাত, ভহরাত ঝহরাত, অররাত তরু মহা, ধরণী গিরায়ো।
ভয়ে বেহাল, সব গাল ব্রজ্বাল, তব সরন গোপাল, কহি কৈ পুকারো।
তৃণকেসী সকট, বকী অঘাসূর, বামকর গিরি রাখি, জোঁ। উবারো।
নেক ধীরজ করো, জিয়হি কোউ জনি ডরো, কহা য়হ সরে, লোচন মুদায়ো।
মুঠি ভরি লিয়ো, সব নায় মুখহি দিয়ো, সূর প্রভু পিয়ো, দাবা ব্রজ্জনন
বচায়ো।

দাবানল প্রবল বেগে ছড়াইয়া পড়িতেছে। অন্ধকার চারিদিক্ ঘিরিয়া, শব্দ করিয়া, বন, পৃথিবী ও আকাশ আচ্ছন্ন করিতেছে। বন পুড়িবার সময় বাঁশ কাঁপিতেছে, কুশ-কাশের ভস্ম বেগে উড়িতেছে। অগ্নিশিখার আক্রমণ অগ্রসর হইয়া কোথাও ফুটন্ত ফুলের আকার ধারণ করিতেছে, কোথাও আছাড় খাইয়া ফটাফট শব্দ করিতেছে, কোথাও বড় বড় বক্ষ ভূমিসাৎ করিতেছে। গোপগণ ও ব্রজবালাগণ অশেষ তুর্দশায় পড়িয়া গোপালকে সাহায্যের নিমিত্ত আহ্বান করিতেছে। তুমি তৃণাবর্ত্ত, কেশী, শকটাস্থর, বকাস্থর, অঘাস্থর সংহার করিয়াছিলে এবং বামকরে গিরিধারণ করিয়া আমাদিগকে যেমন রক্ষা করিয়াছিলে, এবারেও আমাদিগকে সেই রূপে রক্ষা কর। কানাই প্রবোধ দিয়া চীৎকার করিয়া দূর হইতে বলিতেছেন, ওগো তোমরা প্রাণে একটু ধর্য্য ধারণ কর. তোমরা ভয় করিও না, এমন করিয়া চক্ষুর পাতা বুজিয়া আসিতেছে কেন ? তথন কৃষ্ণ মুঠায় মুঠায় আগুন লইয়া মুখে ফেলিতে লাগিলেন এবং দাবানল পান করিয়া অচিরে ব্রজবাসীদিগকে বক্ষা করিলেন।

### ঙ। সুরসাগরে বাৎসম্য রস

# (১) জ্রীকুফের শৈশব-লীলা

এক্ষণে আমরা সূরদাসের বাৎসল্য রসের আলোচনায় প্রবৃত হইব। অপত্যস্থেহ মানবমাত্রেই বিছমান এবং ইহার আবেগ অতি প্রবল। পুত্রকস্থার রূপগুণ, হাবভাব সকল পিতামাতারই প্রিয় বস্তু। পুত্রকন্যার দৌরাত্মাও পিতামাতার নিকট মধুর। অপত্য সম্বন্ধে কঠোরতার শৈথিল্য পিতামাতার একটা সাধারণ দৌর্বল্য। পুত্রের বিয়োগ পিতামাতার পক্ষে অসহ্য। লোকে বলে পুত্রশোকের ন্যায় শোক নাই। সংসারের অধিকাংশ কাজই পুত্রকন্যাকে উপলক্ষ করিয়া। এই অপত্যস্ত্রেহের নানা বৈচিত্র্য সূরদাস এমন তন্ধ তন্ধ করিয়া এবং এমন মধুর ভাবে দেখাইয়াছেন যে উহা অমর হইয়া থাকিবে। যদি তিনি শ্রীকৃষ্ণের বাল্যলীলা মাত্র লিখিয়াই ক্ষান্ত থাকিতেন, তাহা হইলেও তিনি একজন শ্রেষ্ঠ কবি বলিয়া স্থীকৃত হইতেন।

আমরা সকলেই জানি যে শ্রীকৃষ্ণ বস্থদেব ও দেবকীর পুত্র। কিন্তু নন্দযশোদা তাহা জানিতেন না। তাঁহারা শ্রীকৃষ্ণকে তাঁহাদের উরস পুত্র বলিয়াই
ভাবিতেন, এবং তাঁহাকে উরস পুত্রের ন্যায় অতি যত্নে ও আদরে প্রতিপালন
করিয়াছিলেন। যশোদার পুত্রস্রেহ আদর্শ পুত্রস্রেহ হইয়া রহিয়াছে। সূরদাস
সেই পুত্রস্রেহের অতি মনোহর চিত্র আমাদের সম্মুখে রাখিয়া গিয়াছেন।

শ্রীকৃষ্ণের জন্মের পূর্বব হইতেই গোকুল অপূর্বব শারণ করিয়াছিল। ব্রজমণ্ডল তখন প্রকৃতির আনন্দ-কানন ছিল—উন্মুক্ত নীল আকাশ, দিগন্তব্যাপী শ্রামল শস্তক্ষেত্র, তৃণাচ্ছাদিত বিস্তৃত গোচারণ ভূমি এব মধ্যে মধ্যে নানা ফলপ্রপাশোভিত বনরাজী। শামসলিলা যমুনার তীরবর্তী প্রদেশ প্রাকৃতিক শোভা, স্বাস্থ্য, সমৃদ্ধি ও সুখের আলয় হইয়াছিল। কালিদাসের অলকাপেক্ষা ইহা কোন অংশে হীন ছিল না। এই প্রাকৃতিক শোভা এখন আর নাই। সম্ভবতঃ সূর্দাসের সময় ইহার কিছু অবশিষ্ট ছিল। সূর্দাস তাঁহার অধিকাংশ জীবন গোকুলে বাস করিয়া প্রাচীন কালের স্থখময় সময়ের কিয়ৎপরিমাণে আস্বাদন করিতে পারিয়াছিলেন বলিয়া বোধ হয়। তাই তিনি শ্রীকৃষ্ণের বৃন্দারণ্যের এত মধুর চিত্র অক্ষিত করিতে সমর্থ হইয়াছিলেন। এই স্থখময় সময়ে দিব্যকান্তি শিশু কৃষ্ণের আবির্ভাবে গোকুলে এক অনির্বচনীয় আনন্দ-স্রোত

দিশঃ প্রসেছর্গগনং নির্ম্মলোডুগণোদয়ম্।

মহী মঙ্গলভূয়িষ্ঠপুরগ্রামত্রজাকরা॥

নতঃ প্রসন্নসলিলা হ্রদা জলকহশ্রিয়ঃ।

দিজালিকুলসন্নাদস্তবকা বনরাজয়ঃ॥
ভাগঃ, ৩—২।৩

প্রবাহিত হইয়াছিল। কৃষ্ণ গ্রামের সকল লোকের নয়নের মণি হইয়াছিলেন। এই আনন্দের বিবরণ দিয়া সূরদাস কৃষ্ণের বাল্যচরিতের বর্ণনা আরম্ভ ক্রিয়াছেন—

জাগী মহরি পুত্র মুখ দেখ্যো, আনঁদ তৃর বজাই।
কঞ্চন কলস হেম দিজপূজা, চন্দন ভবন লিপাই॥
দিন দসহী তে বর্ষে কুস্থমনি, ফূল গোকুল ছাই।
নন্দ কহৈ ইচ্ছা সব পূজী, মনবাঞ্ছিত ফল পাই।
আনন্দ ভরে করত কোতৃহল, উদিত মুদিত নরনারী।
নির্ভয় ভয়ে নিসান বজাবত, দেত নিসফে গারী॥
নাচত মহর মুদিত মন কীনো, গাল বজাবত তারী।
সূরদাস প্রভু গোকুল প্রগটে, মথুরা কংস প্রহারী॥

যশোদা জাগিয়া উঠিয়া পুত্রমুখ দেখিলেন। আনন্দে ভূরী নিনাদিত হইল কাঞ্চনের কলস ভরিয়া স্বর্ণ দিয়া বিপ্রপূজা করা হইল। চন্দন দারা গৃহ লিপ্ত হইল। আজ দশ দিন হইতে পুপ্পর্ক্ষ হইতে পুপ্পর্রুষ্ট হইতেছে, ফুলে গোকুল ছাইয়া গেল। নন্দ বলিলেন, "আমার সকল ইচ্ছা পূর্ণ হইয়াছে এবং আমি ঈপ্সিত ফল পাইয়াছি।" প্রমুদিত নরনারীগণ আনন্দ-কোলাহল করিতেছে। নিশ্চিন্ত মনে নহবৎ বাজিতেছে এবং নির্ভয়ে গোপীরা গালি-সূচক গান গাহিতেছে। মথুরার কংসের নিধনকারী ক্লঞ্চের গোকুলে আবির্ভাব হইয়াছে। অপর গ্রামের এক গোপী অহ্য গোপীকে বলিতেছে—

হোঁ এক বাত নয়ী স্থানি আঈ।
মহরি জসোদা ঢোটা জায়ো, ঘর ঘর হোত বাধাঈ।
দ্বারে ভীর গোপ গোপিন কী, মহিমা বরনি ন জাঈ।
অতি আনন্দ হোত গোকুল মেঁ, রতন ভূমি সব ছাঈ॥

আমি একটা নৃতন কথা শুনিয়া আসিলাম। যশোদা রাণী একটি পুত্র প্রসব করিয়াছেন এবং ঘরে ঘরে আনন্দ-উৎসব হইতেছে। নন্দের দ্বারে গোপ-গোপীদের ভীড় লাগিয়া গিয়াছে। এ উৎসবের আর বর্ণনা করা যায় না গোকুলে অতিশয় আনন্দ হইতেছে এবং রত্নে ভূমি আচ্ছন্ন হইয়া গিয়াছে। এক গোপী বলিতেছে—

আজু বধাঈ নন্দকে মাঈ।
স্থানর নন্দ মহরকে মন্দর।
প্রাগট্যো সূত সকল স্থা কন্দর॥
জ্বস্মতি ঢোটা ব্রজ্ব কী সোভা।
দেখি সথী কছু ওবৈ লোভা।

মাগো, আজ নন্দের ঘরে আনন্দ-উৎসব। নন্দের ভবন স্থন্দর শোভা ধারণ করিয়াছে। তাঁহার সকল স্থাথের আলয় এক পুত্র উৎপন্ন হইয়াছে। যশোমতির পুত্র ব্রজের শোভা। ছাখ, সখি,

ছঃখ গয়ো স্থখ অয়ো সব্নহ কো, ভুবন চতুরদস জানো।

ছঃথের অবসান হইল, স্থুখ আসিল, যেন সকলেরই পুত্র-ফল লাভ হইয়াছে। (হে যশোদে) তোমার পুত্র চতুর্দ্দশ ভুবনের সকলের প্রাণ।

এই সময়ের আনন্দের আর একটি চিত্র দেখুন--

মাই আজুতো বধাঈ, বাজৈ নন্দ মহর কে।
ফুলে ফিরেঁ গোপী, থাল ঠহর ঠহর কে॥
ফূলী ধেমু ফূলে ধাম, ফূলী গোপী অঙ্গ অঙ্গ।
ফূলে ফলে তরুবর, আনঁদ লহর কে॥
ফূলে বন্দীজন ঘারে, ফূলে ফূলে বন্দন বারে।
ফূলে জহঁ জোই সোই, গোকুল সহর কে॥
উমগে জমুন জল, প্রফুল্লিত কুঞ্জ কুঞ্জ।
গর্জত কারে ভারে, জুথ জলধর কে॥

আহা, নন্দগৃহে আনন্দের বাছ বাজিতেছে। নানা স্থানের গোপ-গোপীরা আনন্দে ফুলিয়া ফুলিয়া ইতস্ততঃ বিচরণ করিতেছে। ধেনু, ধাম ও গোপীদের অঙ্গে অজে আনন্দ। আনন্দ-লহরীতে তরুগণ ফুলে ও ফলে পরিপূর্ণ হইয়া গিয়াছে। স্তুতিগায়কেরা দ্বারে ও তোরণে প্রফুল্লিভ। গোকুল নগরের সকলেই আনন্দিত। যমুনার জল আনন্দে উচ্ছ্বিত হইতেছে এবং প্রত্যেক কুঞ্জ আনন্দময়। বারি-ভারপূর্ণ কৃষ্ণজলধর-যুথ গর্জজন করিতেছে। যশোদা আনন্দ-সাগরে ভাসিতেছেন। "মেরে লাল কো আউ নিদরিয়া" (আমার যাতুর ঘুম আস্ত্রক) বলিয়া কৃষ্ণকৈ দোল্নায় রাখিয়া ঘুম পাড়াইতেছেন। হরি কখনও চোখ বুঁজিতেছেন, কখনও ঠোঁট ফুলাইয়া কাঁদিতেছেন। ঘুমাইয়াছেন জানিয়া যশোদা অহ্য লোকের সহিত ইশারায় কথা কহিতেছেন, পাছে হরি উঠিয়া পড়েন, কিন্তু হরি তৎক্ষণাৎ কাঁদিয়া উঠিলেন। যশোদা তখন গুনগুন স্বরে গান করিয়া তাঁহাকে চুপ করাইতেছেন। সূরদাসের শিশু-স্বভাবের আশ্চর্য্য অভিজ্ঞতা ছিল।

দ্রীলোকের নবজাত শিশুকে কোলে লইবার কিরূপ আগ্রহ থাকে দেখুন—

নেক গোপালৈ মোকো দৈ রী। দেখোঁ কমল বদন নীকে করি, তা পাছে ত কনিয়াঁ লৈ রী॥

একবারটা গোপালকে আমার কোলে দাও না। আমি ভাল করিয়া তাহার কমল-বদন দেখিয়া লই, তার পর তুমি কোলে লইও।

শিশু গোপালের অপূর্বব সোন্দর্য্যের একটা বিবরণ দেখুন—

লালা হোঁ বারী তেরে মুখ পর।
কুটিল অলক মোহন মন বিহুঁসত, ভ্রকুটি বিকট নৈননি পর।
দ্বে দে দমকি দুঁতুলিয়াঁ বিহুঁসতি, মন্ম সীপজ ধরুকিয় বারিজ পর।
লঘু লঘু সির লট ঘূঁঘরবারী, রহীঁ লটকি লোনে লিলার পর।
য়হ উপমা কিহি কাপৈ আবৈ, কছুক কহোঁ সক্চতহোঁ হিয় পর।
নূতন চন্দ্র রেখ মধি রাজতি, স্থরগুরু স্থক্র উদোত পরস্পর।
লোচন লোল কপোল ললিত অতি, নাসিক কো মুক্তা রদ ছদ পর।
সূর কহা নোছাবরি করিয়ে, অপনে লাল ললিত লর উপর॥

যাত্ন, তোর মুখ দেখে তোর বালাই লই। তোর স্থন্দর কোঁক্ড়া কোঁক্ড়া চুল এবং চোখের বাঁকা চাহনী মন মোহিত করে। যখন তুই ছোট ছোট দাঁত বার ক'রে হাসিদ্ তখন মনে হয় কে যেন পদ্মের উপর ছুটী মুক্তা রেখে দিয়েছে। স্থন্দর কপালের উপরের চুলে বাঁধা ছোট ছোট ছটী ঘুন্টা ঝুলে পড়াতে বোধ হচ্ছে যেন নূতন চাঁদের রেখার মধ্যে বৃহস্পতি ও শুক্র পাশাপাশি উদয় হয়েছে। চোখ ছটী চঞ্চল এবং গাল ছটী অতি ললিত। ক্ষুদ্র

ঠোঁকের উপর নোলকের মুক্তাটীর বড় শোভা। এমন কি আছে যাহা কৃষ্ণের ললিত ঝাঁপ্টার শোভার জন্ম ত্যাগ করা যাইতে পারে না ?

শিশুদের ছোট ছোট কার্য্যও পিতামাতার মনে আনন্দ উৎপন্ধ করে। গোপাল হাত দিয়া টানিয়া পায়ের বুড়া আন্ধল মুখের মধ্যে প্রিয়াছেন এবং একলা শুইয়া নিজের মনে আনন্দে খেলিতেছেন, বা গোপাল উপুড় হইয়াছেন, দেখিয়া যাশোদা হর্ষে গদ্গদ। যশোদা ভাবেন গোপাল কবে বড় ২২বে, কবে হামা দিতে শিথিবে, কবে আধ আধ কথা কহিবে, কবে আমার আঁচল ধরিয়া আমার সহিত ঝগড়া করিবে, কবে নিজ হাতে খাইতে শিথিবে! অন্ধপ্রাশনের জাঁকের বর্ণনা ও বর্ষগ্রন্থির বিবরণ, গোপালের হামাগুড়ি দেওয়া এবং গৃহ-প্রান্থণে খেলা করা, ধূলা মাথা, হাঁটিতে শেখা, মাথম চাহিয়া খাওয়া ইত্যাদির বিবরণ অতি স্থান্দর।

কৃষ্ণ ছুধ খাইতে চাহেন না, মা তাঁহাকে ভুলাইয়া বলিতেছেন, "কাজলী গরুর ছুধ খাও, তাহা হইলে তোমার শিখা খুব বড় হইবে।" তাই শুনিয়া গোপাল ছুধ খাইলেন। কিছুদিন পরে গোপাল মাকে বলিলেন, "কই মা আমার বেণী তো বাড়িল না; কত দিন হইতে আমি ছুধ খাইতেছি, কিন্তু বেণী যেমন ছোট তেমনই রহিয়া গেল। তুমি তো বলিয়াছিলে যে আমার শিখা স্নান করিতে করিতে এবং আঁচড়াইতে আঁচড়াইতে নাগিনীর মত হইয়া যাইবে। তুমি আমাকে ধরিয়া কেবল কাঁচা ছুধই খাওয়াও, মাখম রুটী তো দাও না।"

গোপাল আকাশের চাঁদ লইতে চাহেন। যশোদা চাঁদকে অনেক লোভ দেখাইয়া বারবার ডাকিতেছেন কিন্তু চাঁদ আসে না। গোপালের কান্না আর থামে না। তথন যশোদা জল পাত্র সম্মুখে রাখিয়া তাহার ভিতর চাঁদের প্রতিবিম্ব দেখাইলেন। গোপাল হাত ডুবাইয়া লইতে গেলেন কিন্তু পারিলেন না। তথন যশোদা বলিতেছেন—

তুব মুখ দেখি ডরতি সসি ভারী।
কর করিকৈ হরি হেরো চাহত, ভাজি পতাল গয়ো অপহারী।
বহ সসি তো কৈসহু নহিঁ আবত, বহ ঐসী কছু বুদ্ধি বিচারি।
দেখি বদনবিধু বিধু সকাত মন, নৈন কঞ্চ কুগুল উজিয়ারী।
স্থনহু স্থাম তুমকো সসি ডরপত, কহত অহোঁ মেঁ সরন তুম্হারী।
সূর স্থাম বিরুঝানে সোয়ে, লিয় লগাই ছতিয়াঁ মহতারী॥

তোমার মুখ দেখিয়া শশী বড় ভয় পাইয়াছে (কেন না তোমার শ্রী হরণ করিয়াই তাহার সোনদর্য্য)। \* তুমি হাতে লইয়া তাহাকে দেখিবে (যে সে চোর কি না)। সেই ভয়ে ঐ চোরটা পাতালে পালাইয়াছে। সে কিছুতেই আসিতেছে না। সে একটি মতলব ঠাওরাইয়াছে। সে তোমার বিধুবদন, ক্মলনয়ন ও উজ্জ্বল কুগুল দেখিয়া মনে মনে ভয় পাইয়া বলিতেছে, "আমি তোমার শরণাগত হইব।" শ্রাম কাঁদিতেছিলেন, ইহা শুনিয়া চুপ করিলেন এবং মাতা তাঁহাকে বক্ষে লইয়া শয়ন করিলেন।

সূরদাস অসংখ্য পদে মাতা ও শিশুর প্রত্যেক ভাবের বর্ণনা করিয়াছেন। এই প্রবন্ধে কেবল তুই একটা ভাবের উল্লেখ করা হইল, নতুবা পুঁ,থি বাড়িয়া যায়। কৃষ্ণের লীলা বর্ণন করিতে করিতে সূরদাস আত্মহারা হইয়া গিয়াছেন বলিয়া মনে হয়। বোধ হয় যেন তিনি কখনো বালকরপে নিজেই ক্রীড়া করিতেছেন এবং কখনো মাতা হইয়া বাল্য-লীলার আনন্দ উপভোগ করিতেছেন। এই সকল বর্ণনায় স্বাভাবিকতা সম্পূর্ণরূপে বিঅমান। আর একটা উদাহরণ নিম্নে প্রদন্ত হইল—

মৈয়া মোকো দাউ বহুত খিঝায়ো।
মোঁসোঁ কহুত মোল কো লীনো, তু জন্তমতি কব জায়ো॥
গোর নন্দ জসোদা গোরী, তুম কত আম সরীর।
চুটকী দৈ দৈ হঁসত গ্বাল সব, সিথৈ দেত বলবীর॥
স্থনহু কান্হ বলভদ্র চবাই, জনমত হী কো ধৃত।
সূর আম মো গোধন কী সোঁ, হোঁ মাতা তু পূত॥

মা, আমাকে বলরাম দাদা অত্যস্ত বিরক্ত করিয়াছে। আমাকে বলে তোকে যশোমতী কবে প্রসব করিয়াছেন ? তোকে তো তিনি কিনিয়া লইয়াছেন। নন্দ গৌরবর্ণ, যশোদা গৌরাঙ্গী, তোর শরীর কেন কালো ? দাদার শিক্ষায় গোপ বালকেরা তুড়ি দিয়া দিয়া হাসে। যশোদা বলিতেছেন, "শুন কানাই, বলাইটা নিন্দুক, সে জন্মাবধিই ধূর্ত্ত। আমি গোধনের দিব্য করিয়া বলিতেছি, আমি তোর মা, আর তুই আমার ছেলে।"

\* তুলনা করুন-

আঁচরে বদন ঝাপহু গোরী। রাজা স্থনলহৈ চাদক চোরী।—বিহ্যাপতি। প্রাতঃকালে যশোদা গোপালকে জাগাইতেছেন—

জাগিয়ে ব্রজরাজ কুঅঁর, কমল কুস্থম ফূলে।
কুমুদর্ক সক্চত ভয়ে, ভূপ লতা ভূলে।
তমচূর খগ রৌর স্থনহু, বোলত বনরাঈ।
রাঁভতি গৌ খরিকন মেঁ, বছরা হিত ধাঈ॥
বিধু মলীন রবি প্রকাস, গাবত নরনারী।
সূর স্থাম প্রাত উঠো, অমুজ করধারী॥

হে ব্রজরাজ কুমার জাগো, কমল ফুল ফুটিয়াছে এবং কুমুদ বৃন্দ সঙ্কুচিত হইয়াছে। ভূঙ্গগণ লতার মধ্যে ঘুরিতেছে। তাফ্রচ্ড (কুকুট) ও অভ্যান্ত পক্ষীরা বনরাজীতে রব করিতেছে, তাহাদের কাকলী শ্রবণ কর। গাভীরা হান্ধারব করিয়া বাধানের দিকে বৎসের জন্ত ধাবমান হইতেছে। বিধু মলিন ও রবি উদিত হইয়াছে। নরনারীগণ গান করিতেছে। হে কমল-কর শ্যাম, প্রভাত হইয়াছে উঠ।

## আর একটা প্রাতঃকালীন পদ—

প্রাত সময় উঠি, সোবত হরি কো, বদন উঘারো নন্দ।
রহি ন সকত, দেখন কো আতুর, নৈন নিসকে দ্বন্দ।
স্বচ্ছ সেজ, মেঁ তে মুখ নিকসত, গয়ো তিমির মিটি মন্দ।
মানোঁ মথি, পয়সিম্ধু ফেন কটি, দরস দিখায়ো চন্দ।
ধায়ো চতুর, চকোর সূর স্থনি, সব সথি সখা স্থছন্দ।
রহী ন স্থাইত, সরীর ধীরমতি, পিবত কিরন মকরন্দ॥

নন্দ প্রাতঃকালে উঠিয়া হরিকে নিদ্রিত দেখিয়া তাঁহার মুখের আবর্রণ মোচন করিলেন। তিনি থাকিতে পারিলেন না, দেখিবার জন্ম আতুর হইয়াছেন, কারণ রাত্রি আসাতে তাঁহার নয়ন নিদ্রাতুর হইয়াছিল। শুল শয়ার মধ্য হইতে মুখ বাহির হইয়া মন্দ তিমির নাশ করিতেছে, যেন সমুদ্র-মন্থনের সময় ফেনরাশি মধ্য হইতে চল্রের প্রকাশ হইতেছে। শুনিয়া চতুর চকোরের ন্যায় স্থাস্থীগণ আনন্দিত হইয়া দৌড়িয়া আসিল। তাহাদের শরীরে সাড় নাই, ধীর্মতি তাহারা স্থথের কিরণ-মকরন্দ পান করিতেছে।

যশোদা গোপালের স্তত্যপান বন্ধ করিতেছেন কি বলিয়া শুসুন—

জস্মতি কান্হৈ ইহৈ সিখাবতি।
স্থনত স্থাম অব বড়ে ভয়ে তুম, অস্তন পান-ছুড়াবতি।
ব্ৰেজ লবিকা তোহিঁ পীবত দেখাঁ, হঁসত লাজ ন আবতি।
জৈহেঁ বিগারি দাঁত হৈঁ আছে, তাতে কহি সমুঝাবতি।
অজত ছাঁড়ি কছো করি মেরো, এসী বাত ন ভাবতি।
সূর স্থাম য়হ স্থনি মুসকানে, অঞ্চল মুখহিঁ লুকাবতি॥

যশোমতী কানাইকে শিথাইতেছেন—শুন, শ্রাম, এখন তুমি বড় হইয়াছ, আমি তোমার স্তম্পান ছাড়াইতে চাহি। ব্রজ্ঞের বালকেরা তোমাকে স্তম্পান করিতে দেখিয়া হাসে, তোমার লজ্জা করে না ? তোমার ভাল ভাল দাঁতগুলি খারাপ হইয়া যাইবে, সেই জম্মই তো তোমাকে বুঝাইতেছি। আজ্ঞাই ছাড়িয়া দাও, আমার কথা শুন, তোমার এ কাজ্ঞ্জ ভাল দেখায় না। শ্রাম এই কথা শুনিয়া ঈষৎ হাসিয়া মাতার অঞ্চলে মুখ লুকাইলেন। কি স্বাভাবিক বর্ণনা!

বালকদের বড় হইবার ইচ্ছা প্রবল। কৃষ্ণ মাতাকে বলিতেছেন—

মৈয়া মোহিঁ বড়ো করি দৈ রী। দূধ দহী ঘৃত মাখন মেবা, জো মাঁগোঁ সো দৈ রী।

মা আমাকে বড় করিয়া দাও। তুধ, দধি, মাখন, ঘৃত, ফলমূল যাহা চাহিব তাহা দিও। বালকদিগকে খাওয়ান কঠিন, কিন্তু প্রতিযোগিতার বশবর্ত্তী হইয়া তাহারা নিজ স্বভাবের বিরুদ্ধাচরণ করিতেও প্রস্তুত।

বালকদিগকে স্থান করান একটী কঠিন ব্যাপার। সে সম্বন্ধে সূরদাস কি বলিতেছেন শুনুন—

জ্মতি জবহিঁ কছো অন্হাবন, রোই গয়ে হরি লোটত রী।

\* \* \* \* \*

মহরি বহুত মিনতী করি রাখতি, মানত নাহিঁ কন্হাঈ রী।

যশোমতী যথনই কানাইকে স্নান করিতে বলেন তথনই তিনি কাঁদিয়া লুটাইয়া পড়েন। রাণী মিনতি করেন কিন্তু কানাই কিছুতেই তাঁহার কথা শুনেন না। শিশু কৃষ্ণ মৃদ্ভক্ষণ করিয়াছেন শুনিয়া যশোদা তাঁহাকে তিরস্কার করিতে আসিলেন। মাটী ফেলিয়া দিবার জন্ম তিনি কৃষ্ণকে হাঁ করিতে বলিলেন। কৃষ্ণ হাঁ করিলেন। যশোদা মুখবিবর-মধ্যে বিশ্বব্রক্ষাণ্ড দেখিয়া বিশ্বিত হইলেন।

গোকুলের যত নরনারী, আবালবৃদ্ধবনিতা, সকলেই কৃষ্ণকৈ হৃদয়ের সহিত ভালবাসিত। তাহারা বলিতে পারিত না যে কৃষ্ণ কেন তাহাদের এক প্রিয়। কোনো অজ্ঞাত শক্তি তাহাদিগকে কৃষ্ণের দিকে আকর্ষণ করিত। কৃষ্ণের উপদ্রবে ব্রজের লোক শশব্যস্ত, তথাপি তাহারা কৃষ্ণকে ভাল না বাসিয়া থাকিতে পারিত না। মধ্যে মধ্যে তাহারা যশোদার নিকট অনুযোগও করিত, কিন্তু সেটা মোখিক। কৃষ্ণের কি এক মোহিনী শক্তি ছিল, তিনি ব্রজবাসিগণকে মন্ত্রমুগ্ধ করিয়া রাথিয়াছিলেন। লোকের ঘরে প্রবেশ করিয়া তাহাদের মাখন চুরি করা,তাহাদের মৃদ্ভাজন ভান্ধিয়া দেওয়া, তাহাদের শিশু সন্তানগণকে প্রহার করা ইত্যাদি তাঁহার নিত্যকর্ম্ম ছিল।

# (২) মাথন-চুরি

## কৃষ্ণ মাতাকে বলিতেছেন—

মৈয়া রী মোহিঁ মাখন ভাবৈ।
মধু মেবা পকবান মিঠাঈ, মোহিঁ নহীঁ রুচি আবি॥
ব্রুজ জুবতী ইক পাছে ঠাঢ়ী, স্থনতি শ্যাম কী বাত।
মন মন কহতি কবহুঁ মেরে ঘর, দেখোঁ মাখন খাত॥
বৈঠৈ জাই মথনিয়াঁ কে ঢিগ, মৈঁ তব রহী ছিপানী।
সূরদাস প্রভু অন্তর্যামী, থালি মনহিঁ কী জানী॥

"মাগো, মাখন আমার বড় ভাল লাগে। মধু, ফলমূল, মৃতপক খাছ, মিন্টামে আমার বড় কচি নাই।" এক ব্রজ যুবতী শ্রামের পশ্চাতে দাঁড়াইয়া এই কথা শুনিতেছিল এবং মনে মনে ভাবিতেছিল, "আহা আমি কি কখনো ইহাকে আমার ঘরে মাখন খাইতে দেখিব ? আমার মন্থনপাত্রের নিকট গিয়া কি কানাই কখনো বসিবেন, আর আমি লুকাইয়া থাকিয়া তাঁহাকে দেখিব ? অন্তর্থামী প্রভু গোয়ালিনীর মূনের কথা জানিলেন। তাহার পর—

প্রথম করী হরি মাখন চোরী।
খালিন মন ইচ্ছা করি পূরণ, আপু ভজে হরি ব্রজ্ঞ কী খোরী॥
মনমেঁ ইহৈ বিচার করত হরি, ব্রজ্ঞ ঘর ঘর সব জাউ।
গোকুল জনম লিয়ো স্থুখ কারন, সবকো মাখন খাউ॥
বাল রূপ জ্বন্থতি মোহিঁ জানৈ, গোপিন মিলি স্থুখ ভোগুঁ।
সূরদাস প্রভু কহত প্রেম সোঁ, ঘেরো রে ব্রজ্ঞ লোগু॥

হরি প্রথম মাখন চুরি করিলেন। গোয়ালিনীর ইচ্ছা পূর্ণ করিয়া ব্রজ্ঞের গলি দিয়া পালাইলেন। হরি মনে ভাবিতে লাগিলেন, "এই প্রকারে ব্রজ্ঞের প্রত্যেক বাটাতে যাইব। স্থাথর নিমিত্ত আমার ব্রজ্ঞে জ্ঞান্ম লওয়া, সকলের মাখনই খাইব। যশোমতী আমাকে বালক বলিয়া জানেন। আমি গোপীদের সহিত মিলিত হইয়া স্থভোগ করিব।" প্রভু প্রেমার্ক্র হইয়া বলিতেছেন, "ব্রজ্ঞের লোকেরা আমাকে আবদ্ধ করিয়াছে।" একদিন—

মথতি থালি হরি দেখী জাই।
গয়ে হুতে মাখন কী চোরী, দেখত ছবি রহে নয়ন লগাই।
ডোলতি তনু সির অঞ্চল উঘর্যো, বেনী পীঠি ডোল ইহি ভাই।
বদন ইন্দু পয় পান করন কো, মনহুঁ উরগ উঠি লাগত ধাই।
নিরখী স্থাম অঙ্গ পুনি সোভা, ভুজ ভরি ধরি লীনো উর লাই।
চিতৈ রহী জুবতী হরি মুখ, নয়ন সৈন দৈ চিতহি চুরাই।
তন মন ধন গতি মতি বিসরাঈ, স্থখ দীনো কছু মাখন খাই।
সূরদাস প্রভু রসিক সিরোমণি, তুম্হরী লীলা কো কহৈ গাই॥

হরি গিয়া দেখিলেন যে এক গোয়ালিনী মন্থন করিতেছে। হরি মাখন চুরি করিতে আসিয়াছিলেন, কিন্তু শোভা দেখিয়া এক দৃষ্টে তাকাইয়া থাকিলেন। গোপীর দেহ ছলিতেছে বলিয়া মন্তক হইতে অঞ্চল খসিয়া পড়িয়াছে, বেণাও ছলিতেছে, যেন বদন-ইন্দুর ছগ্ধ পান করিবে বলিয়া বেণারূপী সর্প দোড়াইতেছে। এমন সময়ে শ্রামের অঙ্গের শোভা দেখিতে পাইয়া গোপী শ্রামকে বক্ষে জড়াইয়া ধরিল। যুবতী শ্রামের মুখের দিকে চাহিয়া রহিল। শ্রাম কটাক্ষ দারা চিত্ত চুরি করিয়া গোপীর দেহ, মন, ধন, মতি, গতি বিশ্বত করাইয়া দিয়া কিঞ্চিৎ মাখন খাইয়া তাহাকে স্থা করিলেন। প্রভু রসিকশিরোমণি, তাঁহার লীলা কে গাইয়া শেষ করিতে পারে ?

গোপীরা যশোদার নিকট আসিয়া অভিযোগ করে। এক গোপী তাঁহাকে বলিতেছে—

দেখো মাঈ য়া বালক কী বাত।
বন উপবন সরিতা সব মোহে দেখত স্থামল গাত।
মারগ চলত অনীতি করত হরি, হঠিকৈ মাখন খাত।
শীতাম্বর লৈ সিরতে ওঢ়ত, অঞ্চল দৈ মুস্তকাত।
তেরী সোঁ কহা কহোঁ জসোদা, উরহন দেত লজাত।
জব হরি আবত তেরে আগে, সকুচি তনক হেব জাত।
কোন কোন গুন কহোঁ স্থাম কে, নেক ন কাহু ডরাত।
সূর স্থাম মুখ নিরখি জসোদা, কহা য়হ বাত॥

শুন মা এই বালকের কথা। ইহার শ্যামল শরীর দেখিয়া বন, উপবন, নদী পর্যান্ত মোহিত হয়। পথে চলিতে চলিতে অশিষ্টতা করে, জেদ করিয়া মাখন চাহিয়া খায়। মাথার উপর পীতান্বর আঁচলের মত করিয়া রাখিয়া ঈষৎ ঈষৎ হাস্থ করে। তোমার দিব্য, অভিযোগ করিতে লজ্জা করে। হরি তোমার কাছে আসিয়াই একটুখানি হইয়া যায়। তাহার কোন্ গুণের কথা বলিব ? সে কাহাকেও একটুও ডরায় না। যশোদা শ্যামের মুখের দিকে চাহিয়া বলিলেন "এ সব কি কথা ?"

আর একটা গোপীর অভিযোগ এই—

খালিনী উরহন কে মিস আঈ।
নন্দ নন্দন তন মন হরি লীনো, বিন দেখে ক্ষণ রহো ন জাঈ॥
স্থনন্থ মহরি অপনে স্থত কে গুন, কহা কাহোঁ কিহি ভাঁতি বনাঈ।
চোলী ফারি হার গহি তোরো, ইন বাতন কহোঁ কৌন বড়াঈ॥

এক গোয়ালিনী অভিযোগ করিবার ছলে যশোদার নিকট আসিল।
নন্দনন্দন তাহার দেহ-মন হরণ করিয়া লইয়াছেন, সে তাঁহাকে না দেখিলে
ক্ষণমাত্র থাকিতে পারে না। (সে বলিল) শুন, নন্দরাণী, তোমার পুত্রের
শুণের কথা, কেমন করিয়াই-বা বলি ? সে আমার কাঁচলী ছিঁড়িয়া হার ছিঁড়িয়া
দিয়াছে। তুমিই বল, এ সব করায় কি বাহাছুরী ?

#### ইহা শুনিয়া কানাই মাকে বলিলেন—

ঝুঠহি মেহিঁ লগাবত থারি। খেলত মৈঁ মোহিঁ বোলি লিয়ো হৈ, দোউ ভূজভূরি দীনী অঁকবারি। মেরে কর অপনে কুচ ধারতি, আপহি চোলী ফারি। মাখন আপ মোহিঁ খবায়ো, মৈ কব দীনো ঢারি।

আমার নামে মিধ্যা করিয়া লাগাইতেছে। আমি খেলিতেছিলাম, আমাকে ডাকিয়া লইয়া গিয়া ছুই হাতে জড়াইয়া ধরিল, আমার হাত টানিয়া লইয়া নিজের কুচে রাখিল এবং নিজেই কাঁচলি ছিঁ ড়িল। আমাকে নিজেই মাধন খাওয়াইল। আমি কখন তাহার মাখন ঢালিয়া ফেলিয়া দিলাম ?

## যশোদা তখন গোপীকে বলিতেছেন—

মৈ তুম্হরে মনকী সব জানী।
আপু সবৈ ইতরাতি হৈ দোষণ, দেত শ্রাম কো আনী।
মেরো শ্রাম কই দসহি বরস কো, তুম্হরী জোবন মদ উদমানী।
লাজ নহী আবতি ইন লঙ্গরিনি, কৈসো ধোঁ কহি আবতি বানী।
আপুহি হার তোরি চোলীবন্দ, উর নথঘাত বনাই নিসানী।
কহাঁ কান্হ কী তন্তুক অঁগুরিয়াঁ, মহ বার বার কহি পছিতানী।
দেখহু জাই ঔর কাহুকো, হরিপর সবৈ রহত মঁডরাণী।
সূরদাস প্রভু মেরে নান্হো, তুম তরুণী ডোলতি অঠিলানী॥

তোর্দের মনের কথা আমি সব জানিতে পারিয়াছি। নিজেই হাব-ভাব দেখাইয়া বেড়াস্ ... আবার আমার কাছে আসিয়া শ্রামের নামে দোষ দিতেছিস্। কোথায় আমার শ্রামের বয়স দশ বৎসর, আর কোথায় তোদের যৌবনের উদ্দামতা ? এই ছফীদের কি লজ্জা নাই ? কি করিয়া আমার কাছে এই সকল কথা বলে ? নিজেই কাঁচলি ও হার ছিঁ ড়িয়া, নিজেই বক্ষে নথাঘাতের চিহ্ন করিয়াছে। আমার শ্রামের ছোট ছোট আঙ্গুল, তাহার সম্বন্ধে এই সব কথা শুনিলে মনে থেদ হয়। তুই আর কোনো লোক দেখে নিগে যা। তোরা সকলে আমার হরির চারি দিকে ঘুরিয়া বেড়াস্ কেন ? আমার কানাই অতি শিশু, তরুণী তোরা, তার জন্ম কামে উন্মন্ত হইয়া বেড়াস্ কেন ?

তখন একজন গোপী বলিল—

হরি জানত হৈঁ মন্ত্র যন্ত্র, সীখো কহুঁ টোনা।
বন মেঁ তরুন কন্হাই, ঘরহি আবত ছোনা॥
এক দিবস কিন দেখহুঁ, অন্তর রহো ছপাই।
দস কো হৈ ধোঁ বীস কো. নৈননি দেখো জাই॥

হরি কিছু মন্ত্রতন্ত্র জ্ঞানে, সে কোনোখানে যাতু শিখিয়াছে। কানাই যখন বনে থাকে তখন সে তরুণ, বাড়ী আসিলেই অমনি শিশু। এক দিন কিছু দূরে লুকাইয়া থাকিয়া নিজেই দেখ না কেন। সে দশ বছরের কি কুড়ি বছরের, নিজের চোখেই দেখিতে পাইবে।

পুনঃ পুনঃ গোপালের বিরুদ্ধে অভিযোগ আসাতে যশোদা ভারি রাগিয়া গিয়া হাতে রজ্জু লইয়া তাঁহাকে বাঁধিবেন বলিয়া সঙ্কল্ল করিলেন। বলিতে লাগিলেন যে, একবার গোপালের দেখা পাইলে তাহার কি অবস্থা হইবে তাহা তোমাদিগকে দেখাইব। এমন সময়ে এক গোয়ালিনী হাত ধরিয়া গোপালকে লইয়া আসিল। যশোদা প্রহার করিয়া উদ্খলের সহিত তাঁহাকে বাঁধিলেন। তখন গোপীদের মনে বড় ছঃখ হইল। তাহারা গোপালকে ছাড়িয়া দিতে অমুরোধ করিল। তখন যশোদা তাহাদিগকে সম্বোধন করিয়া বলিলেন—

জাহু চলী অপনে অপনে ঘর।
তুমহাঁ সব মিলি টাঠ করায়ো, অব আয়ী বন্ধন ছোরন বর॥
মোহাঁ অপনে বাবাকী সোঁ হৈ, কান্হৈ অব ন পতিয়াউঁ।
ভবন জাহু অপনে অপনে সব, লাগত হোঁ মোঁ পাউঁ॥
মোকো জিনি বরজো জুবতী কোউ, দেখোঁ হরি কে খ্যাল।
সূর স্থাম সোঁ কহতি জনোদা, বড়ে নদকে লাল॥

তোমরা নিজের নিজের বাড়ি চলিয়া যাও। তোমরা সকলে মিলিয়া শ্যামকে ধৃষ্ট করিয়া এখন তাহাকে জোর করিয়া ছাড়াইতে আসিয়াছ। আমার পিতার দিব্য, আর কখনো কানাইকে বিশাস করিব না। আমি তোমাদের পায়ে পড়ি, তোমরা বাড়ি যাও। হে যুবতীরা, তোমরা কেহ আমাকে বারণ করিও না, আমি দেখি হরি কি করে। শ্যাম, তুমি নন্দের বড় আত্বরে ছেলে হইয়াছ।

সকলে চলিয়া গেলে হরি নিজ বন্ধন মোচন করিয়া সমলার্চ্জুন (বৃক্ষ) উৎপাটিত করিয়া নলকুবেরকে শাপমুক্ত করিলেন। কিন্তু বন্ধনাবস্থাতেই আবার সকলে তাঁহাকে দেখিতে পাইল! বৃক্ষ উৎপাটনের মড় মড় শব্দে চমকিত হইয়া নন্দরাণী সেখানে আসিয়া তাঁহার বন্ধন মোচন করিয়া তাঁহাকে কণ্ঠলগ্ন করিলেন। এখন হইতে বলরাম ও গোপবালকদের সহিত কৃষ্ণ গোদোহন শিক্ষা করিতে লাগিলেন এবং গোচারণে যাইতে লাগিলেন। প্রাতে তাঁহাকে জাগান হইতেছে—

জাগহু জাগহু নন্দকুমার।
রবি বহু চঢ়ে রৈনি সব নিঘটী, উঘরে সকল কিঁবার।
বারি বারি জ্বল পিয়ত জসোদা, উঠু মেরে প্রাণ অধার।
ঘর ঘর গোপী দহুে৷ বিলোবহিঁ, কর কঙ্কন ঝনকার।
সাঁঝ হুহুন তুম কহেু৷ গাই কো, তাতে হোত অবার।
সূরদাস প্রভু উঠে স্থনত হী, লীলা অগম অপার॥

"নন্দকুমার, জাগো জাগো। রজনী বিগত হইয়াছে, রবি অনেক দূর উঠিয়াছে, সকলেরই দার মুক্ত হইয়াছে।" (যশোদা পুত্রের বিপদ হরণের উদ্দেশ্যে তাঁহার উপর) জল ঘুরাইয়া লইয়া পান করিতেছেন আর বলিতেছেন, "উঠ আমার প্রাণের আধার। প্রতি গৃহে গোপীরা দিধি মন্থন করিতেছে, তজ্জ্য মধুর কন্ধণ-ঝন্ধার হইতেছে। তুমি কাল সন্ধ্যার সময় বলিয়াছিলে আজ্ব প্রাতে গোদোহন করিবে। তাহাতে যে বিলম্ব হইতেছে।" ইহা শুনিয়া কানাই তৎক্ষণাৎ উঠিলেন। প্রভুর লীলা অপার ও অনধিগায়।

## মাতা-পুত্রের কথোপকথন শুমুন—

আছু মৈ গাই চরাবন জৈহোঁ।
বৃন্দাবনকে ভাঁতি ভাঁতি ফল, অপনে করমেঁ থৈহোঁ॥
ঐসী অবহিঁ কহো জনি বারে, দেখো অপনী ভাঁতি।
তনক তনক পাইঁ চলিহো কৈসে, আবত হৈব হৈ রাতি॥
প্রাত জাত গৈয়া লৈ চারন, ঘর আবত হৈব হৈ গাঁঝ।
তুম্হরো কমল বদন কুম্হিলৈহৈ, রেঁগত ঘামহিঁ মাঝ॥

তেরী সোঁ। মোহিঁ ঘামু ন লাগত, ভূখ নহীঁ কছু নেক। সূরদাস প্রভু কহো ন মানত, পরে আপনী টেক॥

আজ আমি গরু চরাইতে যাইব। বুন্দাবনের নানা প্রকারের ফল নিজ হাতে তুলিয়া তুলিয়া খাইব। (যশোদা বলিতেছেন) এ কথা এখনো বলিয়ো না, বৎস, তোমার নিজের ক্ষমতা বুঝিয়া দেখ। ছোট ছোট পায়ে কেমন ক্রিয়া হাঁটিবে? আসিতে রাত্রি হইবে। সকলে ভোর বেলা গাভী লইয়া গিয়া সন্ধ্যার সময় ফিরিয়া আসে। রৌদ্রে বেড়াইতে বেড়াইতে তোমার কমল-মুখ শুকাইয়া যাইবে। (কৃষ্ণ বলিতেছেন) তোমার দিব্য, মা, আমার রৌদ্রে কফ্ট হয় না, একটুও ক্ষুধা লাগিবে না। কৃষ্ণ কথা শুনিবার পাত্র নন্, তিনি নিজের জেদ বজায় রাখিবেনই রাখিবেন।

বন বন ফিরত চারত ধেনু।
স্থাম হলধর সঙ্গ হৈঁ, বহু গোপ-বালক-সেনু॥
তৃষিত ভঙ্গ সব জানি মোহন, সখন টেরত বেনু।
বোলি ল্যাবো স্থরভিগন সব, চলো জমুন জল দেনু॥
স্থনত হী সব হাঁকি ল্যায়ে, গাই করি ইক ঠৈন।
হৈরি দৈ দৈ খাল বালক, কিয়ে জমুন-তট গৈন॥

কৃষ্ণ বনে বনে গরু চরাইয়া বেড়াইতেছেন। তাঁহার সঙ্গে হলধর এবং অনেক গোপ-বালক-সেনা আছে। সকলে তৃষিত হইয়াছে জানিয়া সখাগণকে বেপু বাজাইয়া ডাকিলেন এবং তাহাদিগকে বলিলেন স্থরভীগণকে যমুনার জল দিবার জন্ম ডাকিয়া লইয়া আইস। ইহা শুনিয়াই তাহারা গরু গুলিকে ডাকিয়া একত্র করিল, এবং গান করিতে করিতে যমুনা-তটে গমন করিল।

আজ প্রাতঃকালে গোপবালকেরা অধিক ডাকাডাকি করাতে কৃষ্ণ-বলরাম কিছু না খাইয়াই বনে আসিয়াছেন। অতএব কৃষ্ণ এক গোপবালককে মাতার নিকট জলখাবারের জন্ম পাঠাইলেন। যশোদা ব্যস্ত হইয়া সন্ম মাখন, সাঁজো দধি, মিউ ফল এবং ঘ্রতপক মিন্টান্ন গুছাইয়া এক গোয়ালিনীকে দিয়া পাঠাইয়া দিলেন।

> আয়ী ছাক বুলায়ে স্থাম। য়হ স্থানি স্বাধা সবৈ জুরি আয়ে, স্থবল স্থামা অরু ঞ্জিদাম॥

কমল পত্র দোনা পলাস কে, সব আগে ধরি পরসত জাত। খাল মগুলী মধ্য স্থাম ধন, সব মিলি ভোজন রুচিকর খাত॥ ঐসী ভুখ মাঝ ইহু ভোজন, পঠে দিয়ো করি জসমতি মাত। সূর স্থাম অপনো নহিঁ জেঁবত খালন কর লৈ লৈ খাত॥

জুলখাবার আসিল, শ্রাম সকলকে ডাকিলেন। ইহা শুনিয়া স্থবল, স্থলাম, শ্রীদাম ইত্যাদি সখাগণ আসিয়া জড় হইল। পদ্মপত্র ও পলাস পাতার দোনা প্রত্যেকের সম্মুখে রাখিয়া কৃষ্ণ পরিবেষণ করিতে লাগিলেন। গোপদের মধ্যস্থলে শ্রামধনকে রাখিয়া সকলে মিলিয়া রুচির সহিত ভোজন করিতে লাগিল। (শ্রাম বলিলেন) আমাদের বড় ক্ষুধার সময় যশোমতী মাতা এই ভোজন সংগ্রহ করিয়া পাঠাইয়াছেন। শ্রাম নিজের পাত্র হইতে না খাইয়া গোপবালকদের হাত হইতে উচ্ছিফ লইয়া মুখে দিতে লাগিলেন।

#### ট। শৃঙ্গার রস

# (১) সংযোগ শৃঙ্গার

## গোচারণ ও গোপীদের চিক্ত-বিকার

কৃষ্ণ বড় হইতে লাগিলেন। গোপীরা তাঁহার রূপে মোহিত হইতে লাগিল। কৃষ্ণ প্রাতঃকালে গোচারণে যান এবং সন্ধ্যার সময় সদলবলে গাভীর পাল লইয়া বন হইতে ফেরেন। গোচারণে যাইবার জন্য প্রাতঃকালে গোপালকে জাগান হইতেছে—

জাগিয়ে গোপাল লাল, প্রগট ভয়ী হংসমাল,

মিট্যো সব অন্ধকাল, উঠো জননী মুখ দিখাঈ।

মুকুলিত ভয়ে কমলজাল, গুঞ্জ করত ভৃত্তমাল,

প্রফুলিত বন পুত্রপ ডাল, কুমুদিনি কুম্হিলাঈ॥
ঠাঢ়ে সব সখা বার, কহত নন্দকে কুমার,

টেরত হৈঁ বার বার, আইয়ে কন্হাঈ।

গৈয়নি ভয়ী বড়ী বার, ভরি ভরি পৈ থননি ভার,

বছরাগন করেঁ পুকার, তুম বিন্ধু যহুরাঈ॥

হে গোপাল জাগ; হংসগণ দেখা দিয়াছে, অন্ধকার দূর হইয়াছে, উঠিয়া জননীকে তোমার শ্রীমুখ দেখাও। কমল সকল ফুটিয়াছে, ভূপের দল গুপ্তন করিতেছে, বৃক্ষশাখায় পুষ্প প্রস্কৃতিত হইয়াছে এবং কুমুদিনী মান হইয়াছে। তোমার সখারা সকলে ছারে দণ্ডায়মান হইয়া তোমাকে নন্দকুমার সম্বোধন করিয়া বারবার "কানাই আইস" বলিয়া ডাকিতেছে। বিলম্ব হওয়াতে, গাভীগণ ব্যস্ত হইয়াছে, তাহাদের পালান ছ্রম্মে পূর্ণ হওয়াতে ভারী হইয়াছে, তোমার্র অভাবে, হে যতুরাজ, বৎসগণ ডাকিতেছে।

## গোপীদিগের অনুরাগের প্রবলতা

গোপালকে দেখিয়া ব্ৰজবালাদের কিরূপ চিত্ত-বিকার হইয়াছিল দেখুন—

মেরে হিয়রে মাঝ লগৈ মনমোহন, লৈ গয়ো মন চোরী।
অবহাঁ ইহি মারগ হেব নিকসে, ছবি নিরথত তৃণ তোরী॥
মোর মুকুট স্রবনন মনিকুগুল, উর বনমালা পীত পিছোরী।
দসন চমক অধরণ অরুনাঈ, দেখত পরী ঠগোরী॥
ব্রজ্ঞ লরিকন সঁগ খেলত ডোলত, হাথ লিয়ে ফিরত চকডোরী।
সূর স্থাম চিতবত গয়ে মোতন, তন মন লিয়ে অজোরী॥

মনোমোহন আমার হৃদয় অধিকার করিয়াছেন। তিনি আমার মন চুরি করিয়া লইয়াছেন। তিনি এখনই এই পথ দিয়া গিয়াছেন। তাঁহার শোভা দেখিয়া মন মোহিত হয়। চূড়ায় তাঁহার শিথিপক্ষ আছে, কর্ণে তাঁহার কুগুল, বক্ষে তাঁহার বনমালা, পূর্চে তাঁহার পীত আবরণ। তাঁহার দশনের ঔচ্ছলাও অধরের অরুণতা দেখিলে অবশ হইতে হয়। তিনি লাটিম হস্তে লইয়া ব্রজ্ব বালকদের সহিত খেলিয়া বেড়াইতেছেন। তিনি আমার দিকে চাহিতে চাহিতে গিয়াছেন, যাইবার সময় আমার দেহ-মন নিঃশেষিত করিয়া লইয়া গিয়াছেন।

# আর একটা পদ শুমুন—

নটবর ভেষ কাছে স্থাম। পদকমল নথ ইন্দু সোভা, ধ্যান পূরন কাম॥ জামু জঙ্ঘ স্থাটনি করভা, নাহিঁ রম্ভা তূল। পীত পট কাছনী মানহাঁ, জলজ কেসর ঝূল॥ কনক ছুদ্রাবলী পঙ্গতি, নাভি কটিকে ভীর।
মনহঁ হংস রসাল পঙ্গতি, রহে হৈ হ্রদতীর॥
ঝলক রোমাবলী সোভা, গ্রীব মোতিন হার।
মনহঁ গঙ্গা বীচ যমুনা, চলী মিলি ত্রয়ধার॥
বাহু দণ্ড বিসাল তট দোউ অঙ্গ চন্দন রেমু।
তীর তরু বনমাল কী ছবি, ব্রজ যুবতী স্থুখ দেনু॥
চিবুক পর অধরনি দসন ত্যুতি, বিশ্ব বীজু লগাই।
নাসিকা স্থক নৈন খঞ্জন, কহত কবি সরমাই॥
স্বান কুণ্ডল কোটি রবি ছবি, ত্রকুটি কাম কোদণ্ড।
সূর প্রভু হৈঁ নীপকে তর, সির ধরে শ্রীখণ্ড॥

শ্যাম নটবর-বেশ ধারণ করিয়াছেন। পদকমলের নথের শোভা ইন্দুর ন্যায়। যে ইহার ধ্যান করে তাহার সকল ইচ্ছাই পূর্ণ হয়। জানু ও জজ্ঞা করভের ন্যায় স্থাঠিত এবং রম্ভাকেও পরাজিত করে। কমল-কেশরের ঝালরের ন্যায় প্রাত বস্ত্র ধারণ করিয়াছেন। মধ্যস্থলে অবস্থিত কনক-ঘূল্টিকাবলী দেখিয়া বোধ হয় যেন হংসের স্থন্দর পংক্তি (নাভি-) সরোবরের তীরে বিচরণ করিতেছে। রোমাবলীর উপর গ্রীবার মুক্তাহার পড়াতে বোধ হইতেছে যেন গঙ্গার ধারার মধ্যে যমুনার ধারা প্রবেশ করাতে তিনটী ধারা প্রবাহিত হইতেছে। বিশাল বাহুদণ্ড হুইটা যেন এই নদার হুইটা তীর। বনমালার শোভা তীরস্থ তরুরাজির শোভার ন্যায়। এই শোভা ব্রজ-যুবতীদের স্থ্যদায়ক। চিবুকের উপর অধর ও দশনের ত্যুতি দেখিয়া বোধ হয় যেন বিম্ব ফলের উপর বিত্রাচ্ছটা পড়িয়াছে। নাসিকা শুকপক্ষীর ন্যায় এবং ক্রকুটা যেন কামের কোদণ্ড। শ্রাম ময়ুরপুচেছর চূড়া ধারণ করিয়া কদম্বতলে দণ্ডায়মান।

গোপীরা কৃষ্ণের প্রেমে এতই বিহ্নল হইয়া উঠিল যে তাহারা কৃষ্ণ ভিন্ন আর কিছুই ভাবিত না। কোন দ্রব্যের নাম লইতে হইলে তাহা ভুলিয়া গিয়া, তাহার নাম কৃষ্ণ বা গোপাল বলিয়া ফেলিত।

থালিনি প্রগট্যো পূরন নেহু।
দধিভাজন সির পর ধরে, কহতি গুপালহিঁ লেহু॥
বন বীথিন নিজ পুর গলী, জহীঁ তহীঁ হরি নাউঁ।
সমুঝাঈ সমুঝাত নহীঁ, সিথ দৈ বিথক্যো গাউঁ॥

কৌন স্থান কাকে প্রবন কাকী স্থরতি সকোচ। কোন নিডর ডর আপুকো, কো উত্তম কো পোচ। প্রেম পিয়ে বর বারুণী, বলকত কল ন সঁভার। পগ ডগ মগ জিত তিত ধরতি, মুকুলিত অকল লিলার॥ মন্দির মেঁ দীপক দিয়ে. বাহর লখে ন কোই। তিন্হৈ প্রেম পর্গট ভয়ে, গুপ্ত কৌন পৈ হোই॥ লজ্জা তরল তরঙ্গিণী গুরুজন গহরী ধার। দুহুঁ কল তরুণী মিলী. তিহি তরত ন লাগী বার॥ বিধি ভাজন ওছো রচ্যো, সোভা সিন্ধু অপার। উলটি মগন তামেঁ ভয়ী, তব কোন নিকাসনহার॥ জৈসে সরিতা সিন্ধুমেঁ মিলী জু কুল বিদারি। নাম মিটো সলিলৈ ভয়ী তব কৌন নিবেরৈ বারি॥ চিত অকর্ষ্যো নন্দস্থত মুরলী মধুর বজাই। জিহি লজ্জা জগ লজ্জিয়ো সো লজ্জা গয়ী লজাই॥ প্রেম মগন থালিনি;ভিয়ী সূর স্থপ্রভুকে সঙ্গ। নৈন বৈন মুখ নাসিকা জোঁগ কেচুলি তজৈ ভুজন্স।

গোয়ালিনীরা পূর্ণস্থেহ প্রকাশ করিল। (পাড়ায় পাড়ায় দিধি বিক্রয় করিবার সময়) মাথার উপর দধি-ভাজন রাখিয়া চীৎকার করিয়া হাঁকিতে লাগিল "গোপাল নেবে গো"। ব্রজপথে ও প্রত্যেকের নিজ নিজ গ্রামের গলিতে ক্রমাগৃত হরিনাম শুনা যাইতে লাগিল। তাহারা বুঝাইলেও বুঝে না, গ্রামের লোকেরা তাহাদিগকে উপদেশ দিতে দিতে হারিয়া গেল, কাহার কথা কে শুনে ? কাহাকে মনে করিয়া তাহাদের সঙ্কোচ ? যে নির্ভয় তাহার ভয় কোথায় ? তাহাদের মধ্যে কেইবা উত্তম, কেইবা অধম ? প্রেমের তীব্র মদিরা পান করিয়া গোপীরা যাহা-তাহা বকিতে লাগিল, বুদ্ধি ঠিক রাখিতে অপারগ হইল। তাহাদের পা যেখানে-সেখানে পড়িতে লাগিল, তাহাদের তরুণ মস্তিক ধৈর্যাধারণে অসমর্থ হইল। ঘরের মধ্যে প্রদীপ রাখিলে বাহিরে কি হইতেছে বোঝা যায় না, কিন্তু বাহির হইতে সব বোঝা যায়, সেইরূপ গোপীদের অন্তরে প্রেমের যে আলোক জলিয়াছিল, তাহা গুপু থাকিবে কি করিয়া ? তাহাদের পক্ষে লক্ষা হইয়াছিল তরল তরিস্বণী এবং গুরুজন সেই তরিস্বিণীর

গভীর ধারা। কিন্তু তাহাদের ছই কূলেরই (ইহলোকের ও পরলোকের) তরণী (কাণ্ডারী) মিলিয়াছে। সেই জন্ম তীত্র ধারা পার হইতে বিলম্ব হইলা না। শুগমের সৌন্দর্য্য হইয়াছিল অপার সিন্ধু। কিন্তু বিধি সেই সমুদ্র পার হইবার আধারস্বরূপ গোপীকে অতি সামান্য করিয়া গড়িয়াছেন। সেই হেতু সেই আধার উল্টাইয়া গিয়া সেই সাগরে নিমগ্ন হইল, কে তাহার উদ্ধারকর্তা ? যখন নদী কূল ভাঙ্গিয়া সাগরে মিশায় তখন আর তাহার নদী নাম থাকে না। যখন সমস্তই জল হইয়া যায়, তখন কে সেই নদীকে পৃথক্ করিতে পারে ? নন্দস্থত মধুর মুরলী বাজাইয়া গোপীদের চিত্ত হরণ করিয়াছেন। যে লঙ্জা জগৎকে লঙ্জিত করে সে নিজেই লঙ্জিত হইয়া পালাইয়াছে। গোয়ালিনী কৃষ্ণপ্রেমে মগ্ন হইয়াছে; নয়ন বদন, মুখ, নাসিকা পর্যন্ত তাহাতে ডুবিয়াছে, অর্থাৎ সমস্তই বিসর্জন দিয়াছে, যেমন সাপ খোলোস ত্যাগ করিয়া চলিয়া যায় (এবং তাহার দিকে ফিরিয়াও তাকায় না)।

## শ্রীকুষ্ণের বংশীধ্বনি

ইহার উপর শ্রীকৃষ্ণের মধুর বংশীধ্বনি গোপবালাগণকে একেবারে পাগল করিয়া তুলিল—

যব হী বন মুরলী স্রবন পরী।
চক্রিত ভয়াঁ গোপকতা সব, ধাম কাম বিসরী॥
কুল মরজাদ বেদ কী আজ্ঞা, নেকহু নহীঁ ডরী।
ত্যাম সিন্ধু সরিতা ললনাগণ, জলকী ঢরনি ঢরী॥
স্থত পতি নেহ ভবনজন সন্ধা, লজ্জা নহীঁ করী।
সূরদাস প্রভু মন হরি লীন্হো, নাগর নবল হরী॥

যখনই বনে মুরলী বাজিতেছে শুনা গেল, তখনই গোপকস্থারা চকিত হইল এবং গৃহকর্ম বিশৃত হইল। তাহারা কুলমর্ঘ্যাদার ও বেদাজ্ঞার একটুও ভয় করিল না। নদীর স্থায় ব্রজললনাগণ কোনো রোধ না মানিয়া শ্যামসিন্ধুর দিকে ধাবিত হইল। তাহারা পতিপুত্রের স্নেহ এবং আত্মীয়-স্বজনের ভয় বিসর্জ্জন দিয়া লজ্জা ত্যাগ করিল। নব নাগর হরি তাহাদের মন হরণ করিয়া লইয়াছেন।

যথন ভগবানের প্রতি যথার্থ প্রেম উৎপন্ন হয়, তথন তাঁহাকে প্রাপ্ত হইবার জন্ম মানুষ সব ত্যাগ করে।

#### গোপীদের চীর-হরণ

ইহার পর ব্রজ্বালাগণ শ্রীকৃষ্ণকে পতিরূপে পাইবার নিমিত্ত মহাদেবের ও সূর্য্যদেবের আরাধনা করিতে লাগিল। ব্রত ধারণ করিয়া তাহারা নিষ্ঠার সহিত থাকিতে লাগিল। শীতাতপ গ্রাহ্ম না করিয়া তাহারা প্রত্যেক ঋতুর উপযোগী তপস্থায় প্রবৃত্ত হইল। কঠোর তপ-বশতঃ তাহাদের শরীর কৃশ হইয়া গেল। তাঁহার জন্ম তাহাদের দারুণ আকাজ্ফা জানিয়া কৃষ্ণ তাহাদের প্রতি কৃপাপরবশ হইয়া, যখন তাহারা উলঙ্গ অবস্থায় যমুনায় অবগাহন করিতেছিল, সেই সময় জলের ভিতর তাহাদের প্রত্যেকের পৃষ্ঠদেশ মার্জ্জনা করিয়া দিতে লাগিলেন। ইহাতে গোপবালিকারা বুঝিল যে তাহাদের ব্রত পূর্ণ হইয়াছে।

ইহার পর এরিক্ষ চীর-হরণ-লীলা করিলেন। ভগবানের সমক্ষে আবার নগ্নতা কি ?

#### সংযোগ-শুঙ্গার

#### রাধাকৃষ্ণ

বাঙ্গলা বৈষ্ণব পদাবলীতে রাধাকৃষ্ণের প্রথম সাক্ষাৎকারের বহুকাল পূর্বের উভয়ের প্রতি উভয়ের অনুরাগের অনেক বর্ণনা আছে। ইহাকে পূর্বেরাগ বলা হইয়া থাকে। কিন্তু সূরদাসের কাব্যে রাধা বা কৃষ্ণের পূর্বেরাগের বণনা নাই। রাধা ও কৃষ্ণের সাক্ষাৎকার হঠাৎ ঘটিয়াছিল এবং সেই মুহূর্ত্ত হইতেই তাঁহাদের মধ্যে প্রেমের সঞ্চার হইয়াছিল। রুমভাক্রনন্দিনী কুমারী রাধা পিতৃগৃহে থাকিতেন এবং কৃষ্ণের সহিত প্রথম সাক্ষাতের সময় বাল্য ও যৌবনের সন্ধিত্বলে উপনীতা। কৃষ্ণ বালক, তাঁহার বয়সের গণনা করিয়া লাভ নাই, কারণ তিনি সর্ববশক্তিমান্। তাহা যদি না হইতেন, তাহা হইলে শিশু অবস্থাতেই নানা অন্তর্ন-বিনাশ এবং নানা অলোকিক কার্য্য করিতে সমর্থ হইতেন না। উভয়ের মাতাপিতা উভয়ের সহিত উভয়ের নির্জ্জনে একত্র অবস্থান সম্বন্ধে

উদাসীন ছিলেন। ইহাতে তাঁহারা যৌবনোচিত লালসা চরিতার্থ করিবার স্থযোগ পাইয়াছিলেন।

খেলন হরি নিকসে ব্রজ্ঞ খোরী।
কটি কাছনী পীতাম্বর ওঢ়ে, হাথ লিয়ে ভোঁরা চকডোরী।
নোর মুকুট কুগুল স্রবনন বর, দসন দমক দামিনি ছবি থোরী।
গয়ে স্থাম রবিতনয়াকে তট, অঙ্গ লসতি চন্দন কী খোরী।
ওচক হী দেখি তহাঁ রাধা, নয়ন বিসাল ভাল দিয়ে রোরী।
নীল বসন ফরিয়া কটি পহিরে, বেণী পীঠি রুচির ঝক ঝোরী।
সঙ্গ লরিকিনী চলি ইত আবতি, দিন থোরা অতি ছবি জন গোরী।
সূর স্থাম দেখত হীঁ রীঝে, নৈন নৈন মিলি পরী ঠগোরী॥

হরি ব্রজের গলিতে খেলিতে বাহির হইয়াছেন। তাঁহার কটিদেশে ও পৃষ্ঠে পীত বস্ত্র এবং হস্তে লাটিম। তাঁহার শিরে শিথিপুচ্ছের চূড়া এবং শ্রবণে স্থান্দর কুণ্ডল। তাঁহার দশনের ত্যুতির নিকট দামিনীর ত্যুতিও অতি সামাশ্যা। তাঁহার অঙ্গে চন্দনের ছাপ শোভা পাইতেছে। শ্যাম যমুনাতীরে গমন করিলেন এবং হঠাৎ সেখানে রাধাকে দেখিলেন। রাধার নয়ন বিশাল এবং ললাটে রুলীর বিন্দু। নীল বসনের ঘাঘরা কটিদেশে আবন্ধ, পৃষ্ঠে লহরি-বিশিষ্ট কেশের রুচির বেণী দোতুল্যমান। তিনি বালিকাগণে পরিবেপ্তিত হইয়া এই দিকে আসিতেছেন। অল্প বয়সে তাঁহার গোরবর্ণের কি শোভাই হইয়াছে! শ্যাম তাঁহাকে দেখিয়াই হর্ষান্বিত হইলেন। পরস্পরে চোখের মিলনে তাঁহারা বিহ্নল হইলেন।

কৃষ্ণ তাঁহার পরিচয় জিজ্ঞাসা করিলেন এবং রাধা উত্তর দিলেন—

বৃঝত স্থাম কোন ভূ গোরী ?
কহাঁ রহতি কাকী হৈ বেটা, দেখী নহাঁ কহুঁ ব্রজখোরী।
কাহেকো হম ব্রজতন আবতি, খেলতি রহতি অপনী পোরী।
স্থনতি রহতি অ্বননি নঁদ ঢোটা, করত রহত মাখন দধি চোরী।
তুম্হরো কহা চোরি হম লৈহেঁ, খেলন চলো সঙ্গ মিলি জোরী।
সূরদাস প্রভু রসিক সিরোমনি, বাতন ভুরই রাধিকা ভোরী॥

শ্যাম জিজ্ঞাসা করিলেন, "হে গৌরান্সি, তুমি কে ? তুমি কোথায় থাক এবং তুমি কাহার কন্যা ? তোমাকে তো কখনো ব্রজের পথে-ঘাটে দেখি নাই।" (রাধা বলিলেন) "আমি ব্রজে কি জন্ম যাইতে গেলাম ? আমি নিজ বাটীর সদর দরজায় খেলা করি। আমি কানে শুনিতে পাই যে নন্দনন্দন মাথম ও দধি চুরি করে।" (শ্যাম বলিলেন) "আমি তোমার আর কি চুরি করিব ? চল আমরা সকলে মিলিয়া খেলা করি গিয়া।" রসিকশিরোমণি শ্যাম সরলা রাধিকাকে কথায় ভুলাইলেন।

> প্রথম নেহ তুহুন মন জান্যো। সৈন সৈন কীনী সব বাতেঁ, গুপ্ত প্রীতি সিস্থতা প্রগটান্যো॥ খেলন কবহুঁ হমারে আবহু, নন্দ সদন ব্রজ গাঁউ। দ্বারে আই টেরি মোহি লীজো, কানহ হৈ মেরো নাঁউ॥

উভয়ের মন প্রথম স্নেহ অনুভব করিল। নয়নের ইন্সিতে সব কথা হইল। শৈশবেই গুপ্ত (অন্তরের) প্রীতি প্রকাশ পাইল। কৃষ্ণ বলিলেন, "কখনো কখনো ব্রজগ্রামে নন্দালয়ে আমার সহিত খেলা করিতে আসিও। আমার নাম কানাই। আমাদের দ্বারে আসিয়া আমাকে ডাকিয়া লইও।"

সৈননি নাগরী সমুঝাঈ।
খরিক আবহু দোহনী লৈ, ইহৈ মিস্ ছল পাঈ।
গাই গনতি করন জৈইেঁ, মোহি লৈ নন্দরাঈ।
বোলি বচন প্রমান কীনে, তুহুন আতুরতাঈ।
কনক বদন স্থচার স্থনরি, সকুচি মুখ মুস্থকাঈ।
স্থাম প্যারী নৈন রাচে, অতি বিসাল চলাঈ।
গুপ্ত প্রীতি জু প্রগট কীন্ছো, হৃদয় তুহুন ছিপাঈ।
সূর প্রভুকে বচন স্থনি স্থনি, রহী কুবঁরি লজাঈ॥

কানাই ইন্সিতে রাধিকাকে বলিলেন, "গাই ছুহিবার ছলে দোহন-পাত্র লইয়া বাথানে আসিও। নন্দরাজা সেখানে গাভী গণনা করিতে আসিবেন। আমিও তাঁহার সঙ্গে আসিব।" কথা-দারা উভয়ে নিজ নিজ আতুরতা প্রমাণ করিলেন। কনকবদনী সুগঠিতা স্থন্দরী সঙ্গুচিতা হইয়া মৃতু হাস্থ করিলেন। শ্যাম-প্রিয়া তাঁহার প্রেম-মোহিত বিশাল চক্ষুর কটাক্ষ নিক্ষেপ করিলেন। হুদয়ের যে গুপ্ত প্রেম উভয়ে প্রকাশ করিলেন, তাহা তাঁহারা হুদয়ে লুকাইয়া রাখিলেন। গোপালের কথা শুনিয়া কুমারী সলজ্জভাবে থাকিলেন। নাগরি মনহিঁ গয়ী অরুঝাই।
অতি বিরহ তকু ভয়ী ব্যাকুল, ঘর ন নেক স্থাই।
স্থাম স্থানর মদন মোহন, মোহনী সী লাই।
চিত্ত চঞ্চল কুবঁরি রাধা, খান পান ভুলাই।
কবহুঁ বিলপতি, কবহুঁ বিহুঁসতি, সকুচি বহুরি লজাই।
মাত পিতুকো বাস মানতি, মন বিনা ভয়ী বাই।
স্বর প্রভুকো খরিক মিলিহোঁ, গয়ে মোহিঁ বোলাই॥

নাগরী রাধা (প্রেমপাশে) আবদ্ধ হইলেন। অতি বিরহে ব্যাকুল হওয়াতে, ঘর একটুও ভাল লাগে না। তিনি যেন শ্যামস্থলর মদনমোহনের মোহিনী মন্ত্রের অধীন হইয়াছেন। চিত্ত সদাই চঞ্চল থাকাতে কুমারী রাধা পান-ভোজন পর্যান্ত ভুলিয়া গিয়াছেন। তিনি কখনো বিলাপ করেন, কখনো হাসেন, আবার কখনো সঙ্কুচিত ও লজ্জিত হন। তিনি নাতাপিতার ভয়ে শশব্যস্ত। তিনি মন হারাইয়া বায়্গ্রস্ত হইয়াছেন। জননীর নিকট দোহনপাত্র চাহিলেম এবং বলিলেন, "শীত্র দাও। আমি বাথানে গোপালের সহিত সাক্ষাৎ করিব, তিনি আমাকে যাইতে বলিয়াছেন।"

সোচতি চলী কুবঁরি ঘর হী তে, খরিকা গই সমূহাই।
কব দেখোঁ বহ মোহন মূরতি, জিন মন লিয়ো চুরাই॥
দেখা জাই তহাঁ হরি নাহীঁ, চকুতি ভয়ী সুকুমারি।
কবহুঁ ইত কবহুঁ উত ডোলত, লাগী প্রীতি খুমারি॥
লিয়ে আবত হরি দেখে, তব পায়ো বিস্রাম।
সূরদাস প্রভু অন্তর্যামী, কীন্হো পূরন কাম॥

কুমারী ব্যস্ত হইয়া বাথানে যাইতে লাগিলেন এবং যাইতে যাইতে ভাবিতে লাগিলেন, "যে আমার মন চুরি করিয়া লইয়াছে, তাহার মোহন মূর্ত্তি কথন দেখিব!" বাথানে পৌছিয়া সেখানে হরি নাই দেখিয়া তিনি চকিত হইলেন। প্রেমের মাদকতায় তিনি কখনো এদিকে, কখনো ওদিকে ঘুরিয়া বেড়াইতে লাগিলেন। যথন দেখিলেন যে নন্দ হরিকে লইয়া আসিতেছেন, তখন তাঁহার মন শান্তি পাইল। হরি অন্তর্গামী, তিনি রাধার মনস্কামনা পূর্ণ করিলেন।

নন্দ গয়ে খরিকৈ হরি লীন্হে।
দেখি তহাঁ রাধিকা ঠাটা, স্থাম বুলাই লয়ী তহঁ চীন্হে॥
মহর কছো খেলত তুম দোউ, দূরি কত্ত জনি জৈহোঁ।
গনতী করত গাল গৈয়ন কী, মুহি নিয়রে তুম রহিয়োঁ॥
স্থমু বেটা ব্যভামু মহর কী, কান্হহি লিয়ে খিলাই।
দূর স্থাম কো দেখে রহিহোঁ, মারে জনি কোউ গাই॥

নন্দ হরিকে গোশালায় লইয়া গেলেন। সেখানে রাধিকা দাঁড়াইয়া আছেন দেখিয়া শ্যাম তাঁহাকে ডাকিয়া আনিলেন এবং নন্দ তাঁহার পরিচয় পাইলেন। নন্দ বলিলেন, "তোমরা হু'জনে খেলা কর, যেন দূরে যাইও না। গোয়ালারা গাভী গণনা করিতেছে; তোমরা নিকটেই থাকিও; শুন, বাছা ব্যভামু কুমারী, কানাইকে খেলায় নিযুক্ত রাখিও, দেখিও গরুতে যেন তাহাকে মারে না।"

কুষ্ণকে রাধা বলিতেছেন—

নন্দ বাবাকী বাত স্থনো হরি।
মোহিঁ ছাড়িকৈ কবহুঁ জাহুগে, ল্যাউঁগা তুমকো ধরি।
ভলী ভয়ী তুম্হে সোঁপি গয়ে মোহিঁ, জান ন দেহোঁ তুমকো।
বাঁহ তুম্হারী নেকু ন ছড়িহোঁ, মহরি খীজিটেঁ হমকো।

নন্দ মহাশয়ের কথা শুনিলে, হরি? যদি কখনো আমাকে ছাড়িয়া যাও তাহা হইলে আমি তোমাকে ধরিয়া আনিব। ভালই হইয়াছে যে তোমাকে আমার হাতে সমর্পণ করিয়া গিয়াছেন, আমি তোমাকে কোথাও যাইতে দিব না এবং একটুও তোমার হাত ছাড়িব না। (নন্দ মহাশয় যদি জানিতে পারেন যে আমি তোমাকে দেখি নাই তাহা হইলে) তিনি আমার উপর রাগ করিবেন।

বাতন মে লই রাধা লাই।
চলহু জৈয়ে বিপিন বৃন্দা, কহত স্থাম বুঝাই।
জব জহাঁ তন ভেষ ধারোঁ, তহাঁ তুম হিত জাই।
নেকহু নহিঁ করোঁ অন্তর, নিগম ভেদ ন পাই।
তুব পরশি তন তাপ মেটোঁ, কাম ঘন্দ বহাই।
চতুর নাগরি হঁসি রহি স্থনি, চন্দ্র বদন নবাই॥

শ্যাম কথায় কথায় রাধাকে লইয়া আসিলেন, বলিলেন, "চল বৃন্দাবনে যাই। আমি যখন যেখানে যে রূপ ধারণ করি, তাহা কেবল তোমারই জন্ম। তোমাকে একটুও দূরে রাখি না। বেদও এ রহস্ম জানিতে পারে নাই। তোমাকে স্পর্শ করিয়া এবং কামদ্বন্দ প্রবাহিত করিয়া আমি দেহের তাপ বিদূরিত করি।" ইহা শুনিয়া চতুরা নাগরী হাসিতে হাসিতে চন্দ্রবদ্দ নত করিলেন।

এমন সময়ে—

গগন গরজি ঘহরাই, জুরী ঘটা কারী।
পোন ঝকঝোর, চপলা চমকি চহুঁ ওর, স্থবন তন চিতৈ, নন্দ ডরত ভারী।
কহো ব্যভানু কী, কুঁবরি সোঁ বোলিকৈ, রাধিকা কান্হ ঘর লিয়ে জা রী।
দোউ ঘর জাহু সঙ্গ, নভ ভয়ো শ্যাম রঙ্গ, কুঁবর গছো ব্যভান বারী।
গয়ে বনঘন ওর, নবল নন্দ কিশোর, নবল রাধা নয়ে কুঞ্জ ভারী।
অঙ্গ পুলকিত ভয়ে, মদন তিন তন জয়ে, সূর প্রভু স্থাম স্থামা-বিহারী॥

\* গগনে কাল মেঘের ঘটা হইয়াছে। আকাশ গর্জন করিয়া যেন ভাঙ্গিয়া পড়িতেছে। বাতাস ঝাপ্টা মারিতেছে। চপলা চারিদিকে চমকিত হইতেছে। পুত্রের শরীরের দিকে তাকাইয়া নন্দ বড় ভীত হইতেছেন। তিনি র্যভাসুকুমারীকে বলিলেন, "তুমি কানাইকে গৃহে লইয়া যাও। তু'জনে একসঙ্গে বাড়ী যাও। আকাশ কৃষ্ণবর্ণ ধারণ করিয়াছে।" র্যভাসুবালা কুমারকে গ্রহণ করিলেন। নবীন নন্দকিশোর নবীনা রাধাকে লইয়া গহন বন-মধ্যস্থ এক নূতন রহৎ কুঞ্জের দিকে গমন করিলেন। তাঁহাদের অঙ্গে পুলক উৎপন্ন হইল, এবং শ্যামা ও শ্যামাবিহারীর দেহকে মদন জয় করিল।

আজু নঁদনন্দন রঙ্গ ভরে। বিবি লোচন স্থবিসাল দোউনকে, চিতবত চিত্ত হরে।

জয়দেবের গীতগোবিনের মঙ্গলাচরণ শ্লোকের তুলনা করুন
নেদৈর্যেত্রমন্বরং বনভুবঃ শ্রামান্তমালদ্রমিন
র্কজং ভীকরয়ং স্থানে তদিমম্ রাধে গৃহং প্রাণয়।
ইথং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জক্রমং
রাধামাধ্বয়োর্জয়স্তি য়মুনাকুলে রহঃ কেলয়ঃ॥

ভামিনী মিলে পরম স্থা পায়ো, মঙ্গল প্রথম করে।
কর সোঁ করজ করো কঞ্চন জ্যোঁ, অন্মুজ উরজ ধরে।
আলিঙ্গুন দৈ অধর পান কর, খঞ্জন খঞ্জ লরে।
হঠ করি মান কিয়ো নব ভামিনি, তব গহি পাই পরে।
লৈ গয়ে পুলিন মধ্য কালিন্দী, রসবস অনঙ্গ অরে।
পুত্রপ মঞ্জরী মুক্তনি মালা, অঙ্গ অন্মুরাগ ভরে।
স্থরতি নাদ মুখবেনু স্থা স্থনি, তাপ অনতপ জো টরে॥

আজি নন্দনন্দন আনন্দে পরিপূর্ণ। উভয়ের স্থবিশাল লোচনের কটাক্ষ উভয়ের চিত্তকে হরণ করিতেছে। ভামিনীর সহিত মলিত হইয়া হরি পরম স্থুখ পাইলেন এবং কামের প্রথম মঙ্গলাচরণ করিলেন। করের অঙ্গুলী-দ্বারা কনক-স্তন-কমল ধারণ করিলেন, এবং আলিঙ্গন দিয়া অধর পান করিবার সময় নয়নের সহিত নয়নের সমর চলিতে লাগিল। একবার ভামিনী হঠাৎ ক্রোধ করিয়া মানিনী হইলেন, তথন কৃষ্ণ তাঁহার চরণ ধারণ করিলেন। তাঁহাকে যমুনা-পুলিনে লইয়া গেলেন, তথায় রসবশতঃ অনঙ্গে আবদ্ধ হইলেন। পুষ্পের মঞ্জরী, মুক্তার মালা অঙ্গের অনুরাগ বর্দ্ধিত করিতেছিল। স্থরতের ধ্বনি এবং মুখ-বেণুর মধুর নিঃস্বন শুনিলে যে নিক্ষাম তপস্বী তাহারও মন চঞ্চল হয়।

নবল গুপাল নবেলী রাধা, নয়ে প্রেমরস পাগে।
নব তরুবর বিহার দোউ ক্রীড়ত, আপু আপু অনুরাগে॥
সোভিত সিথিল বসন মনমোহন, স্থবত স্থবকে বাগে।
মানহুঁ বুঝী মদনকী জালা, বহুরি প্রজারন লাগে॥
কবহুঁক বৈঠি অংশ ভুজ ধরিকৈ, পীক কপোলনি দাগে।
আতি রস রাসি লুটাবত লুটত, লালচ লগে সভাগে॥
মানহুঁ সূর কলপদ্রুম কী নিধি, লৈ উত্রী ফল আগে।
নহিঁ ছুটতি রতি রুচির ভামিনী, তা স্থুখ মেঁ দোউ পাগে॥

নবীন গোপাল ও নবীনা রাধা নৃতন প্রেম রসের পাকে পরিপাক হইতেছেন। তাঁহারা উভয়ে নৃতন তরুকুঞ্জে স্ব স্ব অনুরাগে ক্রীড়া করিতেছেন। মনোমোহন শিথিল বসনে শোভিত এবং স্থ্য-রশ্মির অধীন হইয়া আনন্দ করিতেছেন, যেন নির্বাপিত মদনের স্থালা আবার তাঁহাকে দগ্ধ করিতেছে। ক্থনো রাধিকা

শ্যামের ক্রোড়ে বসিয়া, তাঁহার কণ্ঠে বাহু বেষ্টন করিয়া, হাসিয়া গগুদেশ (তান্থুলরাগে) অন্ধিত করিতেছেন, এবং কখনো বা লালসার রস-রাশি লুটিতেছেন ও লুটাইতেছেন, যেন তিনি ফল সম্মুখে করিয়া কল্লক্রমের সম্পত্তি লইয়া অবতীর্ণ হইয়াছেন। স্থন্দরী ভামিনীর রতি শেষ হইতেছে না, উভয়ে সেই স্থে নিমজ্জিত রহিয়াছেন।

নন্দগৃহে রাধার আগমন ও পরিচয় খেলন মিস কুঁবরি রাধিকা, নন্দ মহরকে আঈ। সকুচ সহিত মধুরে করি বোলী, ঘর হো কুঁবর কন্হাঈ॥

স্থান কান্ত সনুহার কার বোলা, নার বেল কুম্ম কন্থান ॥
স্থানত কান্হ কোকিল সম বাণী, নিকসে অতি অতুরাঈ।
মৈয়া রী তূ ইনকো চীন্হতি, বারম্বার বতাঈ॥
জমুনা তীর কাল্হি মেঁ ভুল্যো, বাঁহ পকরি লৈ আঈ।

আবতি য়হাঁ তোহিঁ সকুচতি হৈ, মৈঁ দৈ সোঁহ বুলাঈ॥

থেলিবার ছলে কুমারী রাধিকা নন্দের ভবনে আসিলেন। সসংক্ষাচে
মধুর স্বরে বলিলেন, "কুমার কানাই কি বাড়ীতে আছেন ?" কোকিলের স্থায়
স্বর শুনিয়া কানাই ব্যগ্র হইয়া বাহিরে আসিলেন। (গোপাল মাকে বলিলেন)"মা, তুমি ইহাকে চেন ?" এই কথা বারংবার বলিতে লাগিলেন। "কাল
যমুনা-তীরে আমি যখন হারাইয়া গিয়াছিলাম, আমার হাত ধরিয়া এ আমাকে
বাটা লইয়া আসিয়াছিল। তোমাকে দেখিয়া সঙ্কুচিত হইয়া এখানে আসিতে
চাহে নাই, আমি দিব্য দিয়া ইহাকে আসিতে বলিয়াছি।

দেখি মহরি মনহীঁ জু সিহানী।
বোলি লগ্নী বৃঝতি নঁদরাণী, কুঁবর মধুরে মধুবাণী॥
ব্রজ মেঁ তোহি নহিঁ দেখী, কোন গাউ হৈ তেরো।
ভলী করী কান্হহি গহি ল্যায়ী, ভূল্যো হত স্থত মেরো॥
নামু কহা হৈ তেরো পারী?
বেটী কোন মহর কী হৈ তূ, কহি স্থ কোন তেরী মহতারী?
ধন্য কোথ জিন তুমকো রাখে, ধন্য ঘরী জিহি তূ অবতারী।
ধন্য পিতা মাতা বনি তেরো, ছবি নিরখতি হরি কী মহতারী॥

মৈঁ বেটী ব্যভামু মহর কী, মৈয়া তুমকো জানতি।
জমুনাতট বহুবার মিলন ভয়ো, তুম নাহিন পহিচানতি॥
ঐসী কহী বাকো মৈ জানতি, বৈ তো বড়ী ছিনারী।
মহর বড়ো লঙ্গর বহু দিন কো, হঁসত দেত মুখ গারী॥
রাধা বোলি উঠি বাবা তুম সে, কছু কভি ঢীঠা কীনী ?
ঐসে সমর্থ কব মেঁ দেখে, হাঁসি প্যারী উর লীনী॥
মহরি কুঁবরি সোঁ যহ করি ভাষতি, আউ করোঁ তেরী চোটী।
স্কুরদাস হর্যী নঁদ্রাণী. কহুতি মহরি হম জোটী॥

রাধাকে দেখিয়া নন্দরাণী মনে মনে তাহার প্রশংসা করিলেন। কুমারীকে আপনার নিকট ডাকিয়া লইয়া মিষ্ট কথায় অতি মধুরভাবে জিজ্ঞাসা করিলেন, "তোমাকে তো ব্রজে কখনো দেখি নাই। তোমার বাড়ী কোন গ্রামে ? আমার পুত্র হারাইয়া গিয়াছিল, তুমি তাহাকে লইয়া আসিয়া ভাল করিয়াছিলে। তোমার নাম কি, মা ? তুমি কোন্ প্রধানের কন্সা, তোমার পিতাই বা কে? যে কোঁথ তোমাকে ধারণ করিয়াছে, সে ধন্ত; যে মুহূর্ত্ত তোমাকে অবতীর্ণ করিয়াছে, তাহা ধন্য; তোমার পিতা মাতা ধন্য।" যশোদা তাঁহাকে এক দৃষ্টে নিরীক্ষণ করিতে লাগিলেন। (রাধা বলিলেন) "আমি ব্রষভাসু প্রধানের কল্যা। আমার মা তোমাকে জানেন। আমার মাতার সহিত যমুনা-তীরে তোমার অনেকবার দেখা-সাক্ষাৎ হইয়াছে। তুমি চিনিতে পারিতেছ না।" ( যশোদা কৌতুক করিয়া তাঁহাকে বলিলেন, ) "আমি তাহাকে জানি, সে বড় ছেনাল। তোর বাবাও অনেক কালের ধৃষ্ট।" (এইরূপ ঠাট্টা করিয়া) তিনি হাসিতে লাগিলেন। রাধা বলিয়া উঠিলেন, "আমার বাবা কি তোমার সহিত কখনও কোন ধৃষ্টতা করিয়াছেন ?" ( যশোদা বলিলেন, ) "এমন সমর্থ ব্যক্তি কেহ যে আছে, তাহা তো কখনো দেখি নাই।" ( কুমারীর সহিত এইরূপ বাক্যালাপ করিয়া) তাঁহাকে কোলে টানিয়া লইয়া হর্ষযুক্ত হইয়া বলিলেন, "আয়, তোর চুল বাঁধিয়া দিই। তোর মা আর আমি সাথী।" কি জ্বলন্ত ছবি!

এইরপ কৌতুক এখনো পশ্চিম দেশে চলে।

রাধার রূপের একটা বর্ণনা শুসুন—

শশি নিরখি মুখ চলত নাহিন, নয়ন নিরখি কুরঙ্গ। কমল খঞ্জন মীন মধুকর, হোত হৈ চিতভঙ্গ। দেখি নাসা কীর লজ্জিত, অধরণ দসন নিহারি!
বিশ্ব অরু বন্ধুক বিদ্রুম, দামিনী ডর ভারি॥
উর নিরখি চক্রবাক বিথকে, কটি নিরখি বনরাজ।
চলে দেখি মরাল ভূলে, চলত তব গজরাজ॥
অন্ধ অন্ধ অবলোকি সোভা, মনহিঁ দেখি বিচারি।
সূর মুখপট দেতি কাহে ন, বরষ দস জুগ ভারি॥

রাধার মুখ দেখিয়া শনী অচল হইল, তাঁহার নয়ন দেখিয়া কুরঙ্গ, কমল, খঞ্জন, মীন ও মধুকরের মন ভাঙ্গিয়া গেল, তাঁহার নাসা দেখিয়া শুক লজ্জিত হইল, তাঁহার অধর ও দশনপংক্তি দেখিয়া বিশ্বফল, জবাপুষ্প, প্রবাল ও দামিনীর বড় ভয় হইল, তাঁহার বক্ষঃস্থল দেখিয়া চক্রবাক, এবং কটিদেশ দেখিয়া সিংহ, হতাশ হইল। তাঁহার চলন দেখিয়া মরাল, এবং গতি দেখিয়া গজরাজ, আত্মহারা হইল। তাঁহার এক একটা অঙ্গ দেখিয়া, হে শোভা, তুমি ভাবিয়া দেখ, কেন তুমি দশ যুগ ধরিয়া নিজ মুখ বক্রাচ্ছাদিত করিয়া রাখিবে না।

## রাধার আর একটা বর্ণনা—

রাধে তেরো বদন বিরাজত নীকো।
জব তূ ইত উত বঙ্ক বিলোকতি, হোত নিসাপতি ফীঁকো॥
জ্রুকুটী ধনুষ নয়ন সর সাধে, সির কেসরি কো টীকো।
মনুঁ ঘূঁঘট পট মৈঁ ছুরি বৈঠো, পারধি পতি রতি হী কো॥
গতি মৈঁ মত্ত নাগ জ্যোঁ নাগরি, করে কহতি হোঁ লীকো।
সূরদাস প্রভু বিবিধ ভাঁতি করি, রিঝয়ো হরি পী কো॥

(সখীর উক্তি) রাধে তোর মুখ কি স্থন্দর। যথন তুই তোর বক্র দৃষ্টি ইতস্ততঃ নিক্ষেপ করিদ, তথন নিশাপতি আভাহীন হইয়া যায়। তোর জ্রকুটী ধন্মর স্থায়, তাহাতে তোর নয়ন-শর যোজিত। তোর ললাটে কুঙ্কুমের কোঁটা, দেখিয়া মনে হয় যেন কামদেব রতিকে তোর ঐ গুণ্ঠনের মধ্যে লুকাইয়া রাখিয়াছে। হে নাগরি, আমি জোর করিয়া বলিতেছি যে তোর গতি মন্ত হস্তীর গতির স্থায়। তুই নানা প্রকারে তোর প্রিয় হরিকে আনন্দিত করিয়াছিদ্।

## নলিমীমোহন সাহাল

**60** 

## সংযোগ-শৃঙ্গার

#### রাধার প্রেম

সকল গোপীরই কৃষ্ণে অনুরাগ ছিল, কিন্তু রাধার প্রেম সকলের প্রেমকে অতিক্রম করিয়াছিল—

রাধা বিনয় করতি মন হাঁ মন, স্থনত স্থাম অন্তরকে যামী।
মাতা পিতা কুলকানিহি মানত, তুমহিঁ ন জানত জগ স্বামী॥
তুম্হরো নাম লেত সকূচত হৈঁ, ঐসে ঠোর রহী হোঁ আনী।
গুরু পরিজন কী কানি মানিয়ো, বারম্বার কহী মুখ বানী॥
কৈসে সঙ্গ রহোঁ বিমুখন কে য়হ, কহি কহি নাগরি পছিতানী।
সূরদাস প্রভু কো হৃদয় ধরি, গৃহজন দেখি দেখি মুসকানী॥

রাধা মনে মনে নিবেদন করিতেছেন—শুন ওহে অন্তর্য্যামী শ্রাম, মাতাপিতা কেবল কুলের মর্য্যাদাই জানেন, তোমাকে জগৎ-স্বামী বলিয়া বুঝিতে পারেন না। তোমার নাম লইতে সঙ্কোচ বোধ করেন। হায়, আমি এমন স্থানেও আসিয়া পড়িয়াছি! গুরুজন-পরিজনের মুখে "মান বজায় রাখিও," কেবল এই কথা। বিমুখদের সঙ্গে কেমন করিয়া থাকিব ? ইহা বলিয়া রাধা খেদ করিতে লাগিলেন। গৃহের লোকেরা এই বলিয়া মনে মনে হাসিতে লাগিল যে কৃষ্ণ ইহার হৃদয় অধিকার করিয়াছেন।

রাধার এক দিকে আত্মীয়, স্বজন, গুরুজনদের কাছে, অপর দিকে স্থীদিগের কাছে, স্বীয় তীব্র কৃষ্ণান্মরাগ গোপন করিতে হইতেছে। কিন্তু সকলের মনেই সে সম্বন্ধে সন্দেহ জন্মিয়াছে। স্থীরা তাঁহাকে জিজ্ঞাসা করে, "তোমার সহিত কৃষ্ণের দেখা সাক্ষাৎ হয় ?" কিন্তু রাধা তাহা একেবারেই স্বীকার করেন না। রাধার মনে সর্ববদাই কৃষ্ণ-দর্শনাকাজ্ঞা জাগরক। তিনি বলিতেছেন—

আজুকে দিন কো, সধী অতি নহীঁ জো, লাখ লোচন, অঙ্গ অঙ্গ হোতে। \*
পুরতি সাধ, মেরে হৃদয় মাঁঝ, দেখত সবৈ ছবি, স্থাম কো তে॥

ভুলনা করুন—দেখিতে দেখিতে মনে এমন লয়।
 সকল অঙ্গে যদি নয়ান হয়॥

চিত্ত লোভী, নৈন দার অতিহী, সূক্ষ্ম কহাঁ বহ, সিম্মু ছবি হৈ অগাধা।
রোম জিতনে অন্ধ, নৈন হোতে সন্ধ, রূপ লেভী, নিদরি কহতি রাধা॥
স্রেবণ স্থানি স্থানি দহৈ, রূপ কৈসে লহৈ, নৈন কছু গহৈ, রসনান তাকে।

\* দেখি কোউ রহৈ, কোউ স্থানি রহৈ, জাভ বিন সো কহৈ, কহা

নহিঁ নৈন জাকে॥

অঙ্গ বিমু হৈ সবৈ, নহীঁ একো কবৈ, হুনত দেখত জবৈ, কহত লোরে। কহৈঁ রসনা, হুনত প্রবন, দেখত নৈন, সূর সব ভেদ গুনি, মনহিঁ তোরে॥

"আজিকার দিনে, অধিক নয়, কেবল লক্ষ্ণ নয়ন আমার অঙ্গে অঙ্গে যদি থাকিত, তাহা হইলে তাহাদের দারা শ্রামের সম্পূর্ণ সৌন্দর্য্য হৃদয়-মধ্যে দেখিয়া আমার মনের সাধ পূর্ণ করিতাম। আমার চিত্ত অতি লোভী—কোথায় শ্রামের অগাধ সৌন্দর্য্য-সিন্ধু আর কোথায় আমার চক্ষুর সঙ্কীর্ণ দ্বার।" রাধা নিজ শক্তির নিন্দা করিয়া বলিতেছেন, "আমার অঙ্গে যতগুলি লোম আছে, যদি ততগুলি চক্ষু থাকিত, তাহা হইলে কৃষ্ণের রূপের ধারণা করিতে পারিতাম। এবণ কেবল শুনিয়া শুনিয়াই অনুতপ্ত হয়, রূপের বোধ তাহার কি করিয়া হইবে গুনয়ন কিছু বোধ করিতে পারে বটে, কিন্তু তাহার জিহুবা না থাকাতে তাহা ব্যক্ত করিতে পারে না। অতএব একজন দেখে, আর একজন বলে। যাহার জিহুবা নাই, সে কি বলিবে গু আবার নয়নহীন জিহুবা যাহা বলে তাহা তো সে নিজে দেখে নাই। সকল অন্নই অন্নহীন, একটীও সম্পূর্ণ উপযোগী নয়। যখন দেখে বা শুনে, তথন কি দেখিল বা কি শুনিল তাহা বলিতে পারে না। রসনা বলে, এবণ শুনে, নয়ন দেখে, এই মাত্র। ইহাদের উপলবিতে প্রভেদ আছে।" (মোট কথা, জিহুবারও যদি চক্ষু থাকিত, তাহা হইলে কৃষ্ণের রূপের বর্ণনা করা সম্ভব হইত।)

# সংযোগ-শৃঙ্গার

#### দান-लोला

শ্রীকৃষ্ণের নানা অলোকিক কার্য্য দেখিয়া গোকুলবাসীদের বিশ্বাস জন্মিয়াছিল যে কৃষ্ণ ভগবানের অবতার। কিন্তু অনেকের মনে তখনও

তুলসীদাসের—"গিরা অনয়ন, নয়ন বিয়বানী"র সহিত তুলনা কয়ন।

পর্যান্ত কিছু সন্দেহ ছিল। গোবর্দ্ধন-লীলা হইতে তাহাদের সে সন্দেহ সম্পূর্ণরূপে তিরোহিত হইয়াছিল। সকলেই তাঁহার রূপগুণে মোহিত হইল, বিশেষ করিয়া ব্রজযুবতীরা। তাহারা প্রত্যেকেই তাঁহার প্রতি আসক্ত হইয়াছিল, কিন্তু নিজ নিজ হৃদয়ের ভাব কাহাকেও জানিতে দিত না। শ্রীকৃষ্ণ তাহাদের সাধ পুর্ণ করিবার ইচ্ছা করিলেন। তাঁহার আরও ইচ্ছা হইল যে তাহারা পরস্পরের মধ্যে স্ব স্থ ভাব গোপন না করে। ভক্তদের মধ্যে ভাব গোপন অবিধেয়। ভাব-বিনিময়-দারা ভক্তি বর্দ্ধিত হয়। আশ্চর্য্যের বিষয় এই যে তাহাদের পরস্পরের মধ্যে ঈর্ম্যা উৎপন্ন হয় নাই। চন্দ্রাবলীর কথা ব্যতিক্রমের মধ্যে।

গোপীরা গোকুল হইতে নিত্য মথুরায় ত্রগ্ধ, দধি, মাখম ও ঘৃত বিক্রয় করিতে যাইত। এক দিন পথিমধ্যে কৃষ্ণ তাহাদিগকে আটক করিয়া বলিলেন, "তোমরা রাজার দান, অর্থাৎ শুল্ক, ফাঁকি দিতেছ, অতএব তোমাদিগকে দান দিতে হইবে। আমার উপর দান সংগ্রহের ভার।" যোড়শ সহস্র যুবতী বেশবিক্তাস করিয়া নূপুরধ্বনি করিতে করিতে বুন্দাবন-পথে মথুরায় যাইতেছিল—

দধি বেচন চলী ব্রজনারী।
সীস ধরি ধরি মাট মাটুকী, বড়া সোভা ভারি।
নিকসি ব্রজকে গয়াঁ গোড়ে, হরষ ভয়া স্থকুমারী।
চলাঁ গাবতি কৃষ্ণ কে গুন, হৃদয় ধ্যান বিচারি।
সবন কে মন জো মিলে হরি, কোই ন কহতি উঘারি।
সূর প্রভু ঘট ঘট কে ব্যাপী, জানি লয়ী বনবারি॥

ব্রজনারীগণ দধি বেচিতে চলিল। তাহারা হাঁড়া-হাঁড়ি মাথায় রাখাতে তাহাদের কি শোভাই হইয়াছে! ঘর হইতে বাহির হইয়া তাহারা প্রশস্ত রাজপথে আসিয়া পড়িল, তথন স্কুমারীগণ অতি হর্ষযুক্ত হইল। তাহারা সকলেই মনে মনে কৃষ্ণ-গুণাসুকীর্ত্তন করিতে করিতে চলিল। সকলেরই মনের ইচ্ছা যে হরির সহিত দেখা হয়, কিন্তু কেহই মনের কথা খুলিয়া বলিতেছে না। বনোয়ারী প্রভু সকলেরই হৃদয়ে অবস্থান করেন, অতএব তিনি একথা জ্বানিতে পারিলেন।

খারিন তব দেখে নঁদনন্দন।
মোর মুকুট পীতাম্বর কাছে, খোরি কিয়ে তমু চন্দন॥
তব য়হ কছো কহাঁ অব জৈহোঁ, আগে কুঁবর কন্হাঈ।
য়হ স্থানি মন আনন্দ বঢ়ায়ো, মুখ কহাঁ বাত ডরাঈ॥
কোট কোউ কহতি চলো রী জাঈ, কোউ কহৈ ফিরি ঘর জাই।
কোউ কোউ কহতি কহা করিহৈ হরি, উনকো কহাঁ পরাই॥
কোউ কোউ কহতি কালি হী হমকো, লুটি লঈ নঁদলাল।
দূর স্থাম কে এসে গুন হৈঁ, ঘরহি ফিরো ব্রজবাল॥

গোয়ালিনীরা তথন নন্দনন্দনকে দেখিতে গাইল। তাঁহার মাথায় ময়ৢর-পুচ্ছের মুক্ট, পরিধানে পীতাম্বর এবং শরীরে চন্দনের ছাপ। তাহারা বলিতে লাগিল, এখন কোথায় যাইবে ? সম্মুখে যে কুমার কানাই। ইহা শুনিয়া তাহাদের মনে আনন্দ হইল কিন্তু মুখে ভয়ের ভাব দেখাইতে লাগিল। কেহ কেহ বলিল, চল অগ্রসর হই, এবং কেহ কেহ বলিল, চল বাড়ী ফিরিয়া যাই। কেহ কেহ বলিল, হরি আমাদের কি করিবেন ? উহাকে দেখিয়া কোথায় পালাইব ? কেহ কেহ বলিল, নন্দলাল কানাই কাল আমাকে লুটিয়া লইয়াছেন। সূরদাস বলিতেছেন, শ্যামের গুণ এই রূপই, হে ব্রজবালাগণ, যরে ফিরিয়া যাও।

#### কুষ্ণ বলিলেন—

থারিন য়হ, ভলী নহীঁ করতি।
ছধ দধি স্বত নিতহি বেচতি, দান দেতে ডরতি॥
কান্হ কহত দধি দান, ন দৈহো।
লৈহোঁ ছীনি দূধ দধি মাখন, দেখত হী তুম রৈহোঁ॥

কানাই বলিলেন, হে গোয়ালিনীগণ, তোমরা ভাল করিতেছ না। তোমরা ছুধ, দধি, ঘুত নিত্য বিক্রয় কর, অথচ দান দিতে ডরাও। যদি দান না দাও, তাহা হইলে তোমাদের ছুধ, দহি, মাখম কাড়িয়া লইব আর তোমরা তাকাইয়া থাকিবে।

## গোপীরা বলিল-

আব্দুহ মাঁগি লহু দিধ দৈহোঁ।
দূধ দহী মাখন জো চাহো, সহজ খাহু স্থু পৈহোঁ॥
তুম দানী হৈব আয়ে হম পর, য়হ হমকো নহিঁ ভাবত।
করো তহাঁ লোঁ নিবহৈ জোঈ, জাতে সব স্থু পাবত॥
হমকো জান দেহু দুধি বেচন, পুনি কোউ নাহিন লৈহৈ।
গোরস লেত প্রাত হী সব কোউ, সূর ধরো পুনি রৈহৈ॥

তুমি আমাদের নিকট দিধ চাহিয়া লও, আমরা দিব। ছুধ, দিধি, মাখম যাহা চাহিবে, সহজে খাও, সুখ পাইব। কিন্তু তুমি দানী হইয়া আমাদের উপর আসিয়া পড়িয়াছ দেখিয়া আমাদের ভাল লাগিতেছে না। যাহা শেষ পর্যান্ত চলিবে, যাহাতে সকলে সুখী হইবে তাহা করাই ভাল। আমাদিগকে দিধি বেচিতে যাইতে দাও; ইহার পর কেহ লইবে না। সকালেই সকলের ছুধের প্রয়োজন হয়, এখন যোগাইতে না পারিলে পড়িয়া থাকিবে।

#### কানাই বলিলেন —

দান দিয়ে বিন জান ন পৈহো । জব দৈহোঁ ঢৱাই সব গোৱস, তবহি দান তুম দৈহো ॥

দান না দিয়া যাইতে পাইবে না। যথন সব ছুধ ঢালিয়া ফেলিয়া দিব, তখন দান দিবে, নয় ?

#### গোপীরা বলিল.

গিরিবর ধরে। অপনে ঘর কো।
তাহিকে বল তুম দান লেত হোঁ, রোকি রহত হোঁ হমকো।
অপনে হাঁ মুখ বড়ে কহাবত, হমহু জানতি তুমকো।
য়হ জানতি পুনি গাই চরাবত, নিত প্রতি জাত হোঁ বন কো।
মোর মুকুট মুরলী পীতাঁবর, দেখে আভূষণ বন কো।
সূরদাস কাঁধে কমরি হু জানতি, হাথ লকুট কঞ্চন কো।

তুমি গোবর্দ্ধন ধারণ করিয়াছ, তা তুমি যাহা ভাল বুঝিয়াছ তাহা করিয়াছ। তাহারই বলে বুঝি তুমি দান চাহিতেছ ? তুমি নিজের মূথে নিজের বড়াই করিতেছ। আমরা তোমাকে বেশ চিনি—জানি যে নিত্য বনে গিয়া গরু চরাও। তোমার ময়ুর-পুচ্ছের মুকুট ও পীতাম্বর দেখিয়াছি। বন হইতে প্রাপ্ত তোমার সব ভূষণও দেখিয়াছি। তোমার কাঁধের কম্বলখানিও জানি এবং হাতের কাঞ্চন কাঠের লাটীও দেখিয়াছি।

# কানাই বলিলেন,—

য়হ কমরী কমরী করি জানতি।
জাকে জিতনী বুদ্ধি হৃদয় মেঁ, সো তিতনী অসুমানতি॥
য়া কমরী কে এক রোম পর, বারোঁ চীর নীল পাটম্বর।
সো কমরী তুম নিন্দৃতি গোপী, জো তিনি লোক আড়ম্বর॥
কমরী কে বল অস্তর সঁহারে, কমরিহি তে সব ভোগ।
জাতি পাঁতি কমরী সব মেরী, সূর সবহি য়হ জোগ॥

এই কম্বলকে কম্বল বলিয়া ভাবিতেছ ? যাহার হৃদয়ে যেমন বুদ্ধি, সে তো তেমনই অনুমান করিবে। এই কম্বলের একটা লোমের জন্ম কত নীল রেশমের শাড়ী বিসর্জ্জন করিতে পারি। গোপীগণ, তোমরা সেই কম্বলের নিন্দা করিতেছ যাহা ত্রিভুবনের গৌরব। এই কম্বলের বলে আমি অস্তর সংহার করিয়াছি। এই কম্বল হইতেই সমস্ত ভোগ। এই কম্বলই আমার জাতি-কুল। ইহা সকল কার্য্যেরই যোগ্য।

# তখন গোপীরা বলিল,—

অব তুম সাঁচী বাত কহী।
এতেপর যুবতিন কো রোকত, মাঁগত দান দহী॥
জো হম তুমহি কহো চাহত হী, সো শ্রীমুখ প্রগটায়ো।
নীকে জাতি উঘারি আপনী, যুবতীন ভলে হাঁসায়ো॥
তুম কমরী কে ওঢ়নহারে, পীতাম্বর নহিঁ ছাজত।
সূরদাস তমু কারে উপর, কারী কমরী ভাজত॥

এখন তুমি সত্য কথা বলিয়াছ। এই কারণে তুমি যুবতীগণকে আট্কাইতেছ এবং তাহাদের নিকট দান চাহিতেছ? আমরা ভোমাকে যাহা বলিতে চাহিতেছিলাম, তাহা শ্রীমুখ দিয়াই বাহির হইয়াছে। তুমি তোমার জ্ঞাতির বেশ পরিচয় দিয়াছ এবং যুবতীগণকে হাসাইয়াছ। তুমি কম্বলধারী; পীতাম্বরে তোমাকে ভাল দেখায় না। কালো কম্বলই তোমাকে মানায় ভাল।

## কৃষ্ণ বলিলেন,—

মোসোঁ বাত স্থনহু ব্ৰজনারী।
এক উপাখ্যান চলত ত্রিভুবন মে, তুম সোঁ। আজ উঘারী।
কবহু বালক মুঁহ ন দীজিয়ে, মুঁহ ন দীজিয়ে নারী।
জোই মন করৈ সোই করি ডারৈ, মূড় চঢ়ত হৈ ভারী।
বাত কহত আঠিলাত জাতি সব, হঁসত দেতি করতারী।
সূর কহা এ হমকো জানৈ, ছাছহি বেচনহারী॥

হে ব্রজনারীগণ আমি যাহা বলিতেছি শুন। এক প্রবাদবাক্য ত্রিভুবনে চলিয়া আসিতেছে, তাহা আজ তোমাদিগকে খুলিয়া বলিতেছি। (সেটা এই যে) স্ত্রীলোককে এবং বালককে কখনো প্রশ্রেয় দিও না। তাহারা যাহা মনে করে তাহাই করিয়া বসে, এবং বড় মাথায় চড়ে। তাহারা কথায় কথায় গুমর দেখায়, এবং করতালি দিয়া হাসে। যাহারা ঘোল বেচিয়া খায়, তাহারা আমাকে কি করিয়া বুঝিবে ?

## গোপীরা বলিল,—

য়হ জানতি তুম নন্দ মহর স্তত।
ধেনু তুহত তুমকো হম দেখতি, জাত খরিকাহ উত॥
চোরী করত রহো পুনি জানতি, ঘর ঘর ঢুঁঢ়ত ভাঁড়ে।
মারগ রোকি ভয়ে অব দানী বৈ ঢক্ষ কব তেঁ ছাঁড়ে॥
ঔর স্থনত্ত জম্মতি জব বাঁধে, তব হম কিয়ো সহাই।
দূরদাস প্রভু য়হ জানতি হম, তুম ব্রজ রহত কন্হাই॥

আমরা এই জানি যে তুমি নন্দ প্রধানের পুত্র। আমরা যখন বাথানের দিকে যাই, তখন তোমাকে ধেমু দোহন করিতে দেখি। আর জানি যে তুমি চুরি করিতে, ঘরে ঘরে ভাঁড় খুঁজিয়া বেড়াইতে। এখন দেখিতেছি তুমি দানী সাজিয়া পথ আট্কাইয়া আছ। চুরির অভ্যাস কবে ছাড়িলে ? আরও শুন, যখন যশোমতী তোমাকে বাঁধিয়াছিলেন, তখন আমরা তোমার সাহায্য করিয়াছিলাম। আর আমরা জানি যে, কানাই, তুমি ব্রজে থাক।

## কৃষ্ণ বলিলেন,—

- কো পিতা কো মাতা হমারী।
  - \* কব জনমত হমকো তুম দেখ্যো, হঁসী লগত স্থানি বাত তুম্হারী ॥ কব মাখন চোরী করি খায়ো, কব বাঁধে মহতারী। ছহত কৌনকী গৈয়া চারত, বাত কহী য়হ ভারী ॥ তুম জানতি মোহিঁ নন্দ চুটোনা, নন্দ কহাঁ তে আয়ে। মৈ পূরণ অবিগতি অবিনাসী, মায়া সবনি ভুলায়ে ॥ য়হ স্থানি গালিনী সবৈ মুসকানী, ঐসেউ গুণ হো জানত। সূর স্থাম জো নিদরো সব হী, মাত পিতা নহিঁ মানত ॥

আমার পিতাই বা কে আর মাতাই বা কে ? কবে তোমরা আমাকে জনাইতে দেখিয়াছ ? তোমাদের কথা শুনিয়া হাসি পায়। কবে আমি মাখম চুরি করিয়া খাইয়াছিলাম ? কবে আমার মাতা আমাকে বাঁধিয়াছিলেন ? কবে কাহারই বা গো-দোহন বা গো-চারণ করিয়াছি ? ভারি কথা বলিলে তো। তোমরা আমাকে নন্দের পুত্র বলিয়া জান, কিন্তু নন্দ কোথা হইতে আসিলেন ? আমি পূর্ণব্রহ্ম, অজ্ঞেয় এবং অবিনাশী। আমি মায়া-চারা সকলকে ভুলাইয়া রাখিয়াছি। ইহা শুনিয়া গোপীয়া সকলে মৃত্র হাস্ত করিল, ( এবং বলিল ) তোমার এত গুণ যে তুমি সকলের নিরাদের কর এবং পিতা মাতা পর্যান্ত মান না!

তুমকো নন্দ মহর ভরুহায়ে। মাতা গর্ভ নহী তুম উপজে, তো কহো কহাঁ তে আয়ে। ঘর ঘর মাখন নহী চুরায়ে, উখল নহী বঁধায়ে। হাহা করি জ্বস্থুমতি কে আগে, তুমকো নাহি ছুড়ায়ে।

## মলিনীমোহন সাঞাল

্বা**লন সঙ্গ সঞ্চ বৃন্দাবন, তুম নহি** গাই চরায়ে। সূর স্থাম দস মাস গর্ভ ধরি, জননি নহী তুম জায়ে॥

তোমাকে নন্দ রাজা (আদর দিয়া দিয়া) নই করিয়াছেন।
তুমি যদি মাতার গর্ভ হইতে উৎপন্ন না হইয়া থাক, তবে বল কোথা হইতে
আসিলে? তুমি ঘরে ঘরে মাথম চুরি করিয়া বেড়াও নাই? তুমি কি উদ্থলে
আবদ্ধ হও নাই, আর আমরা যশোমতীর সম্মুখে হাহা করিয়া গিয়া তোমাকে
ছাড়াই নাই? তুমি কি গোয়ালাদের সঙ্গে বনে বনে গরু চরাও নাই?
দশ মাস গর্ভ-ধারণ করিয়া তোমার জননী কি তোমাকে প্রসব করেন নাই?

এই সকল কথার উত্তরে কৃষ্ণ বলিলেন,---

ভক্ত হেতু অবতার ধরো।
কর্ম্ম ধর্ম কে বসমেঁ নাহীঁ, জোগ জগ্য মন মেঁ ন করো।
দীন গুহারি স্থনোঁ স্রবননি ভরি, গর্ব্ব বচন স্থনি হৃদয় জরোঁ।
ভাব অধীন রহোঁ সবহীকে, ঔর ন কাছু নেক ডরোঁ।
ব্রহ্ম কোটি আদি লোঁ। ব্যাপক, সবকো স্থা দৈ তুখহি হরোঁ।
স্থর স্থাম তব কহী প্রগট হাঁ, জহাঁ ভাব তহঁতে ন টরোঁ॥

আমি ভক্তের প্রেমে অবতার ধারণ করিয়াছি। আমি ধর্ম ও কর্ম্মের বশ নই, যোগ-যাগ আমার মনে স্থান পায় না। আমি দীনের আহ্বান কর্নে শ্রাবণ করি; গর্কের বচন শুঁনিলে আমি হৃদয়ে জলিতে থাকি। আমি সকলের ভক্তির অধীন, আর কিছুকে আমি একটুও ডরাই না। কোটী ব্রহ্মার আদি হইতে আমি ব্যাপক। সকলকে স্থুখ দিয়া আমি তুঃখ হরণ করি। শ্যাম তখন প্রকাশ্যেই বলিলেন, যেখানে ভক্তি পাই সেখান হইতে আমি এক পাও নড়ি না।

তখন গোয়ালিনীরা বলিল,—

কান্হ কহাঁকী বাত চলাবত।
স্বৰ্গ পাতাল এক করি রাখৌ, যুবতিন কো কহি কহা বতাবত।
জো লায়ক তো আপনে ঘর কো, বন ভীতর ডরপাবত।
কহা দান গোরস কো হৈবহৈ, সবৈ ন লেভ দেখাবত।

রীতি জ্ঞান দেছ ঘর হমকো, ইতনেহী স্থুখ পাবত। সূর স্থাম মাখন দধি লীজৈ, যুবতিন কত অরুঝাবত॥

কানাই, তুমি আকাশ-পাতাল একত্র করিয়া কোথাকার কথা আনিতেছ ? যুবতীগণকে সে সব কথা কি বলিতেছ ? তুমি নিজের ঘরে গুণবান্ ( আমাদের তাতে কি ? ) কেবল বনের ভিতর আমাদিগকে ভয় দেখাইতেছ। আমাদের দ্রশ্ধ হইতে দান মাত্র লইবে কেন ? যাহা আছে দেখাইয়া দিতেছি, সব লও। আমাদিগকে থালি হাতে বাড়ী যাইতে দাও, তাহা হইলেই আমরা সুখী হইব। মাখম, দিধি — সব লও, যুবতীদিগকে কেন আট্কাইতেছ ?

কানাই বলিলেন,—

মাখন দধি কহ করোঁ তুম্হারো। বনিজ তুম করতি সদাঈ, লেখো করিহোঁ আজু তিহারো॥

আমি তোমাদের মাথম, দধি লইয়া কি করিব ? তোমরা সদাই বাণিজ্ঞ্য করিয়া থাক, আজ আমি তোমাদের হিসাব লইব।

> হাঁসি ব্যভানুস্তা তব বোলী, কহা বনিজ হম পাস। সূর স্থাম লিখো করি লীজৈ, জাহিঁ সব ব্রজবাস।

র্ষভামু-স্থতা তখন হাসিয়া বলিলেন, আমাদের কাছে কি পণ্য আছে ? তুমি হিসাব করিয়া লও, আমরা সকলে ব্রজে আমাদের আবাসে যাই।

#### কানাই বলিলেন,—

কবন বনিজ কহি মোহিঁ স্থনাবতি।
তুম্হরো গথ লাদো গয়ন্দ পর, হীন্স মরিচ পীপরি কহা গাবতি।
অপনো বনিজ হুরাবত হো কত, নাম লিয়ো ইতনো হী।
কত্বা হুরাবতি হো মো আগে, সব জানত তুব গোহী॥
বহুত মোল কো বাবা তুম্হরো, কৈসে হুরত হুরায়ে।
স্থনহু সূর কছু মোল লহিন্সে, কছু ইক দান ভরায়ে॥

তোমার কাছে কি পণ্য আছে তুমি শুধাইতেছ ? গজেন্দ্রের উপর তোমার মাল বোঝাই রহিয়াছে। হিং, মরিচ, পিপুলের কথা কি বলিতেছ ? তুমি কেবল ঐ কয়টা দ্রব্যের নামই লইলে, অ্যান্য দ্রব্যের কথা গোপন করিলে কেন ? আমার কাছে লুকাইলে কি হইবে, আমি তোমার সব গুপু ধনের কথাই জানি। তোমার পিতা অনেক ধনে ধনী, গোপন করিতে চেন্টা করিলে কি গোপন করা যায় ? শুন আমি কিছু কিনিব এবং কিছু দান বলিয়া গণ্য করিব।

#### তথন---

প্যারী পীতাম্বর উর ঝটক্যো। হরি তোরী মোতিন কী মালা, কছু গর কছু কর লটক্যো॥ টাঠো করন স্থাম তুম লাগে, জাহি গহী কটি ফেট। আপু স্থাম রিস করি অঙ্কম, ভরি ভয়ী প্রেম কী ভেট॥ যুবতিন ঘেরি লিয়ো হরি কো তব, ভরি ভরি ধরি অঁকবারি।

তখন প্যারী কৃষ্ণের বুক হইতে পীতাম্বর টানিয়া কাড়িয়া লইলেন। হরিও রাধার হার টান দিয়া ছিঁড়িলেন, কতক তাঁহার হাতে থাকিল, কতক রাধার গলায় ঝুলিতে লাগিল। "কানাই তুমি ধৃষ্টতা করিতেছ" বলিয়া রাধা কৃষ্ণের কটিবন্ধ ধরিলেন। কৃষ্ণ রাগ দেখাইয়া রাধাকে জড়াইয়া ধরিলেন—এশ্রমের মিলন হইল। তখন যুবতীরা কৃষ্ণকে ঘিরিয়া ফেলিল এবং ক্রোড়ে টানিয়া টানিয়া লইতে লাগিল।

#### রাধা বলিলেন,—

মারগ রোকত রাহ জমুন কো, তেহি ধোখে হো আয়ে। পাবহুগে পুনি কিয়ে আপনো, যুবতিন হাত লগায়ে॥ অঙ্গ অঙ্গ কো দান কহত হো, স্থনত উঠি রিস জরি মৈঁ। তব পীতাম্বর ঝটকি লিয়ো মৈঁ, সূর স্থামকো ধরি মৈঁ॥

তুমি আগে যমুনার পথ আট্কাইয়া পার পাইয়া গিয়াছ, সেই সাহসে এখানেও আসিয়াছ। তুমি যুবতীদের গায়ে হাত দিয়াছ ইহার ফল পাইবে। তুমি প্রতি অঙ্গের দান চাহিতেছিলে, শুনিয়া আমি রাগে জলিয়া গিয়াছিলাম; তাই তোমার পীতাম্বর কাড়িয়া লইয়াছিলাম এবং তোমাকে ধরিয়াছিলাম।

## কৃষ্ণ বলিলেন,—

বাট কহা, অব সবৈ হমারো।
জবলোঁ দান নহাঁ হম পায়ো, তবলোঁ কৈসে হোত তিহারো।
আভুষন কী কোন চলাবত, কঞ্চন ঘট কাহে ন উঘারো।
মদনত্ত মোহিঁ বাত স্থনায়ী, ইনমেঁ ভরো মহারস ভারো।
এক ওর য়হ অস আভুষণ সব, এক ওর দান বিচারো।
স্থনত্ত সূর কহা বাট করেঁ হম, দান দেত্ত পুনি জহাঁ সিধারো॥

পথের কথা কি (বলিতেছ) ? এখন তো সবই আমার। যে পর্য্যন্ত আমি দান না পাই, সে পর্য্যন্ত পথ তোমাদের কি করিয়া হইবে ? তোমাদের ভূষণের কথা কে বলিতেছে ? কাঞ্চন-ঘট উদ্ঘাটিত করিতেছ না কেন ? মদনের দূত আমাকে বলিয়া গেল, ইহাতে মহারস-ভার ভরা আছে। একদিকে এই অঙ্গ-ভূষণ-গুলি, অপর দিকে দানের কথা ভাবিয়া দেখ। তোমাদের পথ করিয়া দিব কি করিয়া ? দান দাও; দিয়া যেখানে ইচ্ছা সেখানে যাও।

প্রগট করৌ, সব তুমহি বতাবেঁ।

চিকুর চমর ঘূঁঘট হৈ বরবর, ভুব সারক্স দেখাবেঁ॥
বান কটাচ্ছ নয়ন খঞ্জন মূগ, নাসা স্থক উপমাউঁ।
তরিবন চক্র অধর বিদ্রুম ছবি, দসন বক্র কন ঠাউঁ॥
গ্রীব কপোত কোকিলা বাণী, কুচঘট কনক সভাউ।
জোবন মদরস অমৃত ভরে হৈঁ, রূপরক্স ঝলকাউ॥
অক্স স্থগন্ধ বসন পাটম্বর, গনি গনি তুমহিঁ স্থনাউঁ।
কটি কেহরি গয়ন্দ গতি সোভা, হংস সহিত ইকতাউঁ॥
ফের কিয়ে কৈসে নিবহতি হৈ, ঘরহি গয়ে কহা পাউঁ।
স্থনহু সূর বনিজ তুম্হারে, ফিরি ফিরি তুমহি মনাউঁ॥

আমি এক এক করিয়া বলিয়া যাইতেছি, তোমরা সব খুলিয়া খুলিয়া দেখাও। রাধার চিকুর চমরী মৃগ, অবগুণ্ঠন রশ্মি-কর্ষিত ঘোটক-মস্তকের বক্রতার ন্যায় পৃথিবীকে শোভা দেখাইতেছে। তাঁহার কটাক্ষ বাণস্বরূপ এবং নয়ন খঞ্জন ও মৃগের স্বরূপ। নাসা শুকের উপমা। তাঁহার কর্ণভূষণ চক্রবৎ। তাঁহার অধরে প্রবালের শোভা। হীরকের কণা-স্থানীয় তাঁহার দশন। তাঁহার প্রীবা কপোত, বাণী কোকিলা, কনক-ঘট স্বরূপ তাঁহার কুচ যৌবন-মদ-সদৃশ অমৃতে পূর্ণ। তাঁহার রূপ ও রং উজ্জ্বল, অস স্থান্ধযুক্ত, বসন পট্টাম্বর। আমি এক এক করিয়া:তোমাদিগকে শুনাইলাম। রাধার কটিদেশ কেশরীর কটিদেশের স্থায়; গতি গজেন্দ্রের গতির ন্থায়, অথচ মরালের গতির সহিতও তাহার সাদৃশ্য আছে। তোমরা আমার সহিত চাতুরী করিলে কি হইবে ? তোমরা ঘরে গেলে আমি কি পাইব ? রাধার বাণিজ্যদ্রব্যের নাম শুনিলে তো ? আমি পুনঃ পুনঃ তোমাদিগকে বুঝাইলাম।

শ্যাম এতদূর বাড়াবাড়ি করিতেছেন দেখিয়া—

স্থামহি বোলি লিয়ো ঢিগ প্যারী।
এসী বাত প্রগট কহুঁ কহিয়ে, সখন মাঝ কত লাজন মারী।
এক ঐসোহি উপহাস করত সব, তাপর তুম য়হ বাত পসারী।
জাতি পাঁতিকে লোগ হঁসহিজে. প্রগট জানিহেঁ স্থাম ভতারী।
লাজন মারত হৌ কত মহকো, হাহা করতি জাতি বলিহারী।
সূর স্থাম সর্বজ্ঞ কহাবত, মাত পিতা সোঁ থাবত গারী॥

রাধা শ্যামকে নিকটে ডাকিয়া লইয়া বলিলেন, "এই সকল কথা প্রকাশ্যে বলিয়া সখীদের মধ্যে আমাকে কেন লড্ডায় মারিতেছ ? এমনিই সকলে কত উপহাস করে, তার উপর তুমি এই কথার বিস্তার করিলে। স্বজাতির লোকেরা তো হাসিবেই, প্রকাশ্যে জানিবে যে আমি শ্যাম-ভাতারী। আমাকে কেন লড্ডায় মারিতেছ ? সখীরা হাসিতেছে এবং আমাকে বলিহারি দিতেছে। শ্যাম তুমিতো সর্ববজ্ঞ বলিয়া কথিত হও, তবে কেন আমাকে মাতাপিতার নিকট গালি খাওয়াইবে ?"

### শ্যাম বলিলেন,—

ঝূঠা বাত কহা মৈঁ জানোঁ।
জো হনকো জৈসেহি ভজে রী, তাকো তৈসেহি মানোঁ॥
তুম পতি কিয়ো মোহিকো, মনদৈ মৈঁ হোঁ। অন্তৰ্যামী।
জোগী কো জোগী হেব দরসোঁ, কামীকো হৈব কামী॥

হমকো তুম ঝূঠে করি জানতি, তৌ কাহে তপ কীন্হো। স্থনত সূর অব নিঠুর ভয়ী কত, দান জাত নহিঁ দীন্হো॥

মিথ্যা কথা কি না, তাহা আমি জানি না। যে স্থামাকে যে ভাবে ভজে আমি সেই ভাবেই তাহাকে গণ্য করি। তুমি মন সমর্পণ করিয়া আমাকে পতি করিয়াছ। আমি অন্তর্গ্রামী, যোগীকে আমি যোগী হইয়া, কামীকে কামী হইয়া দেখাদিই। আমাকে তুমি কপট ভাব। তবে তুমি আমার জন্ম তপস্থা করিয়াছিলে কেন ? শুন, এখন তুমি এত নিষ্ঠুর হইলে কেন ? দান দিতে পারিতেছ না কেন ?

মো সোঁ। কহা ছুরাবতি নারি।
নৈন সৈন দৈ চিত হি চুরাবতি, ইহৈ মন্ত্র সির ডারি।
ভোই ধনুষ অঞ্জন গুন বান, কটাচ্ছনি ডারতি মারি।
তরিবন শ্রবন কাঁসি গর ডারতি, কৈসেত্র নহীঁ সকত নিরবারি।
গীন উরোজ মুখ নৈন চখাবতি, য়হ বিষমোদক জাত ন ঝারি।
ঘালতি ছুরী প্রেম কী বাণী, সূরদাস কে সকৈ সঁভারি॥

হে নারি আমার কাছে গোপন ভাব রাখিতেছ কেন ? নয়নের কটাক্ষ ধারা আমার চিত্ত চুরি করিতেছ; এই মন্ত্রই আমার মাথার উপর প্রয়োগ করিতেছ। তোমাদের ক্র ধন্মকের, এবং অঞ্জন গুণের কাজ্ঞ করিতেছে, এবং কটাক্ষ-বাণ আমার বধ সাধন করিতেছে। ত্রাবণের ভূষণ আমার গলায় ফাঁসি লাগাইয়া দিতেছে, কোনো প্রকারেই তাহাকে নিরস্ত করিতে পারিতেছি না। তুমি তোমার পীন পয়োধর এবং মুখ আমার নয়নকে চাখিতে দিতেছ। এই বিষমোদকের প্রভাব ঝাড়িয়া দূর করা যায় না। প্রেম-সম্ভাষণ রূপ ছুরির আঘাত করিতেছ; কে তাহা সামলাইতে পারে ?

ব্ৰহ্ম জুবতী স্থন মগন ভয়ী।

য়হ বাণী স্থান নন্দ স্থান মুখ, মন ব্যাকুল তন স্থাছি গয়ী॥
কো হম কহাঁ রহতি কহাঁ আয়ী, জুবতিন কে য়হ সোচ ট্র্যো।
লাগী কাম নৃপতিকী সাঁটি, জোবন রূপহি আনি অর্যো॥
তৃষিত ভয়ী তরুণী অনঁগ ডর, সকুচি রূপ জোবনহিঁ দিয়ো।
সূর স্থাম অব সরন তুম্হারে, হৃদয় সবনি য়হ ধ্যান কিয়ো॥

ব্রহ্ণ-যুবতীরা আনন্দে মগ্ন হইল। নন্দস্থতের মুখে এই কথা শুনিয়া তাহাদের
মন ব্যাকুল হইল এবং তাহাদের দেহের অনুভব চলিয়া গেল। আমরা কে,
কোথায় থাকি, কোথায় আসিয়াছি, যুবতীদের এই চিন্তা অন্তর্হিত হইল।
কাম-নূপতির দণ্ড তাহাদের অস্কে লাগিল। যৌবনের বিকার আসিয়া
তাহাদিগকে অধিকার করিল। অনকভয়ে তরুণীরা তৃষিত হইল। সসক্ষোচে
তাহারা রূপযৌবন সমর্পন করিল। সকলের হৃদয় এই ধ্যান করিল; "শুাম
আমরা এখন তোমার শরণাপন্ন।"

অন্তর্গামী জানি লিয়ো।
মনমেঁ মিলে সবনি স্থুখ দীনহো, তব তকু কী কছু সুরতি ভয়ী।
জব জালো বনমেঁ হম ঠাট়ী, তকু নিরখ্যো মন সকুচি গয়ী।
কহতি পরস্পর আপসমেঁ সব, কহাঁ রহী হম কাহি রয়ী।
স্থাম বিনা মহ চরিত করৈ কো, মহ কহিকৈ তকু সোঁপ দয়ী।
সরদাস প্রভু অন্তর্যামী গুপুহি জৌবন দান লয়ী॥

অন্তার্য্যমী তাহা জানিতে পারিলেন। তিনি তাহাদের মনোমধ্যে মিলিত হইয়া তাহাদিগকে স্থুখ দিলেন; তখন তাহাদের দেহে কিছু ঠৈততা হইল। তখন জানিল যে তাহারা বনে দাঁড়াইয়া আছে। নিজেদের দেহের দিকে দৃষ্টিপাত করিয়া তাহারা মনে সঙ্কুচিত হইল। তাহারা সকলে নিজেদের মধ্যে বলাকহা করিতে লাগিল, "আমরা কোথায় আছি? কাহাদারা মোহিত হইলাম? শ্যাম ভিন্ন এ কাজ কে করিতে পারে?" এই বলিয়া তাহারা দেহ সমর্পণ করিয়া দিল। অন্তর্য্যামী প্রভু গোপনেই তাহাদের যৌবন-দান গ্রহণ করিলেন।

## গোপীরা বলিল-

নন্দকুমার কহা য়হ কীন্হো।
বৃঝতি তুম্হি কহো ধোঁ হমসোঁ, দান লিয়ো কি মন হরি লীন্হো।
কছু তুরাব নহীঁ হম রাখ্যো, নিকট তুম্হারে আয়ী।
য়েতে পর তুমহী অব জানো, করনী ভলী বুরায়ী।
জো জাসোঁ অন্তর নহিঁরাথৈ, সো কোঁয় অন্তর রাথৈ।
সূর ভাম তুম অন্তর্বামী, বেদ উপনিষদ য়হ ভাবৈ॥

নন্দকুমার, এ কি করিলে ? জিজ্ঞাসা করি তোমাকে, তুমিই আমাদিগকে বল, তুমি দান লইলে, না, আমাদের মন হরণ করিয়া লইলে ? আমরা তোমার কাছে আসিয়া মনে কিছুই গোপন রাখি নাই। অতঃপর তুমিই জান আমরা ভাল কাজ করিয়াছি কি মন্দ কাজ করিয়াছি। যে যাহাকে দূরে রাখে না, সে কেন তাহাকে দূরে রাখিবে ? বেদে ও উপনিষদে বলে যে শ্যাম অন্তর্গ্যামী।

## কৃষ্ণ বলিলেন—

হুনছ বাত যুবতী ইক মেরী।
তুমতে দূরি হোত নহিঁ কতহুঁ, তুম রাখো মোহি ঘেরী॥
তুম কারন বৈকুণ্ঠ তজতহোঁ, জনম লেত ব্রজ আয়ী।
বুন্দাবন রাধা দাঁগ গোপী, যহ নহিঁ বিসর্য়ো জায়ী॥
তুম অন্তর অন্তর কহা ভাষতি, এক প্রান বে দেহ।
কোঁ রাধা ব্রজ বসে বিসার্য়ো, স্থমিরি পুরাতন নেহ॥
অব ঘর জাহু দান মেঁ পায়ো, লেখো কিয়ো ন জাই।
সূর স্থাম ইসি ইসি জুবতিন দোঁ, ঐসী কহত বনাই॥

ব্রজ-যুবতীগণ, আমার একটা কথা শুন। আমি তোমাদের কাছ হইতে কখনো দূরে যাই না; তোমরা আমাকে ঘিরিয়া রাখিয়াছ। তোমাদের জন্ম বৈকুণ্ঠ ত্যাগ করিয়া ব্রজে জন্ম গ্রহণ করিয়াছি। রন্দাবনে রাধা ও তৎসঙ্গে গোপীরা আছে, তাহা কখনো ভোলা যায় না। তোমরা "দূরে, দূরে" কি বলিতেছ ? আমাদের দেহ স্বতন্ত্র কিন্তু প্রাণ একটীমাত্র। রাধে, ব্রজে বাস করিয়া কেন বিশ্বত হইলে ? পুরাতন স্নেহ শ্বরণ কর। আমি দান পাইয়াছি; এখন তোমরা ঘরে যাও। এখন আর (পণ্যদ্রব্যের) হিসাবের প্রয়োজন নাই। হাসিয়া হাসিয়া শ্রাম এইরূপ কথা সাজাইয়া বলিলেন।

#### গোপীরা বলিল—

ঘর তন্ম মনহি বিনা নহি জ্ঞাত।
আপু হঁসি হঁসি কহত হো জু, চতুরাঈ কী বাত॥
তনহি পর হৈ মনহি রাজা, জোই করৈ সো হোই।
কহো ঘর হম জাহিঁ কৈসে, মন ধর্যো তুম গোই॥

নয়ন স্রবণ বিচার স্থধি বুধি, রহে মনহি ভুলাই।
জাহি অবহী তনহি লৈ ঘর, পরান নাহিন পাই॥
প্রীতি করি তুবিধা করী কত, তুমহি জানো নাথ।
সূরকে প্রভু দীজিয়ে মনহি, জাই ঘর লৈ সাথ॥

মন বিনা শরীর যে ঘরে যাইতেছে না। তুমি তো হাসিয়া হাসিয়া চতুরের মত কথা বলিতেছ। দেহের উপর মন রাজা; রাজা যাহা করেন তাহাই তো হয়। তুমি মন লুকাইয়া রাখিয়াছ, বল আমরা ঘরে যাই কি করিয়া—নয়ন, শ্রবণ, বিচার, জ্ঞান, বৃদ্ধি সকলই মনের সহিত হারাইয়া গিয়াছে—এখন আমরা দেহ মাত্র লইয়া ঘরে যাইব, মনকে তো আর সঙ্গে লইতে পারিব না। প্রীতি করিয়া ছইটা পৃথক্ ফল হইতেছে কেন ? আমাদের মন ফিরাইয়া দাও, আমরা সঙ্গে করিয়া ঘরে লইয়া যাই।

#### তখন কৃষ্ণ বলিলেন—

মন ভিতর হৈ বাস হমারো।
হমকো লৈ করি তুমহি ছপায়ো, কহা কহতি য়হ দোষ তুমহারো॥
অজ্ঞ কহৌ, রৈহেঁ অনতহি, তুম অপনো মন লেহু।
অব পছিতানা লোক লাজ ডর, হমহি ছাড়ি তৈঁ দেহু॥
ঘটতী হোই জাহিতে অপনী, তাকো কীজৈ ত্যাগ।
ধোকে কিয়ো বাস মন ভীতর, অব সমুঝে ভয়ি জাগ॥
মন দীন্হো মোকো তব লীন্হো, মন লৈহো মৈ জাউঁ।
সূব্ন স্থাম এসী জনি কহিয়ে, হম য়হ কহী স্কুভাউ॥

মনের ভিতর আমার বাস। তোমরা কি বলিতেছ ? আমাকে লইয়া তোমরাই তো লুকাইয়া রাখিয়াছ, দোষ তো তোমাদেরই। এখনো বল, আমি অন্তত্র থাকিব, তোমাদের মন তোমরা লও। এখন যদি পশ্চাত্তাপ ও লোক-লঙ্জার ভয় হয়, তাহা হইলে আমাকে তোমরা ছাড়িয়া দাও। যাহা হইতে নিজের ক্ষতি হয়, তাহা ত্যাগ কর। এখন আমার জ্ঞান হইয়াছে যে আমি ভুল করিয়া তোমাদের মনে বাস করিয়াছিলাম। তোমরা আমাকে মন দিতে পারিয়াছিলে বলিয়াই আমার মন লইতে পারিয়াছ। তোমাদের মন লইবে? আমি যাই। (গোপীরা বলিল) শ্যাম, এমন কথা বলিও না, (আমরা যে মন ফিরাইয়া লইব বলিয়াছি তাহা) আমরা সরল ভাবে বলিয়াছি।

# ভক্তপ্রবর মহাক্বি সূরদাস

তুমহি বিনা মন ধৃক, অরু ধৃক ঘর।
তুমহি বিনা ধৃক, ধৃক মাতুপিত, ধৃক ধৃক কুলকানি লাজ ডর ॥
ধৃক স্তুত পতি, ধৃক জীবন জগকো, ধৃক তুম বিন সংসার।
ধৃক সো দিবস পহর ঘটিকা পল, ধৃক ধৃক য়হ কহি নন্দকুমার॥
ধৃক ধৃক স্রবণ কথা বিন্মু হরিকে, ধৃক লোচন বিন্মু রূপ।
সুরদাস প্রভু তুম বিন্মু ঘর জো, বন ভীতর কে কুপ॥

তোমা বিনা মনকে ধিক্, গৃহকে ধিক্। তোমা বিনা মাতাপিতাকে ধিক্, কুলমর্য্যাদার লজ্জা-ভয়কে ধিক্। তোমা বিনা পতিপুত্রকে ধিক্, পৃথিবীর জীবনকে ধিক্ এবং সংসারকে ধিক্। যে দিবসে, প্রাহরে, ঘটিকাতে ও পলে তোমার নাম লওয়া হয় না, হে নন্দকুমার, তাহাকে ধিক্। হরিবিহীন শ্রাবাকে ধিক্, হরিবিহীন কথাকে ধিক্, হরি-রূপ-দর্শন-বিহীন লোচনকে ধিক্। হে প্রভু, তোমা ভিন্ন গৃহ যেন বন-মধ্যস্থ কূপ।

## সংযোগ-শৃঙ্গার

#### রাধাকুফের প্রেম

এই প্রকারে রাধা ও অন্যান্য গোপীরা সততঃ কৃষ্ণের ধ্যান করিত এবং কৃষ্ণ-প্রেমে মগ্ন থাকিত। কখনো কখনো কৃষ্ণ তাহাদিগকে দর্শন-দানে চরিতার্থ করিতেন। এক গোপী বলিতেছে—

> স্থাম অচানক আই গয়ে রী। মৈ বৈঠী গুরুজন বিচ সজনী, দেখত হী মেরে নয়ন নয়ে রী॥

শ্যাম অকস্মাৎ আসিয়া পড়িলেন। হে সজনি, আমি গুরুজন-মধ্যে বসিয়াছিলাম, তাঁহাকে দেখিয়াই আমার নয়ন নত হইল।

আর এক গোপী বলিতেছে—

ব্রজ্ব কী খোরী ঠাঢ়ো সাঁবরো ঢোঠোনা, তব হোঁ মোহী রী মোহী রী। জবতেঁ মৈ দেখে স্থামস্থলর রী, চলি ন সকত, পগ দই হৈ কাম নৃপ দ্রোহী রী॥

ব্রঞ্জের গলিতে শ্যামল কিশোর দাঁড়াইয়া ছিলেন; তখনই আমি মোহিত হুইয়াছি, মোহিত হুইয়াছি। যখন হুইতে আমি শ্যামস্থলরকে দেখিয়াছি, তখন হইতে আমার চলিবার শক্তি নাই; আমি বিদ্রোহী মদন রাজাকে আমার চরণ দান করিয়া ফেলিয়াছি।

আঁথিন মেঁ বসৈ, জ্লিয়রে মে বসৈ, হিয়রে মে বসত, নিসিদিন প্যারো।
মন মে বসৈ, তন মে বসৈ, রসনা মে বসৈ, অঙ্গ অঙ্গ মে বসত নন্দবারো॥
স্থাধি মে বসৈ, বুধিছু মে বসৈ, উরজন মে বসত, পিয় প্রেম ছলারো।
সূর স্থাম বনছু মে বসত, সঙ্গ জ্যোঁ জলরঙ্গ, ন হোত স্থারো॥

প্রাণপ্রিয় কৃষ্ণ চক্ষে বাস করিতেছেন, প্রাণে বাস করিতেছেন, হৃদয়ে নিশিদিন বাস করিতেছেন। নন্দনন্দন মনে বাস করিতেছেন, রসনায় বাস করিতেছেন, অসে অসে বাস করিতেছেন। আমার আদরের প্রিয়তম আমার চিন্তায় বাস করিতেছেন, আমার বুদ্ধিতে বাস করিতেছেন, আমার স্তনে বাস করিতেছেন, যেমন জলে মিশ্রিত রং জল হইতে পৃথক্ থাকে না।

কৃষ্ণ রাধার প্রেমে মগ্ন হইয়া গেলেন—

স্থাম ভয়ে র্ষভান্মস্থতা বস, নহী কছু ভাবৈ হো। স্থাম স্থামবস ঐসে জোঁা, সঁগ ছাহ ডুলাবৈ হো॥

শ্যাম রাধায় অমুরক্ত হইলেন, তাঁহার আর কিছু ভাল লাগে না। তিনি স্থন্দরী রাধায় এরপ আবদ্ধ হইলেন যেরপ ছায়া শরীরের অমুগামী হয়। কখনো শ্যাম যমুনাতটে যান, কখনো কদম্বরক্ষে আরোহণ করিয়া দেখেন রাধা আসিতেছেন কি না। রাধার অভাবে তিনি আকুল হইয়া থাকেন।

রাধা স্থাম, স্থাম রাধারঙ্গ।

পিয় প্যারী কো হৃদয় রাখত, প্যারী রহতি সদা হরি কে সঙ্গ।

রাধাশ্যাম পরস্পার পরস্পারের রঙ্গে রঞ্জিত। প্রিয় প্রিয়াকে হৃদয়ে ধারণ করেন এবং প্রিয়া সদা হরির সঙ্গে থাকেন।

# রাধার উৎকণ্ঠা

কৃষ্ণের বিরহে রাধা অত্যন্ত ব্যাকুল হইতেন, কৃষ্ণকে চারিদিকে খুঁজিয়া বেড়াইতেন—

> স্থাম বিরহ বনমাঝ হেরানী। সঙ্গী গয়ে সঙ্গ সব তজিকৈ, আপু ভয়ী দেবানী॥

শ্রামের বিরহে রাধা তাঁহাকে খুঁজিতে গিয়া বনমধ্যে হারাইয়া গেলেন। তাঁহার সঙ্গিনীরা সব তাঁহাকে ত্যাগ করিয়া চলিয়া গিয়াছে—ভিনি পাগলের খ্যায় হইলেন।

এক সখী তাঁহার ভবনে তাঁহার সহিত দেখা করিতে আসিয়াছিল। দেখিল তিনি অতি ব্যাকুল, তাঁহার জ্ঞান-চৈত্যু নাই। রাধার হস্ত ধারণ করিয়া সে জিজ্ঞাসা করিল তোমার কি হইয়াছে ? তুমি এমন অবশ হইয়াছ কেন ? আমাকে খুলিয়া বল। শাম কি তোমাকে অবশ করিয়াছেন ? শামের নাম শুনিয়া রাধা চকিত হইয়া উঠিলেন। "শাম কি আসিয়াছ ?" বলিয়া সখীর কঠলয় হইলেন। বলিলেন, "শাম তুমি আমাকে ত্যাগ করিয়া গিয়াছ, এবার আমাকে ক্ষমা কর। আমি বারংবার তোমার নিকট ভিক্ষা চাহিতেছি যে তুমি আমায় তোমার চরণ-কমলে স্থান দাও।" তখন আপনার ভ্রম বুঝিতে পারিয়া সখীকে বলিলেন, "সখী, তোমার কাছে আর গোপন কি করিব—আমি শ্যাম-পদে বিক্রীত হইয়াছি। শ্যাম আমাকে ত্যাগ করিয়াছেন, সেই কারণে আমি পাগল হইয়া গিয়াছি। তোমরা সকলে মিলিয়া আমার কিছু উপায় কর। শ্যামের সহিত আমাকে মিলিত কর।

সে এবং অন্যান্য সঙ্গিনীরা রাধার সহিত সহামুভূতি প্রকাশ করিল এবং তাহাদের নিজের দশাও ব্যক্ত করিল। রাধার এক প্রিয় সখী ললিতা কৃষ্ণকে আনিতে গেল, এবং কৃষ্ণের সহিত দেখা করিয়া বলিল—

পদ্মিনী সারঁগ এক মঝারি।
আপুহি সারঙ্গ নাম কহাবৈঁ সারঙ্গ বরনী বারি।
তামে এক ছবীলো সারঙ্গ, অর্ধ সারঙ্গ উনহারি।
অর্ধ সারঙ্গ পরি সকলন্ট, অর্ধ সারঙ্গ বিচারি।
তা মহি সারঙ্গ শুত সোভিত হৈ, ঠাঢ়ী সারঙ্গ ভারি।
সূরদাস প্রভু তুমহুঁ সারঙ্গ, বনী ছবীলী নারি॥

্রিথানে 'সারঙ্গ' কথাটা নানা অর্থে ব্যবহৃত হইয়াছে। টীকার সাহায্য ভিন্ন এরূপ পদের অর্থ করা এক প্রকার অসম্ভব। সর্দ্দার-কবি-কৃত টীকা ভিন্ন অন্য কোনো টীকা পাওয়া যায় না। তাঁহার টীকাতেও স্থবিধা মত অর্থ নাই। টীকাকার নিজেই পদের অর্থ বুঝিয়াছেন কিনা সন্দেহ। অর্থ করিতে গেলে ভাল রক্মে সামঞ্জন্ত করা যায় না, কোনো প্রকারে জ্লোড়া-ভাড়া দিয়া মিলাইতে হয়। যাহা হউক, কোনো প্রকারে একটা ব্যাখ্যা দিবার চেষ্টা করিলাম।]

ললিতার উক্তির ভাবটী এইরপ—[রাধা নামে এক গোঁরাঙ্গী বালা আছেন।
তিনি কমলা নামেও অভিহিত হন। তাঁহার ক্র অর্দ্ধচন্দ্রাকৃতি এবং তাঁহার মুখ
পূর্ণচন্দ্রের হ্যায়। তিনি হরিণী-নয়না এবং সকল শোভার রাশি। শ্যাম, তুমি
কন্দর্পের হ্যায় হৃন্দর এবং রাধাও হুন্দরী নারী। অতএব উভয়ে মিলিত হও।
সারক্ষ অর্থে মেঘ এবং ধারাধার, শন্দের অর্থও মেঘ।] ধারাধার' শন্দের
মধ্যের হুইটা অক্ষর লইলে 'রাধা' শন্দ পাওয়া যায়। সেই পদ্মিনী সারক্ষরণা
(শুত্রবর্ণা) বারী (বালা) নিজেই সারক্ষ (কমলা) নামে অভিহিত হন।
সেই নারীতে এক হৃন্দর সারক্ষ (ধনু.) আছে যাহা অর্দ্ধ সারক্ষের (চন্দ্রের)
আকৃতি, [অর্থাৎ তাঁহার ক্র অর্দ্ধচন্দ্রাকৃতি।] সেই অর্দ্ধচন্দ্রাকৃতি ক্র যুক্ত এক
সকলন্দ (পূর্ণচন্দ্র) আছে, [অর্থাৎ রাধার মুখটা চন্দ্রের হ্যায় শোভা-বিশিষ্ট।]
তাহার মধ্যে এক সারক্ষ-হৃত (হরিণ-শাবক) আছে, অর্থাৎ [রাধার নয়ন
হরিণের নয়নের হ্যায়।] যেন রাধা হইয়াছেন সারক্ষের (শোভার) ভার
(রাশি)। হে শ্যাম, তুমিও সারক্ষ (কন্দর্প) এবং রাধাও হ্নন্দরী নারী।
[অতএব উভয়েরমিলন হউক।]

সখী কৃষ্ণকে আনিয়া রাধার সহিত মিলিত করিয়া দিল। মিলনের সময় সূরদাস রাধার মনের ভাব কিরূপে ব্যক্ত করিয়াছেন শুমুন—

রাধেহি মিলেহু প্রতীত ন আবতি।

যত্তপি নাথ বিধুবদন বিলোকতি, দরসন কো স্থুখ পাবতি।
ভরি ভরি লোচন রূপ পরমনিধি, উরমে আনি তুরাবতি।
বিরহ বিকল মতি দৃষ্টি তুহুঁ দিসি, সচি সরধা জোঁা ধাবতি।
চিত্তবত চকিত রহতি চিত অন্তর, নৈন নিমেষ ন লাবতি।
সপনো অহি কি সত্য ঈস ইহ, বুদ্ধি বিতর্ক বনাবতি।
ক্বহুঁক করত বিচার কোন হো, কো হরি কেহি য়হ ভাবতি।
সূর প্রেম কী বাত অটপটা, মন তরঙ্গ উপজাবতি॥

কুষ্ণের সহিত মিলিত হইয়াও রাধার প্রতীতি হইতেছে না, যদিও তিনি নাথের বিধুবদন বিলোকন করিতেছেন এবং দর্শনের স্থুখ অমুভব করিতেছেন। লোচন ভরিয়া ভরিয়া তাঁহার পরম নিধির (শ্রীকৃষ্ণের) রূপ হৃদয়ে আনিয়া লুকাইয়া রাখিতেছেন। বিরহে মতি বিকল হইয়া যাওয়াতে তাঁহার দৃষ্টি শুমরের স্থায় ইতন্তভঃ ধাবিত হইতেছে। রাধা কৃষ্ণকে দেখিতেছেন বটে কিন্তু (তাঁহাকে হারাইবার ভয়ে) মনের মধ্যে ব্যাকুল হইতেছেন, এবং তাঁহার নয়ন নিমেষ লইতেছে না। তিনি তর্কের সাহায্যে চিন্তা করিতেছেন, ইহা কি স্থপ্ন,—না, সত্য সত্যই ইনি ঈশ্বর ? আবার ভাবিতেছেন—কে ইনি ? হরি কে ? কেনই বা ইহাকে ভালবাসি ? আবার কিছুক্ষণ পরেই অসম্বন্ধ বাক্যালাপ মনে তর্জ্ব উপস্থিত করিতেছে।

### সংযোগ-শৃঙ্গার

### রাস-লীলা

গোপীদের মনস্কামনা পূর্ণ করিবার অভিপ্রায়ে কৃষ্ণ রাসলীলার কল্পনা করিলেন। \* শারদ পূর্ণিমার স্নিগ্ধ কোমুদীযুক্ত নিশা এই লীলার উপযোগী বিবেচনা করিয়া তিনি ঐ সময়ে তাঁহার বংশীতে ফুৎকার দিলেন। যে বংশীর ফুৎকারে সমস্ত চরাচর নিয়ন্ত্রিত হইতেছে, শ তাহার মোহিণী শক্তি হইতে কে অব্যাহতি পাইতে পারে ? ব্রজ-যুবতীদের সাধ্য কি যে স্থির থাকে। বংশীর আহ্বান শুনিয়া যে যেখানে যে অবস্থায় ছিল, সে সেই অবস্থাতেই ধ্বনির উৎপত্তি-স্থানের দিকে ধাবিত হইল। গ্র শ্যামের বংশীর বৈশিষ্ট্য এই যে, যাহাকে লক্ষ্য করিয়া উহা ধ্বনিত হয়, কেবল সেই উহার ধ্বনি শুনিতে পায়, অল্যে পায় না। প্রত্যেকের জন্য উহার নির্দ্দেশ ভিন্ন হইলেও, ঐ সকল নির্দ্দেশাসুসারে বিশের যে কার্য্য পরম্পারা চলিতেছে, তাহাতে এক অপূর্ব্ব শৃদ্ধলা ও একতা বর্ত্তমান, এবং তদ্ধারা এই চমৎকার মাধুর্য্যের স্থি

- \* ভগবানপি তা রাত্রীঃ শরদোৎফুল্লমল্লিকাঃ। বীক্ষ্য রস্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ॥ ভাগ—১০।২৯।১
- † জ্ঞানদাসের কবিতা স্মরণ কক্ষন--
  মূরলী করাও উপদেশ।

  যে রক্ষে যে ধ্বনি উঠে জানহ বিশেষ॥ ইত্যাদি।
- ‡ Browning এর Pied Piper of Hamlin কবিতাটী শ্বরণ করুন।

হইতেছে। \* রাস-লীলায় বিশের বিরাট্ কার্য্য-প্রণালীর মধুর আভাস দেওয়া হইয়াছে—ভগবান্ একই সময়ে সর্বত্র উপস্থিত থাকিয়া কি স্থন্দর ভাবে উহার পরিচালনা করিতেছেন। গোপীদের নারীত্বের ভাব কিছু সময়ের জন্ম মন হইতে বিদূরিত করিয়া প্রকৃতি ও পুরুষের—জীবয়া ও পরমাত্মার—ঘনিষ্ঠ সম্বন্ধের কথা ভাবিয়া দেখুন। বুঝিতে পারিবেন যে, কি মধুর ভাবে ভাগবৎকার এই ব্যাপারটী আমাদের সম্মুখে উপস্থিত করিয়াছেন। একবার কল্পনার চক্ষেদেখুন শারদীয়া পূর্ণিমার শুল্র জ্যোৎসা-বিধোত বিস্তৃত যমুনা-পুলিনে বোড়শ সহস্র গোপাঙ্গনার প্রত্যেকের শ সহিত একই সময়ে সংযুক্ত হইয়া শ্রীভগবান্ নর্ত্তনানন্দে উমান্ত আছেন। এ বিরাট্ নর্ত্তন কি এই বিশ্বমধ্যে প্রকৃতি ও পুরুষের আরও বিরাট্ নর্ত্তনের ভাব হৃদয়ে উপস্থিত করিতে সমর্থ নহে?

শৃঙ্গার রসের চরম পরিণতি শ্রীকৃষ্ণের রাসলীলা, এবং ইহারই প্রকাশের জন্ম ভগবানের নর-দেহ ধারণ।

গোপ-যুবতীরা আর স্থির থাকিতে পারিল না—

স্থনত মুরলী অলি ন ধীর ধরিকৈ।
চলী পিত মাত অপমান করিকৈ।
লরত নিকসীঁ সবৈ তোরি ফোরিকৈ।
ভরী আতুর বদন দরস হরি কৈ।
জাহি জো ভজৈ সো তাহি রাতৈ।
কেউ কছু কহৈ সব নিরস বাতেঁ।

- \* Pythagorus এবং Addisonএর Music of the Spheres শ্বরণ করুন
- † ক্বত্বা তাবস্তমাত্মানং যাবতীর্গোপযোষিতঃ। ররাম ভগবাংস্তাভিরাত্মারামোপি দীলয়।।
- ‡ চণ্ডীদাসের নিম্নলিখিত পদটী স্মরণ করুন—
  সহিতে না পারি মুরলীর ধ্বনি পশিল হিয়ার মাঝে।
  বরজ তরুণী হইল বাউরী হরিল কুলের লাজে॥
  রুষ্ণ মুখী হৈয়া মুরলী শুনিয়া সব বিসারিত ভেল।
  সকল রুষণী ধাইল অমনি কেহ কাহা নাহি মানে॥

তা বিনা তাহি কছু নহী ভাবৈ।
ঔর তো জোরি কোটিক দিখাবৈ।
প্রীতি কথা বহ প্রীতিহি জানৈ।
ঔর করি কোটি বাতে বখানৈ।
জ্যো সলিল সিন্ধু বিন্ধু কহুঁ ন জায়ী।
সূর বৈসী দসা ইনহুঁ পায়ী॥

শ্যামের মুরলী-ধ্বনি শুনিয়া ধৈর্য্য ধারণ করিতে না পারিয়া গোপীরা পিতামাতার অপমান করিয়া চলিল। 
সকলে বিবাদ করিতে করিতে সকল বাধা ভগ্ন করিয়া বাহির হইল। তাহারা হরিদর্শনের জন্ম আতুর হইয়াছিল, কারণ, যে যাহাকে ভজনা করে, সে তাহাতেই অন্তরক্ত হয়—তাহাকে ভিন্ন তাহার আর কিছু ভাল লাগে না—অন্যে কোটী যুক্তি দেখাইলেও উহা তাহার নিকট নীরস বলিয়া বোধ হয়। প্রেমের কথা প্রেমই বুঝিতে পারে এবং কোটী প্রকারে তাহার ব্যাখ্যা করে। যেমন সলিল সিন্ধু ভিন্ন আর কোথাও যায় না, সেই দশা ইহাদেরও হইয়াছিল।

সূরদাস রাসলীলা-সম্বন্ধে নিজের অভিমত এইরূপে ব্যক্ত করিয়াছেন—

রাসরস রীতি নহিঁ বরনি আবৈ।
কহাঁ বৈসী বুদ্ধি, কহাঁ বহ মন, কহাঁ য়হ চিত্ত, জিয় ভ্রম ভূলাবৈ।
জো কহোঁ কোন মানৈ নিগম আগম, জো কুপা বিন নহীঁ য়হ রসহি পাবৈ।
ভাব সোঁ ভজৈ, বিন ভাব মেঁ এ নহীঁ, ভাবহী মাহঁ, ভাব য়হ বসাবৈ।
যহৈ নিজ মন্ত্র, য়হ জ্ঞান য়হ ধ্যান হৈ, দরশ দম্পতি সার গাউঁ।
যহৈ মাগোঁ বার বার প্রভু, সূরকে নয়ন স্বো রহে, নরদেহ পাউঁ॥

রাস-রসের রীতি বর্ণনা করা অসাধ্য। আমার সে মন বা বুদ্ধি কোথা ? আমার এ চিত্ত আমার এ জীবনকে ভ্রমের দারা প্রতারিত করিতেছে। যদি বেদ ও তন্ত্রের কথা বলি, কে তাহা মান্য করিবে ? হরির কৃপা ভিন্ন রাস-রসের

তা বার্য্যমাণাঃ পতিভিঃ পিতৃভিত্র াতৃবন্ধভিঃ ।
 গোবিন্দাপহতাত্মানো ন গুবর্তন্ত মোহিতাঃ ॥ ভাগবত—>৹া২৯৮

আস্বাদন করা যায় না। ভাবের (ভক্তির) দ্বারাই ইহা পাইতে চেফী করিতে হয়; ভাব না থাকিলে ইহা পাওয়া যায় না। ভাবের মধ্যেই ইহা ভাবের প্রতিষ্ঠা করে। ইহাই নিজের মন্ত্র, ইহাই ধ্যান, ইহাই জ্ঞান। রাধা-কৃষ্ণের যুগল দর্শনই সাধনার সার। হে প্রভু, আমি বারংবার এই ভিক্ষা করি, যেন যুগল-দর্শনে সমর্থ তুইটা নয়ন লইয়া আবার নরদেহ পাই।

গোপীগণ আসিয়া পোঁছিলে কৃষ্ণ তাহাদিগকে বলিলেন—

নিশি কাহে বন কো উঠি ধাঈ।
হাঁসি হাঁসি স্থাম কহত হৈঁ স্থলরি, কী তুম ব্রজ মারগ হি ভুলাঈ।
গয়ী রহী দিধি বেচন মথুরা, তহাঁ আজু অবসের লগাঈ।
আতি ভ্রম ভয়ো, বিপিন কোঁ আয়াঁ, মারগ বহ, কহি সবনি বতাঈ।
জাহু জাহু ঘর, তুরত জুবতিজন, থিঝত গুরুজন, কহি ডরবাঈ।
কী গোকুল তে, গমন কিয়ো তুম, ইন বাতন হৈ নহীঁ ভলাঈ।
য়হ স্থনিকৈ ব্রজবাম কহত ভয়াঁ, কহা করত গিরিধর চতুরাঈ।
সূর নাম লৈ লৈ জন জন কে, মুরলী বারম্বার লগাঈ॥

কৃষ্ণ হাসিয়া হাসিয়া গোপান্সনাদিগকে বলিলেন, "নিশাতে উঠিয়া বনে দৌড়িয়া আসিলে কেন? তোমরা কি ব্রজের পথ হারাইয়া ফেলিয়াছ? তোমরা বোধ হয় দিধি বিক্রয় করিবার জন্ম মথুরায় গিয়াছিলে এবং সেখানে তোমাদের বিলম্ব হইয়াছিল। তোমাদের অত্যন্ত ভ্রম হইয়াছে, বনের পথে কেন আসিলে? ঐ দেখ ব্রজের পথ।" এই বলিয়া সকলকে পথ দেখাইলেন। "হে যুবতীগণ, শীঘ্র গৃহে যাও, তোমাদের গুরুজনেরা তিরন্ধার করিবেন" বলিয়া ভয় দেখাইতে লাগিলেন। "লোকে যদি জানে যে তোমরা গোকুল হইতে চলিয়া গিয়াছ, তাহাও তো ভাল নহে।" ইহা শুনিয়া ব্রজ-বামাগণ বলিল, "গিরিধারি, প্রত্যেকের নাম লইয়া বারংবার মুরলী বাজাইয়াছ, এখন তুমি এ কি চাতুরী করিতেছে ?"

কুষ্ণ বলিলেন---

য়হ জিনি কহো ঘোষ কুমারি। হম চতুরাঈ নহাঁ কীনহাঁ, তুম চতুর সব থারি॥ কহাঁ হম কহাঁ তুম রহী ব্রজ, কহাঁ মুরলী নাদ।
করতি হোঁ পরিহাস হম সোঁ, তজো যহ রসবাদ॥
বড়ে কী তুম বহুবেটা, নাম লে কোঁা জাই।
ঐসে হী নিসি দোরি আয়ীঁ, হমহিঁ দোস লগাই॥
ভলী যহ তুম করী নাহীঁ, অজহুঁ ঘব ফিরি জাহু।
সূর প্রভু কোঁা নিডরি আয়ী, নহীঁ তুম্হারে নাহু॥

এ কথা বলিও না ঘোষ কুমারীগণ। আমি চাতুরী করি নাই। হে গোয়ালিনাগণ, তোমরাই চতুরা। কোথায় আমি থাকি, আর কোথায় তোমরা থাক ব্রঙ্গে, আর কোথায় বা মুরলী-নাদ। তোমরা আমার সহিত পরিহাস করিতেছ। এই রসের কথা ছাড়। তোমরা বড় লোকের ঝী-বো, তোমাদের কি নাম লওয়া যায় ? তোমরা নিজেই আজ রাত্রিতে দৌড়িয়া আসিয়া আমাকে দোষ দিতেছ। তোমরা এ কাজ ভাল কর নাই। এখনও ঘরে ফিরিয়া যাও। এত নির্ভয় হইয়া কেমন করিয়া এখানে আসিলে ? তোমাদের কি পতি নাই ?

অব তুম কহী হমারী মানো। \*
বনমেঁ আই রৈনি স্থ দেখ্যো, ইহৈ লহো স্থ জানো॥
অব তুম ভবন জাত পতি পূজ্জ, পরমেসর কী নাঈঁ।
সূর স্থাম জুবতিন সোঁ কহি কহি সব অপরাধ ক্ষমাঈঁ॥

এক্ষণে তোমরা আমার কথা শুন। বনে আসিয়া এই স্থন্দর রক্ষনীর স্থুখ অনুভব করিলে, ইহাই তোমাদের লাভ জানিবে। এখন তোমরা নিজ নিজ্ঞ ভবনে যাও এবং পতিকে ঈশ্বরের স্থায় পূজা কর। যুবতীদিগকে বলিয়া বলিয়া শুমা সকল অপরাধ ক্ষমা করিলেন।

রজন্তেষা ঘোররূপা ঘোরসন্ধনিষেবিতা।
 প্রতিষাত ব্রজং নেহ স্থেয়ং স্ত্রীভিঃ স্থমধ্যমাঃ॥

স্থাম উর প্রীতি মুখ কপট বাণী। \*
জুবতী ব্যাকুল ভয়ীঁ, ধরণি সব গিরি গয়ীঁ, আস গই টুটি, নহিঁ ভেদ জানী॥
শ্যামের হৃদয়ে প্রেম কিন্তু মুখে কপট বচন। যুবতীরা ব্যাকুল হইয়া
ভূমিতে পতিত হইল। তাহাদের আশা ভয় হইল, কিন্তু তাহারা (এ পর্যান্ত
শ্যামের) অন্তরের ভাব জানিতে পারিল না।

তাহারা বলিল—

নিঠুর বচন জিনি বোলহু স্থাম।
আস নিরাস করো জিনি হমরী, ব্যাকুল বচন কহতি হৈঁ বাম॥
অন্তর কপট দূরি করি ডারো, হ্ম তন রূপা নিহারো।
রূপাসিন্ধু তুমকো সব গাবত, আপনো নাম সঁভারো॥ শ
হমকো সরণ ঔর নহিঁ সূবৈ, কাপৈ হম অব জাহিঁ। 
ফু সূরদাস প্রভু নিজ দাসিনকো, চুক কহা পছিতাহিঁ॥

এমন নিষ্ঠুর বাক্য বলিও না, শ্যাম। আমাদিগকে আশায় নিরাশ করিও না। আমাদের প্রতি কৃপা দৃষ্টি করিয়া অন্তরের কপটতা দূর কর। তুমি কৃপাসিন্ধু নামে গীত হইয়া থাক। স্থনামের গৌরব রক্ষা কর। আমরা আর অন্য শরণ দেখিতে পাইতেছি না, এখন আমরা কাহার আশ্রয়ে যাইব ? প্রভু, নিজ দাসীদের ভুল হইয়াছে বলিয়া পশ্চাত্তাপ করিয়া কি হইবে ?

- † মৈবং বিভোহহতি ভবান্ গদিতুং নৃশংসং
  সস্তাজ্য সর্কবিষয়াংস্তব পাদমূলম্।
  প্রোপ্তা ভজস্ব ত্রবগ্রহ মা ত্যজাম্মান্
  দেবো যথাদিপুরুষো ভজতো মুমুক্ষুন্॥ ভাগ---> া২১।৩১
- ‡ না ঠেলহ ছলে অবলা অথলে
  যে হয় উচিত তোর।
  ভাবিয়া দেখিত্ব প্রাণনাথ বিনে
  গতি যে নাহিক মোর॥ চণ্ডীদাস।

তুম পাবত হম ঘোষ ন জাহিঁ।
কহা জাই লৈহেঁ ব্ৰজমেঁ, য়হ দরসন ব্ৰিভুবন মেঁ নাহিঁ॥
তুমহুঁতে ব্ৰজ হিতৃ কোউ নাহিঁ, কোটি কহো নহিঁ মানৈঁ।
কাকে পিতা মাত হৈঁ কাকে, কাহু হম নহিঁ জানিঁ।
কাকে পতিস্থত মোহ কোন কো, ঘর হো কহা পঠাবত।
কৈসো ধর্ম পাপ হৈ কৈসো, আস নিরাস করাবত॥
হম জানৈঁ কেবল তুমহা কো, ওর র্থা সংসার।
সূর স্থাম নিঠুরাঈ তজিয়ে, তজিয় বচন বিমু সার॥

তোমাকে পাইয়াছি, আর আমরা ব্রজে যাইব না। আমরা সেখানে যাইয়া কি লইব ? তোমার এই দর্শন তো ত্রিভুবনের অন্তর্ত্র কোথাও নাই। ব্রজে তোমাপেক্ষা হিতকর আমাদের আর কিছু নাই। তুমি যদি কোটী বার যাইতে বল, তাহা হইলেও আমরা শুনিব না। কিসের পিতা, কিসের মাতা ? তাহাদের কাহাকেও আমরা জানি না। কিসের পতিপুত্রের মোহ, কাহার ঘরবাড়ি যে, সেখানে আমাদিগকে পাঠাইতেছ ? ধর্ম্ম কিরূপ, পাপই বা কিরূপ যে আমাদিগকে আশায় নিরাশ করিতেছ ? আমরা কেবল তোমাকেই জানি। তোমা ভিন্ন এ সংসারের আর সব মিছা। শ্যাম, নিষ্ঠুরতা ত্যাগ কর; আর, অসার কথাও ত্যাগ কর।

আপুহি কহী করে। পতি সেবা, তা সেবা কো হম আয়ী। স্থনহু স্থাম ইহঁঈ তমু ত্যাগৈঁ, হমরো ঘোষ গয়ো নহিঁ জায়ী॥

তুমিই তো আমাদিগকে পতি-সেবা করিতে বলিয়াছ। সেই পতি-সেবা করিতেই তো আমরা আসিয়াছি। শ্রাম, তুমি শুন, আমরা এখানেই তনুত্যাগ করিব সেও ভাল, তবু ব্রঞ্জে ফিরিয়া যাওয়া চলিবে না।

> হম চাহতি মৃতু হঁসনি মাধুরী, জাতে উপজে কাম। সূর স্থাম অধরন রস সীঁচহু, জরতি বিরহ সব বাম॥

আমরা তোমার মৃত্ন হাস্তের মাধুরী চাই যাহাতে অমুরাগ উৎপন্ন হয়। সকল বামা বিরহে জলিতেছে, তুমি তাহাদের উপর অধর-রস (বাক্যামৃত) সেচন কর। হরি স্থনি দীন বচন রসাল। 
বিরহ ব্যাকুল দেখি বালা, ভরে নৈন বিসাল ॥
চারু আনন লোর ধারা, বরণি কাপৈ জাই।
মনহু স্থা ভড়াগ উছলে, প্রেম প্রগটি দেখাই ॥
চন্দ্র মুখ পর নিডরি বৈঠে, স্তুভগ জোর চকোর।
পিয়ত মুখ, ভরি ভরি স্থা সসি, গিরত তাপর ভোঁর ॥
হরষ বাণী কহত পুনি পুনি, ধন্ম ধনি ব্রজ বাল।
দূর প্রভু করি কুপা জোহো, সদয় ভে গোপাল॥

ব্রজ্ঞান্তনাদের দীন বচন শুনিয়া ও বিরহের ব্যাকুলতা দেখিয়া কৃষ্ণের বিশাল নয়ন জলে পূর্ণ হইল। তাঁহার চারু আননের অশ্রুধারা কে বর্ণনা করিতে পারে ? যেন স্থার তড়াগ উচ্ছলিত হইয়া প্রেমকে প্রকাশ করিয়া দেখাইতেছে, যেন চন্দ্র-মুখের উপর ছইটী স্থন্দর চকোর নির্ভয়ে বসিয়া আছে এবং চব্দু ভরিয়া ভরিয়া মুখ-শশীর স্থা পান করিতেছে। তাঁহার (মুখের) উপর যেন ভ্রমরেরা (কুঞ্চিত কেশ) আসিয়া পড়িতেছে। কৃষ্ণ গোপীদিগকে পুনঃ পুনঃ হর্ষের বাণী বলিতেছেন, "ধন্য তোমরা, ব্রজ্বালাগণ।" তিনি সদয় হইয়া কুপাপুর্বক তাহাদিগকে নিরীক্ষণ করিলেন।

কৃষ্ণ বলিলেন, † "ব্রজাঙ্গনাগণ, তোমরা ধন্য। তোমরা একচিত্ত হইয়া গুরুজনের ও কুল-মর্য্যাদার নিরাদর করিয়া, পতিপুত্রের স্নেহ তৃণের স্থায় ছিন্ন করিয়া আমাকে আপন বলিয়া ভাবিতেছ। ধন্য তোমাদের প্রেমের দৃঢ়তা যে তোমরা বিনা মূল্যে আমার হস্তে বিক্রীত হইতেছ। তোমরা যে জন্ম আমার ভজনা করিয়াছ, সেই ফল আমি তোমাদিগকে হাতে হাতে দিব।

ইতি বিক্লবিতং তাসাং শ্রুত্বা যোগীশ্বরেশ্বরঃ।
 প্রহন্ত সদয়ং গোপীরাত্মারামোহণ্যরীরমৎ॥
 ভাগ—১০।২৯।৪২

† ন পারয়েহহং নিরবদ্যসংযুজাং
স্বসাধুকৃত্যং বিবৃধাযুধাপি বঃ।
যা মা ভজন্ হুর্জয়গেহশৃঝলাঃ
সংবৃশ্চ তত্বঃ প্রতিযাতৃ সাধুনা॥

ভাগ---> ৷৩২।২১

তোমরা ত্বঃখ ত্যাগ কর। তোমাদের হর্ষের সময় উপস্থিত। আমি রাস-রচনা করিয়া তোমাদের সহিত বিহার করিব। কৃষ্ণ প্রত্যেক ব্রক্ষ-স্থন্দরীর মুখের দিকে তাকাইয়া হাসিতে লাগিলেন এবং বাক্যামৃত বর্ষণ করিতে লাগিলেন। শ্যামস্থন্দর ও রাধা মধ্যে থাকিলেন, এবং চতুষ্পার্ষে গোপরমণীরা দাঁড়াইল।

মানো মাই ঘর ঘর অন্তর দামিনী।
খবন দামিনি, দামিনি ঘন অন্তর, সোভিত হরি ব্রজভামিনী।
জমুনা পুলিন মল্লিকা মনহর, সরদ স্তহাঈ জামিনী।
স্থান্দর সসি গুণরূপ রাগ বিধি, অঙ্গ অঙ্গ অভিরামিনী।
রচি সুরাস মিলি রসিক রাই সোঁ, মুদি ভয়ীঁ ব্রজভামিনী।
রূপ নিধান স্থাম স্থান্দর ঘন, আান্দ মন বিস্রামিনী।
খঞ্জন মীন মরাল হরণ ছবি, ভরী ভেদ গজগামিনী।
কো গতি গুনহী সূরস্থাম সঁগ, কাম বিভোরো কামিনী॥

যেন এক ঘর অন্তর একটা দামিনী। ঘনের পর দামিনী, এবং দামিনীর পর ঘন, এই পরম্পরায় হরি ও ব্রজ-গোপীরা দণ্ডায়মান হইলেন। মল্লিকা-গজে মনোহর যমুনা-পুলিনে স্থন্দর শারদীয়া যামিনীতে স্থন্দর শানী উদিত হইয়াছে, স্থন্দর রূপ, গুণ ও স্বর লহরীর মাধুরী ছড়াইয়া রহিয়াছে এবং ব্রজ্ঞগোপীরাও সর্ববাঙ্গস্থন্দরী। শ্রীকৃষ্ণ সেই ব্রজ-স্থন্দরীগণকে লইয়া রাসের (নৃত্য-গীতের) আয়োজন করিলেন। রসিকরাজের সহিত মিলিত হইয়া ব্রজ্ঞ-ভামিনীরা মুদিত হইল। রূপের নিধান শ্রামস্থন্দর-ঘনের সহিত মনের শান্তি ও আনন্দদায়িনীরা নৃত্য করিতেছে। খঞ্জন, মীন ও মরালের শ্রীহরণকারিণী গজ্ঞগামিনীগণের মধ্যের ব্যবধান শ্রাম পূর্ণ করিতেছেন। শ্রামের সহিত কামবিহ্বলা গোপীদের গতির বর্ণনা কে করিতে পারে ?

রাসোৎসব: সম্প্রবৃত্তো গোপীমগুলমগুত:।
 যোগেররেণ ক্লফেন তাসাং মধ্যে দ্বোর্দ্ধয়ো:॥

ভাগ---> ৷ ৷ ৩২ ৷ ৩৩

গতি স্থান্ধ নৃত্যত ব্রজ নারী।
হাবভাব সৈন নৈন দৈ দৈ রিঝবতি ব্রজনারী॥
পাগ পাগ পটকি ভুজনি লটকাবতি, ফন্দা করনি অনূপ।
চঞ্চল চলত ঝূমিয়ে অঞ্চল, অদভুত হৈঁ বহ রূপ॥
ছরি নিরখত অঙ্গরূপ পরস্পার, দোউ মনহি মন রিঝাবত।
হঁসি হঁসি বদন বচন রস প্রগটত, স্বেদ অঙ্গ জল ভীজত॥
বেণী ছুটি লটোঁ বগরাণী, মুকুট লটকি লটকানো।
ফুল খসত সিরতে গ্যারে, স্প্রভাগ স্বাতিস্থত মানো॥
গান করতি নাগরি রীঝে, পিয় লীনহীঁ অঙ্কম লাই।
রসবস হেল লপটাই রহে দোউ, সূর সখী বলিজাই॥
নাগরী সব গুননি আগরি, মিলি চলতি পিয় সঙ্গ।
কবহুঁ গাবতি কবহুঁ নৃত্যত, কবহুঁ উঘটত রঙ্গ॥
মগুলী গোপাল গোপী, অঙ্গ অঙ্গ অনুহারি।
সূরপ্রভু ধনি নবল ভামিনি, দামিনী ছবি ডারি॥

ব্রজ্ঞ-নারীগণ নৃত্য করিতেছে। তাহাদের গতি হইতে স্থগদ্ধ বাহির হইতেছে। তাহারা হাবভাব ও নয়ন-কটাক্ষ দ্বারা গিরিধারীকে আনন্দিত করিতেছে। তাহারা তালে তালে পা ফেলিতেছে, স্থন্দরভাবে বাহু দোলাইতেছে, এবং অপূর্বতাবে লাফাইতেছে। তাহারা অঞ্চল দোলাইয়া চঞ্চলভাবে চলিতেছে; সে রূপ অদ্ভূত। প্রত্যেক যুগল গোপনে পরস্পরের অঙ্গরূপ নিরীক্ষণ করিতেছে এবং মনে মনে হর্ষান্বিত হইতেছে। হাসি দ্বারা তাহাদের বদন বচনরঙ্গ প্রকট করিতেছে। ঘামে তাহাদের অঙ্গ ভিজিয়া যাইতেছে। বেণী খুলিয়া যাইতেছে, কেশ ছড়াইয়া পড়িতেছে, মুকুট ঝুলিয়া যাইতেছে। বেণী খুলিয়া পাড়িতেছে, যেন স্থন্দর মুক্তাদল পৃথক্ হইয়া যাইতেছে। নাগরীরা আহলাদে গান করিতেছে। তাহাদের প্রিয় তাহাদিগকে অঙ্কে আবদ্ধ করিতেছেন, রসবসে উভয়ে লিপ্ত হইয়া যাইতেছে। গুণের আগার নাগরীরা প্রিয়ের সঙ্গে মিলিত ভাবে অগ্রসর হইতেছে। কখনো গান করিতেছে, কখনো নাচিতেছে এবং কখনো উল্লাস দেখাইতেছে। রাস-মগুলীতে গোপাল ও গোপীরা প্রত্যেকে প্রত্যেক অঙ্কের সমতা দেখাইতেছে। কৃষ্ণ এবং দামিনীছছটাযুক্তা নবীন ভামিনীরা ধন্য!

## ্বাধায়ুক্ষের গন্ধক্বিবিবাহ

অতঃপর সূরদাস এই রাস-প্রাঙ্গণে শ্রীকৃষ্ণের সহিত রাধার গন্ধর্ব-বিবাহ বিস্তার-পূর্বক বর্ণনা করিয়াছেন। রুফ মুরলী-ধ্বনি লারা গোপীদিগকে বিবাহ-সভায় নিমন্ত্রণ করিয়া আনিলেন এবং নিজে বরবেশে সভ্জিত হইয়া আসিলেন। কুঞ্জে মণ্ডপ এবং যমুনা-পূলিনে বেদী রচিত হইয়াছে। রুন্দার তত্ত্বাবধানে বিবাহ-কার্য্য নির্ববাহিত হইতেছে। মণ্ডপে স্ত্রী-আচার সম্পন্ন হইল এবং গোপীরা গাঁচছড়া বাঁধিয়া দিল। চতুর্দিকের বন-বিটপ পুষ্পে আচ্ছাদিত হইল। কোকিল ও অত্যাত্য বিহস্পমগণ মান্সলিক সঙ্গীত গাইল। সেই নির্ম্মল জ্যোৎসায় র্যভান্থনন্দিনী ও রুন্দাবনচন্দ্রের যুগলরূপের কি শোভাই হইল!

ইহার পর রাসরঙ্গ পুনরায় আরম্ভ হইল---

গাবত স্থাম স্থামা রস্ক।
স্থার গতি নাগরি অলাপতি, স্থার ধরতি পিয় সঙ্গ॥
তান গাবতি কোকিলা মনো, নাদ অলি মিলি দেত।
মোর সঙ্গ চকোর ডোলত, আপ অপনে হেত॥
ভামিনী অঙ্গ জোন্হ মানো, জলদ স্থামল গাত।
পরস্পার দোউ করত ক্রীড়া, মনহি মনহি সিহাত॥

শ্যাম ও শ্যামা আনন্দে গান করিতেছেন। নাগরী রাধা প্রিয়ের সঙ্গে সঙ্গে স্থাম ও শ্যামা আনন্দে গান করিতেছেন। নাগরী রাধা প্রিয়ের সঙ্গে সঙ্গে প্ররাজনাপ করিতেছেন, যেন কোকিলা তান ধরিয়া অলির স্থারের সহিত স্থার মিলাইতেছে—যেন পরস্পারের প্রেমে আবদ্ধ হইয়া চকোরী ময়ুরের সঙ্গে সঙ্গে ফিরিতেছে—যেন ভামিনীর অঙ্গের জ্ঞ্যাৎস্মা শ্যামল জলদের গাত্রে পড়িয়াছে। উভয়ে ক্রীড়া করিতেছেন এবং মনে মনে পরস্পারের প্রশংসা করিতেছেন।

### রাধার গবর্ষ

রাধার মনে গর্বব হইল যে তিনিই শ্রীকৃষ্ণের সর্ব্বাপেক্ষা প্রিয় এবং **তাঁহারই** জ্বন্য এই রাস লীলার আয়োজন হইয়াছে। দর্পহারী ভগবান্ রাধার (ভাগবতে আছে গোপীদিগের) গর্বব থর্বব করিবার অভিপ্রায়ে বনমধ্যে **তাঁহাকে একলা**  ফেলিয়া অন্তর্হিত হইলেন। ক্ষ কৃষ্ণের বিরহে গোপীরা ব্যাকুল হইয়া উঠিল। রাধার তো কথাই নাই—তিনি সংজ্ঞাহীনা হইয়া শুদ্ধ লতার খ্যায় এক বৃক্ষমূলে পড়িয়া রহিলেন। বৃহক্ষণ পরে চৈতন্য লাভ করিয়া বনমধ্যে খ্যামকে ইতস্ততঃ অন্বেষণ করিতে লাগিলেন—

কহি ধোঁ রী বনবেলি কহু তৈঁ, দেখে হৈঁ নঁদনন্দন।
বৃবাহুঁ ধোঁ মালতী কহু তৈঁ, পায়ে হৈঁ তুমু চন্দন॥
কহি ধোঁ কুন্দ কদম বকুল বট, চন্পকলতা তমাল।
কহি ধোঁ কুন্দ কদম বকুল বট, চন্পকলতা তমাল।
কহি ধোঁ কমল কহাঁ কমলাপতি, স্থান্দর নৈন বিসাল॥ শ
ভ্যাম ভ্যাম কহি কহতি ফিরতি যহ, ধ্বনি বন্দাবন ছায়ো রী।
গর্ব জানি পিয় অন্তর হৈব রহে, সো মেঁ ব্রথা বঢ়ায়ো রী॥
অব বিন দেখে কল ন পরত ছিন, ভ্যামস্থানর রাথারী।
মুগমুগনি দ্রুম বন সারস খগ, কাহু নহাঁ বতায়ো রী॥
মুরলী অধর স্থধারস লৈ তরু, রহে জমুন কে তীর।
কহি তুলসী তুম সব জানতি হৌ, কহঁ ঘনভাম সরীর॥ ‡
কহি ধোঁ মৃগী ময়া করি হমসোঁ, কহিধোঁ মধুপ মরাল।
সূরদাস প্রভুকে সঙ্গী হৌ, কহাঁ পরম দয়াল॥

"হে বনলতে, তুমি কি নন্দনন্দনকে দেখিয়াছ? হে মালতি, তোমাকে জিজ্ঞাসা করি, তুমি কি চন্দনচৰ্চ্চিত দেহধারী কৃঞ্চকে পাইয়াছ? হে কুন্দ,

- তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্য মানঞ্চ কেশবঃ।
   প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তরধীয়ত॥ ভাগ—১০।২৯।৪৮
- † দৃষ্টো বং কচিদখখ-প্লক্ষ-স্থগোধ নো মনং।
  নন্দস্মূৰ্গতো হৃত্বা প্ৰেমহাসাবলোকনৈঃ॥ ভাগ—১০।০০।৫
  কচিৎ কুৰুবকাশোকনাগপুনাগচম্পকাঃ।
  রামান্মজো মানিনীনাংগতো দৰ্পহর্মিতঃ। ভাগ—১০।০০।৬
- ‡ কচিত্ত্লিস কল্যাণি গোবিন্দচরণপ্রিয়ে।
  সহত্বালিকুলৈবিত্রদৃষ্টস্তেহতিপ্রিয়োহচ্যুতঃ। ভাগ—১০।৩০।৭
  মালত্যদর্শি বঃ কচিচন্মল্লিকে জাতিযুথিকে।
  শ্রীতিং বো জনয়ন্ যাতঃ করম্পর্শেন মাধবঃ॥ ভাগ—১০।৩০।৮

হে কদন্ব, হে বকুল, হে চম্পক-লতে, হে কমল, হে বট, তোমরা বল, স্থলর বিশাল-নয়ন কমলাপতি কোধায়।" রাধিকা "শ্যাম, শ্যাম" বলিয়া ডাকিয়া বেড়াইতেছেন—দেই ধ্বনি দারা বৃন্দাবন আচ্ছন্ন হইয়া যাইতেছে। "আমার গর্বব জানিয়া আমার প্রিয় দূরে চলিয়া গিয়াছেন—আমি অক্যায়-পূর্বক আমার গর্বকে বর্দ্ধিত করিয়াছিলাম। এখন তাঁহাকে না দেখিয়া আমি আর থাকিতে পারিতেছি না। এখনই শ্যামস্থলের গান করিতেছিলেন। মৃগ, মৃগী, বৃক্ষ, বন, সারস, খগ, তোমরা কেহ বলিলে না ? তিনি যমুনাতীরে তরুতলে মুরলীর অধরস্থা-রস পান করিতেছিলেন। হে তুলসি, তুমি তো সকলই জান, ঘন-শ্যাম-শরীর কৃষ্ণ কোথায় ? হে মৃগ, হে মধুপ, হে মরাল, জোমরা তো শ্যামের সন্থী, তোমরা দয়া করিয়া বল, পরম দয়াল হরি কোথায়।"

\* এই প্রকারে রাধা শোক-বিহবল হইয়া বিলাপ করিতে লাগিলেন।
সকল স্থাবর আধার মোহন গোপীদিগকে শোকার্ত্ত জানিয়া বেণু বাজাইলেন।
তখন তাহারা তাঁহাকে দর্শন স্পর্শন করিয়া হৃদয়ের সন্তাপ দূর করিল। তাহার
পর আবার রাস উৎসব চলিতে লাগিল। অবশেষে যমুনায় জলক্রীড়া করিয়া
কৃষ্ণ এই লীলা শেষ করিলেন। এই লীলার বিবরণ সমাপ্ত করিয়া সূরদাস
গোপীদের পূর্বজন্মের বৃত্তান্ত বলিলেন এবং তাহাদের পদরজ্বের মহিমা কীর্ত্তন
করিলেন।

# মানলীলা, ঝুলন-লীলা ও বঙ্গছোৎসব

ইহার পর সূরদাস মানলীলা, ঝুলন-লীলা এবং বসন্তোৎসবের বণনা করিয়াছেন। বিস্তার-ভয়ে ঐ সকল লীলার বিবরণ না দিয়া তুই-একটী পদমাত্র উদ্ধৃত করিতেছি।

চলো কিনি মানিনি কুঞ্চ কুটীর।
তুব বিন্দু কুজঁর কোটি বনিতা ত্যজ্ঞি, সহত মদন কী পীর।
গদগদ স্থর পুলকিত বিরহানল, নৈন বিলোকন নীর।
কাসি কাসি ব্যভামু-নন্দিনী, বিলপত বিপিন অধীর।

তাসামাবিরভূচ্ছোরি: স্ময়মানমুখায়ুজঃ
 পীতাম্বরধর: শ্রমী সাক্ষায়য়থয়য়ধঃ॥

বংসী বিসিথ মাল ব্যালাবলি, পঞ্চানন পিক কীর।
মলয়জ গরল হুতাসন মারুত, সাথা মৃগ রিপু বীর।
হিয়মেঁ হরষি প্রেম অতি আতুর, চতুর চলহু পিয় তীর।
স্থানি ভয় ভীত বজ্রকে পিঞ্জর, সূর স্থরতি রনধীর॥

হে মানিনি, কুপ্ত কুটারে চলনা কেন ? তোমা বিহনে কুমার কোটা বনিতা ত্যাগ করিয়া মদনের পীড়া অনুভব করিতেছেন। বিরহানলে তাঁহার স্বর গদ্গদ এবং গাত্র কণ্টকিত হইয়াছে। তাঁহার নয়নের দৃষ্টি অশ্রুম। "হে ব্যভামুননিদিনি, তুমি কোথায় আছ, তুমি কোথায় আছ ?" এই বলিয়া তিনি বিপিনে অধীর হইয়া বিলাপ করিতেছেন। তাঁহার বংশী এখন তাঁহার বাণস্বরূপ হইয়াছে এবং গলার মালা সর্পের ত্যায় (ভীতিপ্রদ) হইয়াছে; শুক ও কোকিল সিংহের স্থানীয় হইয়াছে; চন্দন গরল সদৃশ হইয়াছে, বায় ত্তাশন স্বরূপ হইয়াছে, এবং মদন প্রবল হইয়া দাঁড়াইয়াছে। হৃদয়ে হর্গান্বিত হইয়া এবং প্রেমে আতুর হইয়া, হে চতুরে, প্রিয়ের নিকট চল। ইহা শুনিয়া বজ্রসার-কঠিন-হৃদয়া এবং স্বরত-রণধীরা রাধা ভয়ভীতা হইলেন।

# একটা বসম্ভোৎসবের বর্ণনা শুমুন—

স্থানর সন্ধ ললনা বিহরী, বসন্ত সরস ঋতু আয়ী।
লৈ লৈ ছরী কুঁবরি রাধিকা, কমল নয়ন পর ধায়ী॥
ছাদস বন রতনারে দেখিয়ত, চহুঁ দিসি টেস্ ফুলে।
মোরে অঁবুবা ওর ক্রম বেলী, মধুকর পরিমল ভূলে॥
সরিতা সীতল বহুত মন্দগতি, রবি উত্তর দিসি আয়ো।
প্রেম উমগি কোকিলা বোলী, বিরহিনী বিরহ জগায়ো॥
তাল মৃদন্ধ বীন বাঁস্থরি ডফ, গাবত মধুরী বানী।
দেত পরস্পর গারি মুদিত হৈব, তরুনী বাল সয়ানী॥

সরস বসন্ত ঋতু আসিল। স্থন্দরের (কৃষ্ণের) সহিত ললনা (রাধা)
বিহার করিতেছেন। পিচকারী ভরিয়া লইয়া রাধা কৃষ্ণের প্রতি ধাবিত
হইতেছেন। চারিদিকে পলাস ফুল ফোটাতে দ্বাদশ বন দেখিতে রক্তবর্ণ
হইয়াছে। আম, অন্যান্য রক্ষ এবং লতা মুকুলিত হইয়াছে। মধুকরেরা
পরিমলে মত্ত হইয়াছে। শীতল নদী মন্দগতি হইয়াছে এবং রবি উত্তর

দিকে আসিয়াছেন। কোকিলার কূজন প্রেমে উদ্বেলিত বিরহিণীর (হৃদয়ে) বিরহ জাগাইতেছে। করতাল, মৃদস্প, বাণা, বংশী ও খঞ্জনীর সাহায্যে মধুর সঙ্গাত হইতেছে। বালিকা, তরুণী ও প্রোঢ়াগণ আনন্দে গানের মধ্যে পরস্পরকে গালি দিতেছে।

কুষ্ণের সহিত রাধা ও গোপীদের বিহারের একটী চিত্র দেখুন—

যমুনা কে তট খেলতি হরি দঁগ, রাধা সহিত সব গোপী হো।
নন্দ কো লাল গোবর্ধনধারী, তিনকে নথ মনি ওপী হো।

\* চলহু সথী জৈয়ে তহাঁ ছিন, জিয়রা ন রহায়ে হো।
বেন্দু সব্দ মন হরি লীনো, নানা রাগ বজায়ী হো।
সজল জলদ তন্দু পীতাম্বর ছবি, কর মুখ মুরলীধারী হো।
লটপটী পাগবনে মনমোহন, ললনা রহী নিহারী হো।
নৈন সৈন সোঁ নৈন মিলে, কর সোঁ কর, ভুজা ঠয়ে হরি গ্রীবা হো।
মধ্য নায়ক গোপাল বিরাজত, স্থন্দরতা কী সীবাঁ হো।
করত কেলি কোতূহল মাধব, মধুরী বাণী গাবৈ হো।
পূরণ চন্দ্র সরদকী রজনী, সন্তন স্থ্য উপজাবৈ হো।
সকল স্থার কিয়ো ব্রজবণিতা, নথ সিখ লোভ লটানী হো।
লোকবেদ কুলধর্ম কেতকী, নেকু ন মানত কানী হো।
মাধব নারি নারি মাধব কী, ছিরকত চোবা চন্দন হো।
গ্রেসা খেল মচ্যো উপরাপরি, নঁদনন্দন জগবন্দন হো।

যমুনার তারে রাধা ও গোপীরা হরির সহিত খেলা করিতেছে। গোবর্দ্ধনধারী নন্দত্লালের নথমণির কি চমৎকার শোভা! চল, সখি, সেখানে যাই—আমার প্রাণ ক্ষণমাত্র এখানে স্থির থাকিতেছে না। বেণু-শব্দ নানা রাগে বাজিয়া মন হরণ করিতেছে। সজল-জলদত্তমু পীতাম্বর (কৃষ্ণ) মুখে ও করে মুরলী ধারণ করিয়া থাকাতে বড়ই শোভা হইয়াছে। মনোমোহন মাথায় উষ্ণীষ জড়াইয়া সজ্জিত হইয়াছেন, ললনারা একদৃষ্টে তাহা দেখিতেছে। কৃষ্ণের

তুলনা করুন – নাচিছে কদম্ব-মূলে বাজায়ে মুরলী রে রাধিকারমণ।
 চল সথি ত্বরা করি দেখিতে প্রাণের হরি ব্রজের রতন ॥ ব্রজাল্পনা-কাব্য

কটাক্ষের সহিত গোণীদের কটাক্ষ মিলিত হইতেছে, করের সহিত কর মিলিত হইতেছে এবং বাহুদ্বারা হরির কণ্ঠ বেপ্তিত হইতেছে। সৌন্দর্য্যের সীমা গোপাল গোণীদের মধ্যে বিরাজ করিতেছেন। মাধব কৌতূহলযুক্ত হইয়া কেলি করিতেছেন এরং মধুর স্বরে গান করিতেছেন। শরৎকালীন পূর্ণচন্দ্রোজ্জ্বল রজনী সাধুদিগের মনে স্থ্য উৎপন্ন করে। সকল বেশভূষায় সজ্জ্বিজ্জ্বজ্ব-বনিতাগণ সম্পূর্ণরূপে লোভের বশবর্তী হইয়া লোকাচার, কুলম্ম্ম ও কুলমর্য্যাদা কিছুই মাত্য করিতেছে না। মাধব নারীদিগের উপর এবং নারীরা মাধবের উপর চোয়া-চন্দন ছিটাইতেছে। জগবন্দন নন্দনন্দন এইরূপ ক্রীড়ায় নিযুক্ত আছেন।

## বিয়োগ-শৃঙ্গার

#### গোপী-বিরহ

শীকৃষ্ণের লোকপ্রিয়তা ও শক্তির কথা শুনিয়া কংসের মনে অত্যন্ত ভয় হইল এবং তাঁহার বধসাধনের উদ্দেশ্যে কোনো প্রকারে তাঁহাকে মথুরায় লইয়া যাইবার পরামর্শ হইতে লাগিল। স্থির হইল যে স্ফলকের পুত্র অকুর গোকুলে যাইয়া নন্দের নিকট বলিবেন যে—কৃষ্ণ কালিয়নাগকে দমন করিয়া কালী ব্রদ হইতে রাজা কংসের আজ্ঞানুসারে কমল ফুল সংগ্রহ করিয়া দিয়াছেন, তজ্জ্বত রাজা তাঁহার উপর অত্যন্ত প্রীত হইয়াছেন এবং কৃষ্ণ-বলরামের অপূর্ব্ব সৌন্দর্য্যের কথা শুনিয়া রাজা কংস তাঁহাদিগকে দেখিতে চাহিয়াছেন। রাজা তাঁহাদিগকে পুরস্কৃত করিবেন। অতএব অকুর রথে করিয়া তাঁহাদিগকে মথুরায় লইয়া যাইবেন।

নন্দ ও যশোদা এই সংবাদ শুনিয়া বজ্রাহতের স্থায় হইলেন। ব্রজ্ঞ গোপ ও গোপীদের মধ্যে হাহাকার পড়িয়া গেল। নন্দ ইহার পূর্বের এইরূপ একটী স্বপ্ন দেখিয়াছিলেন এবং স্বপ্লের কথা সত্য হইতে চলিল দেখিয়া অত্যস্ত ব্যাকুল হইলেন।

> ব্যাকুল নন্দ স্থনতহৈঁ বানী। ধরনী মুরছি পরে অতি ব্যাকুল, বিবস জসোদা রানী॥

ব্যাকুল গোপ খাল সব ব্যাকুল, ব্যাকুল বন্ধকী নারী। ব্যাকুল সখা স্থাম বলকে ব্যে, ব্যাকুল অতি জিয়মারী॥

ঐ সংবাদ শুনিয়া নন্দ ব্যাকুল হইলেন। অতি ব্যাকুল ও অবশ হইয়া যশোদা মূর্চ্ছিত হইয়া ধরণীতে পড়িয়া গেলেন। সব গোপ ও গোপনারীরা ব্যাকুল, এবং কৃষ্ণ ও বলরামের সখারাও ব্যাকুল ও মৃতপ্রায়।

যশোদা ও গোপীদের বিরহের অসংখ্য উৎকৃষ্ট উৎকৃষ্ট পদ স্রদাসের কাব্যে পাওয়া যায়। কোন্টী ফেলিয়া কোন্টী নির্কাচন করা হইবে তাহা নির্ণয় করা কঠিন। নিম্নে যেখান-সেখান হইতে কয়েকটী পদ উদ্বৃত্ত হইল।

ত্মনল তে বিরহ অগিনি অতি তাতী।
মাধো চলন কহত মধুবন কো, স্থনে তপৈ অতি ছাতী।
ভাইহি নাগরি নারি বিরহবস, জরত দিয়া জোঁগ বাতী।
জে জারি মরে প্রগট পাবক পরি, তে ত্রিয় অধিক স্থহাতী।
ঢারতি নীর নয়ন ভরি ভরি সব, ব্যাকুলতা মদমাতী।
সূর ব্যধা সোঈ পৈ জানৈ, স্থাম স্থভগ রঁগরাতী॥

বিরহের অগ্নি অনল অপেক্ষাও উত্তপ্ত। মাধবকে মথুরায় ঘাইতে বলা হইতেছে শুনিয়া হৃদয় দয় হইয়া ঘাইতেছে। যথার্থ ই নগরের নারীয়া দীপের বর্ত্তিকার ভায় (গোপনে) বিরহে জ্বলিতেছে; অথচ যে স্ত্রীয়া প্রকাশ্যে অগ্নিতে বাঁপ দিয়া পুড়িয়া মরে, তাহারাই প্রশংসনীয় হয়। ব্যাকুলতা-রূপ মদিরায় মন্ত হইয়া গোপীয়া তাহাদের নয়ন ভরিয়া ভরিয়া জ্বল ঢালিতেছে। ব্যথা সেই জ্বানে যে শুসমস্থলরের প্রেমে রঞ্জিত।

এই বিয়োগে যশোদার দশা অভি করুণ—

মেরো মায়ী নিধনী কো ধন মাধো। বারস্বার নিরখি মন মানত, ত্যজ্ঞত নহী পল আধো। ছিন ছিন পরসত অন্ধ মিলাবত, প্রেম প্রগট হৈ লাধো। নিসিদিন স্কৃদ্র চকোর কী ছবি জমু, মিটে ন দরস কী সাধো।

#### নলিনীমোহন সাম্যাল

করিহৈ কহা অক্রুর হমারো, দৈহৈ প্রাণ অগাধো। সূর স্থাম ঘন হম নহিঁ পঠউ, অবহিঁ কংস কিন বাঁধো।

2

মাধব আমার নির্ধনের ধন। বারংবার তাহাকে নিরীক্ষণ করিয়াও তৃপ্তি হয় না। আমি আধ পলও তাহাকে ছাড়িয়া থাকিতে পারি না। আমি ক্ষণে ক্ষণে তাহাকে স্পর্শ করিয়া তাহার অঙ্গ মিলাইয়া লইয়া থাকি। তাহাকে পাইলে আমার ক্ষেহ ব্যক্ত হইয়া পড়ে। নিশিদিন চন্দ্রের প্রতি চকোরের আয় আমার অবস্থা, যেন দর্শনের সাধ আর মেটে না। আমি আমার শ্যামধনকে পাঠাইব না। না হয় আমার প্রাণ অগাধ জলে (ফেলিয়া) দিবে। এখনই কংস আমাকে বাঁধিয়া লইয়া যাউক না কেন।

শ্যাম মথুরায় চলিয়া গিয়া গোপীদের প্রতি যে অক্সায় ব্যবহার করিয়াছেন তাহার আলোচনা শুমুন—

সখি রী স্থাম সবৈ ইক সার।
মীঠে বচন স্থহায়ে বোলত, অন্তর জারনহার।
ভঁবর কুরন্স কাগ অরু কোকিল, কপটিন কী চটসার।
কমল নয়ন মধুপুরী সিধারে, মিটি গো মন্সলচার।
স্থনন্থ সথি রী দোষ ন কাহু, জো বিধি লিখো লিলার।
য়হ করতূতি ইন্হৈ কী নাঈঁ, পূরব বিবিধ বিচার।
উমগি ঘটা নঁঘি আবৈ পাবস, প্রীতি কী রীতি অপার॥

ওলো সখি, কৃষ্ণবর্গ পদার্থমাত্রই এক-প্রকৃতিবিশিষ্ট। তাহারা মিষ্ট্র বচন মধুর করিয়া বলিতে জানে, কিন্তু অন্তরকে জালা দিতে ছাড়ে না। ভ্রমর, কুরস্থ, কাক ও কোকিল কপটাদিগের পাঠশালা। কমলনয়ন মথুরায় গমন করিলেন, আর সব পবিত্র সম্বন্ধ মিটিয়া গেল। শুনলো সখি, কাহারও দোষ নয়, বিধি যাহা ললাটে লিখিয়াছেন তাহাই হইবে। আগে বড় বড় কথা বলিয়া তিনি এখন যে কাজটা করিয়াছেন তাহা তাঁহারই স্বভাবের অনুরূপ হইয়াছে। গ্রীতির রীতি অপার। বর্ষাকালে মেঘ জলে পূর্ণ হইয়া বেগে আসে, [এবং নদী ও পুক্রিণীকে পোষণ করে, কিন্তু ওদিকে চাতক কেবল ডাকিয়া ডাকিয়াই মরে।] ভালবাসার বিচিত্র গতি। যশোদার আর তুইটা মর্ম্ম-বিদারক উক্তি শুমুন—

১।

মেরে কুঅঁর কান্ছ বিন সব কছু বৈসেহি ধর্যো রহৈ।
কো উঠি প্রাত হোত লৈ মাখন, কো কর নেতৃ গহৈ।
সূনে ভবন জ্ঞােদা স্তত কে, গুনি গুনি সূল সহৈ।
দিন উঠি ঘেরত হী ঘর খারিনি, উরহন কোউ ন কহৈ।
জো ব্রজ মেঁ আনঁদ হোতো সো, মুনি মনসহু ন গহৈ।
সূরদাস স্বামী বিমু গোকুল, কোড়ীহাঁ ন লহৈ॥

আমার কুমার কানাই বিহনে যেখানকার থাহা সব সেখানেই পড়িয়া আছে। কে প্রাতঃকাল হইতেই মাখন লইবে? কে আমার মন্থন-রজ্জ্ ধরিয়া টানিবে? শৃশ্ম ভবনে যশোদা পুত্রের গুণগান করিতেছেন আর দারণ শূল সহ্ম করিতেছেন। প্রাতঃকালে উঠিয়াই গোয়ালিনীরা আমার ঘর ঘিরিয়া ফেলিভ, কই এখন তো কেহ অভিযোগের কথা কহে না। যে আনন্দ ব্রজ্ঞে হইত, তাহা মুনিও মানস-ক্ষেত্রে গ্রহণ করিতে পারেন না। কৃষ্ণের অভাবে গোকুল এক কড়াও পাইবার যোগ্য নাই।

মনেঁ । হোঁ ঐসে হাঁ মরি জৈহোঁ।
ইহি আঁগন গোপাল লাল কো, কবহুঁক কনিয়াঁ লৈহোঁ॥
কব বহ মুখ বহুরোঁ দেখাগী, কব বৈসো সচু পৈহোঁ।
কব মো পৈ মাখন মাগৈঁগো, কব রোটা ধরি দৈহোঁ॥
মিলন আস তমু প্রান রহত হৈ, দিন দস মারগ চৈহোঁ।
জোন সূর কান্হ আইহৈ তৌ, জাই জমুন ধঁসি লৈহোঁ॥

আমার মনে হয় যে আমি এই প্রকারেই মরিয়া যাইব। এই অঙ্গনে আমি কি কখনো গোপালকে কোলে লইতে পারিব ? আবার কবে সেই মুখ দেখিব, আবার কবে সেইরূপ স্থুখ পাইব ? আবার কবে মাখন চাহিবে, আবার কবে তাহার সম্মুখে রুটী রাখিয়া দিব ? কেবল মিলনের আশায় দেহে প্রাণ আছে। আর দিন দশেক তাহার পথ চাহিয়া থাকিব। যদি কানাই না আসে, তাহা হইলে যম্নায় প্রবেশ করিব।

গোপীদের বিরহের আরও কয়েকটা পদ শুমুন—

১। নৈন সলোনে স্থাম হরি কব আবহিঁ গো॥
বৈ ক্লো দেখুত রাতে রাতে, ফূলন ফূলে ডার।
হরি বিন ফূলঝরী'সী লাগতি, ঝরি ঝরি পরত অঙ্গার॥
বীনন ফূল ন জাউ সখী রী, হরি বিন কৈসে ফূল। \*
স্থন রী সখী মোহিঁ লাগত হরি বিন্দু, ফুলে ফূল ত্রিসূল॥
জবতেঁ পনিঘট জাউঁ সখী রী, বা জমুনা কে তীর।
ভারি ভবি জমুনা উমড়ি চলতি হৈ, ইন নৈননি কে নীর॥
ইন নৈনন কে নীর সখী রী, সেজ ভয়ী ঘর নাওঁ।
চাহত হোঁ তাহি পৈ চটিকৈ, হরিজী কে টিগ জাওঁ॥

আমার নয়ন সলবণ ( আশাসিক্ত ), হরি কবে আসিবেন ? ঐ যে বৃক্ষশাখা লাল কুলে পরিপূর্ণ দেখা যাইতেছে, ( উহা কুল নয় ) হরি বিনা উহা কুলঝুরির মত বোধ হইতেছে, উহা হইতে যেন অঙ্গার ঝিরিয়া ঝিরিয়া পড়িতেছে। সধি, আর পুষ্পাচয়ন করিতে যাইও না; হরি নাই, ফুল কি হইবে ? হরির অভাবে প্রক্ষুটিত কুল ত্রিশূলের মত যন্ত্রণাদায়ক হইয়াছে। যখন আমি ঐ যমুনাতীরে জল আনিতে যাই, তখন আমার চক্ষুর জলে যমুনা উদ্বেলিত হইয়া উঠে। এই নয়নের জলে আমার শ্যা নৌকার মত হয়, ইচ্ছা হয় যে ঐ নৌকায় চড়িয়া শ্রীহরির নিকট যাই।

২। প্রীতি করি কাহু স্থখ ন লহোঁ। প্রীতি পতক করি দীপক সোঁ, আপৈ প্রান দহোঁ। অলিসূত প্রীতি করি জলস্তুত সোঁঁ, সম্পতি হাত গহোঁ। সারঁগ প্রীতি করী জো নাদ সোঁঁ, সম্মুখ বান সহোঁ।

আর কি লো সাজে কুস্থমের হার।
কেন লো হরিলি ভূষণ লতার।
অলি বঁধু তার কে আছে রাধার।
হতভাগিনী ব্রজেরি বালার।

गरिकन, बजाननी।

হম জো প্রীতি করী মাধো সোঁ, চলত ন কছু কছো। সূরদাস প্রভু বিন্ম ছথ দূনো, নৈননি নীর বহো॥

ভাল বাসিয়া কেহ স্থুখ পায় নাই। দীপের সহিত প্রীতি করিয়া পাতক্ষ নিজের প্রাণ দাহ করে। পদোর সহিত প্রীতি করিয়া অলি তাহার সর্ববন্ধ হারায়। ব্যাধের ধ্বনিতে প্রীতি করিয়া হরিণী বাণের আঘাত সহু করে। আমরা যে মাধ্বের সহিত প্রীতি করিয়াছি, তাহার সম্বন্ধে কিছু বলা চলে না। হরি বিনা ছঃখ দ্বিগুণ (অসীম), নয়নে কেবল বারিধারা প্রবাহিত হইতেছে।

৩। বিছুরে শ্রীব্রজরাজ আজু তৌ, নৈনন তে পরতীতি গয়ী।
উঠি ন গয়ী হরিসঙ্গ তবহী তে, হৈল ন গয়ী সখী স্থামময়ী।
রূপ রসিক লালচী কহাবত সো, করনী কছুবৈ ন ভয়ী।
সাঁচে কূর কুটিল এ লোচন, রূপা মীনছবি ছীনি লয়ী॥
অব কাহে জল মোচত সোচত, সমৌ গয়ে তে সূল নয়ে।
সূর্বাস য়াহিতে জড় ভয়ে, ইন পলকন হী দগা দয়ে॥

আমার নিজ্ঞ নয়নের প্রতি যে বিশাস ছিল, শ্রীব্রজরাজ্ঞ হইতে বিচ্ছিন্ন হওয়াতে তাহা গেল। যথন তিনি চলিয়া গেলেন, তথন আমার নয়ন (আমার দেহ হইতে) উঠিয়া তাঁহার সহিত গেল না কেন ? তথন কেন সে শ্রামময় হইয়া গেল না ? আমার রূপ-রিসিক চক্ষু তাঁহার জন্ম লালসাম্বিত বলিয়া কথিত হয়, তাহার তো কিছু পরিচয় পাওয়া গেল না। আমার নয়ন র্থাই নিমেষহীন মীনের শোভাযুক্ত বলিয়া কথিত হয়, এখন দেখিতেছি যে ইহা সত্য সত্যই নির্দাম এবং কুটিল। এখন আর জলমোচন করিয়া কি হইবে আর শোক করিয়াই বা কি হইবে ? সময় চলিয়া যাওয়াতে, (নয়নে) নূতন শূল বিদ্ধ হইতেছে। এই জন্মই আমার নয়ন জড় হইয়া গিয়াছে। আমার চক্ষের পলকই আমাকে দাগা দিয়াছে।

৪। কাহে কো পিয় পিয়হি রটত হো, পিয়কে প্রেম তেরো প্রাণ হরৈগো। কাহে কো লেভ নয়ন জল ভরি ভরি, নয়ন ভরেতে কৈসে সৃষ্ঠ টরৈগো। কাহে কো স্বাস উসাস লেভি হৌ, বৈরী বিরহকো দাঁঝ জরৈগো। ছাল স্থগন্ধ পুত্রপাবলি হারু, ছুএ তেঁ হিয় হার জরৈগো। বদন ছরাই বৈঠি মন্দির মেঁ, বহুরি নিসাপতি উদয় করৈগো। সূর সখী অপনে ইন নৈননি, চন্দ্র চিতৈ জ্বিনি চন্দ্র জরৈগো॥

কেন প্রিয়, প্রিয় পলিয়া ডাকিতেছিস্ ? প্রিয়ের প্রেম তো তোর প্রাণ হরণ করিবে। কেন নয়ন জলপূর্ণ করিতেছিস্ ? চক্ষু জলপূর্ণ হইলে কি তাহার শূল উৎপাটিত হইবে ? কেন রথা দীর্ঘপাস লইতেছিস্ ? বিরহরূপ শক্রের দাবানল জলিতেই থাকিবে। ছাল, স্থান্ধ দ্রব্য, পুপ্পমালা ও হারের স্পর্শে তো তোর হাড় জলিয়া যাইবে। তুই ঘরে গিয়া মুখ ঢাকিয়া বিসয়া থাক, কেন না আবার নিশাপতি উদিত হইয়া তোকে বিরহানলে দক্ষ করিবে। স্থি, তোর এই চোখ্ ছটা দিয়া যেন চাঁদকে দেখিস্ না, দেখিলে উহারা পুড়িয়া যাইবে।

রাধার বিরহের একটা বর্ণনা শুমুন-

্৫। লথিয়ত কালিন্দী অতি কারী।
কহিয়ো পথিক জাই হরি সোঁ জোঁ, ভয়ী বিরহ জুর জারী।
মসু পলিকা পৈ পরী ধরনি ধ সি, তরঙ্গ তলফ তন্ম ভারী।
তট বার উপচার চূর মনো, স্বেদ প্রবাহ পনারী।
বিগলিত কচ কুস কাস পুলিন, মনো পঙ্কজ কজ্জল সারী।
ভ্রমর মনো মতি ভ্রমতি চহুঁ দিসি, ফিরতি হৈ অঙ্গ ছখারী।
নিসি দিন চকই ব্যাক্ষ বকত মুখ, কিন-মানস অনুহারী।
সূরদাস প্রভু জো জমুনা গতি, সো গতি ভয়ী হমারী॥

রাধা বলিতেছেন, বোধ হয় যেন আমি অতি কৃষ্ণবর্না কালিন্দীর স্থায় হইয়া গিয়াছি। হে পথিক, মথুরায় গিয়া শ্যামকে বলিও, কি প্রকার বিরহজ্বর আমাকে অধিকার করিয়াছে। পর্য্যক্ষের উপর পড়িয়া আমি অতি বেগে শাস-প্রশাস গ্রহণ করিতেছি, তাহা দেখিয়া বোধ হয় যেন যমুনা ধরণীর মধ্যে প্রবেশ করিয়াছে এবং তাহাতে তরঙ্গের উচ্ছ্বাস হইতেছে। শুশ্রমা ও ও্রমধ্যেন ঐ যমুনার স্রোতোরোধকারী তট, এবং স্বেদপ্রবাহ যেন ঐ নদীতে পতিত প্রণালীসমূহ। আমার বিগলিত কচ যমুনার তীরবর্ত্তী কুশকাশ। আমার কালো শাড়ি যেন যমুনার বেলাভূমিশ্ব নীল কমলসমূহ। আমার মতি

যেন ভ্রমরের স্থায় চতুর্দ্দিকে ভ্রমণ করিতেছে, কিন্তু অঙ্গ অচল, ফিরিতে ক্লেশযুক্ত হয়। আমার মুখ দিবানিশি বকিতেছে, যেন যমুনাতীরস্থ চক্রনাক রব করিয়া কিন্তরদিগকে অনুসরণ করিতেছে। যমুনার অবস্থা যেরূপ আমার অবস্থাও সেইরূপ।

মথুরা হ'ইতে কৃষ্ণ মাতা যশোদাকে বলিয়া পাঠাইলেন—

কহ্যো কান্হ স্থন্ম জস্মতী মৈয়া।
আবহিঁগে দিন চারি পাঁচ মেঁ, হম হলধর দোউ ভৈয়া।
মুরলী বেত বিসান দেখিও, স্রন্ধী বের সবেরো।
লৈ জিনি জাই চুরাই রাধিকা, কছুক খিলোনা মেরো।
জা দিন তেঁ তুম সোঁ বিছুরে হম, কোউ ন কহত কন্হৈয়া।
ভোরহিঁ নাহিঁ কলেউ কীনো, সাঝ ন পিয়ো অঘৈয়া।
কহি ন বনত সঁদেসো মোপৈ, জননি জিতো তুখ পায়ো।
অব হমসোঁ বস্থদেব দেবকী, কহত আপনো জায়ো।
কহিয়ে কহা নন্দ বাবা সোঁ, বহুত নিঠুর মন কীনো।
সূর হমহিঁ পহুঁ চাই মধুপুরী, বহুরো সোধ ন লীনো॥

হে যশোমতী মাতা, শুমুন, কানাই আপনাকে কি বলিয়াছে। চারি-পাঁচ দিনের মধ্যেই আমি ও হলধর দাদা, তুই ভাই, (গোকুলে ফিরিয়া) আসিব। আমার মুরলী, বেতের ছড়ি, বিষাণ এবং শৃঙ্গী সকালে ও সন্ধ্যায় দেখিতে থাকিও। দেখিও যেন আমার কোনো খেলনা রাধিকা চুরি করিয়া না লইয়া যায়। যে দিন হইতে তোমার কাছছাড়া হইয়াছি, (সে দিন হইতে) কেহ (আমাকে) কানাই বলে না। (সেই অবধি) আমি ভোরে জলথাবার খাই নাই এবং সন্ধ্যায় প্রাণ ভরিয়া তুধ খাই নাই। (সেই অবধি) আমি বত তুঃখ পাইয়াছি তাহার সংবাদ আমা-লারা বলিয়া উঠা যায় না। এখন বস্থদেব ও দেবকী আমাকে বলেন যে আমি তাঁহাদের জ্বাত (পুত্র)। পিতা নন্দকে কি বলা যায়, তিনি তাঁহার মন অত্যন্ত নিষ্ঠুর:করিয়াছেন। আমাকে মথুরায় পোঁছাইয়া দিবার পর পুনরায় আমার থোঁক্ষ নিলেন না।

# বিয়োগ-শৃঙ্গার

### ভ্রমর-গীতি

স্থন্নদাসের কাব্যের আর একটা অতি স্থন্দর অংশ "প্রমর-গীতি"। ইহাকে উদ্ধব-গোপী-সংবাদ বলা যাইতে পারে। কোনো বাঙ্গালী বৈষ্ণব কবি এই মর্ম্মে কোনো পদ লিথিয়াছেন বলিয়া আমার জ্ঞানা নাই। প্রীকৃষ্ণ মথুরায় গিয়া বৃঝিতে পারিলেন যে, তাঁহার আর ব্রজে ফিরিবার কোন সম্ভাবনা নাই। অথচ তিনি জ্ঞানিতেন যে ব্রজে গোপীরা তাঁহার জন্ম কিরপ কাতর হইয়া আছে। তাহাদিগকে সাস্ত্রনা দিবার জন্ম তিনি তাঁহার ভক্ত ও প্রিয় স্থল্ছদ উদ্ধবকে ব্রজে পাঠাইয়া দিলেন। তিনি উদ্ধবকে বলিয়া দিলেন যে, তিনি যেন গোপীদিগকে বলেন যে এখন আর তাহাদের পক্ষে তাঁহার দর্শন পাওয়া সম্ভব নয়। অতএব তাহারা এখন হইতে যেন যোগমার্গ অবলম্বন করিয়া তাঁহাকে (কৃষ্ণকে) নিগুণরূপে ও নিদামভাবে উপাসনা করে। এই উপদেশ গোপীদের হৃদযুগ্রাহী হইল না। তাহারা কৃষ্ণকে তাঁহার নিজ মূর্ত্তিতে দেখিতে চাহে। নিগুণ উপাসনার কথা তাহারা হাসিয়া উড়াইয়া দিল। উদ্ধবের সহিত গোপীদের কথোপকথন অতি সরস। আমার বিবেচনায় শ্রমর-গীতিই সূর্দাসের সর্ব্বাপেক্ষা মধুর রচনা। গোপীদের যুক্তি অতি মনোহর।

যে সময়ে উদ্ধব ব্রজে উপস্থিত হইয়া গোপীদিগকে উপদেশ দিতেছিলেন, সেই সময়ে একটি ভ্রমর উড়িয়া আসিয়া শ্রীরাধার চরণকমলে উপবেশন করিয়াছিল। উদ্ধবের উক্তির উত্তরে গোপীদের যাহা বক্তব্য ছিল, তাহা তাহারা প্রায়ই ঐ ভ্রমরকে সম্বোধন করিয়া বলিয়াছিল। উদ্ধব শ্রীকৃষ্ণের স্বাথা এবং তাঁহার আকৃতি ও বর্ণ শ্রীকৃষ্ণের আকৃতি ও বর্ণের সদৃশ ছিল। তাঁহার বসনভূষণও শ্রীকৃষ্ণের বসনভূষণের ভায়। সেই জ্বভা গোপীরা তাঁহার সহিত অনেক হাভ্য-পরিহাস করিয়াছিল। এই ভ্রমর-গীতিতে সূর্দাস তাঁহার গন্তীর পরিহাসপ্রিয়াতার পরিচয় দিয়াছেন; এবং হাভ্যরসকে আশ্রয় করিয়া গোপীদের মুখ দিয়া অবৈতবাদের খণ্ডন করিয়াছেন। গোপীদের পরিহাসে শ্রীকৃষ্ণও বাদ যান নাই। গোপীদের উক্তিগুলি ভ্রমরকে সম্বোধন করিয়া বলা হইয়াছিল বলিয়া এই পদগুলির নাম "ভ্রমর-গীতি"।

উদ্ধৰ ব্ৰব্ৰে উপস্থিত হইলেই গোপীৱা তাঁহাকে বলিল—

কহো কহাঁ তে আয়ে হোঁ।
জ্বানতি হোঁ অনুমান মনো তুম জাদবনাথ পঠায়ে হোঁ।
সোই বরন ভূসন পুনি বৈসেই, তনভূসণ সজ্পি ল্যায়ে হোঁ।
সরবস্থ লৈ তব সঙ্গ সিধারে, অব কাপর পহিরায়ে হোঁ।
স্বান্ত মধুপ একৈ মন সবকো, সো তো বহাঁ লৈ ছায়ে হোঁ।
মধুবন কী কামিনী মনোহর, তহঁহি জহঁ ভায়ে হোঁ।
অব যহ কোন সয়ানপ ব্রজ পর, কা কারন উঠি ধায়ে হোঁ।
সূর জহাঁ লগি স্থামগাত হৈঁ, জানি ভলে করি পায়ে হোঁ॥

বল, কোথা হইতে আসিয়াছ। অনুমানে বোধ হইতেছে যে যতুনাথ তোমাকে পাঠাইয়াছেন। সেই রং, সেই বসন, দেহও সেইরূপ ভূষণে সজ্জিত করিয়া লইয়া আসিয়াছ। তোমরা আমাদের সর্ববন্ধ লইয়া চলিয়া গিয়াছ। এখন আর কাহাকে লইয়া যাইবার জন্ম হুকুম আনিয়াছ। হে মধুপ, শুন, আমাদের সকলের মন একটীমাত্র, তাহা ত মথুরায় লইয়া গিয়া লুকাইয়া রাখিয়াছ। মথুরার কামিনী মনোহর, অতএব সেই স্থানটী তোমাদের ভাল লাগিয়াছে। এখন তোমার একি চাতুরী ? কি হেতু ব্রজের দিকে ধাবিত হইয়াছ ? যত শ্যামগাত্র লোক দেখিয়াছি, তাহাদিগকে ভাল করিয়াই জানিলাম।

পদের শেষাংশটী কৃষ্ণকৈ লক্ষ্য করিয়া বলা হইয়াছে। গোপীরা কৃষ্ণবর্ণ লোকদিগের রং সম্বন্ধে এখানে এবং আরো অনেক স্থলে উপহাস করিয়াছে। যথা—

১। বিলগ জনি মানছ উধো প্যারে।
বহু মথুরা কাজর কী কোঠরী, জে আবহিঁতে কারে।
তুম কারে, হৃফলক-স্থৃত কারে, কারে মধুপ ভঁবারে।
তিনকে সঙ্গ অধিক ছবি উপজ্বত, কমল নৈন মনিআরে।
মানহুঁ নীল মাঠ তেঁ কাচ্চৈ, লৈ জমুনা জূ পথারে।
তা গুন স্থাম ভায়ী কালিন্দী, সূর স্থামগুন হারে॥

কিছু মনে করো না ভাই উদ্ধব। তোমাদের মথুরা কি কাজলকুঠী, সেখান থেকে যে আসে সেই কালো ? তুমি কালো, অকুর কালো, মধুপ ভ্রমর কালো। তাহাদের মধ্যে অধিক শোভা উৎপন্ন করিয়াছেন কালোমাণিক কমলনয়ন (কৃষ্ণ)। যেন নীলের হাঁড়া হইতে উহাদিগকে বাহির করিয়া যমুনায় ধুইয়া লওয়া হইয়াছে। সেই জন্মই বোধ হয় যমুনা কৃষ্ণসলিলা হইয়া গিয়াছে। কালোর গুণই স্বতন্ত্র।

২। কারো নাম রূপ পুনি কারো, কারে অঙ্গ সংগ সবগাড়। জোপৈ ভলে হোত কহু কারে, তে কত বদলি স্থুভা লৈ জাত।

কুষ্ণের নাম কালো, রূপ কালো, তাঁহার স্থাদেরও সর্বাঙ্গ কালো। যদি কালো ভালই হইত, তাহা হইলে কৃষ্ণকে বদল দিয়া যশোদার কঞ্চাকে লইয়া যাওয়া হইয়াছিল কেন ?

৩। ঘরী পহর সবকো বিলমাবত, জেতে আবত কারে।

যত কালো লোক ( মথুরা হইতে ) আসে তাহারা এক ঘণ্টা হউক, এক প্রহর হউক, গোপীগণকে আটকাইয়া কাজের ক্ষতি করিয়া দেয়।

৪। জো কোইলস্ত কাগ জিয়াবত, ভাব ভগতি ভোজনহিঁ খবায়। কহকুহায় আয়ে বসন্ত ঋতু, মিল কুল অপনে জায়॥

কাকেরা কোকিল-শাবকের প্রাণ রক্ষা করে। তাহাকে যতই ভাব-ভক্তি দেখাইয়া পালন ও পোষণ করা হউক না কেন, বসন্ত ঋতু আসিলেই সে কুহুধ্বনি করিয়া নিজ কুলে মিশিয়া চলিয়া যায়।

৫। উধো, ঐসো কাম ন কীজৈ। এক রঙ্গ কারে তুম দোউ, ধোয় দেত কোঁ। কীজৈ॥

উদ্ধব এমন কাজও করিও না। তোমরা ছুজ্জনে এক রকমেরই কালো, তাহা ধুইয়া সাদা কেন করিবে ?

ব্ৰজে পৌঁছিয়া উদ্ধব পোপীদিগকে বলিতেছেন—

১। গোপী স্থনত হরি সন্দেস। মাতপিতুকে বন্দি ছোরে, বাস্থদেব-কুমার। রাজ্য দীনোঁ উগ্রসেনহিঁ, চমর নিজকর ঢার। কহো তুমকো এক ধ্যাও, ছাড়ি বিষয় বিকার। সূর পাঁতি দয়ী লিখ মোহিঁ, পঢ়ো গোপকুমার॥

হে গোপীগণ, হরির সংবাদ শুন। বস্থদেবকুমার মাতাপিতার বন্ধন মুক্ত করিয়া উগ্রসেনকে রাজ্য দিয়াছেন এবং নৈজে চামর চুলাইতেছেন। তোমাদিগকে বলিয়া পাঠাইয়াছেন যে তোমরা বিষয়বিকার ত্যাগ করিয়া ব্রক্ষের ধ্যান কর। আমাকে পত্র লিথিয়া দিয়াছেন, গোপকুমারীরা পড়িয়া দেখ।

স্থনত গোপী হরি কে সন্দেশ।
করি সমাধি অন্তর্গতি ধ্যাবহু, য়হ উনকো উপদেস।
বৈ অবিগতি অবিনাসী পূরন, সব ঘট রহে সমাই।
নিগুন জ্ঞান বিন্ম ভক্তি নহাঁ হৈ, বেদ পুরাননি গাই।
সগুন রূপ ত্যজি নিগুন ধ্যাবো, ইক চিত ইক মন লাই।
য়হ উপাব করি বিরহ তরো তুম, মিলৈ ব্রহ্ম সব আই।
হুসহ সন্দেস স্থনত মাধো কো, গোপীজন বিলখানী।
সূর বিরহ কী কোন চলাবৈ, বুড়ত মন বিন্মু পানী।

२ ।

হে গোপীরা, তোমরা হরির উক্তি শুন। তোমরা সমাধি নারা তাঁহাকে হৃদয়ে ধ্যান করিবে, ইহাই তাঁহার উপদেশ। তিনি অবিজ্ঞাত, অবিনাশী এবং পূর্ণ, এবং সকল ঘটে বিভ্যমান। বেদপুরাণে বলিয়াছে যে নিগুণের জ্ঞান না হইলে মুক্তি হয় না। সগুণের জ্ঞান ত্যাগ করিয়া একচিত্ত ও একমন হইয়া রক্ষঃ ও তমোগুণরহিত ত্রক্ষের উপাসনা কয়। এই উপায়ে তোময়া বিরহ হইতে ত্রাণ পাইবে, এবং তাহা হইলেই ত্রক্ষকে লাভ করিতে পারিবে। মাধবের এই তুঃসহ বার্তা শুনিয়া গোপীরা বিলাপ করিতে লাগিল। এখন বিরহভারবিশিষ্ট মনোনোকা চালাইবে কে ? এই মনোনোকা যে দর্শন-বারি বিনা শুক্ত নদী-গহররে ডুবিতে চলিল।

এক গোপী বলিল, 'হে উদ্ধব, আমাদের মন তাঁহারই অমুরাগী, আমাদিগকে কৈন ভুলাইবার চেফী করিতেছ? কৃষ্ণ যদি নিগুণিই হন, তাহা হইলে—

> কিন বৈ গবন কিয়ো সকটনি চড়ি, স্থফলক স্থত কে সঙ্গ। কিন বৈ রক্তক লুটাই বিবিধ পট, পহিরে অপনে অঙ্গ॥

কিন হতি চাপ নিদরি গজ মার্যো, কিন বৈ মল্ল মথি জ্ঞানে। উপ্রসেন বস্তুদেব দেবকী, কিন বৈ নিগড় হঠি ভানে॥ তু কাকী হৈ করত প্রসংসা, কোন তুম ঘোস পঠায়ো। কিন মাতুল হতি লয়ো জগত জস, কোন মধুপুরী ছায়ো॥ মাথে মোর মুকুট বনগুঞ্জা, মুখ মুরলী ধুনি বাজৈ। সূরজ্ঞদাস জসোদানন্দন, গোকুল কহঁন বিরাজৈ॥

অকুরের সঙ্গে শকটে চড়িয়া কে মথুরায় গিয়াছেন ? কে রজককে লুটিয়া নানাপ্রকারের বস্ত্র নিজ অঙ্গে পরিধান করিয়াছিলেন ? কে ধনুর্ভঙ্গ করিয়াছত্তীকে মারিয়াছিলেন ? কে মল্লদিগের প্রাণবধ করিয়াছিলেন ? কে বীরত্ব দেখাইয়া উপ্রসেন, বস্তুদেব ও দেবকীর নিগড় ভগ্গ করিয়াছিলেন ? তুমি কাহার প্রশংসা করিতেছ ? তোমাকে কে ব্রজে পাঠাইয়াছেন ? কে মাতুলকে বধ করিয়া জগতে যশোলাভ করিয়াছেন ? কে মথুরা রক্ষা করিয়াছেন ? কাহার মস্তকে ময়ৢরপুচ্ছের মুকুট, এবং গলায় বনগুঞ্জার মালা ? কাহার মুখে মুরলীর ধ্বনি বাজে ? যশোদানন্দন কি গোকুলে বাস করেন নাই ?

### গোপীরা বলিল---

১। জোগ ঠগোরী ব্রজ ন বিকৈহৈ। য়হ ব্যোপার তিহারী উধো, ঐসোই ফিরি জৈহৈ॥ জাপৈ লৈ আয়ে হো মধুকর, তাকে উর ন সমৈহৈ। দাখ ছাঁড়িকৈ কটুক নিবোরী, কো অপান মূহ খৈহৈ॥ মূরীকে পাতন কে কেনা, কো মুকুতাহল দৈহৈ। সূরদাস প্রভু গুনহিঁ ছাঁড়িকৈ, কো নিরগুন নিরবৈহৈ॥

যোগের প্রবঞ্চনা ব্রজে বিকাইবে না। উদ্ধব, তোমার এই পণ্য অমনি ফিরিয়া যাইবে। হে মধুকর, যাহাদের জন্য ইহা আনিয়াছ, তাহাদের মধ্যে ইহার প্রবেশের স্থান নাই। দ্রাক্ষাফল ছাড়িয়া কে নিজ মুথে (ইচ্ছায়) নিম্বের বর্টিকা ভক্ষণ করিবে ? মূলার শাকের বিনিময়ে কে মুক্তাফল দিবে ? সগুণ ছাড়িয়া কে নিগুণ দ্বারা (কার্য্য) নির্ব্বাহ করিবে ? ২। রাখো য়হ সব জোগ অটপটো, উধো পাই পরোঁ।
কহঁ রসরীতি কহাঁ তনু সোধন, স্থানি স্থানি লাজ মরোঁ।
চন্দন হাঁড়ি বিভূত বতাবত, য়হ দুখ কোঁ। ন জরোঁ।
নাসা কর গহি জোগ সিখাবত, বেসরি কহাঁ ধরোঁ।
সগুন সরূপ রহত উর অন্তর, নিগুনি কহা করোঁ।
নিসিদিন রসনা রটত স্থামগুন, কা করি জোগ মরোঁ।
মুদ্রা ন্থাস অন্ত অন্ত ভূসন, পতিব্রত তে ন টরোঁ।
সূর্দাস যাহি ব্রত হমারে, হরি মিলি নহিঁ বিছুরোঁ॥

উদ্ধব, তোমার পায়ে পড়ি, যোগের এই সকল বাঁকাচোরা কথা রাখিয়া দাও। কোথায় রসের অনুষ্ঠান, আর কোথায় দেহশুদ্দির ব্যবস্থা; শুনিয়া লঙ্জায় মরিতেছি। চন্দন ছাড়িয়া আমাদিগকে বিভূতি মাথিতে বলিতেছ; এ ছঃখে জলিয়া মরিতেছি না কেন ? হাত দিয়া নাক ধরিয়া যোগ করিতে বলিতেছ; তাহা হইলে বেসর রাখিব কোথায় ? অন্তরে যখন সগুণ ও সরূপ অবস্থিতি করিতেছে, তখন নিগুণ লইয়া কি করিব ? যখন আমাদের রসনা দিবারাত্র শামের গুণ রটনা করিতেছে, তখন যোগ করিয়া মরিব কেন ? আমাদের অঙ্গে অক্ষে ভূষণ, তাহা ছাড়িয়া মুদ্রা ও ত্যাস করিতে গিয়া পাতিত্রত্য হইতে বিচ্যুত হইতে পারিব না। হরিকে পাইয়া তাঁহা হইতে বিচ্ছিন্ন হইব না, ইহাই আমাদের ত্রত।

৩। উলটী রীতি তিহারী উধো, স্থনৈ স্থ প্রসী কো হৈ।

অলপ বয়স অবলা অহীরি সঠ, তিনহিঁ জোগ কত সোহৈ ॥

বৃচহি খুভী আঁধরিহি কাজর, নকটী পহিরৈ বেসরি।

মুড়লী পটিয়াঁ পারি সঁবারৈ, কোড়ী অঙ্গহিঁ কেসরি ॥

বহিরী সোঁ পতি মতা করে তৌ, তৈসই উত্তর পাবৈ।

সো গতি হোই সবৈ তাকী জো, খারিনি জোগ সিখাবৈ ॥

সিখই কহত স্থাম কী বতিয়াঁ, তুমকো নাহীঁ দোস্থ।

রাজ কাজ তুমতেঁ ন সরৈগো, অপনী কায়া পোস্থ ॥

জেতে ভূলি সবৈ মারগ মোঁ, ইহাঁ আনি কহ কহতে।

ভলী ভয়ী স্থাধি রহী সূর তৌ, মোহ ধার মে বহতে ॥

হে উদ্ধব, তোমার প্রণালী উল্টা ধরণের; তদমুসারে কে চলিতে পারে १ রে শঠ, যাহারা অল্পবয়স্বা অবলা আভীরিণী, তাহাদের যোগ কি করিয়া শোভা পায় ? যে বুঁটা সে কাণবালা পরিবে, যে কাণী সে কাজল পরিবে, যাহার নাক নাই সে 'বেসর পরিবে, যাহার সমস্ত মাণায় টাক, সে পেটে পাড়িয়া সাজিবে, যে কুষ্ঠরোগগ্রস্ত সে অঙ্গে কুঙ্কুম লেপন করিবে—ইহা কি প্রকারে হইতে পারে ? যদি বধিরার সহিত তাহার পতি প্রেমালাপ করিতে যায়, তাহা হইলে সে উত্তরপ্ত সেইরূপই পায়। যে গোয়ালিনীকে যোগ শিখাইতে চাহে তাহার দশাও সেই প্রকার হয়। তোমার দোষ নাই, তুমি শ্যামের নিকট যেমন শিথিয়াছ, তেমনি বলিতেছ। কিন্তু তোমার দারা রাজার কার্য্য চলিবে না, তুমি অন্য উপায়ে নিজের কায়া পোষণ কর গিয়া। তুমি রাস্তায় সব ভুলিয়া গিয়াছ, এখানে আসিয়া কি বলিতে কি বলিতেছ। ভাল হইয়াছে যে এখনো তোমার সজ্ঞা আছে,—আর একটু হইলে তুমি মোহের ধারায় ভাসিয়া যাইতে।

8 : হমারী গতি পতি কমল নয়ন লোঁ, জোগ সিথৈ তে রাঁড়ে।
কাকী ভূথ গয়ী বয়ারী ভখি, বিনা দূধ ঘ্নত মাঁড়ে॥
জাকী কছুঁ থাহ নহিঁ পৈয়ে, অগম অপার অগাধৈ।
গিরিধর লাল ছবীলে মুখ পর, ইতনে বাঁধ কো বাঁধৈ॥

আমাদের গতি ও আমাদের পতি কমলনয়ন। যাহারা যোগ শেখে, তাহারা রাঁড় (বিধবা)। হুগ্ধ, ঘৃত ও মগু (ভাত) না খাইয়া, কেবল বায়ু ভক্ষণ করিয়া কাহার ক্ষুধা দূর হয় ? যাঁহার সীমা পাওয়া যায় না, যিনি অজ্ঞেয়, অপার ও অগাধ—এত বাঁধ সেই গিরিধরলালের স্থন্দর মুখের উপর কে বাঁধিবে (দিতে চাহিবে) ?

৫। হমকো হরি কী কথা সুনাউ।
 এ অপনী জ্ঞানগাথা অলি, মথুরা হী লৈ জ্ঞাউ।
 তে নরনারি নীকে সুমুঝৈগী, তেরো বচন বনাউ।
 পালাগোঁ এসী ইন বাতনি, উনহীঁ জ্ঞাই রিঝাউ।
 স্থনি পিয় সখা স্থাম স্থন্দর কো, জ্ঞোপৈ জ্ঞিয় সতিভাউ।
 তো বারক আতুর ইন নৈননি, বহ মুখ মানি দিখাউ।

জো কোউ কোটি জতন করে রে মধুকর, বিরহিন ঔর স্থছাউ। তৌ স্থন সূর মীন কে জল বিমু, নাহিঁন ঔর উপাউ॥

আমাদিগকে হরির কথা শুনাও। হে অলি, তোন্দার জ্ঞানগাথা মথুরায় লইয়া যাও। সেখানকার নরনারীরা তোমার সাঁজানো কথা বুঝিতে পারিবে। তোমার ওসকল কথার পায়ে নমস্কার, তাহাদিগকেই ঐ সকল কথা দারা সম্ভট কর গিয়া। হে শ্যামস্থলরের প্রিয় সথা, শুন, যদি তোমার সহিত তাঁহার এতই সন্তাব, তাহা হইলে আমাদের এই আতুর নয়নকে সেই মুখ একবার আনিয়া দেখাও। যদি কেহ কোটা প্রকার চেন্টা করে, হে মধুকর, শুন, সে বিরহিণীদের স্বভাবের পরিবর্ত্তন করিতে পারে না। জল ভিন্ন মীনের অন্য উপায় নাই।

७।

নৈননি নন্দনন্দন ধ্যান।
তহাঁ লৈ উপদেস দীজৈ, জহাঁ নিগুঁন জ্ঞান।
পানি পল্লব রেখ গনি গনি, অবধি বিবিধ বিধান।
ইতে পর কহি কটুক বচননি, হতে জৈসে প্রাণ।
চন্দ্র কোটি প্রকাস মুখ, অবতংস কোটিক ভান।
কোটি মন্মথ বারি ছবি পর, নিরখি দীজত দান।
ভক্রটি কোটি কোদণ্ড রুচি, অবলোকননি সন্ধান।
কোটি বারিজ বক্র নয়নন, কটাচ্ছ কোটিক বান।
মনি কণ্ঠহার উদার উর. অতিসৈ বল্যো নির্ম্মান।
সম্মচক্র গদা ধরে কর. পত্রম স্থধা নিধান।
স্থাম তনু পট পীত কী ছবি, করৈ কোন বখান।
মনক্র নৃত্যত নীল ঘন মেঁ, তড়িত দেতী মান।
রাস-রসিক গুপাল মিলি মধু, অধর করতী পান।
সূর ঐসে স্থাম বিন্মু কো, যুহাঁ রচ্ছক আন॥

আমাদের নয়ন নন্দনন্দনের ধ্যান করিতেছে। যেখানে লোকে নিগুণির কথা বোঝে, সেখানে তোমাদের উপদেশ লইয়া যাও। কৃষ্ণ নিজ হস্ত-পল্লবের রেখা গণনা করিয়া তাঁহার ফিরিয়া আসিবার সময়-নির্দ্দেশ করিয়াছিলেন। সে সময়ে ত ফিরিয়া আসিলেনই না, প্রত্যুত কঠোর কথা বলিয়া পাঠাইয়া যেন আমাদের প্রাণ হনন করিয়াছেন। শ্যামের মুখে কোটা চন্দ্রের দীপ্তি, তাঁহার ভূষণে কোটা ভানুর উদয়। তাঁহার শোভায় কোটা মন্মথকে উৎসর্গ করা যাইতে পারে। ভ্রুকুটিতে কোটা ইন্দ্রধন্মর রুচি। চন্দের চাহনী যেন শরসন্ধান করিতেছে। কোটা পাদের সোন্দর্য্য-যুক্ত নয়নের বঙ্কিম কটাক্ষ যেন কোটা বাণ। তাঁহার প্রশস্ত বক্ষঃস্থলে মণিময় কণ্ঠহার কি স্থন্দর মানায়। শছা চক্র, গদা, পদা করে ধারণ করিয়া তিনি স্থধার নিধান বলিয়া বোধ হন। শ্যামতন্মতে পীত বর্ণের শোভা কে বর্ণিতে পারে ? যেন নীল ঘনের মধ্যে তাল-মান বজায় রাখিয়া তড়িৎ নৃত্য করিতেছে—যেন উহা রাসরিসক গোপালের সহিত মিলিত হইয়া অধরের মধু পান করিতেছে। এ রূপ শ্যাম ভিন্ন এখানে অন্য কে রক্ষক হইতে পারে ?

৭। উধাে তুম ব্রজ্ঞ কী দসা বিচারো।
তা পাছে য়হ সিদ্ধি আপনী, জােগ কথা বিস্তারাে॥
জা কারন তুম পঠয়ে মাথাে, সাে সােচাে জিয় মাহাঁ।
কিতেক বাঁচ বিরহ পরমারথ, জানত হাে কিধাে নাহাঁ॥
তুম পরবান চতুর কহিয়ত হাে, সন্তন নিকট তুম রহত হাে।
জল বৃড়ত অবলম্ব ফেন কাে ফিরি ফিরি কহা গহত হাে॥
বহ মুসুকানি মনােহর চিতবন, কৈসে উরতে টারোেঁ।
জােগ জ্ক্তি অরু মুক্তি পরম নিধি, বা মুরলা পর বারাে।
জিহিঁ উর কমল নয়ন বসত হৈ, তিহিঁ নিগুনি কাাে আবৈ।
সরদাস সাে ভজন বহাউ, জাহি দুসরাে ভাবৈ॥

উদ্ধব, তুমি ব্রজের কথা ভাবিয়া দেখ। তাহার পর তুমি তোমার ঐ সিদ্ধি ও যোগের কথার ব্যাখ্যা করিও। যে জন্ম মাধব তোমাকে পাঠাইয়াছেন, তাহা একবার মনের মধ্যে বিচার করিয়া দেখ। তুমি প্রবীণ ও চতুর বলিয়া কথিত হইয়া থাক এবং সাধুদের নিকট বাস কর। অতএব বিরহে ও পরমার্থে কত প্রভেদ তাহা কি তুমি জান না? জলে ডুবিতে বসিয়াছি, তাই কি ফেনার আশ্রয় লইতে বলিতেছ? আমরা শ্যামের স্মিত হাস্থা ও মনোহর কটাক্ষ কেমন করিয়া হাদ্য হইতে সরাইব ? যোগ, যুক্তি ও পরমনিধি স্বরূপ মৃক্তি শ্যামের মুরলীতে বিসর্জ্জন করি। যে হৃদয়ে কমল-নয়ন বাস করেন

সে হৃদয়ে নিগুণ কেমন করিয়া আসিবে ? যে সাধনা হারা অন্য কিছু ভাল লাগে, সে সাধনাকে আমরা ভাসাইয়া দেই।

৮। কাহে কো রোকত মারগ সূধো।
স্থনত মধুপ নিগুনি কণ্টকময়, রাজপস্থ কোঁা রূধো।
কৈ তুম সিথৈ পঠায়ে কুবিজা, কহী স্থামঘন জী ধোঁ।
বেদ পুরান স্মৃতি সব চুঁঢ়ো, জুবতিন জোগ কহুঁ ধোঁ।
তাকো কহা পরেখো কীজৈ, জানত ছাঁছ ন দূধো।
সূর মূর গয়ো অকুর লৈ, ব্যাজ নিবেরত উধো॥

শুন, মধুপ, সরল পথ বন্ধ করিতেছ কেন ? কণ্টকময় নির্গুণের দ্বারা রাজপথ রোধ করিতেছ কেন ? তোমাকে কি কুজা শিখাইয়া পাঠাইয়াছে, না শ্যামঘন পাঠাইয়াছেন ? বেদ, পুরাণ ও স্মৃতি সব খুঁজিয়া দেখ, কোথাও কি যুবতীদের জন্য যোগের ব্যবস্থা আছে ? ঘোলের ও দুধের প্রভেদ যে জানে না তাহার কথায় আমাদের অসম্ভট্ট হইলে কি হইবে ? মূলধন লইয়া গেল অকুর, এখন স্থদ মিটাইতেছেন উদ্ধব।

৯। নাহিন রহো মন মেঁ ঠৌর।
নন্দনন্দন, অছত কৈসে, আনিয়ে উর মঁ ওর॥
চলত চিতবত, দিবস জাগত, সপন সোবত রাতি।
হৃদয় তেঁ বহ স্থাম মূরতি, ছিন ন ইত উত জ্ঞাতি॥
কহত কথা, আনক উধাে, লােক লাভ দিখায়।
কহা করোঁ, তন প্রেম পূরন, ঘট ন সিন্ধু সমায়॥
স্থামগাত, সরােজ আনন, ললিত অতি মৃতুহাস।
সূর ঐসে, রূপ কারন, মরত লােচন প্যাস॥

আমাদের মনে স্থান নাই। নন্দনন্দন থাকিতে আমরা অপরকে হৃদয়ে স্থান দিব কি করিয়া? তাঁহাকে পথে চলিতে চলিতে, দিনে জাগ্রৎ অবস্থায় এবং রাত্রিতে শুইয়া স্বপ্নে দেখি। হৃদয় হইতে মুহূর্ত্তেকের জন্মও শ্যাম-মূর্ত্তি এদিক্ ওদিক্ হয় না। লোকিক লাভ দেখাইয়া উদ্ধব তুমি অনেক কথা বলিতেছ। কি করিব, আমাদের তন্মু প্রেমে পরিপূর্ণ, ঘটের মধ্যে সিদ্ধু

প্রবেশ করে না। গাত্র শ্রাম, আনন সরোজের স্থায়, হাস্থ অভি মৃত্র ও ললিত—এই রূপের জ্বন্যুই আমাদের লোচন পিপাসায় মরিতেছে।

১০। স্থানীতৈ ক্থা কৌন নিগুন কী, রচি পচি বাত বনাবত। সগুন স্থানক প্রাণট দেখিয়ত, তুম তৃন কী ওট ছরাবত॥

তুমি নিগুণ সম্বন্ধে যে সকল মনগড়া কথা বলিতেছ, কে তাহা শুনিবে ? সগুণ রূপ স্থানের ক্যায় সম্মুখে দেখা যাইতেছে, তাহাকে তুমি তৃণের অন্তর্রালে লুকাইয়া ফেলিতে চাহিতেছ ? [অর্থাৎ ভগবানের সগুণ সন্তা (এই বিরাট্ বিশ্ব ) চতুর্দ্দিকে লোক-চক্ষে উদ্ভাসিত রহিয়াছে, তুমি সেই জাজল্যমান সন্তাকে অস্বীকার করিয়া, র্থা এক অনির্দ্দিষ্ট ও অবোধ্য পক্ষ অবলম্বন করিয়া বাগ্জাল বিস্তার করিতেছ। ইহাই গোপীদিগের যুক্তির সার-কথা।

গোপীগণকে যোগমার্গে লইয়া গিয়া নিগুণের উপাসনায় প্রবৃত্ত করা অসম্ভব দেখিয়া উদ্ধব মথুরায় ফিরিয়া গেলেন। ঈশরের নিগুণি সন্তায় ও অবৈতবাদে তাঁহার অটল বিশাস ছিল, এবং পাণ্ডিত্যের অভিমানও ছিল। তাঁহার গর্বব ধর্বব করিবার জন্ম কৃষ্ণ তাঁহাকে ব্রজে পাঠাইয়াছিলেন। গোপীদের ভক্তি দেখিয়া তাঁহারও মন বিচলিত হইয়াছে; তিনিও জ্ঞানমার্গাপেক্ষা ভক্তিমার্গের শ্রেষ্ঠত্ব অমুভব করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণের নিকট ফিরিয়া গিয়া তিনি নিবেদন ক্রিলেন—

১। কহাঁ লোঁ কহিয়ে ব্রক্ষ কি বাত।
স্থনত স্থাম তুম বিন উন লোগন, জৈসে দিবস বিহাত।
গোপী থাল গায় গোস্থত সব, মলিন বদন কৃস গাত।
পরম দীন জমু সিসির হিমাহত, অমুজ্ঞগন বিমুপাত।
জো কোউ আবত দেখি দূর তেঁ, সব পূছতি কুসলাত।
চলন ন দেতি প্রেম আতুর উর, কর চরনন লপটাত।
পিক চাতক বন বসন ন পাবৈ, বায়স বলিহিঁ ন খাত।
সুরক্ষ স্থাম সঁদেসন কে ডর, পথিক ন বা মগ জাত॥

ব্রজ্যের কথা আর কত বলা যায় ? শুন, শ্যাম, তোমা বিনা সেখানকার লোকজন কি প্রকারে দিন কাটাইতেছে। গোপ, গোপী, গাভী, গোবৎস—সকলেরই বদন মলিন এবং গাত্র কুশ। তাহারা পরম দান যেন অস্কুজ শিশির কালের হিমে আহত হইয়া দলশূন্য হইয়াছে। যদি তাহারা ক্রমান কালো কাছাইক

দূর হইতে আসিতে দেখে, (মথুরা হইতে আসিতেছে ভাবিয়া) সকলে তাহাকে তোমার কুশলবার্ত্তা জিজ্ঞাসা করে। তাহাদের প্রেমাতুর হৃদয় তাহাকে যাইতে দেয় না, হাত দিয়া তাহার চরণ জড়াইয়া ধরে। পিক এবং চাতকও বনে বসিতে পায় না, কাকেও বলি খাইতে পারে না। তাহারা জিজ্ঞাসা করে, তোমরা কি শ্রামের সংবাদ জান ? তাহারা মথুরাব সংবাদ জিজ্ঞাসা করিবে এই ভয়ে সে পথে পথিক হাঁটে না।

২। মাধব জু মৈ উত অতি সচু পায়ো।
অপনো জানি সঁদেস ব্যাজ করি, ব্রজ জন মিলন পঠায়ো।
ছমা করো তো করোঁ বীনতী, জো উত লখি হোঁ আয়ো।
শ্রীমুখ জ্ঞান-পন্থ জো উচর্যো, তিন পৈ কছু ন স্থহায়ো।
সকল নিগম-সিদ্ধান্ত জনম কর, উন মোহিঁ সহজ স্থনায়ো।
নহিঁ স্রুতি সেষ মহেস প্রজাপতি, জো রস গোপিন গায়ো।
কটুক কথা লাগী মোহিঁ অপনী, উহি রস-সিদ্ধু সমায়ো।
উত তুম দেখে ওর ভাতি মৈ, সকল তৃষাহি বুঝায়ো।
তুমহরী অকথ কথা তুম জানো, হমজন নাহিঁ বসায়ো।
সূর স্থাম স্থন্দর য়হ স্থনি স্থনি, নৈনন নীর বহায়ো॥

হে মাধব, আমি সেখানে (ব্রজে) অতি তুথ পাইয়াছি। তুমি আমাকে আপনার লোক ভাবিয়া সংবাদ লইবার ছলে ব্রজবাসীদের সহিত সাক্ষাৎ করিতে পাঠাইয়াছিলে। যদি ক্ষমা কর তো আমি সেখানে যাহা দেথিয়া আসিয়াছি তাহা বিনীতভাবে বলি। শ্রীমুখ হইতে যে জ্ঞান-পত্থা উচ্চারিত হইয়াছিল, তাহা তাহাদের কিছু মাত্র ভাল লাগে নাই। আমার সারা জীবনের সংগৃহীত বেদের সিদ্ধান্ত, তাহারা আমাকে অতি সহজেই শুনাইয়া দিল। যে রস তাহারা গাইল তাহা শ্রুতিতে নাই; তাহা বাস্কুলী, মহেশুর ও প্রজ্ঞাপতিও জ্ঞানেন না। আমার নিজেরই কথা কটু বলিয়া বোধ হইল; তাহা সেই রসসিক্ষুতে ডুবিয়া গেল। ঐ বিষয়ে তুমি অহা প্রকারে দেখিয়াছ, আমি কিন্তু সকল তৃষ্ণা মিটাইয়া আসিয়াছি। তোমার অকথ্য (অনধিগম্য) কথা তুমিই জ্ঞান, আমাদের মত লোকের তাহা বুঝিবার ক্ষমতা নাই। ইহা শুনিয়া শ্যামস্থলর নয়ন হইতে নীর প্রবাহিত করিলেন।

ক্নফের মনে ব্রজের স্মৃতি জাগরুক হইয়া তাঁহাকে মর্ম্মপীড়া দিতে লাগিল। তিনি ব্যথিত হৃদয়ে বলিলেন—

উধাে, মােহিঁ ব্রজ বিসরত নাহীঁ।
বৃন্দাবন গােকুল তন আবত, সঘন তৃনন কী ছাহীঁ॥
প্রাত সময় মাতা জস্থমতি অরু, নন্দ দেখি স্থুখ পাবত।
মাখন রােটী দহাে সজায়াে, অতিহিত সাথ খবাবত॥
গােপী খালবাল সঁগ খেলত, সব দিন হঁসত সিরাত।
সূরদাস ধনি ধনি ব্রজবাসী, জিন সােঁ। হঁসত ব্রজনাথ॥

উদ্ধব, আমি ব্রজ ভুলিতে পারিতেছি না। বৃন্দাবন হইতে গোকুলের দিকে আসিতে, আহা, কি সঘন তৃণের ছায়া! প্রাতঃকালে উঠিয়া যশোমতী মাতা ও নন্দকে দেখিয়া কি স্থুখই হইত! মাতা মাখন, রুটী ও দধি সাজাইয়া আনিয়া অতি স্নেহের সহিত খাওয়াইতেন। গোপী ও গোপবালকদের সহিত খেলিতাম, সমস্ত দিন হাসিয়াই কাটিত। সূরদাস বলিতেছেন, ধন্ম প্রজ্বাসিগণ যাহাদের সহিত ব্রজনাথ হাসিতেন।

#### শান্ত-রস

সূরদাসের শান্ত-রসের পদগুলির নাম দেওয়া হইয়াছে "বিনয়"। 'বিনয়' অর্থে 'নিবেদন', অর্থাৎ ভগবানের নিকট নিজ দৈশ্য প্রকাশ ও কৃপাভিক্ষা। মানব-হৃদয় যখন সংসার-চক্রের নিম্পেষণে কাতর হইয়া পড়ে—যখন সে বৃথিতে পারে যে তাহার পক্ষে নিজ্ঞ ক্ষীণ শক্তির উপর নির্ভর করা অসম্ভব, তখন সোহায্যের আবশ্যকতা অনুভব করে। সে এমন একটী শক্তির শরণ লইতে চাহে, যিনি তাহার ব্যথিত চিত্তকে শান্তি দান করিতে এবং তাহার অভাব পূর্ণ করিতে পারেন। সে নিজ কৃতকর্ম্মের অনুতাপে দগ্ধ হইতে থাকে, ঐ শক্তির নিকট অকপট চিত্তে নিজ্ জীবনের ভ্রমপ্রমাদ উদ্ঘাটিত করিয়া দেখায়, অনুতপ্ত হৃদয়ে তাহার কৃত অপরাধের জন্ম পুনঃ পুনঃ ক্ষমা ভিক্ষা করে এবং প্রার্থনা করে যেন সে পুনরায় ঐরপ অপরাধে লিপ্ত

না হয়। সে স্বীয় দেবতাকে নিরন্তর ডাকিতে থাকে এবং তাঁহার প্রসঙ্গ ভিন্ন অন্য কিছু তাহার ভাল লাগে না।

বিনয় বা নিবেদনই জীবাত্মা ও পরমাত্মার সংযোগের প্রধান উপায়। নিবেদন ও প্রার্থনা দারাই জীব ঈশরের সান্নিধ্য লাভ করে। নিজের হীনতার জ্ঞান না হইলে জীব পারমার্থিক উন্নতি লাভ করিতে পারে না।

সূরসাগরে বিনয়ের পদ সর্বত্র ছড়াইয়া আছে। এই সকল পদ আত সরল ভাষায় লিখিত এবং অলঙ্কার-বজ্জিত। হৃদয়ে যখন তীব্র আবেগ উৎপন্ন হয়, তখন তাহা প্রকাশ করিবার জন্ম আড়ম্বরের প্রয়োজন হয় না—সূরদাসের যাহা কিছু বক্তব্য ছিল, তাহা তিনি অকপট চিত্তে প্রত্যক্ষ ও স্পষ্টভাবে ব্যক্ত করিয়াছেন। এই পদগুলিতে ক্ষেত্র প্রতি অকপট ও অটল ভক্তি প্রকাশিত হইয়াছে। নিগুণের উপাসনা করিতে প্রায় কেহই সমর্থ নহে। যাহার কোনো রূপ নাই, কোনো গুণ নাই, যাহা অজ্ঞেয়, তাঁহার উপাসনা সাধারণ লোকের পক্ষে অসম্ভব। সূরদাস ঈশ্বরকে কৃষ্ণ-রূপে উপলব্ধি করিয়া তাঁহার বিভিন্ন লীলা বর্ণিত করিয়াছেন। তাই তিনি বলিয়াছেন—

অবিগত গতি কছু কহত ন আবৈ।
ক্রোঁ গ্র্না মাঠে ফলকে রস, অন্তর্গত হাঁ ভাবৈ।
পরম স্বাছু সব হাঁ জু নিরন্তর, অমিত তোষ উপজ্ঞাবৈ।
মন বানী কো অগম অগোচর, সো জানৈ জো পাবৈ।
রূপরেখ গুন জাতি জুগুতি বিন্তু, নিরালম্ব মন চকুত ধাবৈ।
সব বিধি অগম বিচারহিঁ তাতে, সূর সগুন লীলা পদ গাবৈ॥

যিনি অজ্ঞেয় তাঁহার সম্বন্ধে কিছুই বলা যায় না, যেমন মিন্ট ফল আস্বাদন করিয়া মূক ব্যক্তির আনন্দ মনে মনেই থাকিয়া যায়। যিনি সকল সময়েই স্বাচু, এবং অমিত সন্তোষ উৎপন্ন করেন—যিনি মন ও বাক্যের অগোচর,— তাঁহাকে যে পাইয়াছে সেই জ্ঞানে। নিগুণ ব্রক্ষের রূপ, সীমা, গুণ, জ্ঞাতি, যুক্তি না পাইয়া মন আধারহীন অবস্থায় চকিত হইয়া ধাবিত হয়। এইরূপ ব্রহ্ম সকল প্রকারে অগম্য বিবেচনা করিয়া, আমি সগুণ লীলার পদ গাইতেছি।

### সংসারের অনিত্যতা সম্বন্ধে সূরদাস বলিতেছেন—

হরি বিন্থু কোউ কাম ন আয়ে। 
য়হ মায়া ঝূঁটা প্রপঞ্চ লগি, রতন সো জনম গঁবায়ো।
কঞ্চন কলস বিচিত্র চিত্র করি, রচি পচি ভবন বনায়ো।
তামেঁতেঁ তেহি ছিন হী কাঢ়ো, পল ভরি রহন ন পায়ো।
হোঁ তেরে হী সক্ষ জরোঁ গী মহ কহি, ত্রিয়া ধৃতি ধন খায়ো।
চলত রহী চিত চোরি মোরি মুখ, এক ন পগ পহাঁ চায়ো।
বোলি বোলি স্বত স্বন্ধন মিত্রজন, লীনো সো জিহি ভায়ো।
পরো কাজ জব অন্ত কী বিরিয়াঁ, তেন হীঁ আনি বঁধায়ো।
আসা করি করি জননী জায়ো, কোটিক লাড় লড়ায়ো।
তোরি লয়ো কটিছুকো ডোরা, তাপর বদন জরায়ো।
কোটি জনম শুমি শুমি হম হারো, হরি পদ চিত ন লগায়ো।
ঔর পতিত তুম বহুত উধারে, সূর কহা বিসরায়ো॥

হরি বিনা কোনো কাজই হইল না। এই মিথ্যা মায়া প্রপঞ্চের জন্ম এই রত্নের ন্যায় জন্ম কাটাইলাম। কাঞ্চনের বিচিত্র বিচিত্র কলস লাগাইয়া আতি যত্নে ভবন নির্মাণ করিলাম, কিন্তু তাহা হইতে তৎক্ষণাৎ বহিষ্ণত হইলাম, ক্ষণমাত্র থাকিতে পাইলাম না। "আমি তোমার সঙ্গেই জলিব" এই বলিয়া ধূর্ত্তা পত্নী ধন খাইল, কিন্তু আমার যাইবার সময় পূর্বের ভাব ত্যাগ করিয়া আমার সঙ্গে এক পাও গেল না। "আমি পুত্র, আমি আত্মীয়, আমি মিত্র" এই বলিয়া বলিয়া যাহার যাহা ইচ্ছা তাহা লইল, কিন্তু যথন শেষকালের কাজ পড়িল, তথন তাহারাই আসিয়া আমাকে বাঁধিল। আশা করিয়া জননী পুত্র-প্রসব করিলেন এবং তাহাকে কোটা আদরে ও যত্নে লালনপালন করিলেন। সেই মাতাই তাহার কটি হইতে ডোর কাটিয়া লইলেন এবং তাহার মূথে আগুন দিলেন। আমি কোটা জন্ম ভ্রমণ করিয়া হার মানিলাম, হরির পদে মন লাগাইতে পারিলাম না। হে পাত্তিজপাৰন, তুমি অনেক পতিতকে উদ্ধার করিয়াছ, সূরকে (আমাকে) কেন ভূলিয়া গেলে ?

থোরে জীবন ভয়ো তমু ভারো।

কিয়ো ন সন্ত সমাগম কবছুঁ, লিয়ো ন নাম তুম্হারো ॥
অতি উনমন্ত নিরস্কুস মৈগল, নিসিদিন রহে অসোচ।
কাম ক্রোধ মদ লোভ মোহ বস, রহে সদা অপসোচ ॥
মহা মোহ অজ্ঞান তিমির মে, মগন ভয়ে স্থুখ জানি।
তৈলক ব্য জোঁ। ভ্রম্যো ভ্রমহিঁ ভ্রম, ভ্রজ্যো ন সারস্ক-পানি ॥
ওর কহাঁ লগি কহোঁ কুপানিধি, য়া তন কে কৃত কাজ।
সূর পতিত তুম পতিত-উধারন, গহোঁ বিরদ কী লাজ ॥

অল্প বয়সেই আমার তন্ম ভার বোধ হইতেছে। কখনো সাধুসঞ্চও করিলাম না, কখনো তোমার নামও লইলাম না। অতি উন্মন্ত নিরক্ষণ হস্তীর স্থায় দিবানিশি অচেতন থাকিলাম। কাম, ক্রোধ, লোভ, মদ ও মোহের বশবর্তী হইয়া মন্দ চিন্তায় নিমগ্ন থাকিলাম। ঘানির বলদের মত ভ্রমের পর ভ্রমে পড়িয়া ভ্রমণ করিলাম, কিন্তু কৃষ্ণের ভক্তনা করিলাম না। এ দেহের কৃতকর্ম্মের কথা আর কত দূর বলিব। সূরদাস পতিত এবং তুমি পতিত-উদ্ধারণ, তুমি তাহাকে গ্রহণ কর, দেখিও ভোমার (পতিত-উদ্ধারণ) নাম যেন লক্জা না পায়।

ভগতি কব করিছোঁ জনম সিরানো।
কোটি জতন কীনে মায়া কো, তোউ ন মূঢ় অঘানো।
বালপন খেলত হী খোয়ো, তরুন ভয়ে গরবানো।
কাম কিরোধ লোভ কে বল রহি, চেত্যো নহীঁ অয়ানো।
বৃদ্ধ ভয়ে কফ কণ্ঠ বিরোধ্যো, সির ধূনি ধূনি পছিতানো।
সূর ভামকে নেক বিলোকত, ভবনিধি জায় তিরানো॥

ভক্তি আর কবে করিব, জীবন যে শেষ হইতে চলিল। মায়াকে (বাসনাকে) কোটা প্রকারের যত্ন করিলাম, তবুও তো তাহার ভৃপ্তি হইল না। বাল্যকাল খেলায় নফ করিলাম, তরুণাবস্থায় গর্বিত হইলাম। কাম, ক্রোধ, লোভের বশবর্তী থাকিলাম—আমার তো চৈতক্ত হইল না। বৃদ্ধাবস্থায় কফে কণ্ঠরোধ করিয়াছে, এখন মাধা কুটিয়া কুটিয়া পশ্চান্তাপ করিতেছি। শাংমার সামাত্য একটু কটাকে ভবনিধি পার হওয়া যায়।

মো সম কৌন কুটিল খল কামী।
জিন তমু দিয়ো তাহি বিসরায়ো, ঐসো নোনহরামী।
ভরি ভরি উদর বিষয় কো ধাবো, জৈসে সূকর গ্রামী।
হরিজন ছাড়ি হরী বিমুখন কী, নিসিদিন করত গুলামী।
পাপী কোন বড়ো হৈ মো তেঁ, সব পতিতন মেঁ নামী।
সূর পতিত কো ঠোর কহাঁ হৈ, স্থানিয়ে শ্রীপতি-স্বামী॥

আমার স্থায় কুটিল, খল ও কামী কে আছে ? যিনি এই দেহ দিয়াছেন, তাঁহাকেও বিস্মৃত হইলাম, এমনই আমি নেমকহারাম। উদর ভরিয়া ভরিয়া গ্রাম্য শূকরের স্থায় বিষয়ভোগ করিলাম। হরিভক্তগণকে ছাড়িয়া দিবানিশি হরিবিমুখগণের দাসহ করিতেছি। আমা অপেক্ষা পাপী আর কে আছে গ আমি সকল পাপীদের মধ্যে প্রসিদ্ধ। হে শ্রীপতি-স্বামি, শুন, (তোমা বিনা) পতিতের আর স্থান কোথা ?

করেঁ গোপাল কে সব হোয়।
জে অপনো পুরুসারথ মানৈ, অতি হী ঝূঠো সোয়।
সাধন মন্ত্র জন্ত্র উভ্তম বল, য়ে সব রাখৈ ধোয়।
জো কছু লিখি রাখ্যো নঁদনন্দন, মেটি সকৈ নহিঁ কোয়।
ছখ স্থখ লাভ অলাভ সহজ তুম, কতহিঁ মরত হো রোয়।
সূরদাস স্থামী করুণাময়, স্থাম চরন মন পোয়॥

গোপাল যাহা করেন তাহাই হয়। নিজের পুরুষার্থে যে বিশ্বাস করে, সে অতিশয় মিথ্যাবাদী। সাধনা, মন্ত্র, যন্ত্র, উত্তম, বল—সকলই নিজ্জল; নন্দনন্দন যাহা কিছু লিখিয়া রাখিয়াছেন, তাহা কেহ মুছিয়া ফেলিতে পারে না। স্থ্য, তুঃখ, লাভ অলাভ অবশ্যস্তাবী, তুমি এত কাঁদিয়া মরিতেছ কেন ? সূরদাসের স্বামী করুণাময়, তাঁহার চরণে মনকে প্রবেশ করাও।

> ঐসেহি বসিয়ে ব্রজ্গকী বীথিনি। সাধুনি কে পনবারে চুনি চুনি, উদর জু ভরিয়ে সীতনি। পৈঁড়ে মেঁ কে বসন বীনি তন, ছায়া পরম পুনীতনি। কুঞ্জ কুঞ্জ তর লোটি লোটি রচি, রজ লাগৌ রঁগীতনি।

নিসিদিন নিরখি জসোদানন্দন, ওর জমুন জল পীতনি। দরসন সূর হোত তন পাবন, দরস ন মিলত অতীতনি॥

এই প্রকারে ব্রজবীথিতে বাস করিও। সাধুদিগেরে উচ্ছিষ্ট পাতা হইতে অন্নকণা বাছিয়া বাছিয়া লইয়া উদরপূর্ত্তি করিও। পথ হইতে পরিত্যক্ত বসন বাছিয়া লইও এবং রক্ষের পরম পবিত্র ছায়ায় অবস্থান করিও। এ কুঞ্জের সে কুঞ্জের তলায় গড়াগড়ি দিয়া, সেখানকার রজ লাগাইয়া কোপীন রঞ্জিত করিও। দিবানিশি যশোদানন্দনকে নিরীক্ষণ করিতে থাকিও এবং যমুনার জল পান করিও। তাঁহার দর্শনের দ্বায়া দেহ পবিত্র হয়। বীতরাগ (ভক্তিহীন) ব্যক্তিরা তাঁহার দর্শন পায় না।

হরি হরি হরি হরি স্থমিরন করো।
হরি চরণারবিন্দ উর ধরো ॥
হরি কী কথা হোই জব জহাঁ।
গঙ্গা হূ চলি আবৈঁ তহাঁ॥
জমুনা সিন্ধু স্থরস্থতী আবৈ।
গোদাবরী বিলম্ব ন লাবৈ॥
সব তীর্থন কো বাসা তহাঁ।
সূর হরি কথা হোবৈ জহাঁ॥
\*

সর্ববদা হরি হরি হরি হরি স্মরণ করিও এবং হরিচরণারবিন্দ হৃদয়ে ধারণ করিও। যখন যেখানে হরির কথা হয়, সেখানেই গঙ্গা চলিয়া আসেন; যমুনা, সিন্ধু, সরস্বতীও আসেন। গোদাবরীরও আসিতে বিলম্ব হয় না। যেখানে হরিকথা হয় সেখানে সকল তীর্থ অবস্থান করে।

তত্ত্বৈব গলা যমুনা চ তত্ত্ব, গোদাবরী তত্ত্ব সরস্বতী চ।
 সর্ব্বাণি তীর্থানি বসস্তি তত্ত্ব, যত্রাচ্যুতোদার-কথাপ্রসঙ্গঃ ॥

# উপদংহার

সূরদাস তাঁহার "সূরসাগর" কাব্যে ক্ষুদ্র ক্ষুদ্র পদের সমবায়ে প্রীকৃষ্ণের বাল্যলালা বিষয়ক সকল ভাবই বণনা করিয়াছেন, এবং বাৎসল্য, সথ্য, মধুর ইত্যাদি রস অতি নিপুণ ভাবে পরিক্ষুট করিয়াছেন। সূরদাস যশোদার মাতৃক্ষেহ এত পুদ্ধানুপুদ্ধরূপে বর্ণনা করিয়াছেন যে ইহা পরাকাষ্ঠা প্রাপ্ত হইয়াছে। মানবজীবনের আর একটা প্রবল আবেগ দ্রীপুরুষের ভালবাসা। তাহাও সূরদাসের কাব্যের অন্যতম বিষয়। ইহার বর্ণনা শৃক্ষার-রসাত্মক, এবং সূরদাসের প্রায় অর্দ্ধেক কবিতা এই রসকে অবলম্বন করিয়া রচিত।

রস কাহাকে বলে ? কোনো বস্তুর আস্বাদনে যে আনন্দোন্তব হয় তাহাই রস। শ্রুতি বলিয়াছেন—

"আনন্দান্ধ্যেব খল্লিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবস্তি, আনন্দেন প্রয়ান্ত্যভিসংবিশন্তি।"

আনন্দ হইতেই সর্ব্বভূতের উৎপত্তি, আনন্দেই তাহারা জীবিত থাকে, এবং ধ্বংসপ্রাপ্ত হইয়া আনন্দেই প্রবেশ করে।

ত্তরাং স্থির আদিতে, মধ্যে ও অত্তে সকল সময়েই আনন্দ বর্ত্তমান।

যাঁহার নিজের স্বরূপ আনন্দ, তিনি তাহা অনুভব করিবেন কি প্রকারে ? আনন্দ
অনুভব করিবার জন্ম পৃথক্ সন্তার প্রয়োজন। অতএব আনন্দস্বরূপ ব্রহ্ম
ইচ্ছা করিলেন, "একোহং বহু স্থাম"—আমি একলা আছি বহু হইব। স্থতরাং
তাঁহার সন্তণ-ভাব ধারণ ও বিশ-স্থি আনন্দানুভবের জন্ম। বহু না হইলে
বিলাস হয় না। আনন্দানুভবের জন্ম পর্মাত্মা ও জীবাত্মার ভেদভাব।
পর্মাত্মা পুরুষ ও জীবাত্মা প্রকৃতি। প্রকৃতি ব্রহ্মেই বিহুমান আছে। যাহা
ভিতরে ছিল, তাহার বহিবিকাশ মাত্র হইল, কেন না অভাব হইতে ভাবের
উৎপত্তি হয় না।

বৃন্দাবন লীলায় শ্রীকৃষ্ণ পুরুষ এবং গোপীরা প্রকৃতি। শ্রীমদ্ভাগবতে রাধার নাম নাই। তবে সূরদাস রাধার নাম কোথা হইতে পাইলেন ? সম্ভবতঃ রাধার নাম জয়দেবের গীতগোবিন্দ ও প্রচলিত কিংব্দন্তী হইতে গুহীত হইয়াছে। বিষ্ণুর উপাসনা বহু কাল পূর্ব হইতেই প্রচলিত ছিল। মৈত্র্যুপনিষদে বিষ্ণু, অচ্যুত ও নারায়ণকে ব্রহ্ম বলিয়া উল্লেখ করা হইয়াছে। মহাভারতের শান্তিপর্বের "পঞ্চরাত্র ধর্ম্মের" (অর্থাৎ বৈশ্বব ধর্ম্মের) এবং নারায়ণীয় উপাখ্যানে বিষ্ণু-সহস্র-নামের উল্লেখ আছে। বেশনগর ও নানাঘাটের শিলালিপি হইতে প্রমাণ পাওয়া যায় যে খুফের ছই শত বৎসর পূর্বেও ভারতে বৈষ্ণুব ধর্ম্মের প্রচলন ছিল। দাক্ষিণাত্যে বৈষ্ণুব ধর্ম্ম গে প্রচলিত ছিল তাহা রামামুজের পূর্ববর্ত্তী যামুনাচার্য্যের, এবং যামুনাচার্য্যেরও অনেক পূর্ববর্ত্তী বহু মহাপুরুষের জীবন-কাহিনী হইতে জানা যায়। সংস্কৃত সাহিত্যে ভাস-কবি অতি প্রাচীন। তাহার "বালচরিত" নাটকে কৃঞ্চলীলার বর্ণনা আছে। "বর্হেণেব স্কুরিত রুচিনা গোপবেশস্থ বিষ্ণোঃ" বলিয়া কালিদাস "মেঘদুতে" কৃষ্ণের রুন্দাবন-লীলার ইন্ধিত করিয়াছেন। তিনি রঘুবংশের ইন্দুমতী-স্বয়ন্থরের "সম্ভাব্যভর্তারমমুং যুরানম্" ইত্যাদি বর্ণনায়ও বৃন্দাবন-লীলার আভাস দিয়াছেন।

किन्नु এই সকল वृन्नावन-लौलाव উল্লেখে वाधाव नाम नाह। वाधाव नाम হরিবংশে পাওয়া যায়। এক স্থলে এইরূপ উল্লেখ দেখিতে পাওয়া যায়— "গোপীগণকে লইয়া ক্রীড়া করিবার সময় দামোদর যৎকালে 'হা রাধে, হা চন্দ্রমূখি' ইত্যাদি শব্দ দ্বারা বিরহ প্রকাশ করিতেন, তখন সেই বরাঙ্গনাগণ প্রহৃষ্ট হইয়া সাদরে তদীয় মুখনিঃস্ত বাণী প্রতিগ্রহ করিত।" দিতীয় শতাব্দীতে প্রাকৃতে লিখিত "গাখা-সপ্তশতীতে" রাধা নামের উল্লেখ আছে। আনন্দবৰ্দ্ধন খৃঠীয় নবম বা দশম শতাব্দীর লোক বলিয়া কথিত হন। তাঁহার "ধ্বতালোক" নামক গ্রন্থের দ্বিতীয় উত্তোতে উদ্ধৃত ছুইটী শ্লোক-মধ্যে রাধার নাম পাওয়া যায়। স্থতরাং দেখা যাইতেছে যে রাধার নাম জয়দেবের বহুপূর্বেও জ্ঞাত ছিল। জ্ঞানের বা ভাবসমূহের উৎকর্মের সঙ্গে সঙ্গে ভাষারও উৎকর্ম সাধিত হয়—ভাষার প্রকাশিকা শক্তি বৃদ্ধি পায় এবং অল্ল কথায় অধিক ভাব প্রকাশ করিবার চেষ্টা হয়। অবচ্ছিন্ন-ভাব-প্রকাশক শব্দের বাহুল্য হইতে থাকে. এবং জাতি হইতে বর্গ গঠিত হইয়া জাতি-বাচক ভাবের বা শব্দের অধিক ব্যবহার হইতে থাকে। অতএব অনুমান হয় যে এই সব কারণে 'রাধা' নামের স্প্তি হইয়াছে। রাধা সম্ভবতঃ গোপীগণের আদর্শ বা সার-স্বরূপা, অর্থাৎ গোপীরা প্রকৃতির ব্যপ্তি ভাব এবং রাধা সমপ্তি ভাব।

প্রকৃতি ও পুরুষের লীলা, স্মৃতির আদি হইতেই চলিতেছে। রুন্দাবন-লীলার জন্ম ভগবান প্রকৃতির প্রতীক স্বরূপ রাধা নামে একটী পৃথক্ বিগ্রহ উৎপন্ন করিলেন এবং নিজেও আকার গ্রহণ করিলেন। "ঈশরঃ পরমঃ কৃষ্ণঃ সচিদানন্দ-বিগ্রহঃ।" আনন্দ-স্বরূপের বিকারে যে শক্তি প্রকাশ পায় তাহার নাম হলাদিনী বা রাধা। পুরুষেরই রূপান্তর প্রকৃতি, অতএব রাধাকৃষ্ণ অভিন্ন। রাধাকৃষ্ণের বিহারই আদর্শ, শৃঙ্গার রসের বিলাস। শ্রীকৃষ্ণ সৌন্দর্য্যের আধার এবং শৃঙ্গার রসের মূর্ত্তিমান বিগ্রহ। কৃষ্ণ নায়ক-শিরোমণি, এবং রাধা নায়িকা-গণের আদর্শ। কৃষ্ণোপাসনা সৌন্দর্য্যের উপাসনা, রসস্বরূপের ভাবনা।

জীবাত্মা পরমাত্মাতে আত্মসমর্পন করিতে চায় এবং ভেদভাবকে অপসারিত না করিয়া, পরমাত্মার অনুভূতি দারা আনন্দলাভ করিতে চায়। এই আকাজ্জা কার্য্যে পরিণত করিবার জন্ম যে উপায় অবলম্বিত হয়, তাহার নাম সাধনা। ভিন্ন ভিন্ন ব্যক্তির বা সম্প্রদায়ের সাধনার প্রণালী ভিন্ন ভিন্ন। যাঁহারা সাধনায় অধিক অগ্রসর হইয়াছেন, তাঁহারা যোগ ও সমাধি দারা ভগবান্কে পাইবার চেন্টা করেন। কিন্তু এই প্রণালী সাধারণ মানবের পক্ষে তুঃসাধ্য। ইহা শুক্ষ ও নীরস। মানুষ আনন্দ চায়। ঈশ্বরকে কর্ম্মহীন ও নিরব্ছিন্ন জ্ঞানের স্বরূপ কল্পনা করিয়া তাঁহাতেই নিজেকে বিলীন করিয়া দিয়া মানুষ স্থুখ পায় না। সাধারণ মানব স্থুল ও সরস ভাবে ভগবান্কে প্রেম অর্পণ করিতে চাহে। সূফীরা ভক্ত ও ভগবানের প্রেমকে মানবীয় প্রেমের সাদৃশ্যে গঠিত করিয়াছেন। তাঁহারা ভগবান্কে অসীম জানিয়াও, তাঁহাকে প্রেমাম্পদরূপে গ্রহণ করিয়া জীবাত্মা বা সাধককে প্রেমিকরূপে কল্পনা করিয়াছেন। উদাহরণ স্বরূপ কবীরের তুইটী পদ উদ্ধৃত হইলঃ—

া জাগ প্যারী অব কা সোবৈ ?

 রৈন গয়ী দিন কাহে কো খোবৈ ?
 জিন জাগা তিন মানিক পায়া।
 তৈঁ বৌরী সব সোয় গঁবায়া॥
 পিয় তেরে চতুর তু মূর্থ নারী।
 কবহুঁন পিয় কী সেজ সঁবারী॥
 হোঁ বৌরী বৌরাপন কীনহোঁ।
 ভর জোবন অপনা নহিঁ চীন্হোঁ॥
 জাগ দেথ পিয় সেজ ন তেরে।
 তোহি ছাড়ি উঠি গয়ে সবেরে॥

কহৈ কবীর সোঈ ধন জাগৈ। সবদ বান উর অন্তর লাগৈ॥

"প্রিয় সখি, জাগ্, আর শুয়ে থেকে কি হবে ? রাত ফ্রিয়েছে, দিনের বেলাটা কেন নন্ট কর্ছিদ্ ? যে জেগেছে সে নাণিক পেগ্নেছে, তুই পাগ্লি, সময়টা কেবল ঘ্মিয়ে কাটাচ্ছিদ্। তোর প্রিয়তম চতুর, তুই মূর্থ নারী। তুই তো কখনো তোর প্রিয়তনের শ্যাা রচনা করিস্ নাই।" "পাগল আফি, পাগ্লামী করিয়াছি, যৌবন কালটায় আপন লোক চিনিতে গারি নাই।" "তুই এখন জাগ্, দেখ্ তোর প্রিয়তম শ্যায় নাই, সকাল বেলা উঠেই তোকে ছেড়ে পালিয়েছে।" কবীর বলিতেছেন, কেবল সেই ধ'নিই (নারীই) জাগে, যার অন্তরে শব্দ বাণ লেগেছে।

2 |

নৈহরবা হমকো নহি ভাবৈ।

সাঈ কী নগরী পরম অতি স্থন্দর

জহ কোই যায় ন আবৈ ॥

চাঁদ সূরজ জহঁ পবন ন পানী

কো সন্দেস পহুঁ চাবৈ।

দরদ মোর সাঁঈ কো স্থনবৈ ॥

আগ চল পন্থ নহি সূবৈ

রাহ ন ঠহরন জাবৈ।

কেহি বিধি সাঁঈ ঘর জাউ, মোরি সজনী,

বিরহ জোর জনাবৈ ॥

বিন সাঁঈ ঐসন পাঁহি কোঈ

জো য়হ রাহ বতাবৈ।

কহত কবীর ঐ স্থনো ভাই প্যারে

কৈসে পীতম পাবৈ ॥

তপন য়হ জিয়কে বুঝাবৈ॥

আমার বাপের বাড়ি আর ভাল লাগে না। আমার স্বামীর নগর পরম স্থানর, কিন্তু সেথানে কেউ যায়ও না, আর সেথান থেকে কেউ আসেও না। সেথানে চন্দ্র, সূর্য্য, বায়ু, জল কিছুই যেতে পারে না, কে খবর নিয়ে যাবে ? আমার অন্তরের ব্যথা কে আমার স্বামীকে শুনাবে ? স্থমুখে যাবার পথ

চিন্তে পারি না, আবার পথে থাম্তেও পারি না। সজনি, কি উপায়ে স্বামি-ঘরে যাব ? বিরহ প্রবল হ'য়ে উঠেছে। স্বামী ভিন্ন এমন কেউ নাই যে পথ ব'লে দিতে পারে। কবীর বল্ছেন, শুন ভাই প্রিয়, কি উপায়ে প্রিয়তমকে পাব ? কে এই হৃদয়ের জালা নেবাবে ?

কিন্তু স্ফীরা ভগবানের কোনো রূপ স্বীকার করেন নাই। বৈশ্বব কবিরা আরও স্থুলভাবে ভগবানের কল্পনা করিয়াছেন। এই বিশ্বই পরমান্থার আংশিক স্বরূপ। জীবাত্মা এই বিরাট্ সন্তার মধ্যে অবস্থিত থাকিয়াও ভিন্নতাজ্ঞনিত ক্রেশ অমুভব করিতেছে, এবং পরমাত্মার সঙ্গ লাভ করিবার জন্ম ধাবিত হইতেছে। বৈশ্বরো ভগবানের একটা মানবীয় রূপ কল্পনা করিয়া মানবীয় প্রেমের আদর্শে তাঁহাদের ভগবৎ-প্রেম গঠিত করিয়াছেন। তাঁহারা জীবাত্মা ও পরমাত্মার মানবীয় রূপকে অবলম্বন করিয়া প্রেমিক প্রেমিকার পরস্পরের আকর্ষণ ব্যক্ত করিয়াছেন। পার্থিব প্রেমের আদর্শে সূফীদের প্রেমিক প্রেমিকার যে আকর্ষণ ব্যক্ত হয়, তাহাতে যথেষ্ট আবেগ থাকিলেও, বিগ্রহের মধ্য দিয়া বাসনার যে তাঁব্রতা ও স্পষ্টতা ব্যক্ত হয়, তাহা বিগ্রহ-নিরপেক্ষ ভাবে প্রকাশ করা হুঃসাধ্য। কিন্তু মধুর রসের সকল বৈচিত্র্য ব্যক্ত করিতে গিয়া বৈষ্ণব কবিদের অনেকের রচনা স্থানে স্থানে পৃত্তিগন্ধবিশিষ্ট হইয়া পড়িয়াছে। ইন্দ্রিয়ের ভাষায় অতীন্দ্রিয়তা ব্যক্ত করিতে গেলে অনেক সময় ইহা অবশ্যস্তাবী।

স্থানে স্থানে সূরদাসের রচনা অশ্লীল বলিয়া বিবেচিত হইতে পারে। কিন্তু মনে রাখিতে হইবে যে, কোনো রসের বর্ণনায় সেই রসান্তর্গত যত প্রকার আবেগ (emotion) বা ভাব উৎপন্ন হওয়া সম্ভব, তাহা পুখানুপুখ্বরূপে বর্ণনা করাতেই রসশাস্ত্রমতে কাব্যের শ্রেষ্ঠত্ব। শৃঙ্গার রসের বর্ণনায় যে সকল কার্য্য বা ভাব অশ্লীল বলিয়া বিবেচিত হইতে পারে, তাহা ঐ রসের অঙ্গ, এবং তাহা না দিলে ঐ রস সম্পূর্ণরূপে পরিস্ফুট হয় না।

সূরদাস অশ্লীলতার বর্ণনা করিবার অভিপ্রায়ে কাব্যপ্রণয়নে প্রবৃত্ত হন নাই। কাব্য-রচনায় তাঁহার উদ্দেশ্য ছিল ভগবানের লীলা-মাধুর্য্য প্রকাশ করা। এই বর্ণনায় যদি কোনো কোনো স্থানে শ্লীলতার অভাব হইয়া থাকে, তাহা হইলে বলিতে হইবে যে, তিনি যে সময়ের লোক এবং যে বাতাবরণে অবস্থিতি করিতেন, তাহাতে এবং তৎপূর্বকালে ইহা দোষ বলিয়া বিবেচিত হইত না। তিনি প্রাচীন প্রথার অনুসরণ করিয়াছেন। কালিদাস হরপার্বতীর সস্থোগ বর্ণন করিয়াছেন। জ্বয়দেবও এ বিষয়ে নিরপরাধ নহেন।

বিভাপতির অনেক পদ শ্লীলতাকে লজ্জন করিয়াছে। পূর্ববকালে নায়কনায়িকার সম্ভোগের বর্ণনা না দিলে কাব্য অঙ্গহীন বলিয়া গণ্য হইত। ভরত তাঁহার নাট্যশাস্ত্রে বলিয়াছেন,—"যৎকিঞ্চিৎ লোকে মেধ্যং স্থল্দরং তৎ সর্ববং শৃঙ্গার-রসেনোপমীয়তে।"

বৈষ্ণবেরা বলেন যে ঐকুষ্ণের সহিত রাধা ও গোপীদের বিহার প্রাকৃত বিহার নহে, উহা অপ্রাকৃত, কারণ ঐকুষ্ণ চিন্ময় বিগ্রহ এবং ব্রজদেবীরাও চিন্ময়ী। ব্রজলীলা বিশুদ্ধ প্রেমের লীলা। মায়িক রাজ্যে মায়ার বিকার-স্বরূপ কাম আছে, কিন্তু চিন্ময়রাজ্যে কাম থাকিতে পারে না। চিন্ময়রাজ্য প্রেমের রাজ্য, সেখানে সব আনন্দময়। কামবিজয়ই এই লীলার উদ্দেশ্য। মহারাজ পরীক্ষিতকে শুকদেব বলিয়াছিলেন—

> "বিক্রীড়িতং ব্রজ্বধ্রিদঞ্চ বিফোঃ শ্রাদ্ধারিতো মু শৃণুয়াদথ বণয়েদ্ যঃ। ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং জ্যোগমাশপহিনোতাচিরেণ ধীরঃ॥"

"ব্রজ্বধূগণের সহিত বিষ্ণুর এই রাসলীলা যিনি শ্রেন্ধার সহিত শ্রেবণ বা কীর্ত্তন করেন, সেই ধীর ব্যক্তি ভগবানে পরাভক্তি লাভ করিয়া হৃদয়ের রোগস্বরূপ কামকে শীঘ্রই চিরকালের জন্ম ত্যাগ করিতে সমর্থ হন। অতএব উহাতে কোনো অশ্লীলতার আরোপ হইতে পারে না। এরূপ ব্যক্তিদের মতে শ্রীকৃষ্ণই একমাত্র পুরুষ, আর সকলই প্রকৃতি। অতএব জীবও প্রকৃতি। প্রকৃতি ও পুরুষ নিত্য-সম্পৃক্ত। ভাগবতাদি গ্রন্থে ইহারই রূপকমাত্র বর্ণিত হইয়াছে। এই ভাবটী মানব-মনে স্পষ্ট করিবার জন্মই ভগবানের অবতারগ্রহণ। রাসলীলাস্থলে প্রত্যেক গোপী ভাবিতেছে যে কৃষ্ণ কেবল আমারই পার্শ্ববর্ত্তী। ইহা দারা উপনিষৎ-ক্ষিত একশাখাস্থ ছুইটী পক্ষীর ন্যায় জীবাত্মার সহিত প্রমাত্মার অবস্থান ধ্বনিত হইতেছে না কি ? স্রদাস বলিয়াছেন,—"বৈ অবিগতি আবিনাসী পূরন, স্ব্যট্ রহে স্মান্ট।" অর্থাৎ তিনি (ভগবান্) অজ্ঞেয়, অবিনাশী এবং পূর্ণ; তিনি সকল জীবাত্মাতেই অবস্থান করেন।

সূরদাস প্রকৃতি-পুরুষ (জীবাত্মা-পরমাত্মা) সম্বন্ধে যাহা বলিয়াছেন তাহাই চূড়ান্ত কথা—

ব্রজহিঁ বসে আপুহি বিসরায়ো। প্রকৃতি পুরুষ একৈ করি জানহুঁ, বাতনি ভেদ বতায়ো॥ জল থল জহাঁ তুম বিন্ম নহিঁ, ভেদ উপনিষদ গায়ো। দে তন্ম জীব এক হুম তুম দোউ, স্থুখ কারন উপজায়ো॥

ব্রজে অবতীর্ণ হইয়া তুমি আত্মবিশ্বৃত হইয়াছ। প্রকৃতি ও পুরুষকে এক বলিয়াই জানি, তাঁহাদের ভেদ কেবল কথায়। জলে, স্থলে এবং যেখানে সেখানে তোমা ভিন্ন কিছুই নাই—এই রহস্থ উপনিষদে গীত হইয়াছে। দেহ তুইটা, কিন্তু জীব (আত্মা) একটা। "আমি, তুমি" এই তুইটা ভাব তুমি উৎপন্ন করিয়াছ আনন্দানুভবের জন্ম। [ সূর্দাস ভেদেও অভেদ অনুভব করিতেন। শ্রীকৃষ্ণের ব্রহ্মতে তাহার অটল বিশাস। বাস্তবিকই পরমাত্মা নিগুণি এবং তাঁহার ভাব নিরপেক্ষ; অর্থাৎ তাঁহার অন্তর্বিকাশের নাম ব্রহ্ম, এবং বহির্বিকাশের নাম প্রকৃতি।]

সূরদাসের দার্শনিক মত সূরসাগরের কতিপয় পদে পাওয়া যায়, তন্মধ্যে নিম্নে একটা প্রদত্ত হইল—

সদা এক রস এক অখণ্ডিত, আদি অনাদি অনূপ।
কোটি কল্প বাতত নহিঁ জানত, বিহরত যুগল স্বরূপ॥
সকল তত্ত্ব ক্রমাণ্ড দেব পুনি, মায়া সব বিধি কাল।
প্রকৃতি পুরুষ শ্রীপতি নারায়ণ, সব হৈঁ অংশ গোপাল॥
কর্মযোগ পুনি জ্ঞান উপাসন, সব হা ভ্রম ভরমায়ো।
শ্রীবল্লভ প্রভু তত্ত্ব স্থনায়ো, লীলা ভেদ বতায়ো॥

( শ্রীবল্লভাচার্য্য সূরদাসকে বৈষ্ণব সিদ্ধান্ত এবং লীলা-রহস্থ বিষয়ে যে উপদেশ দিয়াছিলেন তাহাই সংক্ষেপে এই পদে ব্যক্ত হইয়াছে।)—মহাবিষ্ণু-স্বরূপ শ্রীকৃষ্ণ অথণ্ডিত (অর্থাৎ পূর্ণ) ব্রহ্ম। তিনি অনাদি ও অমুপম। তিনি এক-রস, অর্থাৎ সকল সময় নির্কিকার ও আনন্দময়। তিনি সর্কাদা যুগলরূপে বিহার করিতেছেন—কোটীকল্ল অতীত হইয়া গেলেও তিনি অমুভব করিতে পারেন না, অর্থাৎ তাঁহার নিকট কালের গতি নাই। তিনিই পঞ্চবিংশতি তত্ত্ব ও ব্রহ্মাণ্ডদেব। বিধি এবং কাল ইত্যাদি সবই মায়া। প্রকৃতিপুরুষ, শ্রীপতিনারায়ণ, সকলই গোপালের (অর্থাৎ মহাবিষ্ণুর) অংশমাত্র। কর্ম্ম,

যোগ, জ্ঞান, উপাসনা, সবই ভ্রমের (মায়ার) দ্বারা আচ্ছন। [যুগল-রূপে রাধা-কৃষ্ণ নিত্য বিহার করিতেছেন। এই বিহার-স্থলে কেবল গোগীরাই (অর্থাৎ মুক্ত জীবেরাই) প্রবেশ করিতে পারেন। কবীর এই মুক্ত জীবদিগকেই 'হংস' নামে অভিহিত করিয়াছেন।]

এই বিষয়ের নিম্নলিখিত আরও ছুইটা শদ আমার দৃষ্টি আকর্মণ করিয়াছে—

- ১। স্থানি রাধা গ্রহ কহা বিচারে।
- ২। তোহিঁ স্থাম হম কহা দিখাবৈ ।

শিশু অবস্থাতেই পূতনা, বকাস্থর, অথাস্থর ইত্যাদির বধসাধন এবং গোবর্জন-ধারণ, অনল পান, কালিয়-মর্জন ইত্যাদি অলোকিক কার্যা সম্পন্ন করাতে, গোপীরা শীকৃষ্ণকে ঈশর বলিয়াই জানিত। নাধা ও ক্ষণ উভয়ে উভয়ের রূপে মুগ্ধ। সূরদাসের কাব্যে রাধাকৃষ্ণের রূপ-বর্ণনা অতি চমৎকার। কিন্তু এই কাব্যে পুনক্তি দোষও অনেক। পূর্বেই বলা হইয়াছে অনেকের মতে রাধাকৃষ্ণের সম্ভোগ অশ্লীলতা-ব্যঞ্জক। তাঁহারা বলেন যে ব্লী-পুরুষের সম্ভোগ একটা সাধারণ বস্তু সত্য, কিন্তু তাহা বলিয়া তাহার আবরণ মোচন করা অকর্ত্ব্য। যাহা হউক ভাগবতে বা সূরদাসের কাব্যে অবৈধ প্রেমের প্রেষক্তা করা হয় নাই।

আজকাল য়ুরোপ হইতে আমাদের দেশে একটা নৃতন মতের আমদানী হইয়াছে —স্বামী স্ত্রীর নিকট ভালবাসার দাবী করিতে পারেন না। মন যাহার প্রতি ধাবিত হয়, তাহাকেই ভালবাসিতে পারা যায়, কারণ ভালবাসা হৃদয়ের বস্তু, জোর করিয়া হৃদয় অধিকার করা যায় না। সহজিয়া মতের কথাও প্রায় এই। যে নারী পতির প্রতি অমুরক্তা না হইয়া পরপুরুষে আসক্তা হয়, তাহাকে রসশাস্ত্রে পরকীয়া নায়িকা, এবং যে স্বামীতে অমুরক্তা তাহাকে স্বকীয়া নায়িকা বলে। স্বীয় পতির সহিত মিলিত হওয়ার যে আবেগ তদপেক্ষা পরকীয়া নায়িকার উপপতির সহিত মিলিত হওয়ার আবেগ অনেক অধিক। এইরূপ তীব্র আবেগ দ্বারা পরিচালিত হইয়া গোপীয়া শ্রীকৃঞ্চের অর্থাৎ ভগবানের আরাধনা করিয়াছিল। ঋয়েদের ১০২া৫এ এই ভাবটা উক্ত

"যোয়াজারমিব প্রিয়ম্।"

অর্থাৎ, ঈশরের প্রতি জীবাত্মার প্রেমের আবেগ, উপপতির প্রতি পরকীয়া নারীর প্রেমের আবেগের হ্যায় তাব্র। এই মন্ত্রাংশ হইতে বুঝা যায় যে, প্রাচীন ভারতে যথন যাগ-যজ্ঞই প্রধান ধর্ম্মকর্ম্ম বলিয়া বিবেচিত হইত, তথনও সেই সকল কর্ম্মে.ভক্তির অঙ্কুর নিহিত ছিল। যাহা হউক, পরকীয়া নায়িকার ভাব লইয়া প্রত্যেক সাধকের সাধনা-কার্য্যে প্রবৃত্ত হওয়া উচিত, নতুবা ভগবৎ-প্রাপ্তি হইবে না। কার্ডিনাল নিউম্যানও প্রায় এই কথাই বলিয়া গিয়াছেন। \*

য়ুরোপীয় কতিপয় ঔপতাসিকের অনুকরণে আমাদের দেশের আধুনিক কয়েকজন ঔপতাসিক স্বাধীন প্রেমের পোষকতা করিয়া নিন্দার্হ হইয়াছেন। তুলভাবে দেখিতে গেলে এই শ্রেণীর উপতাস-লেখকদের অপরাধ বৈষ্ণব কবিদের অপরাধের তুলনায় অধিক নহে। তুলভাবে, কৃষ্ণের প্রতি গোপীদের অনুরাগে পরকীয়া নায়িকার লক্ষণ বিজ্ঞমান। কিন্তু গোপীরা কৃষ্ণকে ঈশ্বর বলিয়া দৃঢ় বিশাস করিত। বৈষ্ণবের হৃদ্-গত বাসনাই এই যে কৃষ্ণের প্রতি অনুরাগ দ্বারা, অর্থাৎ প্রেম ও ভক্তির সাধনা দ্বারা, সে ভগবানের সহিত সালোক্য লাভ করে, অর্থাৎ প্রেম ও ভক্তির সাধনা দ্বারা, সে ভগবানের সহিত সালোক্য লাভ করে, অর্থাৎ বৈকুঠে তাঁহার সহিত একত্র বাস করে, এবং পর পর আরও সাধনা দ্বারা সাযুজ্য ও সারূপ্য প্রাপ্ত হয়। গোপীরা সোভাগ্যক্রমে এমন যুগে ও এমন স্থানে জন্ম গ্রহণ করিয়াছিল যে তাহারা মানুষের ঈপ্সিত বস্তুকে নরদেহে অবস্থান করিতে দেখিয়াছিল। সেই কৃষ্ণরূপী ভগবানের রূপ-মাধুরীতে মুগ্ধ হওয়া তাহাদের পক্ষে অস্বাভাবিক নহে। তাঁহার সহিত এক স্থানে অবস্থান করিয়া এবং তাঁহার সেবা করিয়া তাহারা ধন্ম হইয়াছিল। কাম্য বস্তুকে হাতে পাইয়া তাহারা তাঁহাকে ছাড়িতে পারে নাই। সূর্দাসের গোপীরা বলিয়াছিল—

মন ক্রম বচন নঁদনন্দন কো, নৈকু ন ছাড়োঁ পাস। কৈসে রহৈ পরে রী সজনী, এক গাউঁ কো বাস॥

মনে, কর্ম্মে ও বচনে কৃষ্ণের সঙ্গ ছাড়িনা। এক গ্রামে বাস করিয়া কেমন করিয়া তাঁহাকে ছাড়িয়া থাকা যায় ?

<sup>\* &</sup>quot;If thy soul is to go on into higher spiritual blessedness, it must become woman; yes, however manly thou mayst be among men."

এই পৃথিবীতেই গোপীদের সালোক্য লাভ হইয়াছিল। সম্ভবতঃ তাহাদের নারী-স্থলভ বাসনাও চরিতার্থ হইয়াছিল, অতএব তাহাদের সাযুজ্য লাভও এক প্রকারে হইয়াছিল বলিয়া ধরা যাইতে পারে। অতএব গোপীগণকে সাধারণ পরকীয়া নারীর শ্রেণীভুক্ত করা যায় না। যাহা হউক, বহু শতাকী ধরিয়া ভক্ত ও সাহিত্যিক সমাজে গোপীদিগের লীলাকথা কেবল যে উপেক্ষিত হইতেছে না তাহা নহে, বরং আদৃতই হইয়া আসিতেছে! শ্রীমদ্ভাগবতকার এবং অত্যাত্য বৈশ্বব কবিরা যদি অপরাধী হইয়া থাকেন, তাহা হইলে সূরদাসও অপরাধী। অন্ততঃ চিরকালের প্রথামুসারে তাঁহার অপরাধ মার্চ্জনীয়। আদি রসের কবির হিসাবে তিনি কোনো অপরাধই করেন নাই, থে হেতু তিনি এই রসকে সম্পূর্ণতা দান করিয়াছেন। ভক্তের হিসাবে তিনি রাধাক্ষের বিহারে প্রকৃতি ও পুরুষের—ভক্ত ও ভগবানের—মিলনানন্দ অনুভব করিয়াছেন। যে সকল কবিতা স্থক্চি-সাপন পাঠকের হৃদয়কে আঘাত করে, তাহা বাদ দিলেও, এই রসের অত্যাত্য অসংখ্য কবিতা অতি মধুর।

সূরদাসের কাব্যে কৃষ্ণান্মরক্ত গোপীদের অধিকাংশই অবিবাহিতা। রাধাও কুমারী। তাহারা কৃষ্ণকে পতি বলিয়াই জানিত। অতএব তাহারা কুষ্ণের স্বকীয়া নায়িকা। তাহারা রাসলীলাস্থলে আসিয়া কৃষ্ণকে বলিয়াছে—

## "আপুহি কহী করে পতি সেবা তা সেবা কো হম আয়ী।"

অর্থাৎ, আপনিই আমাদিগকে পতি-সেবা করিতে বলিয়াছিলেন। সেই সেবার জ্বন্যই তো আপনার নিক্ট আসিয়াছি।

এই হিসাবে তাহাদের মধ্যে যাহারা বিবাহিতা, তাহাদিগকে তাহাদিগের স্ব স্থ পতির এক প্রকার পরকায়া নায়িকা বলিয়া ধরা যাইতে পারে। কৃষ্ণ বৃন্দার্থন ত্যাগ করিয়া মথুরায় চলিয়া গেলে গোপীরা প্রোষিত ভর্তৃকার স্থায় আচরণ করিয়াছিল এবং চিরকাল তাহাদের পাতিব্রত্য অক্ষুণ্ণ রাখিয়াছিল। কৃষ্ণ মথুরায় চলিয়া গেলে, এ সম্বন্ধে গোপীরা কি বলিয়াছিল শুমুন—

হম অলি গোকুলনাথ আরাখ্যো। মন ক্রম বচন হরি সোঁ ধরি পতিব্রত, প্রেম জপতপ সাধ্যো॥ হে উদ্ধব, আমরা গোকুলনাথের আরাধনা করিয়াছি। মনে, কর্ম্মে ও বচনে হরির সহিত পাতিব্রত্য রাখিয়া প্রেমের জপ-তপ সাধনা করিয়াছি।

সূরদাসের কাব্যে রাধা আয়ান ঘোষের স্ত্রী নহেন। তিনি কুমারী এবং র্যভান্ম প্রধানের কতা। রাসলীলা-স্থলে শ্রীকৃষ্ণের সহিত তাঁহার গন্ধর্বর বিবাহ হইয়াছিল। সূরসাগরে জটিলা, কুটিলা বা বড়াইর নাম নাই, কিন্তু চন্দ্রাবলী, বৃন্দা ও ললিতার উল্লেখ আছে। ভাগবতে দানখণ্ড নাই কিন্তু সূরদাসের কাব্যে আছে। নৌকাখণ্ড উভয় গ্রন্থেই নাই। ভাগবতে গোপী-উদ্ধব-সংবাদ আছে, সূরদাসের কাব্যে ইহা ভ্রমর-গীতি নামে অভিহিত হইয়াছে।

নায়ক-নায়িকার মিলনের পূর্বেব উভয়ের মনে যে প্রেমের সঞ্চার হয় ও মিলনের আকাজ্ফা জন্মে, তাহাকে পূর্ববরাগ বলে। প্রাচীন <mark>অলঙ্কার শান্তে</mark> 'পূর্ববরাগ' শব্দটী ব্যবহৃত হয় নাই, কিন্তু সাহিত্যদর্পণে ইহার ব্যবহার প্রথম দৃষ্ট হয়। শ্রীবিশ্বনাথ কবিরাজ শ্রীচৈতগুদেবের পরবর্ত্তী বলিয়া কথিত হন। জয়দেবের গীতগোবিন্দে রাধাকৃষ্ণের পূর্ববরাগের বর্ণনা নাই। মহাপ্রভুর পরবন্ত্রী সাহিত্যেই কেবল পূর্ববরাগের বর্ণনা পাওয়া যায়। কথিত হয় যে, সনাতন গোস্বামীকে উপদেশ দিয়া বৃন্দাবনে পাঠাইবার সময় চৈতত্যদেব প্রেমের ক্রমিক অভিব্যক্তির স্তরগুলি নির্দেশ করিয়া দেন, এবং সেই অবধি বৈষ্ণব সাহিত্যে প্রেমের এই প্রথম ও মধুর স্তর্টীর উল্লেখ দৃষ্ট হয়। এখানে আপত্তি হইতে পারে যে চণ্ডীদাস ত মহাপ্রভুর পূর্ববর্ত্তী, তবে কেন তাঁহার পদাবলাঁতে পূর্ববরাগের পদ দৃষ্ট হয় ? তত্নতরে ইহা বলা যাইতে পারে যে চণ্ডীদাস একজন নয়। কৃষ্ণকীর্ত্তন-রচয়িতা বড়ু চণ্ডীদাস শ্রীচৈতগুদেবের পূর্ব্ববন্তী, কিন্তু দিজ বা দীন চণ্ডীদাস তাঁহার পরবর্ত্তী। তিনিই পূর্ব্বরাগের পদগুলি লিখিয়াছিলেন। স্থতরাং সূরদাসের কাব্যে যে পূর্বরাগের কোনো বর্ণনা নাই, তাহা আশ্চর্য্যের বিষয় নয়। শকুন্তলা ইত্যাদিতে যেমন নায়ক-নায়িকার প্রথম মিলনের পরবর্তী বিরহের বণনা আছে, সেইরূপ সূরদাসের কাব্যে রাধাক্ষ্ণের প্রথম সাক্ষাতের পর পরস্পরের অদর্শনজনিত তীত্র বেদনা-সূচক পদ আছে।

এক্ষণে দেখিতে হইবে, সূরদাসের জীবনের সহিত তাঁহার কাব্যের সামঞ্জস্ম আছে কি না ? সূরদাস আজীবন সংসার-ত্যাগী। বল্লভাচার্য্যকর্তৃক দীক্ষিত হওয়ার পর হইতেই গোকুলে তিনি তাঁহার জীবন অতিবাহিত করিয়াছিলেন। তিনি পদরচনা এবং স্বরচিত কৃষ্ণচরিত বিষয়ক পদ গান করিয়াই সময় কাটাইতেন। তিনি ভক্তশিরোমণি এবং তাঁহার কাব্যে তিনি যাহা কিছু ব্যক্ত করিয়াছেন তাহা ভক্তি হইতে উৎপন্ন। তিনি একাধারে পরম ভক্ত, মহাকবি ও নিপুণ গায়ক। ভক্তিই তাঁহার কাব্যের ও সঙ্গীতের উৎস। ভাক্তিরসে তিনি আকণ্ঠ নিমজ্জিত ছিলেন।

সূরদাস জীবনাবসানের ঠিক পূর্বের নিম্নলিখিত তুইটা পদ রচনা করিয়; আর্ত্তি করিতে করিতে এবং প্রেমা≛ বিসর্জ্জন করিতে করিতে ধরাধাম ত্যাগ করিয়া অমরধানে প্রস্থান করেন—

১। ভরোসো দৃঢ় ইন চরনন কেরো।
শ্রীবল্লভ-নথ-চন্দ-ছটা বিন্যু, সব জনমাঝ অঁথেরো।
সাধন ওর নহীঁ কলিযুগ মে, জাসো হোত নিবেরো।
স্থুর কহা কহি তুরিধি অঁধেরো, বিনা মোল কো চেরো॥

কেবল ঐ ছুইটা চরণেরই ভরসা। শ্রীবল্লভাচার্য্যের পদ-নখ-চন্দ্র-ছুটা ভিন্ন তাঁহার দাসের মধ্যে সকলই অন্ধকার। এই কলিতে গুরুর পদ ভিন্ন আর দিতীয় সাধন নাই, যদ্ধারা নিক্কতি লাভ হইতে পারে। সূরদাস যে তাঁহার বিনা মূল্যে কেনা দাস। কি আর বলিব, এ জগতে এবং পরপারে উভয় স্থানেই তাহার অন্ধকার।

২। খঞ্জন নয়ন রূপ রস মাতে। অতিসৈ চারু চপল অনিয়ারে, পল-পিঞ্জরা ন সমাতে॥ চলি চলি জাত নিকট শ্রবনন কে, উলটি উলটি তাটক্ক ফঁদাতে। সূরদাস অঞ্জন গুন অটকে, না তরু অব উড়ি জাতে॥

আমি এখন শ্রীকৃষ্ণের খঞ্জন-নয়নের রূপ-রসে মন্ত। ঐ খঞ্জন অতিশয় স্থানর এবং সে এত চঞ্চল ও তীক্ষ যে পলকরপ পিঞ্জরের মধ্যে আবদ্ধ থাকিতে চাহে না। সে পুনঃ পুনঃ কর্ণভূষণের দিকে লাফাইয়া যাইতে চাহে। কেবল অঞ্জনরপ রজ্জ্বারা আবদ্ধ হইয়া আছে, নতুবা কোন্ কালে উড়িয়া যাইত।

পরক্ষণেই সূরদাসের মানসনেত্র চিরদিনের জন্ম নিষ্প্রভ হইল। ভারতেন্দু হরিশ্চন্দ্র এই প্রসঙ্গে নিম্নলিখিত কবিতাটা লিখিয়াছেন—

> মন সমুদ্র ভয়ো সূর কো, সীপ ভয়ে চথ লাল। হরি মুক্তাহল পরতহী, মুদি গয়ে ততকাল।

মৃত্যুকালে সূরদাসের মন যেন সমুদ্র হইয়াছিল, তাহার রক্তবর্গ চক্ষু যেন শুক্তি হইয়াছিল, তাহাতে হরিরূপী মুক্তা পতিত (অর্থাৎ উৎপন্ন) হওয়াতে তাহা তৎক্ষণাৎ মুদ্রিত হইয়া গেল।

### তুলসীদাস ও বিভাপতির সাহত সুরদাসের তুলনা

হিন্দী সাহিত্যক্ষেত্রে সূরদাসের সহিত তুলনা করিবার যোগ্য একজন কবি ব্যতীত আর কেহ নাই। তাঁহার নাম তুলসীদাস। হিন্দীভাষাভাষীরা আজকাল বিভাপতিকেও হিন্দী-কবি-সমাজের অন্তর্গত করিতে প্রয়াসী। যদি তাঁহাদের দাবী সঙ্গত হয়, তাহা হইলে বিভাপতিকেও সূরদাসের সহিত তুলনা করা যাইতে পারে।

সূরদাস ও তুলসীদাসের মধ্যে কে বড় ও কে ছোট বলা কঠিন। প্রতিভা উভয়েরই উচ্চ শ্রেণীর। সূরদাসের কাব্যের প্রধান বিষয় ক্ষেরে বাল্য-লীলা, তুলসীদাসের কাব্যের বিষয় সমগ্র রামচরিত। সূরদাস গীতিকবিতার (lyricus) ক্রমিক বিস্তাস দারা তাঁহার বিষয়ের বর্ণনা করিয়াছেন, তুলসীদাস তাঁহার প্রধান কাব্য রামচরিত-মানসে মহাকাব্যের (epicus) ধারা, এবং গীতাবলী রামায়ণে ও কবিতাবলী রামায়ণে সূরদাস-প্রদর্শিত গীতিকবিতার প্রণালী, অবলম্বন করিয়াছেন। সূরদাসের কাব্যের নাম সূরসাগর। তিনি সূরসাগর ব্রজভাষায় লিথিয়াছেন, তুলসীদাস রামচরিত মানস আউধী ভাষায় এবং শেষোক্ত চুইখানি কাব্য ব্রজভাষায় লিথিয়াছেন। সূরদাস ব্রজের পরম্পরাগত কাব্যভাষার মধ্যে লোকভাষার মিশ্রণ দ্বারা অনেক পরিমাণে কবিতার ভাষার সরলতা সম্পাদন করিয়াছেন। তাঁহারই প্রবর্ত্তিত ভাষা কবিসমাজে পরিগৃহীত হইয়া সাহিত্যিক ভাষায় পরিণত হইয়াছে। তুলসীদাস স্বর্তিত কাব্যগ্রন্থ সমূহে ভাষার সংস্কার জ্যুক্তপে করিয়াছেন। তিনি প্রচলিত শুদ্ধ আউধী কাব্য-ভাষায় সংস্কৃতমূলক